সম্প্রতি বঙ্গদেশীয় জমীদার প্রজা বিষয়ক আইন লইয়া তুমুল আন্দোলন উপস্থিত। এ সময়ে কি রূপে প্রবর্তিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির রাজ্যশাসনপ্রণালী জমীদার ও প্রজা সংক্রান্ত বৃত্তান্ত প্রবণ [illegible] অনেকের উৎসুক হইতে পারেন। এই হেতু আমরা ইংরাজদিগের পূর্ব্বতন রাজ্যশাসনপ্রণালী, জমীদার ও প্রজা সংক্রান্ত বৃত্তান্তের বর্ণনে প্রবৃত্ত হইলাম।

১৭৬৫ অব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বঙ্গ, বেহার ও উড়িষ্যার দাওয়ানি ভার স্বকরে গ্রহণ করেন। তৎকালে বঙ্গদেশ প্রকৃত অরাজক স্থান হইয়া উঠিয়াছিল। রাজ্য শাসনের কোন শৃঙ্খলা ছিল না। যাহাকে শাসনতন্ত্র বলে এমন একটী পদার্থ ছিল না বলিলেই হয়। অধীনস্থ দেশীয় কর্মচারিগণ যাহা ইচ্ছা তাহাই করিতেন। কোম্পানির অধীনস্থ ইউরোপীয় কর্মচারিগণ সামান্য লোকই ছিলেন। তাঁহারা নিজের স্বার্থ যেমন বুঝিতেন, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির স্বার্থ তেমন বুঝিতেন না। প্রজা ও জমীদারগণ রাজ্যের বিষম গোলযোগ দেখিয়া কাহারও হস্তে রাজস্ব প্রদান করিতে সাহস করিতেন না। দুর্বিষহ অত্যাচার প্রবল হইয়াছিল। ঐ সময়ে যদি লর্ড ক্লাইব স্বদেশে না আসিতেন, বঙ্গের অদৃষ্ট চক্র কিরূপ গতি ধারণ করিত, তাহা কেহই বলিতে পারেন না। কোম্পানিদের বন্ধুর লর্ড ক্লাইব আসিয়া কার্য্যনি-

...ের সেনাপতি হইলেন। তিনি উড়িষ্যাও [illegible] নির্বাহ করিলেন।

১৭৫৮ অব্দে জেহাঙ্গীর খাঁর সময় আলিবর্দ্দি খাঁ [illegible] পদ হইতে বিচ্যুত হওয়াতে বাঙ্গালা অধিকার [illegible] কাল্লেরই অধীনস্থ কর্ম্মচারিগণের হস্তে ন্যস্ত হয়। মহারাষ্ট্রীয় জাতির উৎপত্তির হেতুই মোগল অত্যাচার। মোগল সম্রাটেরা হিন্দুদিগের প্রতি যেমন অত্যাচার আরম্ভ করিলেন, অমনি শিবাজীর অপূর্ব্ব কৌশলক্রমে মহারাষ্ট্রীয়েরা দেশ বিদেশে অনন্ত অশনের ন্যায় জ্বলিতে লাগিলেন। আরঙ্গজেব যেমন দুষ্ট ও খলস্বভাব, মহারাষ্ট্রীয় সেনাপতি শিবজী তেমনি সাহসী, চতুর, ও বুদ্ধিমান ছিলেন। তিনি হিন্দুদিগের একান্ত আনুকূল্য পাইয়া দেশের স্বাধীনতা সংস্থাপন করিলেন। দিন দিন তাঁহাদিগের প্রতাপ প্রবল হইতে লাগিল, দিন দিন নূতন নূতন স্থানে তাঁহাদিগের আধিপত্য সংস্থাপিত হইল।

ক্রমে দিল্লির অন্তকাল উপস্থিত হইল। তখনও বাঙ্গালার নবাব দিল্লীশ্বরকে বার্ষিক ২৬ লক্ষ টাকা কর দিতেন। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি বঙ্গের দেওয়ানি পদে প্রতিষ্ঠিত হইয়া ঐ ২৬ লক্ষ টাকা প্রদানে বাধ্য হইলেন। মোগলদিগের আধিপত্যকালে রাজস্ব আদায়ের যে নিয়ম প্রচলিত ছিল, ইষ্ট ইণ্ডিয়া কোম্পানিকে কিছুকাল তদনুসারেই রাজস্ব আদায় করিতে হইত। ঐ সময়ে জমীদারদিগের যে স্বত্ব ছিল অক্ষুণ্ণভাবে কোম্পানি তাহা রক্ষা করেন। জমীদারগণ কৃষকদিগের নিকট হইতে যেরূপ খাজনা আদায় করিতেন, সেইরূপ করিতে লাগিলেন। রাজস্ব আদায়ের কোন একটী বিশেষ নিয়ম ছিল না। এইহেতু ১৭৮৯ অব্দে লর্ড কর্ণওয়ালিস জমীদারদিগের সহিত দশ বৎসর নিয়মে স্থায়ী একটী বিশেষ বন্দোবস্ত করিবার প্রস্তাব করেন। ইহাকেই দশসালা বন্দোবস্ত বলে। কিছুকাল পরে উহা চিরস্থায়ী বন্দোবস্ত নামে বিখ্যাত হইয়াছিল। তৎকালে ২৮৫৮৭৭২২ টাকা ভূমির রাজস্ব অবধারিত হয়। ১৮৮২। ৮৩ অব্দে ঐ কর বৃদ্ধ হইয়া ৩৬২৭৮৩৫৫ টাকা হইয়াছে।

লর্ড কর্ণওয়ালিস ১৭৯৩ অব্দে যে চিরস্থায়ী বন্দোবস্ত করেন, তাহাতে এইরূপ নির্দ্দিষ্ট হয় যে জমীদারগণ গবর্ণমেণ্টকে বার্ষিক এক নির্দ্দিষ্ট কর প্রদান করিবেন। তৎকালে জমীদারেরা এক একটী ক্ষুদ্র নবাব ছিলেন, তাঁহারা বিপুল ভূমি অধিকার করিতেন; কিন্তু সকলে নির্দ্দিষ্টরূপে রাজকর প্রদান করিতেন না। চিরস্থায়ী বন্দোবস্ত হইলে এই প্রকৃত অবস্থার অন্যথা হইয়া পড়ে। তাঁহারা আইনের অধীন হইয়া রহিলেন। তাঁহাদিগের নির্দ্দিষ্ট গবর্ণমেণ্টের প্রাপ্য, প্রজারা [illegible] [illegible] [illegible] জমীদারদিগের অধিকার অর্থাৎ জমীদার কোন বিধি হইল না। জমীদারে প্রজার উপরে কোন প্রকার পীড়ন বা অত্যাচার করিলে, আইনে এরূপ কোন কথা প্রকাশ করা হয় নাই। প্রজার সহিত জমীদারের কিরূপ সম্বন্ধ, তাহাও উক্ত আইনে স্পষ্ট উল্লিখিত হয় নাই। প্রত্যুত, আইনে জমীদারকে আশ্রয় দিবারই আয়োজন ছিল। এই সকল কারণে প্রজার নিকট হইতে জমীদারের খাজনা আদায় করিবার বিষম প্রতিবন্ধকতা ঘটিয়া উঠিল। জমীদারগণ কোম্পানিকে দেয় অর্থ দিয়া উঠিতে পারিলেন না। খাজনা বাকি পড়াতে ১৭৯৭। ৯৮ অব্দে জমীদারদিগের অনেক টাকা দেনা দাঁড়াইল। অনেক জমীদারি নীলামে বিক্রয় হইয়া গেল, এবং সহাকীর্ দেনা-বশাতে নদীয়া, রাজশাহী, বিষ্ণুপুর ও দিনাজপুরের রাজগণ অবসন্ন হইয়া পড়িলেন। বর্দ্ধমানের বিপুল সম্পত্তিশালী মহারাজকেও বিপদাপন্ন হইতে হইয়াছিল। বীরভূমের জমীদার একেবারে উৎসন্ন হইলেন। তাঁহার সঙ্গে শত শত ক্ষুদ্র জমীদারও মারা পড়িলেন। চিরস্থায়ী বন্দোবস্তের ১০ বৎসর পরে জমিদারগণকে লইয়া তুমুল কাণ্ড উপস্থিত হইল। নূতন বন্দোবস্তে জমীদারদিগের অস্তিত্ব অনিষ্ট হইতে আরম্ভ হইল দেখিয়া ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি ১৭৯৯ ও ১৮১২ অব্দে জমীদারদিগের কর আদায়ের সুবিধা করিয়া দিবার জন্য পুনঃ পুনঃ আইনের পরিবর্ত্তন করেন, তৎকাল অবধি সেই নিয়মই চলিয়া আসিতেছে। সময়ে সময়ে কেবল রাজস্বঘটিত আইনের কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে।

জমিদারদিগের সঙ্গে গবর্ণমেণ্ট যখন চিরস্থায়ী বন্দোবস্ত করেন, তৎকালে জমিদারদিগের বিলক্ষণ প্রভুত্ব ছিল। তখন পুলিসের ভার জমিদারদিগের হস্তে ন্যস্ত ছিল। পুলিস জমিদারের অন্নে প্রতিপালিত হইত। জমীদারের অধীনে পাঁচ ছয় হাজার লাঠিয়াল থাকিত। দেশের সকলেই জমীদারকে ভয় করিত। যখন লর্ড কর্ণওয়ালিস ১৭৯৩ অব্দে চিরস্থায়ী বন্দোবস্ত করেন তৎকালে এইরূপ ধার্য্য হয়, যে জমিদারগণ বা তাঁহাদিগের উত্তরাধিকারিগণ যাবৎ গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট রাজস্ব প্রদান করিবেন, তাবৎ গবর্ণমেণ্ট তাঁহাদিগের প্রতি কোনরূপ বল প্রকাশ করিবেন না। এই অঙ্গীকারে গবর্ণমেণ্ট বাঙ্গালাতে জমীদারেরা কাহারও প্রতি দৃক্‌পাত করিতেন না। চিরস্থায়ী বন্দোবস্তে এই একটী বিষম অসুবিধা ছিল, ভূমির সহিত ভূস্বামীর যেমন সম্বন্ধ নির্দ্দিষ্ট হয়, ভূস্বামীর সহিত প্রজার ও প্রজার সহিত ভূমির যেরূপ সম্বন্ধ তাহা নির্দ্দিষ্ট হয় নাই। উক্ত আইনে জমীদারদিগকে অনেক বিষয়ে ক্ষমতা দেওয়া হইয়াছিল, কিন্তু প্রজাদিগের বিষয়ে সেরূপ কিছুই নির্দ্দিষ্ট হয় নাই। জমীদার প্রজার প্রতি অত্যাচার করিলে সে আইনের আশ্রয় অবলম্বন করিতে পারে, এই সঙ্গ নির্দ্দিষ্ট থাকাতে বহু অনিষ্ট ঘটে। এই হেতু ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি স্বয়ং পুলিসের ভার গ্রহণ করেন। যে সময়ে কোম্পানি স্বয়ং পুলিসের ভার লন, তৎকালে জমীদারগণের দেয় রাজস্ব বৃদ্ধি করা হয়। ১৮২৪।২৫ অব্দে পুনর্ব্বার ২৬৯৯৫৭৭০ সিক্কা টাকা অর্থাৎ কোম্পানির ২৮৮৬২০০১ টাকা বৃদ্ধি করা হইয়াছিল।

১৮২৮।২৯ অব্দে ৩০৪২৭৭৭০ টাকা রাজস্ব সংগ্রহ হয়। ১৮ বৎসর পরে (১৮৪৬। ৪৭ অব্দে) ৩১২৫২৬৭৬ টাকা বৃদ্ধি হইয়াছিল। উহার দুই বৎসর পরে পুনর্ব্বার রাজস্ব বৃদ্ধি হইয়া ১৮৬৮।৬৯ অব্দে ৩৪০২৬৬০৫ টাকায় পরিণত হয়। ১৮৪৭ অব্দ হইতে ১৮৪৯ অব্দ পর্য্যন্ত তিন বৎসরের মধ্যে প্রায় ৬১৯৮ টী জমীদারী বাড়িয়া উঠে। অধিকারী না থাকাতে কতকগুলি জমিদারী বাজেয়াপ্ত এবং অধিকন্তু অনেক ভূমি প্রকাশিত হওয়াতে পূর্ব্বাপেক্ষা রাজস্ব বিলক্ষণ বৃদ্ধি পাইয়াছিল। ১৮৫৬। ৫৭ অব্দ পর্য্যন্ত রাজস্ব প্রায় বাকি পড়িত না, ঐ অব্দে ৩৩৭৩৮৭৮৩ টাকামাত্র রাজস্ব ছিল, তৎপরবৎসর ৩৩৫১০৫৬১ টাকা হয়, সেই সময় অবধি ক্রমশঃ রাজস্ব বৃদ্ধি প্রাপ্ত হইতেছিল। কেবল ১৮৬৬। ৬৭ অব্দে ঐ আয় বৃদ্ধির কিঞ্চিৎ ব্যাঘাত জন্মে। তাহার পর ৩৬২৭-৮০৪৫ টাকা আয় নির্দিষ্ট হয়। প্রতি বৎসর লক্ষ টাকার অধিক রাজস্ব বাড়িয়া দশ বৎসরের মধ্যে ১০৭২৯৭ টাকা বৃদ্ধি পায়।

যে স্থানে যত জমীদারির বৃদ্ধি হয় নিম্নে তাহা প্রদর্শিত হইল।

জমীদারি।

জেলা	১৮৬২। ৬৩	১৮৮২। ৮৩ বৃদ্ধি
পাটনা বিভাগ।		
পাটনা	৫০১৫	৩১৬৭
গয়া	৬৯৩৬	৩৫৯
সাহাবাদ	৫০৮৬	১৭২৬
সারণ } চম্পারণ }	৪১৮৩	১০৪২
মজঃফরপুর } দারভাঙ্গা }	৭৫২১	১১০৩০
ভাগলপুর বিভাগ।		
মুঙ্গের	৩৪৩৯	২১৯৩
ভাগলপুর	৩৫৩৪	৬১৬

বঙ্গ ও বেহারের ৩৯ টী জেলার মধ্যে ১১০৫৫৩

টী জমিদারি আছে, তন্মধ্যে ৪৫৭ টী প্রথম শ্রেণীর।

বঙ্গদেশে ৮ টী বিভাগ আছে। কয়েকটী জেলা লইয়া এক একটী বিভাগ হয়। যথা—

বিভাগ	জেলা
বর্দ্ধমান	বর্দ্ধমান, বাঁকুড়া, বীরভূম, মেদিনীপুর, হুগলি
প্রেসিডেন্সি	২৪ পরগণা, নদীয়া, যশোহর, মুর্শিদাবাদ, খুলনা
রাজসাহী	দিনাজপুর, রাজসাহী, বগুড়া, রঙ্গপুর, পাবনা, দার্জিলিং, জলপাইগুড়ি
চট্টগ্রাম	ত্রিপুরা, চট্টগ্রাম, নোয়াখালি
পাটনা	পাটনা, গয়া, সাহাবাদ, মজঃফরপুর, দারভাঙ্গা, সারন, চম্পারণ
ঢাকা	ঢাকা, ফরিদপুর, বাখরগঞ্জ, ময়মনসিংহ
ভাগলপুর	মুঙ্গের, ভাগলপুর, পূর্ণিয়া, মালদহ
ছোটনাগপুর	হাজারিবাগ, লোহারডাগা, সিংহভূম, মানভূম

বঙ্গদেশের মধ্যে সর্বশুদ্ধ ১১০ ৮৫৬ টী জমিদারি আছে। কোন বিভাগে কোন শ্রেণীর কত জমিদারি আছে, তাহার তালিকা নিম্নে প্রদর্শিত হইল।

বিভাগ	১ম শ্রেণী	২য় শ্রেণী	৩য় শ্রেণী
বর্দ্ধমান	৫১	১০০০	৮৩৪৫
প্রেসিডেন্সি	৬২	১৪৮০	৬৫২১
রাজসাহী	৭৪	১৪৪০	৩৭২১
ঢাকা	৯৫	২০৪৮	২১১১৭
চট্টগ্রাম	৩২	৫১০	৪৭৭৬
পাটনা	৪৫	৩৬৭১	৪১০৩১
ভাগলপুর	৬০	১২৫৩	১৫৫৮৪
ছোটনাগপুর	[illegible]	[illegible] ২০০	৫২০

বঙ্গদেশে সমুদায়ে প্রথম শ্রেণীর ৪৫৭, দ্বিতীয় শ্রেণীর ১২[illegible] [illegible] শ্রেণীর ৯৭৯৩৬ ; জমিদারি আছে। যে সকল জমীদারীর উপযুক্ত [illegible] না থাকে, তাহার বিষয়ে নিম্ন লিখিত নিয়মগুলি হইয়াছে। যথা—

১। যে জমীদারীর কর্ত্তা নাই, অথবা যে স্থলে স্ত্রী উত্তরাধিকারিণী, জমীদারী রক্ষায় অসমর্থ, তাহা গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে রক্ষিত হইতে পারে।

২। যে জমীদারীর উত্তরাধিকারী নাবালক, তাহা গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে নীত হইতে পারে।

৩। যে জমীদারীর অধিকারী পাগল, গবর্ণমেণ্ট তাহার জমীদারী নিজ তত্ত্বাবধানে লইবেন।

৪। অকর্ম্মণ্যতা হেতু কোন ব্যক্তি জমীদারী কার্য্য করিতে অসমর্থ হইলে গবর্ণমেণ্ট তাহার তত্ত্বাবধান করিবেন।

অধিকন্তু যদি কোন জমীদারের নামে অভিযোগ [illegible] গবর্ণমেণ্ট তাহার জমীদারী নিজ তত্ত্বাবধানে লইতে পারেন। যে কোন কারণ বশতঃ হউক, কোন জমীদারী গবর্ণমেণ্টের হস্তে রক্ষিত হইলে কেবল ইহা যে নিরাপদ হয়, তাহা নহে, জমীদারীরও বিলক্ষণ শ্রীবৃদ্ধি হইয়া থাকে। অনেক স্থলে দেখা যায় গবর্ণমেণ্ট নিজ হস্তে রক্ষিত জমীদারীর জঙ্গল কর্ত্তন, বাঁধ প্রস্তুত করণ, পানীয় জলের জন্য পুষ্করিণী খনন ও নাবালককে শিক্ষাদান প্রভৃতি অতি প্রয়োজনীয় বিষয়ে বিবিধ যত্ন করিয়া থাকেন। এরূপ অবস্থায় জন্য গবর্ণমেণ্ট যে এরূপ যত্ন করেন এটী তাঁহাদিগের সদাচার পরিচায়ক।

গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে জমীদারীর যে উন্নতি হয়, তাহার একটী উদাহরণ প্রদর্শিত হইতেছে। যথা—

[illegible] নাবালক জমীদারের জমীদারী [illegible] বৎসর গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে ছিল। তিনি যখন প্রাপ্তবয়স্ক হন, তখন তাঁহার ঋণ পরিশোধ হইয়া [illegible] টাকা মজুত থাকে। সরকারের জমীদারীর [illegible] টাকা বাকির মধ্যে ১০,৫০,৭০১ টাকা আদায় হয়। ইহার মধ্যে ৭০,৩৫৮ টাকা ঋণ শোধ এবং ২৯৯৭০ [illegible] টাকা মজুত ছিল। জমীদারির সাধারণের [illegible] বৎসরে ১০৫,৮০৯০ টাকা বাকি পড়ে। তন্মধ্যে ৯৫২৫৫০ টাকা আদায় হয়, বাকি থাকে ৩৫০০০০ টাকা মজুত ছিল।

সিবিলিয়ান পুরুষদিগের মাহাত্ম্য।

ইউরোপীয়েরা যাহা আবশ্যক মনে করিয়াছিলেন [illegible] আপনারা করিতেছেন। [illegible] নহে। তাহার ফলে [illegible] হইতে ইংলণ্ডে অধিক [illegible] [illegible] [illegible] করিয়াছিলেন [illegible] [illegible] [illegible] বিস্তার করিয়াছেন, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] করিয়াছেন। [illegible] পূর্ব্বে [illegible] এরূপ [illegible] আছে, অধিকার করা হইবে, আর যদি প্রতিযোগিতা না হয়, ভারতবর্ষের মঙ্গল অসম্ভব। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এই পেপার বাহির হইয়াছে, ইউরোপীয়েরা নিশ্চিন্ত হইল, আর অবিশ্রান্ত রহিল, সেজন্য আন্দোলন করিতেছেন। ইউরোপীয়েরা প্রকাশ্যরূপে প্রবৃত্ত হইয়া আছেন। আমরা সহসা দেখিতে পাই, প্রকাশ্যরূপে অন্যান্য লোকেরা কোন আশ্রয় করিবে তাহার জমীদার হয় নাই।

ইউরোপীয়দিগের সহিত এতদ্দেশীয়দিগের এই পাশ্চাত্য আকারের বিরোধের যেরূপ মীমাংসা হইয়াছে, তাহাতে লর্ড রিপণের সুখ্যাতি হয় নাই। আমরা দেখিতেছি কোন পক্ষই সন্তুষ্ট নহেন। পাণ্ডুলেখ্য যে উদ্দেশ্যে প্রস্তুত হইল, সে উদ্দেশ্য সিদ্ধ হইল না বলিয়া তাহার অনুরক্ত এ দেশীয় প্রজাগণ দুঃখিত হইয়াছেন, অপর দিকে এদেশীয় উচ্চ ম্যাজিষ্ট্রেট ও সেসন জজ ইউরোপীয় অপরাধীর বিচারে সমর্থ হইবেন ব্যবস্থা হওয়াতে ইউরোপীয়েরাও দুঃখিত হইয়াছেন। সে দিন কেম্বরিক সাহেব আসামে যাইলে তথায় চা করগণ তাঁহাকে কোন বিষয়ে অসন্তোষ প্রকাশ করিয়াছিলেন। এতদ্দেশীয়দিগের উদ্দেশ্য সম্পূর্ণ সিদ্ধ হউক না হউক এরূপ আইনের আবশ্যকতা যে উপলব্ধি হইয়াছে, আমার রাজপুরুষের কার্য্য দ্বারা তাহা বুঝা যাইতেছে। কিন্তু এদেশীয়েরা যদি আর সিবিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারেন, তাহা হইলে সকল প্রেসিডেন্সি হইতে [illegible] যে সামান্য উপকার লাভের আশা আছে ; তাহাই বা কিরূপে সফল হইবে? ভারতীয় সিবিল সার্ভিস পরীক্ষার্থিগণের যেরূপ সুব্যবস্থা করা হইয়াছে, তাহাতে বাল্যকাল হইতে ইংলণ্ডে সমান শিক্ষা না পাইলে আর সিবিল সার্ভিস পরীক্ষা দিবার সুযোগ থাকিবে না। কিন্তু নিতান্ত শৈশবকালে, ভারতবাসির ইংলণ্ডে অবস্থিতির কি সুবিধা আছে? সেই জেজ্ঞ [illegible] নিকট এতদ্দেশীয় সিবিল সার্ভিস পরীক্ষার্থীর বয়োবৃদ্ধির প্রস্তাব করা হইল, তিনি তাহা অগ্রাহ্য করিলেন। তথাপি যদি কেহ বাল্যাবস্থায় নিজ সন্তানকে ইংলণ্ডে পাঠাইয়া এই পরীক্ষা দেওয়াইবার চেষ্টা পান, তাঁহার সাধ্য পরীক্ষায় প্রবৃত্ত হইতেছে, তাহাতে আর কৃতকার্য্য হইবার আশা নাই। আর [illegible] সিবিল সার্ভিস পরীক্ষার উপযোগী এর [illegible] [illegible], [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এই [illegible]

[illegible] ... পাইবেন। ... বর্তমান ... তিনি যেরূপ বলিয়াছেন, তাহাতে উক্ত বিলের অর্থ এই যে কোন বাঙালি যাহাতে এক্ষণে যেরূপ না হয় তিনি সেইরূপ করিবেন। ইউরোপীয় ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ও সেসন জজ যদি ও আইন অনুসারে ইউরোপীয় অপরাধীর বিচারে অধিকার পাইলেন; কিন্তু যে জেলার অন্ততঃ একজন ইউরোপীয় প্রথম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট না থাকিবেন, সেরূপ জেলায় দেশীয় ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট অথবা সেসন জজকে ঐ ক্ষমতা প্রদান করা হইবে না। সেই ইউরোপীয় প্রথম ম্যাজিষ্ট্রেটই ইউরোপীয় অপরাধীর বিচারকার্য্য সম্পন্ন করিবেন। পাঠক! একণে বুঝিতে পারিলেন এ আইনের বল কিরূপ?

জুরির দ্বারা ইউরোপীয় অপরাধীর বিচারব্যবস্থা হওয়াতে বিচারপতির স্বাধীন বিচারের ক্ষমতা থাকিতেছে না। বিশেষতঃ সকল স্থলে যোগ্য ব্যক্তি জুরি পাওয়ার সম্ভাবনা নাই। যদি পাওয়া যায়, তবে অধিকাংশ ইউরোপীয় ও আমেরিকাবাসী। ১৮৮০ অব্দের ৭ ই জানুয়ারি ব্যবস্থাপক সভায় যখন জুরির দ্বারা বিচার প্রস্তাব উপস্থিত করা হয়, তখন স্বয়ং লেপ্টেনেণ্ট গবর্ণর বলিয়াছিলেন ম্যাজিষ্ট্রেটের জুরির সহিত এ সকল বিচার করা নূতন প্রথা নহে। কিন্তু তাহার অর্থে উপযুক্ত জুরি পাওয়া কঠিন। স্থল বিশেষে আদৌ পাওয়া যায় না। এই কারণে ইউরোপীয় অপরাধীর মকদ্দমা প্রায় এক জেলা হইতে অন্য জেলায়, এক আদালত হইতে অন্য আদালতে পাঠাইতে হয়, সুতরাং তাহাতে বাদী প্রতিবাদীর কষ্ট। সময় নষ্ট, ও অর্থ ব্যয় হইয়া থাকে। সকলে এই কষ্ট ও ক্ষতি স্বীকার করিতে পারে না। কাজেই যথার্থ বিচার ও হয় না।

জুরি নিয়োগের অধিকার স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে প্রদত্ত হইয়াছে। তাঁহারা যেরূপ মকদ্দমায় জুরি নিয়োগ আবশ্যক বলিবেন, সেই সকল মকদ্দমায় জুরি নিযুক্ত হইবে; কিন্তু আবেদনকারীরা এ ব্যবস্থা যুক্তিযুক্ত জ্ঞান করেন নাই। তাঁহারা যাবতীয় মকদ্দমা মাত্রেই জুরিনিয়োগের প্রস্তাব করিয়াছেন। এ দেশের লোকে উহার প্রতি যেরূপ বিশ্বাস করিতেছেন, তাহাতে তাঁহাদিগকে যাহাতে বহুল পরিমাণে জুরির কার্য্যে নিযুক্ত করা হয়, ইহা তাঁহাদিগের একান্ত অভিলাষ। এরূপ হইলে তাঁহাদের বিশেষরূপ বিচারপতির স্বাধীন বিচার অবশ্য সঙ্কুচিত হইবে না। অতএব গবর্ণমেণ্ট ন্যায়ানুসারে উহা করিলে ভালই [illegible]

[illegible]

অনেক দূর হইতে পারে না। এরূপ মকদ্দমায় আপীল করিবার অধিকার দেওয়া কর্ত্তব্য। সাধারণ বিচারপতিরা যদি আপনার লঘু জ্ঞান করেন, তিনি স্বাধীন মতে এক ব্যক্তির স্থানে অন্যায় দণ্ড দিতে পারিবেন। অপরাধ যত গুরুতর হইবে অপরাধীকে তত বিস্তৃত ও বিচক্ষণ বিচারপতির দ্বারা বিচারিত হইবার অধিকার দেওয়া কর্ত্তব্য। এমন কি যে ব্যক্তি যাহাতে হাইকোর্টে আপীল করিতে পারে, তাহার বন্দোবস্ত করা উচিত। এরূপ বন্দোবস্ত হইলে লোকের অভিযোগের আর অবসর থাকিবে না। বিশেষতঃ এই সকল মকদ্দমা স্বয়ং ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট করেন না। তাঁহারা নিম্নস্থ বিচারপতিরাই করিয়া থাকেন। ম্যাজিষ্ট্রেটদিগের উপর রাজস্ব ও সাধারণ এবং বিচারসংক্রান্ত বিভাগের কার্য্যভার ন্যস্ত থাকে। কার্য্যকালে তাঁহারা কোন ক্রমানুসারে কার্য্য করিবেন, অনেকে বুঝিতে না পারিয়া অনেক সময়ে গোলযোগ উপস্থিত করেন। কেবল ইহা নহে নিম্ন বিচারপতিরা অনেক সময়ে উপরিস্থ বিচারপতিদিগের মত অনুরূপ কার্য্য করিয়া থাকেন। তাঁহাদিগের মধ্যে যাঁহারা দ্বিতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা আছে, তিনি যে বিচার করেন, ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট তাহার আপীল শুনেন মাত্র। এই কারণে অনেক স্থলে ন্যায্য বিচার হয় না। তাহারা প্রমাণস্বরূপ ঢাকা কালেজের ছাত্র বামনাথ রায় প্রভৃতির মকদ্দমা বৃত্তান্ত উদ্ধৃত করিয়াছেন। আবেদনকারিদিগের আবেদন যে কেমন যুক্তিযুক্ত, পাঠক একবার তাহা বিবেচনা করিয়া দেখুন। নিম্নপদস্থ বিচারপতি যে উপরিস্থ বিচারপতির ইচ্ছানুরূপ কার্য্য করিয়া থাকেন, তাহা অনেক মকদ্দমায় দেখা গিয়াছে। আবেদনকারীরা যে ঢাকার নাজের মকদ্দমা উদ্ধৃত করিয়াছেন, তাহাতে কেবল যে নিম্নপদস্থ বিচারপতি উপরিস্থ বিচারপতির ইচ্ছানুরূপ কার্য্য করিয়াছেন এরূপ নহে, লেপ্টেনেণ্ট গবর্ণরের কথার সহিত হাইকোর্টের বিচারপতি কনিংহাম সাহেবের কার্য্যের বিলক্ষণ সাদৃশ্য আছে। বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মকদ্দমায় লেপ্টেনেণ্ট গবর্ণর হাইকোর্টের উপর যে কিরূপ অসন্তুষ্ট হইয়াছেন, বহরমপুর কোর্টের অধ্যক্ষ মিটকেল্ফ সাহেবের মকদ্দমায় তাহা বিলক্ষণ প্রতিপন্ন হইয়াছে। আবেদনকারীরা সকল স্থলে হয় না, যেখানে হইবার সম্ভাবনা থাকিবে অথবা হইবে সেখানে বাদীর নিম্ন বিচারপতির নিকট বিচার হইবে আর যেন বলিতে না [illegible]

পিগট-ঘটিত মকদ্দমা।

মিস্ পিগট কলিকাতা হাইকোর্টের বিচারপতি নরিসের বিচারে অসন্তুষ্ট হইয়া ঐ হাইকোর্টেই আপীল করিয়াছিলেন। প্রধান বিচারপতি গার্থ ও বিচারপতি উইলসন সাহেবের নিকট বিচার হয়। তাঁহারা ১৬ ই এপ্রেল বুধবার রায় প্রকাশ করিয়াছেন। বিচারপতিরা সিদ্ধান্ত করিয়াছেন, হেষ্টি সাহেব মিস পিগটের যে গ্লানি করিয়াছেন, তাহা অমূলক। তিনি বিদ্বেষবশতই তাঁহার চরিত্রে দোষারোপ করিয়াছেন। এই নিমিত্ত তাঁহার ৩০০০ টাকা দণ্ড করা হইয়াছে এবং তাঁহাকে উভয় আদালতের সমুদায় খরচ দিতে বলা হইয়াছে।

হেষ্টি সাহেব মিস পিগটের যে দোষারোপ করিয়াছিলেন, বিচারপতিদিগের মতে তাহার কোন প্রমাণ নাই। রেবরেণ্ড কালীচরণ বন্দ্যোপাধ্যায়, রেবরেণ্ড উইলসন, ডাক্তার চন্দ্র ও অন্য অন্য ব্যক্তি ঘটিত মিস পিগটের যে দুর্নাম করা হইয়াছিল বিচারপতিরা বলেন, তাহা প্রমাণ হয় নাই। উঁহার নামে মিস্ক্রেয়ার যে দোষারোপ করা হয়, তিনি তাহা হইতেও নিষ্কৃতি পাইয়াছেন। সুতরাং হেষ্টি সাহেব দণ্ডভাগী হইলেন। তাঁহার দণ্ড হইল বটে; কিন্তু বোধ হয়, উহা নামমাত্র পর্য্যবসিত হইল। তিনি এখানে নাই। ইউরোপে গিয়াছেন। সেখান হইতে দণ্ডের টাকা আদায় হইবে, বোধ হয় না।

বিচারপতি ... লোকের অভিযোগকে মকদ্দমা তুলিয়া উপস্থিত করেন, এটী বড় দুঃখের বিষয়। বোধ হয়, হেষ্টি সাহেব সরলভাবেই কার্য্য করিয়াছিলেন। মিস পিগটের চরিত্রদোষের প্রতি তাঁহার একরূপ আস্থা ছিল। যদি অসংযত চরিত্রের লোকের সংস্রবে মিস পিগটের চরিত্রদোষ থাকে তাহা অবশ্য সম্ভব হইবার সম্ভাবনা। এই সংস্কার হওয়াতে তিনি মিস পিগটের বিরুদ্ধে দোষারোপ করিয়াছিলেন। কিন্তু বোধ হয় বিবেচনা সহকারে তাহার সত্যতা নির্দ্ধারণ করা হয় নাই। পৃথিবীতে সকল কার বুঝিবার লোক অল্প। আমরা দেখিতে পাই, অধিকাংশ লোকেই অসরলভাবের কাহাকে কুটভাবে লইয়া থাকে। অপরে সরল ভাবের লোকই অল্প, কুটভাবের লোক বিরল নয়। তিনি সরলভাবে কার্য্য করিতে গিয়া প্রতারিত হইয়াছেন সন্দেহ নাই। যাহা হউক, তাঁহার বিশেষ অনুসন্ধান ও বিশেষ বিবেচনা করিয়া কার্য্য করা উচিত ছিল।

মিস পিগটের চরিত্র সম্বন্ধে লিখিত একখানি ক্ষুদ্র পুস্তক আমাদিগের হস্তগত হইয়াছে। তাহা পাঠ করিয়া দেখিলাম, অনেক ভাল ভাল লোকে তাঁহার সচ্চরিত্র ও কার্য্যদক্ষতার প্রশংসাপত্র দিয়াছেন।

কুমারী লিসৃষ্ট কলিকাতা ফ্রী নর্ম্মাল বিদ্যালয়ে শিক্ষয়িত্রী কার্য্যের নৈতিক নিযুক্ত করিয়া ১৮৫৭ অব্দে উক্ত বিদ্যালয় পরিত্যাগ করেন। উক্ত স্থানে এবং [illegible] লোকেরা উঁহাকে প্রতিষ্ঠাপত্র প্রদান করিয়াছিলেন। তদনন্তর তিনি কলিকাতার সেণ্টপল্স স্কুল নামক বালিকা বিদ্যালয়ে [illegible] পরে [illegible] উক্ত [illegible] বালিকা বিদ্যালয়ে [illegible] করিত। এই [illegible] গ্রহণ করিয়াছিল। তিনি [illegible] বালিকা [illegible] নর্ম্মাল বিদ্যালয়ের শিক্ষকতা [illegible]। তদ্ভিন্ন অন্তঃপুরবাসিনীদিগের শিক্ষাকার্য্যে অবশিষ্ট সময় ক্ষেপণ করিতেন। বোধ হয়, এই গুরুতর পরিশ্রমের জন্যই [illegible] উঁহার [illegible]। উক্ত স্থান হইতে মুক্ত হইয়া তিনি কিছুকাল বায়ু পরিবর্ত্তন অভ্যাস করিবার নিমিত্ত ১৮৫৯ অব্দে চুঁচুড়ার বালিকা বিদ্যালয়ে প্রধান শিক্ষয়িত্রীর কার্য্যে নিযুক্ত হন। কলিকাতা হইতে বিদায়কালে উঁহার কার্য্যদক্ষতা ও পরিশ্রমের নিদর্শনস্বরূপ কতকগুলি প্রতিষ্ঠাপত্র উঁহাকে প্রদান করা হয়। কলিকাতা নর্ম্মাল ও সেণ্ট্রাল স্কুলের অধ্যক্ষ [illegible] সাহেব যে প্রতিষ্ঠাপত্র প্রদান করেন, তাহা নিম্নে [illegible] করিলাম।

কলিকাতা ১৮ ই জুন ১৮৫৯।

প্রিয়কুমারী লিসৃষ্ট।

নর্ম্মাল ও সেণ্ট্রাল স্কুল কমিটির দ্বারা অনুরুদ্ধ হইয়া তোমাকে এই প্রতিষ্ঠাপত্র প্রদান করিতেছি, ইহাতে কমিটি সম্যক্‌রূপে তোমার [illegible] সুখ্যাতি করিয়াছেন। ১৬ বৎসর বয়ঃক্রম সময়ে তুমি বিদ্যালয়ের ছাত্রীরূপে প্রবেশ করিয়া ক্রমে কমিটির অনুগ্রহে শিক্ষয়িত্রীর পদে [illegible] হইয়াছিলে। এক্ষণে তুমি কলিকাতা হইতে স্থানান্তর গমন করিতেছ, এই জন্য তুমি কমিটির অধীন যেরূপ দৃঢ় অধ্যবসায় সহকারে এবং [illegible] কার্য্যকারিতা ও শিক্ষাবিষয়ে যত্ন প্রকাশ করিয়াছিলে, কমিটি তজ্জন্য তোমাকে পরম আহ্লাদের সহিত এই প্রশংসাপত্র প্রদান করিতেছেন। তোমার প্রতি সকলেরই স্নেহ আছে, এবং সকলেই তোমাকে সমুচিত সম্মান করিয়া থাকেন। তুমি এই স্থান পরিত্যাগ করাতে কমিটি অত্যন্ত দুঃখিত হইয়াছেন। বায়ু পরিবর্ত্তনে তুমি পুনর্ব্বার স্বাস্থ্যলাভ করিয়া সুখ [illegible] কমিটি [illegible] নিকটে সর্ব্বতোভাবে এই প্রার্থনা করেন। ইত্যাদি।

নজীর

১৮৮০ এর ৩ রা জুলাই কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি গার্থ ও বিচারপতি ম্যাকডোনাল্ডের নিকট নিম্নলিখিত মকদ্দমার নিষ্পত্তি হইয়াছে।

ওয়াটসন কোম্পানি বাদী ও হারাণচন্দ্র মণ্ডল প্রতিবাদী।

১৮৫৯ সালের ৮ আইনের ২৩০ ধারা অনুসারে বাদীর উপরে মকদ্দমা প্রমাণ করিবার ভার। তাহাকে নিজ স্বত্ব প্রমাণ করিবার নিমিত্ত [illegible] অথবা অন্য কোন বিশেষ প্রমাণ দিতে হইবে।

[illegible] প্রমাণ থাকিলে [illegible] থাকে না, তাহার আবশ্যক নাই।

মকদ্দমার [illegible] এই—যেরেন্স জীব-ওয়েক-গোবিন্দপুরের একটী তালুক উমাকান্ত মজুমদারের অধিকৃত ছিল। তাঁহারা ঐ তালুক ওয়াটসন কোম্পানিকে বিক্রয় করেন। [illegible] রাধারমণ ঐ তালুকের কতক অংশ অন্যায় পূর্ব্বক গ্রহণ করিয়াছেন বলিয়া উক্ত কোম্পানি ঐ ভূমির পুনঃপ্রাপ্তির জন্য তাঁহার নামে এক মকদ্দমা উপস্থিত করেন এবং ১৮৭৪ অব্দে ডিক্রী প্রাপ্ত হইয়া ঐ ভূমী অধিকার করিতে যান, এমন সময় হারাণচন্দ্র নামক এক ব্যক্তি উক্ত ভূমীর মধ্যে তাহার [illegible] গোবিন্দপুরের পত্তনী তালুকের এক অংশ পড়িয়াছে বলিয়া আপত্তি উত্থাপন করেন। তন্নিবন্ধন ওয়াটসন কোম্পানি আদালতের আশ্রয় গ্রহণ করিলে আদালত উহা [illegible] আপত্তি [illegible] দখল দিবার জন্য নূতন ওয়ারেণ্ট জারি করেন। তাহাতে রাধারমণ উপর আদালতে আপীল করাতে আদালত [illegible] বিচারের আদেশ দেন। [illegible] বিচারে রাধারমণ কোনের কোন দলিল দেখাইতে না পারাতে আদালত ওয়াটসন কোম্পানিকে ভূমী দখল করিবার ডিক্রী দেন। রাধারমণ পুনরায় আপীল করেন আদালতও পুনরায় [illegible] বিচারের আদেশ দেন। ইত্যবসরে আদালতের আজ্ঞানুসারে [illegible] উক্ত কোম্পানিকে ঐ তালুকের অধিকারী ও বিবাদী উক্ত [illegible] এই সময়ে রাধারমণের জীব-ওয়েক গোবিন্দপুরের পত্তনী তালুক ডিক্রী হইয়া বিক্রয় হইয়া [illegible] উহা ক্রয় করেন। তিনি আবার উহা [illegible] পরে বিক্রয় করিলেন। [illegible] মণ্ডল নামক একটী পুত্র রাখিয়া পরলোকগত হইলেন। এক্ষণে উক্ত হারাণচন্দ্র মণ্ডলই প্রতিবাদী। মুন্সেফ আদালতে উক্ত মকদ্দমা উপস্থিত হওয়াতে মুন্সেফ দেখিলেন বাদী যেরেন্স জীব, গোবিন্দপুরের তালুকের অংশ বলিয়া যে ভূমী দখল করিতেছেন, ৩০ বৎসর হইল, তাহা [illegible] উহা ভূমিতে পরিণত হইয়াছে। প্রথমে উহা [illegible] অধিকারে [illegible] ছিল। তাহারা উহা ওয়াটসন কোম্পানিকে বিক্রয় করেন। পরে তাহা [illegible] অন্যায় পূর্ব্বক দখল করিয়াছিলেন [illegible] ওয়াটসন কোম্পানি তাঁহার বিরুদ্ধে ডিক্রী করিয়া উহা অধিকার করেন। বিশেষতঃ রাধারমণের এমত কোন দলিল বা লেখা পড়া নাই, যদ্দ্বারা ঐ ভূমীতে তাঁহার কোনের কোন প্রমাণ পাওয়া যায়। এই কারণে মুন্সেফ বাদীর অনুকূলে রায় প্রকাশ করিলেন। প্রতিবাদী ডিষ্ট্রিক্ট জজের নিকট আপীল করাতে জজ বলিলেন, বাদীর [illegible] উক্ত ভূমী ওয়াটসন কোম্পানির ডিক্রী লিখিত ভূমীর মধ্যে পতিত হইয়াছে বুঝা যাইতেছে, প্রতিবাদীর কোন দলিল নাই। বিশেষতঃ যত দিন জল ছিল, তত দিন উহার জলকর স্বত্ব প্রতিবাদীর ছিল। এক্ষণে জল শুষ্ক হইয়াছে এবং তৎসঙ্গে সঙ্গে প্রতিবাদীর জলকর স্বত্ব লোপ পাইয়াছে। এই হেতুবাদে মকদ্দমা ডিস্‌মিস্ করা হইল। প্রতিবাদী হাইকোর্টে আপীল করিলেন। হাইকোর্ট নিম্ন আদালতের রায় দেখিয়া এই সিদ্ধান্ত করিলেন, প্রতিবাদীর যা কিছু স্বত্ব থাকে, তাহা বহুদিন গত হওয়াতে তামাদি হইয়া গিয়াছে। অতএব ১৮৭৭ অব্দের তামাদি আইনের ৮ ধারা অনুসারে মকদ্দমা ডিস্‌মিস্ হইয়া গেল।

১৮৮০ র জুন মাসে হাইকোর্টের বিচারপতি [illegible] নিকট নিম্ন লিখিত মকদ্দমার বিচার হয়।

মহেন্দ্রনাথ দাঁ বাদী। উমেশচন্দ্র দা প্রতিবাদী।

দেওয়ানী কার্য্যবিধির ২৩০ ধারানুসারে আদালতের আজ্ঞা দিবার পূর্ব্বে বাদীর প্রতি আদালতের আজ্ঞা এবং অন্য ১৩১ ধারার নিয়মে আবশ্যক কার্য্য হওয়ার যে বিধি আছে, তাহা করিতে হইবে, নতুবা [illegible] আবেদন অগ্রাহ্য হইবে।

বাদী মহেন্দ্রনাথ দাঁ [illegible] এবং একটি পেটেণ্ট [illegible] জন্য প্রতিবাদী উমেশচন্দ্র দাঁর বিরুদ্ধে এক মকদ্দমা উপস্থিত করেন। আদালত হইতে প্রতিবাদীর [illegible] উপস্থিত [illegible] অনুসারে প্রতিবাদী [illegible] করিয়া কতকগুলি দলিল উপস্থিত করেন। [illegible] উক্ত দলিলের অবস্থা সম্বন্ধে আপত্তি [illegible] বাদীর [illegible] [illegible]

নিয়াছিলাম, তদনুসারে প্রতিবাদী আদালতে [illegible] কার্য্য করিতে প্রস্তুত আছি।" তিনি এ বিষয়ে আপনার [illegible] হিসাব পত্র দাখিল না হইলে উপস্থিত মকদ্দমার আলোচনা নিষ্পত্তি হইবে না।

১১ই মে বাদীর এটর্ণি প্রতিবাদীর এটর্ণিকে নিম্নলিখিত মর্ম্মে পত্র লেখেন যে "এডভোকেটের পরামর্শ অনুসারে ১৩৮ ধারা মতে জবাব দাখিল হয়। কিন্তু এক্ষণে দেখা যাইতেছে যে, ১৩০ হইতে ১৩৩ ধারা অনুসারে উক্ত জবাব দাখিল হওয়া উচিত। আমি এইরূপ জবাবের নিমিত্ত আদালতে প্রার্থনা করিব। অতএব যদি এ বিষয়ে আপনার মত থাকে, তাহা হইলে বর্ত্তমান জবাব (যাহাতে ১৩০ হইতে ১৩৩ ধারার কার্য্য সম্যক প্রকাশিত হইতেছে না) পরিবর্ত্তনের নিমিত্ত কোন আপত্তি করিবেন, তাহার সংবাদ দিতে প্রস্তুত আছেন।" প্রতিবাদীর এটর্ণি উত্তরে বলেন যে "আমি কোর্টের নির্দ্দিষ্ট কার্য্য ব্যতীত আপনার আবেদনে অন্য প্রকারে কার্য্য করিতে পারি না। আপনি ইচ্ছা করিলে উক্ত আবেদন এককালে সহিত পরিত্যাগ করিয়া নূতন আবেদন উপস্থিত করিয়া লইতে পারেন।" ১৬ ই জুন মকদ্দমার শুনানি হয়। হাইকোর্ট এই বলিয়া আবেদন অগ্রাহ্য করিলেন যে ১৩১ ধারা অনুসারে যে প্রাথমিক কার্য্য করা উচিত ছিল, তাহা না হওয়াতে এ আবেদন গ্রাহ্য হইতে পারে না।

১৮৮৩ র ১২ ই আগষ্ট হাইকোর্টের বিচারপতি [illegible] নিকট নিম্নলিখিত মকদ্দমার নিম্নলিখিত নিষ্পত্তি হইয়াছে।

[illegible] অন্য অন্য ব্যক্তি বাদী। দেবনাথ ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী। বাদীর আবেদনক্রমে দুটি মকদ্দমার একীকরণ হইতে পারে।

বাদীর আবেদনক্রমে হাইকোর্টে বাদীর ও প্রতিবাদীর যে দুটী মকদ্দমা ছিল, তাহার একত্র সাক্ষ্যের একীকরণের আজ্ঞার নিমিত্ত প্রতিবাদীকে নিম্নলিখিত মর্ম্মে নোটিস দেওয়া হয় যে "বর্ত্তমান মকদ্দমা, ১৮৮২ র ৫৫৭ নং মকদ্দমার (যাহা হাইকোর্টে উপস্থিত আছে) সহিত একত্র বিচার ও দুটি মকদ্দমার একত্র সাক্ষ্য গ্রহণের আবেদন করা হইবে। উল্লিখিত ৫৫৭ নং মকদ্দমার [illegible] [illegible] নিমিত্ত সময় বৃদ্ধি করা, এবং বাদী ও প্রতিবাদীকে বর্ত্তমান মকদ্দমায় অন্যান্য উপযুক্ত আজ্ঞা [illegible] [illegible] [illegible] থাকিবে।"

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রতিবাদীর [illegible] [illegible] ৮ [illegible]

প্রতিবাদীকে উদ্দেশ এবং কলিকাতার আদালত করিয়া আসিতেছেন। বাদী প্রতিবাদীর কলিকাতার আয়ের আপত্তি প্রভৃতি নির্ণয়ার্থ পাঠাইয়া দিতেন এবং বিক্রয়ের নিমিত্ত টাকা কড়ি প্রাপ্ত হইতেন। ১৮৮২ র ২৭ এ সেপ্টেম্বর প্রতিবাদীর এক জন অংশীদার (যিনি বিলাতে ছিলেন) টাকা দেওয়া বন্ধ রাখেন। ৩ রা অক্টোবর বোম্বায় কোম্পানীর কাছে বাদীর নিকট হইতে এই মর্ম্মে এক টেলিগ্রাফ আইসে "যেন প্রার্থিত করিয়া প্রতিবাদীর কাছের মালামাল আটক করিবার জন্য হুকুম লওয়া হয়।" ১৮৮২ র ৫ ই অক্টোবর ২২৬ গাইট বস্ত্র ক্রোক করিবার জন্য ৫৫৭ নং মকদ্দমা উপস্থিত হয়। তাহাতে বিবাদের মালামাল বিক্রয় সম্বন্ধে বাদী ও প্রতিবাদী উভয়ে একটী বন্দোবস্ত হয়। ঐ বন্দোবস্ত ১৮৮২ র ৩০ এ অক্টোবর আদালতের আজ্ঞা ক্রমে হইয়াছিল এবং উহার লেখা পড়া আদালতে থাকে। উক্ত মকদ্দমা অথবা বাদী ও প্রতিবাদীর স্বত্ব নিরূপণের জন্য ৬ মাসের মধ্যে যদি কোন মকদ্দমা উপস্থিত হয়, তাহা হইলে বাদী এটর্ণি দিতে পারিবেন। ১৮৮৩র ২৮ এ এপ্রেল (প্রতিজ্ঞাত ৬ মাসের মধ্যেই) ১৮৮২ র আগষ্ট মাস হইতে যে সমস্ত মালামাল বিক্রয় হইয়াছিল, বাদী তাহার হিসাব না পাইয়া অন্য এক মকদ্দমা উপস্থিত করেন। এই মকদ্দমাটি ১৮৮২ র ৫৫৭ নং মকদ্দমার সহিত একত্র বিচার হইবার প্রার্থনা করা হয়। প্রতিবাদী ইহাতে অসম্মত হন, কিন্তু হাইকোর্টের বিচারে উক্ত দুটী মকদ্দমার একত্র বিচার হইবে, এইরূপ স্থির হইয়াছে। কেশবমোহন দাস ও বিহারিলাল হালদার যে মকদ্দমা হয় তাহাতে এবং রামেশ্বর দাস ও সরস্বতী দাসীতে যে মকদ্দমা হয়, তাহাতে এই সিদ্ধান্ত হইয়াছিল।—

ইউরোপীয় সমাচার।

কায়রো ১০ ই এপ্রেল। সুবার পাশা ও লর্ড [illegible] সাহেব আপন আপন কার্য্য করিবেন। তাঁহাদের যে পরস্পর মনোবাদ হইয়াছিল তাহা অপনীত হইয়াছে।

[illegible] ১১ ই এপ্রেল। [illegible] বিদ্রোহ হইয়াছে। তথা কার প্রধান কর্ত্তারা সৈন্য প্রার্থনা করিতেছেন।

[illegible] ১১ ই এপ্রেল। [illegible] শিবিরে বড় গোলযোগ উপস্থিত হইয়াছে। [illegible] ও [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পরে আসিয়াছিলেন। [illegible] সম্বন্ধে [illegible] তাঁহাদের [illegible] কারণ হইয়াছে।

[illegible] ১৩ ই এপ্রেল। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] না করিয়া [illegible] [illegible]

[illegible] বিদ্রোহিদিগের সহিত ফরাসি সৈন্যের একটী যুদ্ধ হইয়াছিল। শত্রুপক্ষের ৬৮ জনের মৃত্যু হইয়াছে।

লণ্ডন ১৩ ই এপ্রেল। জনরব এই যে, আর্টেস নগরের পতন হইয়াছে। কিন্তু সেনাপতি [illegible] [illegible] বন্দী হইয়াছেন।

লণ্ডন ১৩ ই এপ্রেল। ব্রিটিশ গবর্ণমেণ্ট মিশরের সর্ব্বস্থান ও বিষয়ে যে মীমাংসা করিয়াছেন, তাহা ইউরোপীয় প্রধান রাজাদিগের গোচর করিয়াছেন।

টেকন ১৪ই এপ্রেল। ফরাসীরা [illegible] অধিকার করিয়াছে।

হংকং ১৪ ই এপ্রেল। [illegible] শাসনকর্ত্তাকে শিবিরে আহ্বান করা হইয়াছে। [illegible] সহিত [illegible] [illegible] অপরাধে [illegible] বলিয়া তাহার দণ্ড হইবে। [illegible] কর্ত্তৃক [illegible] যে সকল সেনাপতির উপর দোষারোপ হইয়াছিল, তাহাদিগের মস্তক ছেদনের আজ্ঞা হইয়াছে। চীনের সর্ব্ব স্থান হইতে সৈন্য সংগ্রহের অনুমতি হইয়াছে।

[illegible] বিদ্রোহী দল ছাড়্ভঙ্গ হইয়া পড়িয়াছে।

লণ্ডন ১৩ই এপ্রেল। ইংলণ্ডেশ্বরী গত কল্য [illegible] যাত্রা করিয়াছেন।

কায়রো ১৩ই এপ্রেল। ৮ ই এপ্রেলের [illegible] প্রকাশ হইয়াছে যে সেনাপতি [illegible] [illegible] আর্টেসের পার্শ্বস্থ [illegible] পরস্পর [illegible] [illegible] [illegible] অধিবাসীরা [illegible] [illegible] বাধ্য হইয়াছেন। জনরব এই যে কাসালা ও [illegible] [illegible] স্থান [illegible] সুরক্ষিত আছে।

লণ্ডন ১৭ ই এপ্রেল। ইংলণ্ডেশ্বরীর [illegible] প্রজারা যে শোক [illegible] করিয়াছেন, তাহাকে তিনি এই কথা বলিয়াছেন যে আমি [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পরিশ্রম করিব।

[illegible] [illegible] [illegible] [illegible] যে সময়ে ব্রিটিশ শাসন [illegible] [illegible] [illegible] কার্য্য। ইহা হইলে অন্যান্য [illegible] [illegible] চিরকাল নির্ব্বাহ করিতে হইবে।

[illegible] [illegible] [illegible] [illegible] যে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] ১৩ ই এপ্রেল। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] ১৭ ই এপ্রেল। চীন [illegible] [illegible] [illegible] [illegible] পছন্দ করিয়াছেন।

কায়রো ১৭ ই এপ্রেল। সেনাপতি [illegible] [illegible] সাহেব [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কিন্তু [illegible] [illegible] [illegible]

বিবিধ সংবাদ।

এ দেশের লোকেরা যে প্রকার প্রবঞ্চক ও আপনা [illegible] [illegible], কোন বিচক্ষণই ইংরেজদিগের কর্ণে স্থান প্রাপ্ত হয় না। মান্দ্রাজ গবর্ণমেণ্টের [illegible] অসাধারণ সভ্য অনরেবল এ ম্যাকেঞ্জি সাহেব একটী বক্তৃতাকালে [illegible]

স্বামীর ব্যবস্থাপ্রণালীতে ভারতবর্ষের শোচনীয় অবস্থার কারণ বলিয়া উল্লেখ করিয়াছেন তিনি দেখাইয়াছেন, ভারতবাসীর অদৃষ্ট প্রতিবর্ষে বিদেশ হইতে প্রায় ৪০ কোটি টাকার সামগ্রী আমদানী হইতেছে, কিন্তু ভারতবাসী এমন অকর্ম্মণ্য যে পরমুখাপেক্ষী না হইয়া আপনারা সেই সকল দ্রব্য প্রস্তুত করিতে শিক্ষা করেন না। এক্ষণ স্বামীজী চাকুরির জন্য গবর্ণমেণ্টের নিকট যেরূপ লালায়িত হন এবং [illegible] যেরূপ যত্ন পান, আপনাদিগের অভাব পূরণের উপায় বিধানে যদি সেইরূপ [illegible] হইতেন, তাহা হইলে দেশের যে কত উপকার এবং দেশবাসীদের যে কত লাভ হইত তাহার গণনা করা কঠিন।

কৃষিকর্ম্মের [illegible] কতকগুলি খাল খনন করা হইয়াছে তাহার [illegible] জল লইয়া জমীতে দেয় বলিয়া তাহাদিগকে কর প্রদান করিতে হয়। কিন্তু এই কর আদায় উপলক্ষে তাহাদিগের উপর এরূপ পীড়ন হইতেছে যে তাহারা এখান হইতে জল লইয়া ক্ষেত্রে দিবার জন্য অনুমতি দিতে সম্মত হইতেছে না। এতদ্ব্যতীত এবার বিস্তর ক্ষতির সম্ভাবনা। খালের কর্ত্তৃপক্ষ [illegible] দিগের ভূমিতে বৃষ্টির সঞ্চিত জল কাটিয়া [illegible] তাহাদিগকে অনুমতি দানে বাধা [illegible] করিয়াছেন। অনেক কৃষকের ক্ষেত্র হইতে [illegible] সঞ্চিত জল পূর্ব্ববর্ষের কাটিয়া আনিয়া [illegible] বলিয়া প্রজারা তাহাদের নামে অনেকগুলি অভিযোগ করিয়াছে। এ বড় অত্যাচারের কথা। [illegible] এরূপ বিরূপ ব্যবহার কখন সহনীয় হইতে পারে না।

বাবু দীননাথ [illegible] উপস্থাপিত [illegible] গবর্ণমেণ্টের গোচর করিয়া আসিতেছেন। গবর্ণমেণ্টও তাঁহার প্রার্থনানুসারে [illegible] নিকট [illegible] টাকা আদায় হয়, গত বর্ষে তাহা হইতে ১১০০ টাকা রাখিয়া দিয়াছিলেন কিন্তু [illegible] উপকার বোধ না করিয়া এই বিষয় পার্লিয়ামেণ্টের সভ্য জন ব্রাইট সাহেবের গোচর করিয়াছেন। তিনি শীঘ্র [illegible] প্রজাদিগের দুঃখের বিষয় পার্লিয়ামেণ্টে প্রসঙ্গ করিবেন। গবর্ণমেণ্ট দেখুন, কৃষকেরা কেমন অদ্ভুত পদার্থ। আমরা বুঝিয়া কিছু দিতে হইলেই তাহারা অসন্তুষ্ট হয়। [illegible] প্রজাদিগের ব্যবহার দেখিয়া গবর্ণমেণ্ট স্থির করুন, প্রজাদিগের কেমন সন্তুষ্ট করা।

[illegible] কোন স্থান বন্ধ হইলে [illegible] যে [illegible] পাইল, তাহার প্রবেশ দিয়ে [illegible] বাহির হইয়া থাকে।

ও জন ব্রাইট সাহেবের [illegible] হইলে [illegible] বলিয়া অন্যরূপ প্রচার করাইয়া দিয়াছেন এবং তাঁহার পাঁচটির অভিপ্রায়ার্থ অর্থ ব্যয় করিয়াছিলেন বলিয়া বোম্বাই গবর্ণমেণ্ট তাঁহাকে কর্ম্মচ্যুত করেন কিন্তু ইউরোপীয়দিগের সার্ব্বজনিক সভার যত্নে তিনি পুনর্ব্বার পদস্থ হইয়াছেন। বোম্বাই গবর্ণমেণ্ট তাঁহার পদ গ্রহণ তাঁহাকে আহম্মদাবাদ হইতে অন্যত্র বদলী করিয়াছেন। অতএব আমাদের গবর্ণমেণ্ট গবর্ণমেণ্ট নন, ইউরোপীয় [illegible] আমাদের গবর্ণমেণ্ট।

বোম্বাইয়ের যে মেলা হইবে র কথা হইতেছে, সেই মেলায় যে কমিটী হইয়াছে, সেই কমিটীর সভ্যেরা গত বুধবারের অধিবেশনে প্রায় এক লক্ষ টাকা চাঁদা তুলিয়াছেন। মেলার সমুদায় খরচ অনায়াসে চাঁদায় উঠিতে পারে [illegible] এইরূপ আশ্বাস পাইয়াছেন। তাঁহারা উৎসাহের সহিত চেষ্টা পাইতেছেন।

ভারতবর্ষীয় রেলওয়ে হইতে [illegible] বৎসরে অনেক টাকা বায় হইয়াছে। ১৮৬১।৬২ অব্দে ৫৭২৮৬০০০ টাকা। ১৮৬২।৬৩ অব্দে ৬৫,২৩,১০০ টাকা এবং ১৮৬৩।৬৪ অব্দে ৮৩ ৬৭৮০ টাকা ব্যয়িত হয়।

বুন্দেলের মহারাজ রাধা ঠাকুরের কন্যার সহিত মান্দ্রাজের রাজা গণপতি রাওয়ের বিবাহ সম্পন্ন হইয়া গিয়াছে। রাধা ঠাকুর এই বিবাহের ঘটকের বিদায় জন্য ২০০০০ টাকা, এবং পাঁচ হাজার টাকার সবিশেষ অলঙ্কার দিয়াছেন।

শিক্ষা কমিশনের রিপোর্টসম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্ট সকল মত গ্রহণ করিতেছেন। সমুদায় মত সংগৃহীত হইলেই ভারতবর্ষে শিক্ষাসম্বন্ধে মত বিশদ আশা প্রকাশ করিবেন।

মালাক্কা হইতে কোন ব্যক্তি সিলোন অবজারভারের পত্রে লিখিয়াছেন যে, উক্ত দ্বীপের লোকেরা [illegible] যাহা নাড়িতেন পাড়াইতে পারে। [illegible] [illegible], তাহাই অভ্যাস করে; তাহারা আপনার মত নাড়িতেন পাড়িতে পারে। [illegible] প্রয়োজন হইলে তাহ পারে, [illegible] প্রয়োজন হইলে বসিয়া পাড়িয়া দেয়। আমাদিগের এইরূপ যুক্তিপূর্ব্বক কার্য্য দেখিয়াই বোধ হয় ডারউইন সিদ্ধান্ত করিয়াছেন, বানর হইতে মনুষ্যের উৎপত্তি হইয়াছে।

একব্যক্তি লিখিয়াছেন "গত সপ্তাহের সোমপ্রকাশে ১২৯০ সালের সমালোচকোপলক্ষে পরলোক গত দয়ানন্দ সরস্বতী ও প্যারিচাঁদ মিত্র, [illegible] দিগের অভাব শোক প্রকাশ করিয়াছেন; কিন্তু প্রাতঃস্মরণীয় মহাত্মা কেশবচন্দ্র সেনের নামোল্লেখ করেন নাই। [illegible]

[illegible] উহা সংবাদ [illegible] সকল, সময়ে সকল কথা [illegible] [illegible] আমাদের মনে [illegible] [illegible] স্মরণ হইয়া উঠে না [illegible] তিনি সকল [illegible]।

[illegible] উক্ত স্কুলের [illegible] বিষয়ের আন্দোলন করিবার অভিপ্রায়ে আমি [illegible] কথা বলাতে স্কুলের বাবু আর পর আর [illegible] উঠিয়াছেন। সংবাদ [illegible] এই লোকের বিষয়ে লিখিয়াছিলেন স্বামীজীর স্কুলের যেরূপে সমুদায় শিক্ষকতা দেখিয়াছেন, তাহাতে অনেক অসন্তোষ প্রকাশ করিয়াছেন। আমরা শুনিয়াছি তিনি যত সময় স্কুলে বসিয়া থাকেন এবং সাধারণ কথা বার্ত্তায় অবসর কাটিয়া দেন। [illegible] প্রকাশ করিয়া থাকেন। শিক্ষক ও ছাত্রদিগের সহিত সকল সময়ে ভাল ব্যবহার করেন না। কিন্তু আমরা জানি না এ কথা কতদূর সত্য। যদি তাঁহার লোকের অপ্রিয় হইবার কোন কারণ থাকে, আমরা ভরসা করি তাহা দূর করিয়া তিনি সাধারণের প্রশংসাভাজন হইবেন। এই ঘটনার পরেই নীলমণি বাবু ও অন্যান্য লোকে [illegible] বিদ্যালয়ের দ্বিতীয় শিক্ষক বাবু গোপালবিহারী মিত্রকে বিদ্যালয়ের সংবাদদাতা জানিয়া তাঁহাকে তাঁহার দোষ স্বীকার করিতে বলেন, অন্যথা যেন তিনি আমাদিগকে জানাইতে হইবেন না। তাহাতে তাঁহার প্রধান শিক্ষক হইতে পদচ্যুত করিতে চাহেন। বিদ্যালয়ের সংবাদদাতা যে কথা লিখিয়াছেন, তাহাতে আমরা দূষণীয় কিছুই দেখিতে পাই না, বরং সেই স্কুলের যে জঘন্য দোষ আছে, আমরা তাহা প্রকাশ দেখিয়াছি। নীলমণি বাবু যে লোকের বশীভূত, তাহা তাঁহার এই কার্য্য দ্বারাই কি সপ্রমাণ হইতেছে না? বিশেষ তাঁহার জানিতেন সংবাদদাতার সহিত [illegible] ছিলেন না। কিন্তু তিনি দেখা-শুনার ইংরাজী স্কুলের দ্বিতীয় শিক্ষককে বিদ্যালয়ের সংবাদদাতা সন্দেহ করিয়া তাঁহার উপর দণ্ড জারি করিলেন। এটী বড় বিস্ময়ের কথা। যাহা হউক, আমাদের মতে নীলমণি বাবুর এ বিষয় লইয়া [illegible] ভাল নয়। আমরা সত্যতর দেখিতে পাই, অনেক স্কুলের উপরে অভিভাবক কাজ করিয়েছেন করিয়া, তাহাতে অনেক অসন্তোষ জন্মিয়াছে। তাহাতে অনেক সময় [illegible] বাধাও হয় [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible]

... বাহির উঠাইয়া দিয়াছেন। অদ্যাবধি ১২০০ লোক কর্ম্মহীন হইয়াছে। উক্ত ব্যক্তিবর্গের কোন বিষয়েই উন্নতি হয় না। এদেশের লোকে স্বদেশীয় লোককে যেরূপ উৎসাহ দান করিতেছেন, তাহাতে দেশটী ক্রমে উৎসন্ন যাইবে সন্দেহ নাই।

৩১ এ মে [illegible] কলিকাতা হাইকোর্টে তৃতীয় ন্যায়ালয় বসিবে।

গবর্ণর জেনেরল মেদিনীপুরের ডেপুটী কালেক্টর বাবু [illegible]কে "রায় বাহাদুর" উপাধি দান করিয়াছেন।

এ দেশের মধ্যে [illegible] জন্য [illegible] হইয়াছে। [illegible] বিষয়ে, যেহেতু এ [illegible] হইয়াছে। [illegible] যে [illegible], তাহা [illegible] কিন্তু [illegible], তাঁহারা কি এ বিষয়ে উদ্যোগ করিবেন?

[illegible]

[illegible] তিনি তাঁহার ইংরাজী প্রবন্ধ পাঠ করিয়া [illegible], তিনি তাহাতে পণ্ডিতা পাইয়াছেন।

[illegible] বৰ্দ্ধমান প্রকাশকে একটী বৃহৎ [illegible] হইয়া গিয়াছে।

পশুদিগের প্রতি অত্যাচার নিবারণী সভার যত্নে গত মার্চ্চ মাসে নিম্নলিখিত অর্থদণ্ড হইয়াছে—৩৭ টি অশ্ব ও ৫৭ টি ঘোড়া ৮৪ টি [illegible] জন্য [illegible] দণ্ড বলিয়া ১৯৬ টাকা; ৪৭২ টি [illegible] ও ৫০ টি [illegible] বলদের [illegible] দণ্ড বলিয়া ৫৫৯১০, একটী গাভীর প্রতি দুর্ব্যবহার নিবন্ধন ১০ টাকা; ৬টী কুকুরের প্রতি নিষ্ঠুরতা নিবন্ধন ৯ টাকা, এবং ৯ টী কুক্কুটকে নিষ্ঠুরভাবে বন্ধন করিয়া লইয়া যাওয়াতে ৫ টাকা অর্থ দণ্ড হইয়াছে।

আমরা রাঁচি হইতে নিম্নলিখিত সংবাদ প্রাপ্ত হইলাম "[illegible] (ইহা ছোটনাগপুরের পশ্চিমে, ও ইহা স্বাধীন রাজ্য।) এখানকার রাজা [illegible] কিছু কিছু কর [illegible] নিকটে [illegible] একটী [illegible] জাতি আছে। তাহারা কর না দেওয়াতে ও [illegible] উপর অত্যাচার করাতে, [illegible] পুলিশ সুপারিন্টেণ্ডেন্ট [illegible] কতকগুলি [illegible] ও কনষ্টেবল লইয়া [illegible] (ইহারা অরণ্যের ও পর্ব্বতের মধ্যে থাকে) [illegible] পরিমাণে [illegible] করেন। ইনি কতকগুলি [illegible]কে ধৃত করিয়া [illegible] করিয়াছিলেন। তাহাদের [illegible] দোষী বলিয়া ফাঁসি ও [illegible] বিদ্রোহী বলিয়া তাড়িয়া দেওয়া হয়। অধুনা [illegible] পুলিস ইনস্পেক্টর বাবু [illegible] কতক [illegible] তাহাদিগের অন্বেষণ করিতেছেন [illegible] একটী [illegible] ও [illegible] হইতে [illegible] তিনি [illegible] যেহেতু তিনি [illegible]

[illegible]

[illegible] হইয়াছে।

[illegible] নিয়মের [illegible] প্রকাশ করিবেন না। কেবল এই [illegible] নিমিত্ত না [illegible] জন্য।

মন্দ্রাজের একটী বালক উইলসন সাহেবের [illegible] দেখিতে গিয়া [illegible] হইতে পড়িয়া যান। [illegible] তিনি [illegible] সাহেবের নামে দুই হাজার টাকার দাবীতে নালিশ করিয়াছেন।

কলিকাতার [illegible] সাহেব মুসলমানদের [illegible] গমন করাতে অনেক খ্রীষ্টান [illegible] হইয়া উঠিয়াছেন। মুসলমান ধর্ম্মাবলম্বী সাহেবেরা যা কি বলিয়াছেন, দুই মাসের মধ্যে তাঁহারা আর ৭০ জন সাহেবকে এই ধর্ম্মে দীক্ষিত করাইবেন। যাঁহা-দিগের খ্রীষ্টধর্ম্মে বিশ্বাস নাই তাহারা তাঁহাদিগকে নাম ও ঠিকানা পর্য্যন্ত দিয়াছেন। মুসলমান ধর্ম্মই সাহেবদের উপযুক্ত।

বারটী বাঙ্গালী বালক শিল্পবিদ্যা শিক্ষার্থ মান্দ্রা-জের শিল্পবিদ্যালয়ের অধ্যক্ষের নিকট আবেদন করিয়াছেন। কলিকাতার শিল্পবিদ্যালয়ে [illegible] শিল্পশিক্ষা হয় না বলিয়াই বোধ হয় ইহাঁরা মান্দ্রাজে যাইতে অভিলাষী হইয়াছেন। অধ্যক্ষ এ বিষয়ে তাঁহাদিগকে অনুমতি দিয়াছেন। বালকেরা শীঘ্রই মান্দ্রাজে গমন করিবে। তবে এত ব্যয় করিয়া কলি-কাতার শিল্পবিদ্যালয়টী রাখিবার প্রয়োজন কি? গবর্ণমেণ্ট ইহার কি অর্থ প্রয়োজন করিতে পারেন না?

ইউরোপীয় বালকেরা শিক্ষকদিগের দৃষ্টান্ত অনুসারে এ দেশীয় ছোট ছোট বালকের উপরে [illegible] করিতে শিখিতেছে। [illegible] ১০ ই বোম্বাই হইতে [illegible] সংবাদ পাইয়াছেন, ১২ ই [illegible] তিনটী ইউরোপীয় বালক [illegible] বহির্গত হয়। তাহারা নৌকায় করিয়া এক স্থানে বিহার করিতেছিল। কয়েকটী দেশীয় বালক [illegible] হয়, ইউরোপীয় যুবকেরা তাহাদিগকে [illegible] হইতে যাইতে বলে, একদিকে পরস্পরে [illegible] হয়। অবশেষে একটী ইউরোপীয় বালক [illegible] লক্ষ্য করিয়া বন্দুক ছুড়ে, তাহাতে একটী বালক গুরুতররূপে আহত হইয়াছে। তাহাকে হাঁসপাতালে লইয়া যাওয়া হইয়াছে; কিন্তু তাহার অবস্থা বিপদজনক। [illegible], ইউরোপীয় ও এদেশীয় [illegible] দিন দিন [illegible] পাইতে-ছেন।

ব্রিটিশ গবর্ণমেণ্ট বিকানিরের মহারাজের এক জন মুসলমান দেওয়ান নিযুক্ত করিয়াছেন। মহারাজ স্বয়ং হিন্দু, তিনি চিরকাল হিন্দুকেই দেওয়ানী পদ দিয়া আসিতেছিলেন; এক্ষণে মুসলমান দেওয়ান হওয়াতে তিনি অত্যন্ত অসন্তুষ্ট হইয়াছেন। তিনি তাঁহার হিন্দু দেওয়ানকে অশিষ্ট বিদায় দেন নাই। রাজার অমতে গবর্ণমেণ্টের এরূপ ব্যবস্থায় কি বিকানিরের মঙ্গল হইবে? বৃদ্ধ বিকানির রাজ [illegible] হয়। [illegible] ও লড মিণ্টো বাহাদুর কর্ত্তা থাকিলে এরূপ ঘটনা হইবে, আমাদিগের এমন বিশ্বাস হইতেছে না। অতএব সংবাদটীর প্রতি আমাদিগের অবিশ্বাস জন্মিতেছে।

মিসিসিপি নদীর প্রবল বন্যা হওয়াতে আমেরিকার অনেকস্থল জলময় হয়। এতন্নিবন্ধন নিউ অর্লিয়ান্স ও অন্যান্য স্থানের লোকের বিশেষ কষ্ট হইয়াছে। এরূপ টাইণ্টসিন নামক চীনের এক নদীতে বন্যা হওয়াতে তথায় দুর্ভিক্ষ উপস্থিত হইয়াছে। এখানে খাদ্যাভাবে মনুষ্য ন্যায় এক প্রকার পদার্থের সহিত [illegible] ও বীজ মিশ্রিত করিয়া খাইতেছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনেণ্ট গবর্ণর আদেশানুসারে

নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

১৮৬৮। ৯ই এপ্রেল। পাবনার মাজিষ্ট্রেট ও কালেক্টর [illegible], বি [illegible] ও [illegible] ধাম্মার হইলেন।

২৪ পরগণার জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর [illegible] নদীয়ার সদর ষ্টেশনে বদলী হইলেন।

সাঁওতাল পরগণার অন্তর্গত গোড্ডার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর [illegible] বদলী হওয়াতে [illegible] ডেপুটী মাজিষ্ট্রেট [illegible] কার্য্যের ভার প্রাপ্ত হইলেন।

[illegible] ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু [illegible] সদর ষ্টেশনে প্রেরিত হইলেন।

বিচারসংক্রান্ত বিভাগ।

কলিকাতা ছোট আদালতের তৃতীয় জজ আর, এস, টি [illegible] ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের হোম বিভাগে নিযুক্ত হইলেন।

বাবু উমাচরণ ঘোষাল নদীয়ার অন্তর্গত কুষ্টিয়ার মুন্সেফ হইলেন।

[illegible] অন্তর্গত [illegible] ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু গৌরদাস দত্ত ফৌজদারী আইনের [illegible] ধারানুসারে [illegible] ক্ষমতা প্রাপ্ত হইলেন।

হুগলীর অন্তর্গত [illegible] মুন্সেফ বাবু [illegible] মজুমদার [illegible] প্রাপ্ত হইলেন।

[illegible] মুন্সেফ বাবু [illegible] অন্তর্গত [illegible] প্রাপ্ত হইলেন।

[illegible] মুন্সেফ বাবু [illegible] চট্টোপাধ্যায় [illegible] অন্তর্গত [illegible] এবং তৎস্থলে মজুমদার মুন্সেফ বাবু [illegible] বদলী হইলেন।

[illegible] মুন্সেফ বাবু [illegible] প্রথম পদের সদর ষ্টেশনে বদলী হইলেন।

গয়ার প্রথম মুন্সেফ মৌলবী আবদুল বারি পাটনার সদর ষ্টেশনে প্রেরিত হইলেন।

পাটনার মুন্সেফ বাবু কেদারনাথ রায় হাবড়ার কর্ম্মভার প্রাপ্ত হইলেন।

শ্রীরামপুর ও হাবড়ার দ্বিতীয় মুন্সেফ বাবু [illegible] বন্দ্যোপাধ্যায় নদীয়ার সদর ষ্টেশনে প্রেরিত হইলেন।

[illegible] মুন্সেফ বাবু [illegible] চট্টোপাধ্যায় [illegible] পুরের মুন্সেফ হইলেন।

[illegible] প্রথম মুন্সেফ বাবু [illegible] সেন বীরভূমের অন্তর্গত রামপুরহাটের মুন্সেফ হইলেন।

রামপুরহাটের মুন্সেফ বাবু অতুল [illegible] ঘোষ ২৪ পরগণার অন্তর্গত [illegible] প্রেরিত হইলেন।

হুগলীর অন্তর্গত জাহানাবাদের মুন্সেফ বাবু [illegible] ঘোষ ঐ জেলার বাকী থাকনার মুন্সেফ হইলেন। ইনি ছোট আদালতের জজের ক্ষমতানুসারে ৫০ টাকা দাবীর মকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

[illegible] প্রতিনিধি মুন্সেফ বাবু কেদারনাথ দত্ত [illegible] অন্তর্গত জাহানাবাদে প্রেরিত হইলেন।

[illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ বাবু গোপীমোহন মুখোপাধ্যায়ের প্রতি [illegible] কলিকাতা গেজেটে যে আদেশ প্রচারিত হয় তাহা রহিত করিয়া তাঁহাকে মুর্শিদাবাদের অন্তর্গত [illegible] প্রেরিত করা হইয়াছে। ইনি ছোট আদালতের জজের ক্ষমতানুসারে ৫০ টাকা দাবীর মকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

ঢাকার অন্তর্গত মুন্সিগঞ্জের মুন্সেফ বাবু কালীধন চট্টোপাধ্যায় শ্রীহট্টের অন্তর্গত [illegible] মুন্সেফ হইলেন।

নদীয়ার অন্তর্গত কুষ্টিয়ার মুন্সেফ বাবু উমাচরণ চট্টোপাধ্যায় [illegible] প্রেরিত হওয়াতে [illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ বাবু [illegible] দত্ত [illegible] কার্য্যভার প্রাপ্ত হইলেন।

কুমিল্লার মুন্সেফ বাবু [illegible] চট্টোপাধ্যায় ছোট আদালতের জজের ক্ষমতানুসারে ৫০ টাকা দাবীর মকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন। ইনি ১৮৬০ অব্দের ১০ আইনের [illegible] ধারানুসারে [illegible] করিতে পারিবেন।

[illegible] অন্তর্গত [illegible] প্রতিনিধি মুন্সেফ বাবু গোপালকৃষ্ণ ঘোষ [illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ হওয়াতে [illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ বাবু [illegible] পুরের মুন্সেফ হইলেন।

[illegible] মুন্সেফ বাবু [illegible] মিত্র [illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ হইলেন।

[illegible] প্রতিনিধি মুন্সেফ বাবু [illegible] হালদার [illegible] পুরে প্রেরিত হইলেন।

[illegible] অন্তর্গত [illegible] মুন্সেফ বাবু [illegible] প্রেরিত হইলেন।

[illegible] কলিকাতা গেজেটে যে আদেশ প্রচারিত হয় তাহা রহিত করিয়া বাবু গোপালচন্দ্র [illegible] ঢাকার অন্তর্গত মুন্সিগঞ্জের মুন্সেফের পদে নিযুক্ত করা হইল।

[illegible] পত্র।

[illegible]

১। এখানকার [illegible] সাহেব বদ্ধমানে স্থানান্তরিত হইলেন। তাঁহার বিদায় অভ্যর্থনা জন্য আয়োজন আয়োজন হইতেছে। উক্ত সাহেব অতি সদাশিব লোক। আমি প্রায় ৮।১০ বৎসর এখানে আছেন। এই সময় মধ্যে এখানকার অধিবাসীদের বড় অনুরাগভাজন হইয়াছেন। তাঁহারা তাঁহার স্মরণার্থ কোন কিছুর ব্যবস্থা করিতেছেন। আমরা বলি, তাঁহার কোনরূপ প্রতিচ্ছবি স্থাপন করা হউক। এরূপ সদাশয় কর্ম্মচারীকে কেবলমাত্র অভিনন্দন করিয়া বিদায় দেওয়া বিধেয় হইতেছে না।

২। আজি কালি এখানকার জমাদারদের [illegible] অবস্থা অতীব শোচনীয়। তবে এ দিকে বহুদিন বৃষ্টি হয় নাই বলিয়া [illegible] হইয়া উঠিয়াছে।

৩। [illegible] একটী মধ্যশ্রেণী ইংরাজী বিদ্যালয় [illegible] বহুদিন হইতে চলিয়া আসিতেছে। মধ্যে এটীর অবস্থা নিতান্ত মন্দ হইয়া পড়ে। সম্প্রতি এখানকার [illegible] বাবু গৌরচন্দ্র [illegible] কার্য্যভার গ্রহণ করিয়াছেন। এখন আশা হইতেছে, স্কুলটী অনতিবিলম্বে উন্নত অবস্থায় দাঁড়াইবে। দেখিলাম গৌরীচন্দ্র বাবুর এটীর প্রতি বিলক্ষণ যত্ন আছে।

৪। [illegible] বাজারগুলি ক্রমে ক্রমে বন্ধ হইতেছে। এখান হইতে [illegible] পর্যন্ত [illegible] একপ্রকার বন্ধ হইয়াছে বলিলেই হইল। আমাদের [illegible] কি করিতেছেন? আমরা এখানকার [illegible] মহাশয়গণকে অনুরোধ করি, তাঁহারা [illegible] একখানি আবেদন করুন। [illegible] অবস্থা অনুসন্ধান হইলেই [illegible] যোগ্য অর্থ কমিটি হইতে পাওয়া যাইতে পারিবে।

৫। [illegible] বাবু এক জন অতি উপযুক্ত কর্ম্মচারী, তাঁহার কার্য্যের পরিশ্রম বড় সন্তোষজনক হইতেছে। এরূপ কর্ম্মচারী যত অধিক হয়, ততই দেশের মঙ্গল [illegible]।

বিশেষ সুবিধা।

[illegible] কলিকাতা কালেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা সর্ব্বদা সেই স্থানে থাকি। অতএব যাঁহাদিগের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়, তাঁহারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত যন্ত্রে বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে পাঠাইবার প্রয়োজন নাই। কোন গ্রন্থকার এখানে কমিশন পেলে পুস্তক বিক্রয়ার্থ জমা দিতে ইচ্ছা করিলে আমরা তাহাও গ্রহণ করিয়া থাকি।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

সোমপ্রকাশ যন্ত্রে নানাপ্রকার জবওয়ার্ক হইতেছে। সস্তা মূল্যে ও অল্প সময়ের মধ্যে কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিয়া দেওয়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিজ্ঞাপন দ্বারা সাধারণের গোচর করা যাইতেছে, সোমপ্রকাশের মূল্যাদি সংক্রান্ত যাবতীয় চিঠি ও কাগজ পত্রাদি শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

চাঙ্গড়িপোতা, কলিকাতার দক্ষিণ সোণারপুর ডাকঘর, জেলা ২৪ পরগণা।

তবে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা মাসিক পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা কালেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

[illegible] প্রতি।

[illegible]

ঐ [illegible]

"[illegible]" [illegible] ও [illegible] "[illegible]" এই [illegible] একত্র মূল্য [illegible] মূল্য ২৸৵০ আনা, মুদ্রাঙ্কণ ৵০ অর্দ্ধ আনা। "উপনিষৎ ও শতকী" প্রকাশক শ্রীহরেশচন্দ্র [illegible]; [illegible], ১৪১-নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

ডাক্তার শ্রীনন্দলাল মুখোপাধ্যায়ের পরীক্ষিত ও সুবাষ॥

সুধাবিন্দু তৈল।

অতিশয় অধ্যয়ন বা চিন্তা-জনিত মস্তিষ্ক সঙ্কোচন, দৌর্ব্বল্য, মস্তক ঘূর্ণন ও অন্যবিধ কারণজন্য শিরঃ পীড়ার মহৌষধ। ইহা ব্যবহারে অকালপক্কতা ও কেশহীনতা নিবৃত্তি হইয়া কেশ স্নোক্তাবৃক [illegible] হয়। ইহাতে মস্তিষ্ক শীতল থাকে ও পিত্ত জনিত চক্ষুপীড়া [illegible] আরোগ্য হয়। ইহা অতি মনোহর গন্ধবিশিষ্ট।

ইহা বাজারের তৈলে প্রস্তুত। মূল্য ১ শিশি ১৷০ টাকা, প্যাকিং।০ ১ ডজন ১২ টাকা।

প্রশংসাপত্র।

The Bengalee 28 th Decr 1882.

We have received one small bottle of scented Hair Oil manufactured by Dr Nundalal Mookerji. Besides being scented it possesses medicinal properties and has proved efficacious in diseases of the head.

সোমপ্রকাশ ১৭ ই পৌষ ১২৯০ সাল।

কলিকাতা [illegible] ডাক্তার বাবু নন্দলাল মুখোপাধ্যায়ের কৃত "সুধাবিন্দু তৈল" আমরা এক শিশি উপহার প্রাপ্ত হইয়া পরীক্ষা করিয়া দেখিলাম ওটী সাধারণ [illegible]

পাইকারদিগকে যথেষ্ট কমিশন দেওয়া যায়। [illegible] - ছিদাম [illegible] কলিকাতা।

[illegible] মহৌষধ [illegible] নূতন ও পুরাতন আমাশয়, রক্তামাশয়, গ্রহণী, উদরাময়, অজীর্ণ [illegible] আরোগ্য [illegible]

[illegible] পাইবেন। মূল্য ২ টাকা মাত্র।

শ্রীশশিভূষণ দে।

সোণাডাঙ্গা [illegible] জেলা [illegible]।

চন্দ্রচূড় রস।

অথো চন্দ্রচূড়রসঃ প্রমেহময়বিনাশকঃ।

[illegible]

এই ঔষধটী যুক্তিপূর্ব্বক প্রস্তুত হইয়াছে। ইহা দ্বারা সকল প্রকার প্রমেহ এবং ধাতুদৌর্ব্বল্য আশ্চর্য্যরূপ আরোগ্য হইতেছে। ২১ দিনের মূল্য ৫ টাকা। ঔষধের ব্যবস্থাপত্র পাওয়া যায়।

কোষ্ঠশুদ্ধি বাস্তুক ঔষধ।

অর্থাৎ যাহাদিগের মল পরিষ্কার না হইয়া নানা প্রকার রোগ জন্মায় তাহাদিগের ২১ দিনের ঔষধের মূল্য ৩ টাকা।

শ্রীশশিমোহন সেন কবিরাজ।

কাশী, কালিমিত্রা [illegible]।

ভাং প্রকাশের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। ডাক মাশুল সহ মূল্য ১৸৵০। এই গ্রন্থের ১ ম খণ্ড প্রকাশিত হইলে দেশের প্রসিদ্ধ সংবাদ পত্রসমূহের সম্পাদকেরা প্রাণ খুলিয়া ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কালেজষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে প্রাপ্তব্য।

[illegible] রায়—[illegible]।

কবিতা-কুসুম।

অর্দ্ধ মূল্যে পাঁচ শত বিতরণ।

মাশুল সমেত চারি আনা।

সত্বরে মূল্য সমেত আবেদন করিলে প্রাপ্ত হইবেন। নির্দ্দিষ্ট গ্রাহক পূর্ণ হইলে আর কেহ ঐ মূল্যে পাইবেন না।

মাণ্ডবালচক গ্রাম।
চন্দ্রকোণা পো.
মেদিনীপুর জে.

শ্রীআনন্দলাল মাইতি

অত্যাশ্চর্য্য মহৌষধ।

একবার ব্যবহার করিয়া দেখুন।

ইহা দেশীয় কতিপয় উৎকৃষ্ট ধাতুর মিশ্রণ মাত্র। ইহাতে রক্তামাশয়, সর্ব্বপ্রকার আমাশয়, মূত্রকৃচ্ছ, অজীর্ণ ও অগ্নিমান্দ্যজনিত পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৲ পুরিয়া এক টাকা প্যাকিং ৵০। [illegible] ৭ দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য দুই টাকা. প্যাকিং ।০

আরোগ্য না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অবধারু-মারী ব্যবস্থা দেওয়া যায়।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য ত্রিটিশ চন্দননগর মুড়া শিবতলা

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"

(মনোহর উপন্যাস)

এই মনোহর উপন্যাসদ্বয় স্ত্রীলোকদিগকে সতীধর্ম্ম ও পতিভক্তি শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী; সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটারিতে ক্যানিং লাইব্রেরীতে, চাঁপাতলার শশিভূষণ নাথের দোকানে ও কলিকাতার নর্ম্মাল স্কুলে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

সকল প্রকার মেহরোগের পরীক্ষিত মহৌষধ।

(প্রতি শিশি মূল্য ২ টাকা— প্যাকিং ।০)

এই আশ্চর্য্য মহৌষধ নিয়মপূর্ব্বক সেবন করিলে নূতন ও পুরাতন মেহ, মেহপ্রমেহ, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকালীন জ্বালা যন্ত্রণা ধাতুনির্গমন, প্রস্রাব পাথর বাতির ন্যায় ঘোলা হওয়া সাদা স্রাব, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি সত্বরে নিশ্চয়ই আরোগ্য হয়। এই ঔষধ সেবনে কলিকাতা এবং বিদেশস্থ বহু ব্যক্তি আরোগ্য হইয়াছেন।

শক্তি-সঞ্চারক ও রক্ত-পরিষ্কারক আরক।

(মূল্য প্রতি শিশির ২।০ টাকা—প্যাকিং ।০।)

এই মহৌষধ দ্বারা শারীরিক দুর্ব্বলতা, অজীর্ণতা, শিরঃপীড়া, বাত, পারদদোষ উপদংশ, নালী ঘা, রক্ত দূষিত জন্য এবং শরীর যে কোন কারণবশতঃ ক্ষয় ও ক্ষয় প্রাপ্ত হউক না কেন, ইহার সেবনে সত্বরে রক্তপরিষ্কার, ক্ষুধাবৃদ্ধি, বলাধান, দেহপুষ্টি ও কান্তি বিশিষ্ট হয়।

সুবাসিত হেমকুমারী তৈল।

(মূল্য প্রতি শিশি প্যাকিং সমেত— এক টাকা।)

এই সুবিখ্যাত তৈল দ্বারা চুলের গোড়া শক্ত হয়, চুল ঘন, কাল ও শীঘ্র বৃদ্ধি হয়, চুল উঠা, শীঘ্র পাকা, মাথা ঘোরা, হাত পা জ্বালা নিবারণ করে। [illegible] হাম [illegible] কালে এই তৈল ব্যবহার করিলে শরীরের যন্ত্রণা সকল নিবারণ করিয়া শরীর ও চুল পরিষ্কার উজ্জ্বল, [illegible] হয়।

সর্ব্বোৎকৃষ্ট [illegible]।

(মূল্য প্রতি কৌটা ।০ [illegible] প্যাকিং ৵০।

ইহা দ্বারা [illegible], [illegible], দাঁতের কাঁপিতে না, পূয ও [illegible] অর্বর্প্রকার [illegible] নিশ্চয় সম্পূর্ণ [illegible] হয়, ইহা দ্বারা শিথিল দন্ত পুনরায় কঠিন হয়ে দন্ত মুক্তার ন্যায় উজ্জ্বল হয়, মুখের দুর্গন্ধ একেবারে যায়।

[illegible] ঔষধ পাইবার ঠিকানা।—১৭ নং চর্ষাচরণ পিতুড়ির গলি বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা শ্রীযুক্ত বাবু হরিদাস সেন নিকট প্রাপ্তব্য।

সোমপ্রকাশ ডিপজিটরী।

২৭ নং কলেজষ্ট্রীট কলিকাতা।

এখানে সর্ব্বপ্রকার ইংরাজি বাঙ্গালা ও সংস্কৃত পাঠ্যপুস্তক এবং নানাপ্রকার নাটক ও উপন্যাস সুলভমূল্যে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্নলিখিত পুস্তকগুলি নূতন প্রকাশিত হইয়াছে:—

মানভাগ মথুরানাথ তর্করত্ন ৩্ মানব ব্রজমোহন [illegible] ৷০ বেহিনা বালিকা (উপন্যাস) উমেশচন্দ্র দত্ত ৵০ কেশব-প্রয়াণ ৵০ সচিত্র পকেটপঞ্জিকা /৫ প্রেম পত্রিকা /০ কৃষকদাস ; স্বদেশের চিত্রশিক্ষা ৷৵০ সুচিকর্ম্মক /০ নবগ্রহ কবচ ৫্ সোফনা উপাখ্যান ১্ গীতগোবিন্দের অর্থ ৺কৃষ্ণকিশোর বন্দ্যোপাধ্যায় ৷০ গীতার অন্বয়-দীপিকা /০ ব্রহ্মা কেশবচন্দ্র সেনের জীবনচরিত ৵০ কেশব বিয়োগ ।০ অশ্রুবিন্দু [illegible] বাবু রামদাস সেন প্রণীত ৷০ বহু রহস্য ৸০ মহর্ষির দারদ্বন্দ্ব ১্ সিটপঞ্জিকা ৫্ কল্পনালহরি /১০ জমীদারি কা [illegible] নিয়মাবলী ২্ সাবাই [illegible] ৵০ ব্রজদাসের গীত ৫্ ক্যানিংএর ক্রু ব্যবহার্য্য আয়োজন ৩৫ পঞ্চতরঙ্গিণী ৸০ টাক-বোধার্থ ৵০ ইত্যাদি।

[illegible] সুপ্রসিদ্ধ বাবুদিগের সহিত কালিক [illegible] [illegible] সেকেণ্ড [illegible] বাবু [illegible] [illegible] ও আমানি উপলক্ষে একটী [illegible] [illegible] বারাসত কৌজদারী আদালতে হইতেছে [illegible] বাবুদের পক্ষে কৃষ্ণনগরের প্রধান [illegible] শ্রীযুক্ত বাবু তারকচন্দ্র মুখোপাধ্যায় প্রভৃতি উকীল এবং কালীপ্রসন্ন বাবুর পক্ষে [illegible] [illegible] [illegible] শ্রীযুক্ত কালিচরণ বন্দ্যোপাধ্যায় উকীল নিযুক্ত হইয়াছেন। আমরা বিচারের ফল এবং এই মকদ্দমার সবিশেষ বিবরণ ও [illegible] [illegible] পাঠকবর্গকে জানাইব।

[illegible]

... করিতে লাগিলেন এই সময়ে [illegible] নিরপেক্ষভাবে কার্য্যে নিযুক্ত থাকিলে, বিশেষ উপকারের সম্ভাবনা হইবে; অধিক এখন হইতে উৎসাহিত একপ্রকার সমাজ-সংশোধনে রত হইতে থাকিবে। এই সময় উৎকৃষ্ট উৎকৃষ্ট গ্রন্থের পরিচয়ার্থ সমালোচনা থাকিবে। এই সকল সিদ্ধ হইলে বঙ্গদেশের বিস্তর উপকারের প্রত্যাশা আছে। এপর্য্যন্ত আমরা দেখিয়া আসিতেছি, অনেক সমালোচক কেবল আপনাদের আত্মীয় স্বজনের পুস্তকগুলি গ্রহণ করিয়া সমালোচন করেন, অন্যের পুস্তকের কেবল নামটীমাত্র দেখিয়া যেমন ইচ্ছা তদ্রূপ একটী নিন্দা করিয়া গ্রন্থকারের মাথা খাইয়া থাকেন। কিন্তু একটী কথা সকলের স্মরণ রাখা উচিত যে, প্রথম উদ্যমে সকলের রচনা উৎকৃষ্ট ও দোষপরিশূন্য না হইতে পারে; তাই বলিয়া নবীন লেখকদিগকে যদি একেবারে নিরুৎসাহ করিয়া দেওয়া হয়, তাহা হইলে বঙ্গদেশে আর সুলেখক জন্ম গ্রহণ করিবে না। যাঁহারা বিদ্যায় ও বয়সে প্রবীণতা লাভ করিয়াছেন, তাঁহারা অহঙ্কারের বশ পরতন্ত্রতা ত্যাগ করিয়া নবীন লেখকদিগকে প্রশস্ত পথ প্রদর্শন করুন। বিদ্রূপ করিয়া তাঁহারা নিজে সমাজের হেয় হন, এবং নবীন লেখকদিগকে অকর্ম্মা করিয়া ফেলেন।

ভারতেশ্বরীর প্রতাপ কি অব্যাহত হইল? খুন ও ডাকাইত প্রভৃতি ভারতে নিত্য ঘটনা হইয়া উঠিল। আমরা শুনিলাম বড় দুঃখিত হইলাম, খালিসপুরের জন আমাদের অন্যতর উকীল বাবু গিরীশ চন্দ্র বসুকে এই দৈবগত রাত্রিতে হত্যা করিয়াছে। বরিশাল প্রাদেশে ইহাঁর বাটী ছিল। আমরা উক্ত ঘটনা শুনিয়া চমৎকৃত হইলাম। ইনি শনিবার বাটীতে যান। রবিবার রাত্রিতে দুই ব্যক্তি আসিয়া ইঁহাকে এই বলিয়া ডাকিল; গিরীশ বাবু একবার নীচে আসুন, জরুর আছে। গিরীশ বাবু উপরে ছিলেন, তিনি নীচে আসিলেন। যাহারা তাঁহাকে ডাকিয়াছিল, তাহাদিগের নিকটে একটী আলো ছিল। যেমন তিনি নিকটে আসিলেন, অমনি দুইটা আলো নিবাইয়া ফেলিল। দুই চারি বারাণ্ডা ... পর তিনি [illegible] ... আমরা শুনিলাম, অমনি এক ব্যক্তি তাঁহার পৃষ্ঠে ছোরা মারিল। [illegible] ... অনেকে [illegible] হইয়াছে অনেক ... নির্দ্দেশ করিতেছেন। উকীল ... [illegible] ... কার্য্য করেন, [illegible]

[illegible]

[illegible] ... অধিক ... ফিরিতেছেন, ... পুলিসের ... কিরূপ নিয়মে অত্যাচার প্রকাশিত হইতেছে। অতএব পুলিসের সুযশ ... অত্যাচার নিবারণ করা কর্ত্তব্য। পুলিসের এরূপ অত্যাচার আর দেখা যায় না। পুলিসের কর্ম্মচারী প্রজাদিগের উপর নিরন্তর যে যাতনা দিয়া থাকে তাহার নিবারণ না হইলে ... আর ইহার তুলনা কি?

যেরূপ বহরমপুরের সংবাদদাতা আমাদের ডেপুটী মাজিষ্ট্রেট বিরূপ সাহেবের এক অদ্ভুত কার্য্য বৃত্তান্ত লিখিয়া পাঠাইয়াছেন। বিরূপ সাহেব গত ফেব্রুয়ারি মাসে মফস্বল পরিদর্শন করিতে যান, সেই সময়ে তাঁহার সঙ্গে যে সকল চাকর আবশ্যক ছিল, তাহাদিগের জন্য ও নিজের জন্য উচিত খাদ্য সামগ্রী বাহকে স্থানীয় জমীদারেরা সরবরাহ করেন, পুলিসের উপর সেই আদেশ হয়। ক.সীমপুর থানার অন্তর্গত পাঁচগ্রাম কুঠির কর্ম্মচারিদিগের উপর এমন আদেশ হইয়াছিল। তাহারা স্থানীয় জমীদার বাবু মুকুন্দ ... ও বাবু ... নাথ সাহায্যে তদনুসারে কার্য্য করিতে বলে। কিন্তু তাঁহারা সে কথা শুনিলেন না। বিরূপ সাহেব এ নিমিত্ত ফৌজদারী আইনের ১৮৮ ধারা অনুসারে তাঁহাদিগের নামে অভিযোগ উপস্থিত করিয়া প্রত্যেকের ৫০ টাকা করিয়া জরিমানা করিলেন। মুকুন্দ ... ও ... বাবু ডেপুটী ম্যাজিষ্ট্রেটের বিরুদ্ধে ... আপীল করিয়াছেন। তিনি এ বিষয়ে ডেপুটী মাজিষ্ট্রেটের কৈফিয়ৎ চাহিয়াছেন। দেখিতেছি, একজন এক অবতার। প্রবল ... ইহাদিগকে লইয়া কিরূপে সামলি

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারে নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

১০ ই এপ্রেল ১৮৭৯। সাঁইথের সবডেপুটী কালেক্টর মৌলবী সৈয়দ হুসেন হোসেন সাহেবকে অস্থায়ীভাবে পাবনাতে বদলী হইলেন।

১১ ই এপ্রেল। বগুড়ার উকিল ... আলাওলপুরের অস্থায়ী ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু প্রসন্নকুমার সেন ৩ মাসের ছুটী প্রাপ্ত হওয়াতে, হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু বিশ্বম্ভর ভট্টাচার্য্য আলাওলপুরের স্থানে কার্য্য হইলেন।

মুর্শিদাবাদ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... ১৮৭০ সালের ১০ আইন অনুসারে ... ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১২ ই এপ্রেল। ... হইতে ... ছুটী পাইয়া কার্য্যে পুনঃপ্রবৃত্ত হইলেন।

ফরিদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... গোপাল রায় ১৮৭৬ সালের ... আইনের ... অনুসারে কালেক্টরের কার্য্য করিবেন।

১৩ ই এপ্রেল। বাঁকুড়ার সবডেপুটী কালেক্টর, বাবু ... প্রসাদ পাঠক ৮ ই মার্চ হইতে ... ছুটী পাইয়াছেন।

নাকেরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু কালীপদ মুখোপাধ্যায় ১৮৭০ সালের ... আইনের ১০০ ধারা অনুসারে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

২৪ পরগণার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... বেশ কিছু দিনের জন্য হাবড়ায় গেলেন।

১৩ ই এপ্রেল। ময়মনসিংহের অন্তর্গত ... অস্থায়ী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... তিন মাসের ছুটী পাইয়াছেন।

উড়িষ্যা বিভাগের কমিশনরের সহকারী ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... রায় ... যতদিন বাবু চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় উক্তপদে নিযুক্ত হইলেন। চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় উড়িষ্যার কমিশনরের ... সুপারিণ্টেণ্ডেণ্টের সহকারী হইলেন। তিনি ডেপুটী কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১৯ এ এপ্রেল। পুরীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... রায় ১৮৭০ সালের ১০ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

২১ এ এপ্রেল। ২৪ পরগণার জেলা ও সেসন জজ ... সাহেব ... দুই ... জন্য ... নিযুক্ত হইলেন।

... পুরের অতিরিক্ত জেলা ও সেসন জজ ... ২৪ পরগণার ও ... অতিরিক্ত জেলা ও সেসন জজ হইলেন।

... অতিরিক্ত ... মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ... এফ, মাথুস ... পুরের ... অস্থায়ী ... কার্য্য করিবেন।

... অনুপস্থিতিকাল অথবা যে পর্য্যন্ত অন্য ... না হয়, ... বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের ... সেক্রেটারি হইলেন।

বাবু ... অথবা যে পর্য্যন্ত অন্য ... না হয়, ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ... ছুটী পাইয়াছেন) ... আলাওলপুরের ভার প্রাপ্ত হইলেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের সেক্রেটরি ... দুই মাস ... দিনের ছুটী ... বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের অতিরিক্ত অণ্ডর সেক্রেটারি ... নিজ কার্য্য ... তাঁহার কার্য্য করিবেন।

বিচারসংক্রান্ত বিভাগ।

১১ ই এপ্রেল ১৮৭৯। মেদিনীপুর ... বাবু কেদারনাথ মজুমদার ... দিনের জন্য ফরিদপুরে বদলী হইলেন।

বাবু বিনোদবিহারী মিত্রের অনুপস্থিতিকাল অবধি যে পর্য্যন্ত অন্য হুকুম না হয় [illegible] বাবু গৌরমোহন দাস ঐ চৌকিতে আমলা মকদ্দমা করিবার নিমিত্ত নিযুক্ত হইলেন। তিনি ছোট আদালতে বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্তের মকদ্দমা করিতে পারিবেন।

বাবু [illegible] দে, এম, এ, বি, এল ঐ জেলার মুন্সেফের প্রতিনিধি হইলেন [illegible]। তিনি যতদিন [illegible] অধিকারে থাকিবেন।

ফরিদপুরের অন্তঃপাতী [illegible] দ্বিতীয় মুন্সেফ বাবু কুঞ্জমোহন গঙ্গোপাধ্যায় ছোট আদালতের বিচার্য্য ৫০ টাকা পর্য্যন্তের মকদ্দমা [illegible]।

[illegible] অনুপস্থিতিকাল অবধি যে পর্য্যন্ত অন্য হুকুম না হয় বাবু উমেশচন্দ্র সেন ফরিদপুর জেলার [illegible] কার্য্য করিবেন।

১৬ ই এপ্রেল [illegible] কমিশনরের প্রতিনিধি সহকারী [illegible] বন্দ্যোপাধ্যায় ১ ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

[illegible] বাবু অক্ষয় [illegible] ১ ম শ্রেণী [illegible] ক্ষমতা প্রাপ্ত হইলেন।

[illegible] তৃতীয় মুন্সেফ বাবু [illegible] ১০ দিনের ছুটি পাইলেন।

১৯ এ এপ্রেল [illegible] অন্তর্গত [illegible] দ্বিতীয় মুন্সেফ বাবু [illegible] মাস ১২ দিনের ছুটি পাইয়াছেন,

সংবাদদাতার পত্র।

রাণাঘাট।

গত ১৮ ই বৈশাখ শুক্রবার রাত্রি ৮। ৯ টার সময় রাণাঘাটে একটি বিভ্রাট ঘটিয়া গিয়াছে। তাহার বিবরণ এই—পূর্ণচন্দ্র ঘোষ নামক কোন ব্যক্তি রেলওয়ের নিকটবর্ত্তী [illegible] মধ্যে একটী ব্যাঘ্র দেখিতে পাইয়া এ (পূর্ণ ঘোষ) ঐ ব্যাঘ্রকে বধ করিবার উদ্দেশে [illegible] বন্দুক [illegible] ইতে পারে, তাহাদিগকে সংবাদ দেয়। উক্ত পূর্ণ ঘোষ তাহাদিগকে লইয়া তাড়াতাড়ি করাতে ব্যাঘ্র ক্রমে বাবু রাজরাজেশ্বর পাল চৌধুরীর বাটীর মধ্যস্থ গোলাঘরের মধ্যে প্রবেশ করে। ঐ স্থানে তাহাকে মারিবার জন্য গুলি চালান হয়। ঐ গুলি ব্যাঘ্রের গায়ে না লাগিয়া পূর্ণ ঘোষের গায়ে লাগে এবং ঐ আঘাতেই তাহার মৃত্যু হইয়াছে। শুনা যায় নৃসিংহ বন্দ্যোপাধ্যায়, শরচ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং [illegible] পাল চৌধুরী এই তিনজনে বন্দুক ছুড়িয়াছিল। তাহার ফলিতে [illegible] হইয়াছে, অতএব পুলিষ তাহার অনুসন্ধান লইয়াছেন এবং [illegible] চালান পাঠাইয়াছেন। ঐ বাঘে প্রথমে [illegible], তৎপরে পূর্ণচন্দ্রকে আক্রমণ করে। এই আক্রমণ [illegible] জন্য [illegible] পূর্ণচন্দ্রের [illegible] বাঘ [illegible] আঘাত করিয়াছে, তাহাকে জীবন সংশয়।

ঐ বাঘ পলায়নকালে বাবু [illegible] পাল চৌধুরীর বাটীর মধ্যে প্রবেশ করে। অতএব [illegible] বাবু এবং অন্যান্য ব্যক্তি ঐ স্থানে পুনরায় বাঘ মারিবার চেষ্টা করেন। কিন্তু বাঘ দুই জন লোককে আঘাত করিয়া শত শত লোকের মধ্য দিয়া পলায়ন করিয়াছে [illegible] এক জনের আর ৫ [illegible]।

যাহার গুলিতে পূর্ণ ঘোষের মৃত্যু হইয়াছে অবশ্য তাহার দণ্ডিত হইবে। যাহা হউক, এই ঘটনায় আমাদিগের দুইটী [illegible] উপস্থিত হইয়াছে, পূর্ণ ঘোষের মৃত্যু দুঃখের প্রথম কারণ। [illegible] যেরূপ উপদ্রুত হইয়াছে, তাহাতে এই স্থানে একটী শিকারী [illegible] নিতান্ত আবশ্যক। [illegible] ইহাই দুঃখের দ্বিতীয় কারণ।

আমরা গত [illegible] হইতে বাঘ সম্বন্ধে একটী [illegible] ব্যাপার দেখিয়া আসিতেছি। গত বৎসর যে বাঘটী রাণাঘাটের মধ্যে মারা পড়ে, সেটীও প্রথমে বাবু [illegible] পাল চৌধুরীর বাটীর মধ্যে প্রবেশ করে। অন্যান্য বাঘ যথাক্রমে বাবু রাজরাজেশ্বর পাল চৌধুরীর ও বাবু সুরেন্দ্রনাথ পাল চৌধুরীর বাটীতে প্রবেশ করিয়াছিল।

[illegible] কথা এখানে বিলক্ষণ এক সমস্যা জল হইয়া উঠিয়াছে, [illegible] পৃথিবী ক্রমেই [illegible] হইয়া আসিতেছে। [illegible] বিসূচিকা রোগের প্রাদুর্ভাব [illegible] যাইবে।

সম্প্রতি [illegible] (উলার) [illegible] ছোট লোককে উক্ত গ্রামের অনারেবল [illegible] স্বর্গীয় বাবু অন্নদাপ্রসাদ মুখোপাধ্যায় [illegible] বাবু [illegible] মুখোপাধ্যায় [illegible] রাণাঘাটের ফৌজদারী আদালতে [illegible]। আমাদিগের মাননীয় বিচারপতি [illegible] মহোদয় [illegible] করিয়াছেন। আমরা [illegible] মাত্র [illegible] লোক, তবে তাঁহার [illegible] কেন?

হুগলী।

যদি কেহ [illegible] ও [illegible] করিতে ইচ্ছা করেন, একবার হুগলীতে আসিলেই তাঁহার মনস্কামনা পূর্ণ হইবে। আকালের ত কথা নাই, আবার মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষের [illegible] রাস্তাগুলির মধ্য দিয়া একটী [illegible] দেখা দেখিয়া [illegible]। [illegible] রাস্তা [illegible] পুকুর, [illegible] করে।

[illegible], গঙ্গা আর [illegible] তাহাদিগের [illegible] থাকিবে না, [illegible] হইতেছেন। যে [illegible] মধ্যে [illegible] হইবেন এইরূপ [illegible] উত্তর কূলে চর পড়িয়াছে, আবার [illegible] রেলওয়ের সেতু [illegible]। [illegible] বুজাইতেছে। [illegible] হইতেছে এবং তন্মধ্যে যাহাতে [illegible] থাকে, তজ্জন্য কৃত্রিম মৃত্তিকা অথবা "[illegible]" ফেলা হইতেছে। যেমন পুকুর সকল [illegible], সকলের [illegible], উৎসাহ ও আগ্রহ, [illegible] বহুবিধ আয়োজন, [illegible] হইতেছে। সেই ভাবে [illegible] পীড়া ও উৎকণ্ঠিতা হইবার ?

হরিপুরের [illegible] রেলওয়ের সেতুর জন্য দুই খানি বাষ্পীয় তরি প্রস্তুত হইয়াছে। তাহাদের মধ্যে একখানি [illegible] নামে অভিহিত হইয়াছে। [illegible]। এক দিন [illegible] করিতে আসিতেছিল, আর একখানি [illegible] খোকা [illegible] যাইতেছিল অমনি [illegible] ভাবে [illegible] ও [illegible] হইয়া এই [illegible] নদীর [illegible] হইল। [illegible] একটী [illegible] প্রাপ্ত হইল। এই [illegible] লইয়া মকদ্দমা হইয়াছিল, কিন্তু বিচারে [illegible] কোন প্রমাণ হইল না। ম্যাজিষ্ট্রেটের [illegible] সাহেব নিষ্কৃতি পাইয়াছেন। বিচার [illegible] আছে। আমরা দারুণ অদৃষ্টবাদী, আমাদের [illegible] শেষ হইয়াছিল অথবা তাহার অদৃষ্টের দোষ, এই মাত্র বলিতে পারি। তবে [illegible] পর [illegible] বাষ্পীয় তরি না চালাইলে ভাল হয়। [illegible] চালাইবার কোন আইন আছে। যদি না থাকে, তবে থাকা আবশ্যক।

হুগলীতে বিসূচিকা রোগের প্রাদুর্ভাব হইয়াছে। দুই তিনটী পরিবারকে শোকানলে [illegible] লোক [illegible] এখনও মনস্কামনা যে পূর্ণ হইয়াছে এরূপ দেখিতেছি না।

পূর্ব্বে [illegible] হুগলীতে ছিল, এখন [illegible] আছে। বিচার [illegible] হুগলীতে থাকাই উচিত, [illegible] এই [illegible] অধিবাসী ছিলেন। [illegible]

[illegible]

[illegible] ... সুনের পরিত্র ... অবস্থা বিদ্যার্থীর ... যাহাতে এই যে পড়িত অনুশাসনে আমরা যেটুকু কিছু বলিয়া আসিয়াছি। কিন্তু আমরা বড়ই দুঃখী হইয়াছি যে এ উপলক্ষে কমিটীতে কোন ... হয় নাই। বিদ্যালয়ে ও কোন কথা ... না, কেন না সেখানে সকলেই সভ্য সম্প্রদায় ... উল্লঙ্ঘনা।

বিদ্যালয়ের গ্রীষ্মাবকাশ উপস্থিত। গ্রীষ্মের অবকাশ শিক্ষকের পক্ষে ... ছোট ছোট বালকদের পক্ষে ... উপকারী নহে। এ দেশের বিবেচনায় ... দুইপ্রহর সময় বসিয়া পড়া শুনা করিলেও ক্ষতি নাই, রৌদ্রে দৌড়াদৌড়ি করিলে বিলক্ষণ অপকার। ফলে আরোগ্যদিগের পক্ষে গ্রীষ্ম বড়ই অসহ্য, এই জন্য কলেজগুলিতে বেশি ছুটী এবং এই জন্যই সিবিল ও মার্শাল অফিসের ছুটী। শীতকালে আর সাঁহার শিক্ষক ও বালক অকর্ম্মণ্য; কিন্তু বিদ্যালয়ের আমিলেই উন্নতি হইবে, আমরা ইহা বুঝি না। শীতকালে কার্য্য করা যায়, পরিশ্রমের কাজ বটে কিন্তু যদি শক্তি থাকে। যখন সংক্রামিক জ্বর দেশ হইতে যাইবে, তখন শীতকালে বিদ্যালয় ছুটী না হইলে বিশেষ ক্ষতি হইবে না।

বিজ্ঞাপন।

বিশেষ দ্রষ্টব্য।

আমরা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা সর্ব্বদা সেই স্থানে থাকি। অতএব যাঁহাদিগের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়, তাঁহারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত যন্ত্রে বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে পাঠাইবার প্রয়োজন নাই। সোমপ্রকাশ এখানে কতিপয় দিন পুস্তক বিক্রয়ার্থ রাখা হইতে ইচ্ছা করিলে আমরা তাহাও গ্রহণ করিয়া থাকি।

হেমেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

[illegible] ... করিয়াছে। ... মূল্য ... কার্য্য ... প্রকাশ ... করিয়া দেওয়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিজ্ঞাপনকারে সাধারণের গোচর করা যাইতেছে, সোমপ্রকাশের মূল্যাদি ও কাগজ পত্রাদি শ্রীযুক্ত হেমেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

চাঙ্গড়িপোতা, কলিকাতার দক্ষিণ সোনারপুর ডাকঘর, জেলা ২৪ পরগণা।

তবে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা মাসিক পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

বিজ্ঞাপনদাতাদিগের প্রতি।

আমরা বিনয়সহকারে সাধারণকে জানাইতেছি, যাঁহারা সোমপ্রকাশে বিজ্ঞাপন দিবার বাঞ্ছা করেন, তাঁহারা সোমপ্রকাশের পংক্তি গণিয়া বিজ্ঞাপনের অগ্রিম মূল্য পাঠাইয়া দিবেন। প্রথম তিনবার প্রতি পংক্তি ৵০ আনা, তাহার পর ৵০ আনা; ৵০ আনার নূন কম [illegible] হয় না।

বেদান্ত-রত্নাবলী।

"বিচারবিন্দুসার" শঙ্করাচার্য্যের "নির্ব্বাণাষ্টক" গ্রন্থরত্নের সহিত "হস্তামলক" সুবোধিনী ও দিব মনোহারিণী টীকা সহিত "বেদান্তসার" এই চারিখানি গ্রন্থ একত্র মূল ও বঙ্গানুবাদ সহিত মূল্য ১৷৵০ আনা, ডাকমাশুল ৵০ এক আনা। "উপনিষৎ গুচ্ছ" প্রকাশক [illegible] সাল; যোড়াসাঁকো, ১৪১ নং ম্যারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

ডাক্তার শ্রীনন্দলাল মুখোপাধ্যায়ের পরীক্ষিত ঔষধ!!!

কুমারবিন্দু তৈল।

অতিশয় অধ্যয়ন বা চিন্তা-জনিত মস্তিষ্ক সঞ্চালন, রৌদ্রতাপ, মস্তক ঘূর্ণি ও অন্যান্য কারণ জন্য শিরঃ পীড়ার মহৌষধ। ইহা ব্যবহারে অকালপক্কতা ও কেশহীনতা নিবৃত্ত হইয়া কেশ ঘোরকৃষ্ণ ও পরিবর্দ্ধিত হয়। ইহাতে মস্তিষ্ক শীতল রাখে ও

[illegible] ... শ্রীযুক্ত ... প্রভৃতি ... [illegible]।

[illegible] ... মূল্য ... শিশি ... টাকা, মাশুল ... [illegible]।

প্রশংসাপত্র।

The Bengalee 23 th Dec. 1882.

We have received one small bottle of scented Hair Oil manufactured by Dr Nandalal Mookerji. Besides being scented it possesses medicinal properties and has proved efficacious in diseases of the head.

সোমপ্রকাশ ১৭ ই পৌষ ১২৯০ সাল।

কলিকাতা ভবানীপুরের ডাক্তার বাবু নন্দলাল মুখোপাধ্যায়ের কৃত "কুমারবিন্দু তৈল" আমরা এক শিশি উপহার প্রাপ্ত হইয়া পরীক্ষা করিয়া দেখিলাম অতি মনোহারী হইয়াছে——

পাইকারদিগকে নির্দ্দিষ্ট কমিশন দেওয়া যায়।

সুবরবন ডিস্পেন্সারি পদ্মপুকুর ভবানীপুর কলিকাতা।

প্রসিদ্ধ বৈদ্যকগ্রন্থ।

ভাব প্রকাশের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। ডাক মাশুল সহ মূল্য ১৷৵০। এই গ্রন্থের ১ ম খণ্ড প্রকাশিত হইলে দেশের প্রসিদ্ধ সংবাদ পত্রসমূহের সম্পাদকেরা স্বাভাবিকভাবে ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কলেজষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে পাওয়া যায়।

শ্রীদুর্গাচরণ রায়—ম্যানেজার।

কবিতা-কুসুম।

অর্দ্ধ মূল্যে পাঁচ শত বিতরণ।

মাশুল সমেত চারি আনা।

সত্বরে মূল্য সমেত আবেদন করিলে প্রাপ্ত হইবেন। নির্দ্দিষ্ট গ্রাহক পূর্ণ হইলে আর কেহ ঐ মূল্যে পাইবেন না।

সাঁওতালচক গ্রাম চন্দ্রকোণা পোঃ মেদিনিপুর জেঃ	শ্রীআনন্দলাল মাইতি

অত্যুৎকৃষ্ট মহৌষধ।

একবার ব্যবহার করিয়া দেখুন!!!

উহা দেশীয় কতিপয় উদ্ভিজ্জ ব্যতীত কিছুই নয়। ইহাতে রক্তামাশয়, সর্ব্বপ্রকার আমাশয়, অজীর্ণ ও অম্লশূলজনিত পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৬ পুরিয়া এক টাকা প্যাকিং ৵০। অর্শরোগের অব্যর্থ ঔষধ। ৭ দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য দুই টাকা প্যাকিং ৵০

[illegible] না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অবস্থানুসারে ব্যবস্থা দেওয়া যায়।

শ্রীসুরেশচন্দ্র ভট্টাচার্য্য ত্রিভিণ চন্দননগর বুড়া শিবতলা

সকল প্রকার মেহরোগের পরীক্ষিত মহৌষধ।

(প্রতি শিশি মূল্য ২ টাকা—প্যাকিং ।০)

এই আশ্চর্য্য মহৌষধ নিয়মপূর্ব্বক সেবন করিলে নূতন ও পুরাতন মেহ, শ্বেতপ্রদর, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকালীন জ্বালা যন্ত্রণা ধাতুনির্গমন, প্রস্রাব সাদা খড়ির ন্যায় ঘোলা হওয়া, মাথা ঘোরা, শারীরিক দৌর্ব্বল্য সপ্তাহ মধ্যে নিশ্চয়ই আরোগ্য হয়। উক্ত ঔষধ সেবনে অনেকানেক লোক এবং বিশেষজ্ঞ বহু ব্যক্তি আরোগ্য হইয়াছেন।

শক্তি-সঞ্চারক ও রক্ত-পরিষ্কারক আরক।

(মূল্য প্রতি শিশির ২॥০ টাকা—প্যাকিং ।০)

এই মহৌষধ দ্বারা শারীরিক দুর্ব্বলতা, অজীর্ণতা, শিরঃপীড়া, বাত, পারদদোষ জনিত নালী ঘা, রক্ত দূষিত জন্য এবং শরীর যে কোন কারণবশতঃ জীর্ণ ও শীর্ণ প্রাপ্ত হউক না কেন, ইহার সেবনে শরীরের রক্তপরিষ্কার, সুধাবৃদ্ধি, বলাধান, দেহপুষ্টি ও কান্তি বিশিষ্ট হয়।

সুবাসিত হেমকুমারী তৈল।

(মূল্য প্রতি শিশি প্যাকিং সমেত—এক টাকা।)

এই সুবিখ্যাত তৈল দ্বারা চুলের গোড়া শক্ত হয়, চুল ঘন, কাল ও দীর্ঘ বৃদ্ধি হয়, চুল উঠা, শীঘ্র পাকা, মাথা ঘোরা, মস্তিষ্ক জ্বালা নিবারণ করে। প্রত্যহ স্নান ও কেশবিন্যাস কালে এই তৈল ব্যবহার করিলে শরীরের ময়লা সকল বিনাশ করিয়া শরীর ও চুল পরিষ্কার উজ্জ্বল, সুশ্রী, সৌরভযুক্ত হয়।

সর্ব্বোৎকৃষ্ট গোলাপী দন্তমঞ্জন।

(মূল্য প্রতি কৌটা ।০ আনা—ডজন প্যাকিং ৶০।

ইহা দ্বারা দন্তশূল, দন্ত কনকনানি, দন্তের মাড়িতে ঘা, মুখ ও রক্ত পড়া ইত্যাদি সর্ব্বপ্রকার দন্তরোগ [illegible] সম্পূর্ণ আরোগ্য হয়, ইহা দ্বারা শিথিল দন্ত [illegible] কঠিনরূপে বসে ও দন্ত মুক্তার ন্যায় উজ্জ্বল হয়, [illegible] দুর্গন্ধ একেবারে যায়।

[illegible] ঠিকানা।—১২ নং [illegible]

[illegible] শ্রীযুক্ত বাবু হরিদাস দেব [illegible]

"[illegible]" এবং "সরোজ-বাসিনী।"

([illegible] উপন্যাস)

এই মনোহর উপন্যাসদ্বয় স্ত্রীলোকদিগকে সতীধর্ম্ম ও পতিভক্তি শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী। সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটারিতে [illegible], সান্যালের, চিৎপুরের শরৎচন্দ্র সাহার দোকানে ও কলিকাতার অন্যান্য স্থানে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

সোমপ্রকাশ ডিপজিটরী।

৯৭ নং কলেজষ্ট্রীট কলিকাতা।

এখানে সর্ব্বপ্রকার ইংরাজি বাঙ্গালা ও সংস্কৃত পাঠ্যপুস্তক এবং নানাপ্রকার নাটক ও উপন্যাস সুলভমূল্যে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্নলিখিত পুস্তকগুলি নূতন প্রকাশিত হইয়াছে :—

মহামহোপাধ্যায় মথুরানাথ তর্করত্ন ও মান্যবর ব্রজমোহন বসু ১০ সেবিকা বালিকা (উপন্যাস) উমেশচন্দ্র দত্ত ৶০ কেশব প্রসাদ ৵০ সচিত্র পকেটপঞ্জিকা /৫ প্রেম পত্রিকা /৫ জয়কবাল ।০ স্বদেশের ইতিকথা ।৵০ মুক্তিসাধক ।৵০ বান্ধবী কবচ ৫৲ সোজলা উপাখ্যান ২৲ শীতারবসবাদের অর্থ ও ব্রজকিশোর বন্দ্যোপাধ্যায় ১০ সীতার বনবাস-টীপ্পনী ।৴০ মহাত্মা কেশবচন্দ্র সেনের জীবনচরিত ৶০ কেশব বিয়োগ ।০ অথবিজয় কাব্য বাবু রামনাথ সেন প্রণীত ১০ ও সংখ্যা ১।০ নবজীবন ব্যাকরণ ১৲ শিশুপাঠিকা ৵০ বর্ণমালা /১০ কবিতাবলি কাব্যের নিমন্ত্রণ ১৲ সাহিত্য ৵০ অক্ষরের টীকা ৵০ কাদম্বরীর ভূত কাব্যকলাপ প্রবোধন ৩৲ সর্ব্ববাসিনী ৵০ চারু-বোধার্থ ৶০ ইত্যাদি।

নিম্নলিখিত গ্রন্থকারগণ নিম্নলিখিত পুস্তকগুলি কমিসন লেসে বিক্রয়ার্থ দিয়াছেন। যথা :—

বাবু হরিচরণ রায়,—পরিমিতি /৹ [illegible] উপকরণ ৶০ সরলপরিমিতি ।০ বাবু [illegible] সাহিত্য সোপান ১ম ভাগ ।০ বাবু [illegible] নবপ্রবন্ধ ৸০ বাবু কালীবর [illegible] ঐ দ্বিতীয় ১০ কবিশিক্ষা ১০ [illegible] মর ৶০ চিন্তবৃত্তা ১৲ পণ্ডিত [illegible] বাঙ্গালা ব্যাকরণ ।৶০ [illegible] কুমারসম্ভব ১ম ৩০ চারুবোধিনী [illegible] ভাষের টীকা) ।৶০ কাব্যোদ্যান ১ ৷০ [illegible]

সোমপ্রকাশ ডিপজিটরীতে [illegible]

[illegible] সর্ব্বপ্রকার পুস্তক [illegible]

[illegible] ৩।০ [illegible] লইলে ২।০ হিসাবে [illegible] এবং [illegible] ।০ আনা।

[illegible] প্রাপ্তি স্বীকার।

[illegible] স্বীকার করিতেছি, নিম্নলিখিত মহোদয়গণ এ পর্য্যন্ত সোমপ্রকাশের মূল্য [illegible] করিয়াছেন।

শ্রীযুক্ত বাবু কালীচরণ দাস—[illegible]	১৲
" " অধরচন্দ্র দাস—[illegible]	১০
" " হরমোহন মজুমদার—[illegible]	৭
" " [illegible] বসু—[illegible]	৭
" " [illegible] বন্দ্যোপাধ্যায়—[illegible]	৭
" " [illegible] ঘোষ—[illegible]	৭

সোমপ্রকাশ সংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

সর্ব্বসাধারণকে সোমপ্রকাশের অগ্রিম মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক [illegible] টাকা এবং ষাণ্মাসিক ৫।০ টাকা অগ্রিম দিতে হয়। [illegible] মাসিক [illegible] ত্রৈমাসিক বা ষাণ্মাসিকের নিয়ম নাই।

অগ্রিম মূল্য না পাইলে কাহাকেও সোমপ্রকাশ প্রেরিত হয় না। যাঁহারা সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাঁহারা স্ব স্ব নাম ধাম স্পষ্ট করিয়া লিখিয়া কলিকাতার দক্ষিণ চোরাবাগানের ডাকঘরে শ্রীযুক্ত [illegible] চক্রবর্ত্তীর নামে নোট, রসিদ, ষ্ট্যাম্প চিঠি, মণি অর্ডার, ইহার অন্যতর যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায় দ্বারা মূল্য প্রেরণ করিবেন। [illegible] অধিক মূল্যের টিকিট প্রেরণ করিলে গৃহীত হইবে না। মূল্য নির্দ্দেশিত হইবার পূর্ব্বে সোমপ্রকাশ প্রত্যেক অবিক্রেয় হইবে [illegible] মূল্য ফিরাইয়া দেওয়া হইবে না।

[illegible] না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, [illegible] সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

[illegible] সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিবেন [illegible] প্রথম তিন বার প্রতি পংক্তি ৵০ দুই আনা তাহার পর /৹ এক আনা দিতে হইবে।

[illegible] এই পত্র কলিকাতার দক্ষিণ চোরাবাগান ডাক ঘরের চাংড়িপোতা সোমপ্রকাশ-যন্ত্রে শ্রীহরিনাথ চক্রবর্ত্তীর দ্বারা প্রতি সোমবার [illegible] মুদ্রিত ও প্রকাশিত হয়।

সোমপ্রকাশ।

ভাগ। ২৫ সংখ্যা।

মে { অগ্রিম বার্ষিক ... অসমর্থ পক্ষে মাসুল সমেত বার্ষিক ৭ টাকা মাত্র।

বিজ্ঞাপন।

নূতন পুস্তক

বীরবরণ।

“জিতৌরিয়া রাজত্ব” “যৌবনে যোগিনী” প্রভৃতি প্রণেতা শ্রীগোপালচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এবং ১১ নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীট সচিত্র বার্ত্তাবহ কার্য্যালয়ে প্রাপ্য। পুস্তকের আকার ডিমাই ৮পেজী ২৫০ পৃষ্ঠা, মূল্য ১ টাকা, মাশুল /০ আনা।

Wanted, at least, 10,00 subscribers for the " Domestic Manual " a book containing two thousands most sucessful receipts in Medicine, Farriery, Tunniry, Husbandry, Glass, Cookery, Distillation, Oil colours, Varnishes, Metallurgy, Dyeing of all sorts. water-colours, Lithography, Cements, Brewing, Horticulture, Agriculture, House Painting, Manufacture of Glue, Coloured Fire, Crayons, Minature Painting, Colour Marble, Enamelling, Engraving, Bleaching and scouring, Wines, Pickling, Perfumery, Inks, &c. Besides these the book will contain also the cause, symtoms and cures of all Diseases. By a Veteran, Price Rs 2 per copy to registered subscribers and Rs 4 to non-subscribers.

Apply, within this month with remit-

Reghoonath chatterjee's street, Calcutta.

Subscribers, by no means, will become losers by the book.

শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে ও ডাকমাশুলে কলিকাতা ৯৭ নং কালেজ ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়।

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ ম ভাগ	৵০	৴১০
২ য় ভাগ	৶০	৴১০
নীতিসার।		
১ ম ভাগ	৵০	৴১০
২ য় ভাগ	৶০	৴১০
৩ য় ভাগ	৶০	৴১০
বিশ্বেশ্বর বিলাপ	।০	৴১০

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাক মাশুল ৴১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া গ্রাহকগণকে জানাইতেছি, নানা কারণের বশবর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদকতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর ইহা আর সোণারপুর ডাকঘরের অধীন চাঙ্গড়িপোতায় প্রকাশিত হইবে না। যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন, তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল } শ্রীদ্বারকানাথ শর্ম্মা।
চাঙ্গড়িপোতা
১ লা চৈত্র } সোণারপুর ডাকঘর ২৪ পরগণা।

প্রেরিতপত্র।

বিধবাবিবাহবিষয়ক বিচার।

শ্রদ্ধাস্পদ সম্পাদক মহাশয়! গত দুই সপ্তাহের সোমপ্রকাশ পত্রিকায় বিধবাবিবাহবিষয়ক মাহুতী গ্রামের শিবপতি চট্টোপাধ্যায়ের প্রেরিত দুইখানি পত্র আমরা দেখিয়াছি, সেরূপ পত্র লেখায় লেখক কি ফল পাইতেছেন জানি না, যে সম্বন্ধে আপনি যে মন্তব্য নিম্নে টিপ্পনীতে প্রকাশ করিয়াছেন, তাহাই যথেষ্ট, সে পত্র দুই খানির প্রতিবাদ করা এ প্রস্তাবের উদ্দেশ্য নহে।

কলিকাতার রাজা প্রমথভূষণ দেবরায়ের উদ্যোগে ও অর্থব্যয়ে গত ৮ ই ফাল্গুন নবদ্বীপে যে বিধবাবিবাহ হইয়াছে, সেই প্রসঙ্গে অতঃপর প্রকাশ্যভাবে ঘোর আন্দোলন ও দলাদলির সূচনা হইতেছে। সংবাদপত্রাদিতেও নানারূপ সমালোচনা হইতেছে। যেরূপ আড়ম্বর, কার্য্যে তাহা পরিণত হইলে সামাজিক অনিষ্ট হওয়ার সম্ভব। সেই হেতু রাজা প্রমথভূষণের কার্য্যের গুণদোষ পর্য্যালোচনা যথাযথ ... বিধবাবিবাহ বিষয়ক বিচার করা আমাদিগের উদ্দেশ্য।

প্রথমতঃ দেখা উচিত বিধবাবিবাহ প্রচলিত হওয়ার উপায় কি? বিধবাবিবাহ অশাস্ত্রীয় নহে। আমাদিগের হিন্দুশাস্ত্রে ইহার বিধান আছে, এতদ্ব্যতীত আছে, অগাধ-সমুদ্র-সদৃশ হিন্দুশাস্ত্র মন্থন করিলে সকলেই স্ব স্ব অভিপ্রেত রত্ন পাইতে পারেন। মাননীয় শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের প্রসাদে সে সমুদ্রে যত বিধান বা যত বচনরত্ন আছে তাহা সাধারণে পাইয়াছেন; কিন্তু তথাপি কেহ তুষ্ট নহেন। বিধবাবিবাহ সর্ব্ববাদিসম্মত হইয়া অদ্যাপি সমাজে প্রচলিত হইল না; সুতরাং বিধবাবিবাহ শাস্ত্রীয় হইলেই যে সমাজে প্রচলিত হইবার যথেষ্ট কারণ হয় এরূপ সিদ্ধান্ত স্থির হইল না। ইদানীন্তন সমাজে স্বেচ্ছাচারী, কত শত অশাস্ত্রীয় কার্য্য অবাধবেগে প্রচলিত হইতেছে, অনেক শাস্ত্রীয় কার্য্যে আস্থা নাই। এক ব্যক্তির অত্যধিক বিবাহ, অর্থের লোভে কাপড়, কন্যাবিক্রয়, ব্রাহ্মণের বাণিজ্য ব্যবসায় প্রভৃতি কত শত অবৈধ কার্য্য অনুষ্ঠিত হইতেছে। পুরাকালে মহর্ষিরা সংসারসুখে বিসর্জ্জন দিয়া নির্জ্জনে পর্ণকুটীরে কুশাসনে বসিয়া যে সকল জ্ঞানবিজ্ঞান, ধর্ম্ম বিজ্ঞান ও ব্যবহার শাস্ত্রের সৃষ্টি করিয়া গিয়াছেন, ইদানীন্তন অধ্যাপক ভট্টাচার্য্য মহাশয়েরা তাহার কিয়দংশ অভ্যাস করিয়া অর্থোপার্জ্জনের উপায় করিয়া লইয়াছেন, আধুনিক সমাজে পদে পদে বহুবিধ অশাস্ত্রীয় ঘটনা ঘটিতেছে, অতএব সমাজের ন্যায় ও অন্যায় কার্য্য বুঝাইবার জন্য হিন্দুশাস্ত্রের আশ্রয় গ্রহণ করা বৃথা। এক্ষণে নামে হিন্দুসমাজ আছে, কার্য্যে হিন্দুদের কিছুই নাই। বিজাতীয় রাজার অধীনে সমাজের অবস্থা নিতান্ত শোচনীয় হইয়াছে। পাশ্চাত্য সভ্যতার সর্ব্বত্র অনুকরণ হয় নাই। পুরাতন-হিন্দুশাস্ত্র সমস্ত কার্য্য করিতে গেলেও সমাজ রক্ষা হয় না। এইরূপ উভয় সঙ্কটে এরূপ অবস্থায় অশিক্ষিত সমাজকে হিন্দুশাস্ত্রের বিধানদ্বারা বুঝান সুকঠিন, বিশুদ্ধ যুক্তিদ্বারাও আয়ত্ত করা যায় না। বলপ্রয়োগেও স্থায়ী ফল প্রাপ্তির সম্ভাবনা। ইহার একমাত্র উপায় কাল-প্রতীক্ষা, কিন্তু কেবল কালপ্রতীক্ষায় বসিয়া থাকিলেও চলে না।

দ্বিতীয়তঃ দেখা যাউক, বিধবার বিবাহ না দেওয়ায় সমাজের কোন ক্ষতি আছে কি না? বিধবা-বিবাহ প্রচলিত না থাকায় সমাজের বিশেষ ক্ষতি আছে, ইহা সকলেই বোধ হয় মুক্তকণ্ঠে স্বীকার করিবেন। এ ক্ষতি সমাজস্থ সকল ব্যক্তিরই প্রায় অনুভব করা যাইতে। হিন্দুবিধবা হইতে হিন্দুসমাজে কত মহাপাপের প্রবল স্রোত প্রবাহিত হইতেছে, প্রতি গৃহে গৃহে কত গোপ্য অধর্ম ব্যাপার ঘটিতেছে, [illegible] নামে কিরা দিয়া কত বিষবৃক্ষ রোপিত হই-তেছে, বিধবার সর্ব্বনাশে কতশত মর্য্যাদাশালী ব্যক্তির সুখময়ী কারাগার হইয়া দুষ্টি তথা অবলম্বন করিয়াছে, [illegible] কন্যা বা স্ত্রী [illegible] সর্ব্বনাশে আত্মঘাতী হইয়াছে। [illegible] প্রকার অধর্ম, অশান্তি, [illegible] ব্যভিচারদুষ্টা বিধবাগণ হইতে সমাজে সংঘটিত হইতেছে ইহা সর্ব্ববাদিসম্মত। পক্ষান্তরে, এরূপ আপত্তি হইতে পারে যে বিধবা হইলেই ব্যভিচার-দুষ্টা হইতে হইবে, তাহার প্রমাণ কি? তাহার প্রমাণ প্রকৃতি দুর্জ্জয়, দুর্জ্জয় প্রকৃতির দমন করিতে অশীতিপর যোগচর্য্যা মহাযোগী পরাশর প্রভৃতিও পারেন নাই। তাঁহাদের অবস্থা যে কার্য্য তাহা সামান্য অবশিক্ষিতা যোড়শীতে সম্ভবে না; সুতরাং বিধবা হইলেই ব্যভিচারদুষ্টা হইবার সম্পূর্ণ সম্ভব, তবে অনেকে বলেন, চাকুষে, সমাজমধ্যে ব্যভিচারদুষ্টা না। ইহাও কষ্টসাধ্য করিতেছেন; কিন্তু তাঁহাদিগের মনের ভাব লক্ষিতের বিশেষণা করিয়া দেখিলে তাহাদিগকেও ব্যভিচারিণী বলা উচিত। পাপ পুণ্যের ভাগী মন বা আত্মা, জড় দেহের সহিত পাপ পুণ্যের কোন সম্বন্ধ নাই। কোন পুরুষ বা সধবা বা বিধবা মনে মনে ব্যভিচার দোষে দূষিত হইলেই ব্যভিচারী বা ব্যভিচারিণী মধ্যে গণ্য, তবে মনের ভাব কাহারও বোধগম্য নহে, এইজন্য সাধারণে দৈহিক ব্যভিচারকেই ব্যভিচার দোষ বলে। মানসিক ব্যভিচারের বিচার হয় না। আর যদি এমন কেহ বিধবা থাকেন, যে তিনি যথার্থই মৃত-পতির ধ্যানে রত থাকিয়া ব্রহ্মচর্য্যা-ব্রতে কালযাপন করেন, তাঁহার পক্ষে বিবাহ অবৈধ ও নিষ্প্রয়োজন। তিনি এই বিধিবদ্ধ জগতের অতীত স্বর্গীয় পদার্থ।

পক্ষান্তরে, বিধবাবিবাহ প্রচলিত হইলে সমাজের কি পরিমাণে ইষ্টানিষ্ট আছে, স্থির করা উচিত।

বিধবাবিবাহ প্রচলিত হইলে উপরি উক্ত ভ্রূণহত্যা প্রভৃতি মহাপাপ, অধর্ম ও গুপ্ত মহাপাপ হইতে সমাজের নিষ্কৃতি পাইবার বিশেষ সম্ভাবনা। অনতিবিলম্বে সুখাবহ প্রফুল্লিত, সামাজিক দৌর্ব্বল্য নাশাদির সমৃদ্ধি ও উন্নতি। আরও বিধবার অবিবাহ হেতু সামাজিক যে একটী মহৎ অবিচার আছে, তাহাও অপনীত হইবে। নতুবা, পুরুষ ও স্ত্রী দুই জাতি বিভক্ত। উভয়েই এককপ দুর্জ্জয় প্রকৃতির বশীভূত, ইহার মধ্যে একের দুর্জ্জয় প্রবৃত্তি চরিতার্থ করিবার অভাব হইলে তৎক্ষণাৎ সমস্ত [illegible] জন্য ব্যস্ত, অন্যের প্রবৃত্তি চরিতার্থ করিবার অভাব হইলে সমাজ উদাসীন, এটী ঘোর অবিচারের কার্য্য। সামাজিক ধর্ম্ম বা বিচারপতিগণের [illegible] করা উচিত। আমাদের দেশে প্রকাশ্য হয়, বুদ্ধিক বৃদ্ধিত দূষিত বা অন্যায় কার্য্য কর্ত্তব্য নহে। [illegible] সমাজের কর্ত্তা পুরুষ [illegible] [illegible] দূষিত নিয়মপ্রণালী সমাজে [illegible] হইয়াছে। কামুক যদি আর স্ত্রীজাতি [illegible] তাহাদিগের মত, ইহা ও বুদ্ধি- [illegible] হইতে পারে, এমন স্থলে কর্ত্তা হইয়া কর্ত্তৃত্বের অপব্যবহার করা নিতান্ত অন্যায় ও নীচ প্রকৃতির কার্য্য।

এক্ষণে দেখা যাউক, বিধবাবিবাহ প্রচলিত হইলে অনিষ্টের কারণ কি আছে? বিধবা বিবাহ দিলে কেবল অক্ষতযোনি বিধবার বিবাহ যুক্তিযুক্ত হইবে না। আমাদিগের এ প্রস্তাবে অক্ষতা বা অক্ষতা, অপুত্রা বা পুত্রবতী বিধবা সাধারণের বিবাহের বিষয় যুক্তিতে হইবে। হিন্দু শাস্ত্রের দোহাই দিয়া যাঁহারা বিধবা বিবাহ বিধির ব্যবস্থা বুঝাইতে গিয়াছেন, তাঁহারা অক্ষতযোনি বিধবা ভিন্ন ক্ষতা বা পুত্রবতী বিধবার বিবাহ ব্যবস্থা দিতে সাহসেন নাই; কিন্তু যদি এক দুর্জ্জয় প্রবৃত্তির বশে অসমর্থতা হেতু বিধবাকর্ত্তৃক মহাপাপের স্মৃতি ভয় বলিয়া বিবাহ দেওয়া ব্যবস্থা হয়, তাহা হইলে ক্ষতা ও পুত্রবতী বিধবা হইতেও সেরূপ মহাপাপের ঘটনা হইতে পারে; সুতরাং সাধারণবিধি সাধা-রণরূপে সাধারণিক বিধি করা কর্ত্তব্য নহে। বন্ধ্যা বিবাহ পর্য্যন্ত এই সাধারণ বিধি আবশ্যক। কিন্তু উক্তরূপ সাধারণ বিধবাবিবাহে, অনুরাগ হিন্দু সমাজের বিশৃঙ্খলা ও বিপর্য্যয় ঘটিবার সম্ভাবনা। বিধবাবিবাহ প্রচলিত হইলে আধুনিক হিন্দুধর্ম্ম ও আচার নীতি এককপ বিলুপ্ত হইবে। প্রাচীন মনু যাজ্ঞবল্ক্য প্রভৃতির ব্যবস্থা ও ব্যবহার শাস্ত্রের পরিবর্ত্তে নূতন শাস্ত্র প্রণয়ন করিতে হয়, অন্যথা নিত্য দায় প্রভৃতি লইয়া গণ্ডগোল উপস্থিত হয়। মুসলমান, ইংরাজ প্রভৃতি জাতিতে বিধবাবিবাহ প্রচলিত থাকাতে যেরূপ ফলাফল সংঘটন হইতেছে, হিন্দুদিগেরও সেইরূপ ঘটনা হইয়া পড়ে, ক্রমে জাতিবিচার প্রভৃতির সম্ভাবনা থাকে না। সকলই একাকার হইয়া পড়ে, সুতরাং হিন্দুজাতির আর পৃথক অস্তিত্ব থাকার সম্ভব থাকে না। এই ভাবী অনিষ্ট ভয় চিন্তায় প্রাচীন হিন্দুসমাজ ইহার প্রতিবাদী। কিন্তু বিধবাবিবাহ প্রচলিত হইলে অন্যের অহিত ও ভাবী আপদা যে নিতান্ত অকিঞ্চিৎকর, তাহা প্রাচীনেরা বুঝেন না। অশিক্ষিতের চিন্তাস্রোত নিম্ন-দিকে প্রবাহিত বলিয়া বোধ হয়, এটী স্বাভাবিক। যেমন প্রাচীনেরা বিবাহ করেন। প্রাচীন হিন্দুদিগের মধ্যে অনেকেই কোনরূপ শিক্ষা-বিবর্জ্জিত। তাঁহাদিগের মন সর্ব্বদাই সংসারক্লিষ্ট ভীত ও অনিশ্চিত। তাঁহারা [illegible] যাহা প্রকাশ প্রচলিত নাই, যাহার

কেহ কেহ পৃথক সম্প্রদায় [illegible] নিয়ো[illegible]। তাহারা [illegible] অবলম্বন নিবারণ করিতে হইয়া আর সহিত [illegible] সংসৃষ্ট হয়। তাঁহারা আরও বলেন, বিধবাবিবাহ সেকালে সমাজে চলিত নাই তাহাতে কি সমাজ চলিতেছে না; কিন্তু তাঁহাদিগের এটী বুঝা উচিত যে হয় ত পূর্ব্বকালে এরূপ বিধবাবিবাহের আবশ্যকতা ছিল না অথবা যেখানে আবশ্যক হইয়াছে সেখানে বিধবার গর্ভে পুত্র উৎপাদন হইয়াছে। যথা, বেদব্যাসের ঔরসে বিধবাদ্বয়ের গর্ভে ধৃতরাষ্ট্র, পাণ্ডু ও বিদুরের জন্ম। তৎপরে সহমরণ প্রথা চিরকাল এই হিন্দুসমাজে প্রচলিত ছিল; সেই হেতু বিধবার বিবাহের আবশ্যকতা ছিল না, পূর্ব্বকালে অনেক বিধবার ব্রহ্মচর্য্যানুষ্ঠানও শুনা যায়; এক্ষণে গবর্ণমেণ্ট হইতে সহমরণ প্রথা উঠিয়া গিয়াছে। বিধবার ব্রহ্মচর্য্যানুষ্ঠানও নাই; সুতরাং বিধবাবিবাহের আবশ্যকতা হইয়া উঠিয়াছে। এই সকল বিশিষ্ট-কারণ সত্বেও অশিক্ষিত সমাজ বুঝেন না; অশিক্ষিতকে বুঝানও সহজ, সেইজন্য বলা হইয়াছে যে এখনও কালপ্রতীক্ষা করা উচিত, কিন্তু শিক্ষা বিধান উচিত, সময়ে যখন সমাজ শিক্ষিত হইবে তখন সহজেই বিধবাবিবাহ প্রচলিত হইবে। যেমন বহুবিবাহ প্রথা এক্ষণে অনেক পরিমাণে উঠিয়া গিয়াছে বলিতে হইবে।

মীমাংসা স্থলে এইরূপ বলা যাইতে পারে যে, ইদানীন্তন হিন্দু সমাজ দুই ভাগে বিভক্ত। প্রাচীন হিন্দু সমাজ ও পাশ্চাত্য শিক্ষা ও সভ্যতা বিভূষিত নব্য সমাজ। প্রাচীনেরা চিরপ্রথিত ধর্ম্মের অনুগামী, নব্যেরা নিত্য মনোবৃত্তির পথের পথিক; সুতরাং উভয় দলে প্রত্যেক কার্য্যেই সংঘর্ষণ উপস্থিত হয়। উপস্থিত বিধবাবিবাহ সম্বন্ধেও সেইরূপ সংঘর্ষণ উপস্থিত। এক্ষণে দেখা যাউক, উভয় দলের সংঘর্ষণ ব্যতিরেকে উপস্থিত বিষয় প্রচলিত হইতে পারে কি না?

আমাদিগের মতে যাঁহারা বিধবাবিবাহ প্রচলিত করিবার জন্য একান্ত উদ্যোগী, তাঁহারা একটী মূলধনের সৃষ্টি করিয়া অর্থ সংগ্রহ করুন। কিম্বা যাঁহারা স্বয়ং অর্থ ব্যয়ে সক্ষম, তাঁহারা এ সম্বন্ধে অজস্র অর্থ ব্যয় করুন। যাঁহারা বিধবাবিবাহের পাত্র বা পাত্রী হইবেন, তাঁহারা নিশ্চয়ই সমাজবিচ্যুত হইবেন, তাঁহাদিগের ভরণপোষণ ঐরূপ সংগৃহীত অর্থ দ্বারা নির্ব্বাহ হউক, সুতরাং সমাজবিচ্যুতি জন্য তাঁহারা বিশেষ বিপন্ন হইবেন না। তৎপরে যত লোকে এইরূপ বিধবা বিবাহ করিবেন, তাহাদিগের এক স্থানে বাসস্থান নির্দ্ধারিত হওয়া আবশ্যক। তাহা হইলে তাঁহারা পরস্পর সহানুভূতি পাইবে, সামাজিক [illegible] সুবিধা হইবে, ভবিষ্যতে উহারা দলপুষ্ট হইবে, অনুষ্ঠানটিতে পরিণত হইবে, উহাদিগের পুত্রকন্যা অনেক মিলন, সংযোগকারী সাধু ও শিব অগ্রগণ্য হইবে, ক্রমে হিন্দুসমাজ উহাদিগকে অবশ্যই গণ্য করিবে, উদার ক্ষেত্রে দেখিলে, তখন ক্রমে উঁহারা সমাজের সহিত মিলিতে পারিবে। এইরূপে হিন্দুসমাজ হইতে পৃথকভাবে কার্য্য করিলে প্রাচীন হিন্দুদিগের সহিত আপাততঃ কোনরূপ সংঘর্ষণ হওয়ার সম্ভব দেখা যায় না। যেমন এক্ষণে কেহ খ্রীষ্টান বা মুসলমান হইয়া সমাজ হইতে পৃথক রহিয়াছে, ইহারাও সেই ভাবে একদল থাকিলে সমাজের কোন আপত্তি (১) হইবে না, এতদ্ব্যতীত অনেক অর্থ সাহায্যে জীবিকা নির্ব্বাহের [illegible] না করিতে হইলে অনেকেই সমাজ [illegible] উপেক্ষা করিয়া এ কার্য্যে লিপ্ত হইবেন, তাহার আর সন্দেহ নাই। যদি কেহ হিন্দু বিধবাদিগের অসহ্য যন্ত্রণা ভাবিয়া অশ্রুবিসর্জ্জন মলিন বদন দেখিলে শোকার্ত্তচিত্ত হইয়া থাকেন, যথার্থই যদি সদাশয় রাজা বিধবাদিগের দুরবস্থা মহাপাপচিহ্ন দর্শনে উদ্বেলিতহৃদয় হইয়া থাকেন, যদি তিনি কিম্বা তাঁহার ন্যায় ব্যক্তিগণ বিধবাবিবাহ প্রচলনকেই সমাজ সংস্কারের, নিরপেক্ষ বিচারের ও উদার ভাবের পরাকাষ্ঠা জ্ঞান করিয়া থাকেন, এ কার্য্য সর্ব্বতোভাবে কর্ত্তব্য, এটী হৃদয়ের সহিত যদি বুঝিয়া থাকেন, তাহা হইলে সদাশয় রাজা ও তৎসদৃশ ব্যক্তিগণ এ কার্য্যকে জীবনের মহাব্রত জ্ঞান করুন, নচেৎ সাময়িক ভাবের বশবর্ত্তী হইয়া সাময়িক কার্য্য করা বৃথা, তাহাতে সমাজের আর অন্য কিছু মঙ্গল নাই।

উপসংহারে বক্তব্য এই যে যদি বিধবাবিবাহ সমাজের প্রয়োজনীয় স্থির হইল, তাহা হইলে গত ৮ ই ফাল্গুন সদাশয় ভবদীয় রাজার উদ্যোগে যে বিবাহ হইয়া গিয়াছে, তাহাতে সমাজের কোন অনিষ্ট হয় নাই। রাজা প্রমথভূষণের কেবল অর্থ সাহায্য ও উৎসাহ (২) ছিল, তদ্ব্যতীত তিনি অন্য কোনরূপ দোষে দূষিত নহেন। এক্ষণে শুনিতেছি কয়েকখানি গ্রামের ব্রাহ্মণগণ কোন বিশিষ্ট ভদ্র লোককে দলপতি করিয়া তাঁহার বিরুদ্ধে একটী দল সংগ্রহ করিতেছেন। শুনিতেছি ইহাতে দলপতির বিশেষ স্বার্থসিদ্ধির সংকল্প আছে। অকারণে স্বার্থসিদ্ধির জন্য এরূপ দলবন্ধন ও সামাজিক অশান্তি সংঘটন করা ভদ্রোচিত কার্য্য নহে। আবার শুনি উক্ত দলপতি ও অন্যান্য ভদ্রলোক এই বিবাহ সম্বন্ধে প্রথমে সম্মতিপত্রে স্বাক্ষর করেন। এক বিষয়ে মতদান করিয়া তৎপরেই তাহার বিরুদ্ধাচরণ করা কিরূপ লোকের কার্য্য, তাহা সকলেই বিবেচনা করুন। যেরূপ অকিঞ্চিৎকর কারণ সমূহের উপর এই দলের ভিত্তি স্থাপিত হইয়াছে, নিঃসন্দেহ ইহা শীঘ্রই ভগ্ন হইবে। বোধ হয় প্রশংসিত রাজা মহাশয় ইহাতে ভগ্নোদ্যম বা কোনরূপ ক্ষতিগ্রস্ত হইবেন না। সামাজিক ব্রাহ্মণগণও এ বিষয়ের নিরর্থক আন্দোলন আর করিবেন না। ইহাতে কেবল বৃথা বিবাদ, পরনিন্দা, পরগ্লানির প্রশ্রয় দেওয়া হয়। রাজা যখন বিবাহিত দম্পতীর সহিত সমাজস্থ কাহাকেও আহার ব্যবহার করিতে বাধা করিতেছেন না, তখন তিনি স্বাধীনভাবে ন্যায়জ্ঞানে যে কার্য্য করিয়াছেন, তাহাতে কাহারও বাধা দেওয়া বা নির্য্যাতনের চেষ্টা করা কর্ত্তব্য নহে। যে ব্যক্তির যে কার্য্য যে কাল পর্য্যন্ত সামাজিক কোন বিশেষ অনিষ্টের কারণ না হয়, সেকাল পর্য্যন্ত সে ব্যক্তির কার্য্যে কাহারও হস্তক্ষেপ করা উচিত নহে। ভরসা করি, নলডাঙ্গার সমাজস্থ যাবতীয় ভদ্রলোক এ সম্বন্ধে উদার ভাবে বিচার করিয়া কার্য্য করিবেন।

বলরামপুর
জেলা যশোহর
১৪ ই বৈশাখ ১২৯১ সাল।

একান্ত বশম্বদ
নিরপেক্ষ বিচারক

---

(১) পত্রপ্রেরকের লিখন চাতুরী, লিপি শক্তি ও সদর্শিতাদি গুণ দেখিয়া আমরা বড় সন্তুষ্ট হইয়াছি; কিন্তু তিনি বিধবাবিবাহকারীদিগকে যে স্বতন্ত্র দলবদ্ধ থাকিবার পরামর্শ দিয়াছেন, উহা আমাদের অনুমোদিত হইতেছে না। কতকগুলি লোক যদি দেশীয় খ্রীষ্টানদিগের ন্যায় স্বতন্ত্র দলবদ্ধ থাকে, তাহাদিগের হইতে সমাজের কি উপকার হইবে? সমাজের দোষ সংশোধনই কি বিধবাবিবাহের মুখ্য উদ্দেশ্য নয়? যাঁহারা বিধবাবিবাহ করিবেন, তাঁহারা স্বতন্ত্র দলবদ্ধ থাকিবেন, এ ব্যবস্থা হইলে সমাজের উপকার কি? হিন্দু সমাজের অনেকে খ্রীষ্টান হইয়া গিয়াছেন, তাঁহাদিগের হইতে হিন্দুসমাজের কি উপকার হইতেছে? তাঁহারা কেবল নিজ দলে নির্ল্লিপ্ত হইয়া আছেন এই মাত্র। বিধবাবিবাহ যাবৎ হিন্দুসমাজের সর্ব্বাঙ্গব্যাপী না হইবে, তাবৎ যে উদ্দেশ্যে বিধবাবিবাহ প্রবর্ত্তিত করিবার চেষ্টা তাহা সফল হইবে না। যাঁহারা বিধবাবিবাহের উপযোগিতা ও আবশ্যকতা বুঝিয়াছেন এবং স্বয়ং সংসাহসসম্পন্ন হইয়াছেন, তাঁহারা বিধবাবিবাহকারীদিগকে সমাজমধ্যে লইবার চেষ্টা করুন। আপাততঃ দলাদলি হইবে বটে; কিন্তু পরিণামে আর দলাদলি থাকিবে না। যে সমস্ত গর্হিত ব্যাপার সমাজ মধ্যে প্রবেশ করিয়াছে, বিধবাবিবাহ তাহার ষোল কলার এক কলাও নহে। পরিণামে অধ্যবসায়ের অবশ্যই জয়লাভ হইবে। সো—স।

(২) আমাদের বিবেচনায় রাজা প্রমথভূষণের এ বিষয়ে বিশেষরূপে লিপ্ত হওয়া উচিত। তাঁহার মত সমাজের প্রধান প্রধান লোকে যদি ইহাতে লিপ্ত হন, বিধবাবিবাহ প্রচলিত হইতে দীর্ঘকাল বিলম্ব হয় না। রাজা যদি ইহাতে লিপ্ত না হইয়া কেবল অর্থ সাহায্য করিয়া উদাসীনভাবে থাকেন, তাহার বহুতর বিধবাবিবাহে ইষ্ট না হইয়া অনিষ্ট ঘটিবে। সো—স।

মামুদজাদায় একটী ষ্টেষণ হওয়া উচিত।

মহাশয়! ডায়মণ্ড হার্বর ষ্টেট রেলওয়ের শেষ দুটী ষ্টেষণ মাজরা ও ডায়মণ্ডহার্বর; কিন্তু এই দুটী ষ্টেষণের ব্যবধান সাত মাইল হওয়াতে এই দুই ষ্টেষণের মধ্যবর্ত্তী লোকদিগের কষ্টের অবধি নাই। এই কষ্ট দূরীকরণ উদ্দেশে ডায়মণ্ডহার্বর ও মাজরার মধ্যস্থলে একটী ষ্টেষণ হইবার কথা অনেকদিন হইতে হইতেছে। এই রেলওয়ের নূতন অন্যান্য ষ্টেষণ সকল প্রস্তুত হইতে আরম্ভ হইয়াছে, কিন্তু এই ষ্টেষণ নির্ম্মাণের অদ্যাপিও কোন উদ্যোগ না দেখিয়া আমরা অত্যন্ত দুঃখিত আছি। এই ষ্টেষণ নির্ম্মাণের উপযুক্ত স্থান মামুদজাদা। কারণ, প্রথমতঃ এই গ্রাম ঠিক উভয় ষ্টেষণের মধ্যবর্ত্তী স্থান, দ্বিতীয়তঃ রোড-সেস রাস্তা থাকা প্রযুক্ত এই স্থানের সহিত অন্যান্য গ্রামের সংযোগ আছে। তজ্জন্য সকল সময়েই এই স্থানে লোকদিগের গতিবিধির সুবিধা হইবে। তৃতীয়তঃ উভয় পার্শ্বেই অনেকগুলি বহুজনাকীর্ণ ভদ্রপল্লী আছে। নূতন ষ্টেষণ নির্ম্মাণের এরূপ উপযুক্ত স্থান ইহার মধ্যে আর কুত্রাপি দৃষ্ট হয় না। ভূমিগ্রাম এই রেলওয়ের ম্যানেজার শ্রীযুক্ত বাবু রামগতি মুখোপাধ্যায় মহাশয় ইহার তদারক করিতে স্বয়ং আসিয়াছিলেন। বোধ হয় তাঁহারও বিশেষ ধারণা হইয়াছে যে এই স্থান যথার্থই উপযুক্ত মধ্যস্থান। কিন্তু দুঃখের বিষয় এই যে নেতড়ার কতিপয় ভদ্র ব্যক্তি এই সদনুষ্ঠানের সমুচিত বিঘ্ন দিতেছেন। তাঁহারা নিজ স্বার্থ সাধনে অন্ধ হইয়া সাধারণ হিত দেখিতে সম্পূর্ণ বিমুখ হইয়াছেন। তাঁহাদিগের নিজ গ্রামে উক্ত ষ্টেষণ নির্ম্মাণের নিমিত্ত বদ্ধপরিকর হইয়াছেন, কিন্তু তাঁহাদিগের গ্রাম, ডায়মণ্ডহার্বর ষ্টেষণের এক মাইল কিম্বা দেড় মাইলের কোন ক্রমেই বেশী হইবে না। মামুদজাদায় ষ্টেষণ হইলে কেবল মাত্র এক মাইল দূর হইবে। তজ্জন্য তাঁহাদিগের কোন অসুবিধা নাই। কিন্তু তাঁহারা হয়তেও সমস্ত সত্ত্বেও, সকল গ্রামের অনিষ্ট সাধন করিয়া নিজ গ্রামে উক্ত ষ্টেষণ স্থাপনের জন্য প্রাণপণে যত্ন করিতেছেন। আরও আক্ষেপের বিষয় এই যে ইহাদিগের মধ্যে দুই একজন কৃতবিদ্য তাঁহাদিগের সহিত যোগ দিয়াছেন ও সাধ্যমতে সাধারণ অনিষ্ট করিতে ও আপনাদিগের ইষ্ট সাধনে তৎপর হইয়াছেন।

মজে। ডায়মণ্ডহার্বর }
১৮ই এপ্রেল ১৮৮২ } জনৈক শ্রীবলরাম চক্রবর্ত্তী।

ম্যালেরিয়াকৃত দুর্দ্দশা।

গত ১২৮৬ সালে এতদঞ্চলে দুর্ভিক্ষ ম্যালেরিয়া অত্যন্ত প্রাদুর্ভূত হয়; সেই অবধি এ দেশের সমস্ত অধিবাসীই অস্বাস্থ্য হইয়াছে। যে গ্রামে শতাধিক লোকের বাস ছিল, তথায় এক্ষণে সবে ২৫ জন লোকের বাস; সম্প্রতি যাহারা জীবিত আছেন, তাঁহারাও ম্যালেরিয়াগ্রস্ত। প্রজাবর্গের এরূপ লোকক্ষয় হওয়াতে জমীদার ও তালুকদারের ভূমি সমূহ পতিত হইয়া রহিয়াছে। ক্ষুদ্র তালুকদারের তালুক রক্ষা করা বিষম কষ্টের হইয়াছে। অতএব যদি বঙ্গ আর অপেক্ষা করেন না যে, তালুকদারের পূর্ব্ব কুলগৌরব ও মানসম্ভ্রম রক্ষা করিয়া চলা অতি কঠিন হইয়াছে। আমি যদিও এ দেশের বাস ত্যাগ করিয়া বিদেশে পৃথক সম্পত্তি থাকা হেতু বাস করিতেছি, তথাপি এ দেশ আমার জন্মস্থান। এখানে আমার পৈতৃক তালুকের অংশও আছে। মুসলমান সকলেরই সমান, তবে অবস্থানুসারে ভিন্ন মাত্র। আমার এই ৫ তালুক গবর্ণমেণ্টের রেভিনিউ আদায় দিয়া বৎসরিক ১৪০ টাকা লাভ ছিল। কিন্তু এক্ষণে মহাজন ও পুরোহিত প্রভৃতির ঋণ দিয়া ৩০ টাকা লোকসান হইতেছে, অতএব নিকটেই বন্দোবস্ত বাকী থাকিলে গবর্ণমেণ্টের রাজস্ব প্রদান করিয়া তালুক রক্ষা করাই ভার।

উপসংহারে এ অঞ্চলের প্রধান একটী অনিষ্ট বিষয়ের উল্লেখ না করিয়া নিরস্ত থাকিতে পারিলাম না। প্রত্যেক পল্লী অত্যন্ত জঙ্গলাকীর্ণ হওয়াতে বন্য শূকরের (যাহা বৎসর পূর্ব্বে আদৌ ছিল না) বিলক্ষণ উপদ্রব বৃদ্ধি হইয়াছে। রাত্রি কালে পালে পালে আসিয়া, বাগানে দেওয়া দেয়, এবং মৃত্তিকা খুঁড়িয়া খায়। আলু, রাঙ্গালু, আনারস, কুষ্মাণ্ড ও কদলী বৃক্ষ প্রভৃতির মূল পর্য্যন্ত উৎপাটিত করিয়া ভক্ষণ করে। ধান্য ক্ষেতের মধ্যে অবাধে ভ্রমণ এবং কর্ষিত ক্ষেত্রে ক্রীড়া করিয়া ধান্য বৃক্ষগুলিকে মর্দ্দন করে। আড়াজোল, মণিদ্দাল, সাতগেছে, পাটনা, কমলপুর, ও মাহিপুর প্রভৃতি স্থানে, দিনের বেলাও দুই চারি জনকে আহত এবং হত করিয়াছে। সময়ে সময়ে ব্যাঘ্রের আগমন সংবাদও পাওয়া যায়। এ বৎসর সাহাদেবের রাজবাটীর নিকট একটী ব্যাঘ্র শিকারীর গুলিতে হত হইয়াছে।

আমাদের প্রজাবৎসল মহামান্য ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা এই যে, আমাদের বিপদের প্রতিকার বিধানের অনুজ্ঞা করিয়া প্রজাবৎসল নামের সার্থকতা সম্পাদন করুন। যোজনের অধিবাসীর প্রতিবিধানে যোগ দেওয়া বিশেষ আবশ্যক। জঙ্গল কর্ত্তন এবং শিকারীর দ্বারা বন্য শূকর নিধন করিয়া

'অদ্যাবধি নিষ্কণ্টকে বাস করিতে...
...এ প্রকার নিস্তার নাই।

ইতিপূর্ব্বে ১১ ই বৈশাখ }
কাশীয়াড়ী, মুকুন্দপুর। } জনৈক শ্রীশশিভূষণ মিত্র
জেলা মেদিনীপুর। } চৌধুরী।

পত্রপ্রেরকের প্রতি।

কলিকাতা ধর্ম্মতলা হইতে পত্রপ্রেরক যে পত্রে আমাদিগের নিকট বিদ্যালয়ের প্রতীকারচেষ্টা পাইতেছেন, সাক্ষাৎ সম্বন্ধ কর্ত্তা বালকদিগের বোধ করিলে সমস্ত তাহার প্রতীকার হইবে।

সোমপ্রকাশ

২৪ এ বৈশাখ সোমবার

এ দেশীয়েরা কি উচ্চতম পদলাভের অযোগ্য?

বোম্বাইতে এ দেশীয়েরা উচ্চতম পদলাভের অযোগ্য নয়, কেবল কতকগুলি দুর্ম্মদ ইংরাজের গর্ব্ব ও অভিমান উঁহাদিগকে অযোগ্য করিয়া রাখিয়াছে। ঐ সকল ইংরাজ কোন বিষয়ে এ দেশীয়দিগের যোগ্যতা স্বীকারে সম্মত নহেন। এ দেশীয়েরা যদি উচ্চে উঠিলেন, উঁহারা মনে করিলেন যেন নীচে পড়িয়া গেলেন। উঁহাদিগের স্বদেশবাসী বিজাতীয় জাতীয় বিদ্বেষও এ দেশীয়ের যোগ্যতা স্বীকার করিতে দেয় না। গবর্ণমেণ্টের সমাধি-বিরোধকতে এ দেশীয়দিগকে উঁহারাও সম্যক্‌রূপে উচ্চতম পদদানে সাহসী হন না। কিন্তু বাস্তবিক এ দেশীয়েরা উচ্চতম পদলাভের অযোগ্য নন। কি হিন্দুর রাজত্ব, কি মুসলমানের রাজত্ব, কাহারই রাজত্বে এ দেশীয়েরা উচ্চতম পদলাভে বঞ্চিত ছিলেন না।

মুসলমানদিগের আধিপত্য কালে এ দেশীয়েরা রাজ্যের সকল কার্য্যেই নিয়োজিত হইতেন। অন্য কথা কি, তাঁহাদিগের হস্তে মুসলমান সাম্রাজ্যের রক্ষার ভার ছিল। সুতরাং বলিয়া তাঁহারা কখন সত্যের ও ন্যায়ের বিপরীত কার্য্য করিতেন না। মুসলমান সম্রাটেরা দেশীয়দিগের হস্তে রাজ্যশাসনের ভার অর্পণ করিয়া নিশ্চিন্ত থাকিতেন। মানসিংহ ও তোডরমল্ল হিন্দুচরিত্রের অত্যুচ্চ প্রমাণ। মুসলমান রাজারা হিন্দুদিগকে কোন বিষয়ে অবিশ্বাস করিতেন না। কিন্তু বিদেশীয় রাজা ইংরাজদের রাজত্বে এখন অন্যথাই বিপরীত দেখিতেছি। স্বদেশীয়ের ও স্বজাতীয়ের প্রতিপালনে ইংরাজ গবর্ণমেণ্টের যে রূপ উদ্যম, তাহা আমরা

পূর্বে, ইংরাজের সুপ্রীমকোর্ট স্থাপিত হইবার [illegible] ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাণিজ্য এ দেশে প্রথম প্রতিষ্ঠিত হয়, তখন তাঁহারা স্বজাতীয়দিগের সুবিধার চেষ্টা করিতেন। উচ্চ পদগুলি তাঁহাদিগকেই দিতেন। ক্রমশঃ ইংলণ্ডের বহুবিধ লোকের আগমন হইল, এ দেশীয়দিগকে সামান্য বেতনে সামান্য পদে নিয়োজিত করিতেন। লর্ড বেণ্টিঙ্ক অতি মহাত্মা লোক ছিলেন। তাঁহারই দেশীয়দিগকে উচ্চ পদে নিয়োজিত করিবার প্রথম যত্ন করেন। তিনি এ দেশীয়দিগের উন্নতকল্পে দেওয়ানি বিচারপতি সদরআলা প্রভৃতি পদ সৃষ্টি করেন। ইহার পূর্বে দুই প্রকার দেশীয় বিচারালয় ছিল। তাঁহারা সামান্য মাত্র মকদ্দমা পরিচালন করিতে পারিতেন। বিচারপতিদিগের বেতনও অতি সামান্য ছিল। উক্ত শ্রেণীর বিচারপতিরা সদর আমীন ও নিম্ন শ্রেণীর বিচারপতিরা মুন্সেফ বলিয়া নির্দেশিত হইতেন। এই মুন্সেফেরাই ইহার পূর্বে কমিশনরের কার্য্য করিতেন। লর্ড কর্ণওয়ালিস এই পদের সৃষ্টি করেন। ইউরোপীয় বিচারপতিগণের সুবিধা করাই এ পদটী সৃষ্টি করিবার প্রধান উদ্দেশ্য। ১৮০৩ অব্দে সদর আমীন পদের সৃষ্টি করা হয়। সদর আমীনদিগের ১০০ টাকার পর্য্যন্ত মকদ্দমা করিবার ক্ষমতা ছিল। ১৮২১ অব্দে মুন্সেফ ও সদর আমীনের ক্ষমতা বৃদ্ধি করিয়া দেওয়া হয়। তাহাতে মুন্সেফরা ১৫০ টাকার ও সদর আমীনেরা ৫০০ টাকা পর্য্যন্তের মকদ্দমা নিষ্পন্ন করিতে পারিতেন। ১৮২৭ সালে লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক ঐ সকল এ দেশীয় বিচারপতির বেতন বৃদ্ধি করিয়া দেন। ও ক্ষমতার বৃদ্ধি করিয়া দেন। ঐ সময়ে প্রধান সদর আমীন পদের সৃষ্টি হয়। প্রধান সদর আমীনেরা যত অধিক টাকার হউক মকদ্দমার নিষ্পত্তি করিতে পারিতেন। তাঁহাদের নিষ্পাদিত মকদ্দমার পুনর্বিচার জন্য ইউরোপীয় বিচারপতিদিগের নিকট আপীল করিবার রীতি ঐ সময়ে প্রবর্তিত করা হইয়াছিল। ১৮৬০ অব্দে সর জন পিটর গ্রাণ্টের উদ্যোগে বঙ্গদেশে ছোট আদালতসমূহ প্রতিষ্ঠিত হয়। পর বৎসর ছোট আদালতের জজ ও প্রধান সদর আমীন পদের বৈষম্য উঠাইয়া দেওয়া হয়। তদবধি প্রধান সদর আমীনেরা সবর্ডিনেট জজ বলিয়া নির্দেশিত হন। তাঁহারা দেওয়ানী বিচারকার্য্য করেন, ছোট আদালতের বিচারকার্য্যও নির্বাহ করিয়া থাকেন।

১৮৩৩ অব্দে ৯ আইন হইতে অতিরিক্ত ডেপুটী কলেক্টর পদের সৃষ্টি হয়। তৎকালে কেবল [illegible] লোকদেরই ঐ কার্য্যে নিয়োজিত করিবার নিয়ম করা হইয়াছিল। ১৮৪৩ অব্দে বঙ্গ... আইনানুসারে ঐ পদে এতদ্দেশীয় ও সকল জাতীয় ব্যক্তির সুযোগ নির্দ্ধারিত হয়।

ভারতেশ্বরী মহারাণী পার্লিয়ামেণ্টের অনুমত্যনুসারে ১৮৩৩ অব্দে এতদ্দেশীয়দিগের উচ্চ পদপ্রাপ্তি বিষয়ে এক নিয়ম ঘোষণা প্রচার করিয়া যান। তৎপূর্বে কোন দেশীয় ব্যক্তি এরূপ উচ্চ পদে অভিষিক্ত হন নাই, হইবেন এরূপ আশাও ছিল না। যাহা হউক, এক্ষণে আমাদের প্রশ্ন এই, বঙ্গবাসী সকল শ্রেণীর লোকেরা উচ্চ পদে অভিষিক্ত হইয়া অবধি গবর্ণমেণ্টের উপকারের সাহায্য করিয়া আসিতেছেন কি না? আমরা ত নিজ চক্ষে দেখিতে পাইতেছি, ভারতবাসিরা উচ্চপদ লাভ করাতে কেবল তাঁহাদের নয়, গবর্ণমেণ্টেরও রাজকার্য্যের বিলক্ষণ মঙ্গল হইয়াছে।

বর্তমান সময়ে বঙ্গদেশের মধ্যে যে সকল দেশীয় কৃতবিদ্য গবর্ণমেণ্টের অধীনে কার্য্য করিতেছেন, তাঁহাদিগের মধ্যে অধিকাংশই বিচার বিভাগে নিযুক্ত হইয়াছেন। যে কার্য্যে অধিক দায়িত্ব, সেই কার্য্যেই এতদ্দেশীয় কৃতবিদ্যগণ অগ্রসর। তাঁহারা সুবিচার করিতেছেন কি অন্যায় বিচার করিতেছেন, তাহা গবর্ণমেণ্ট বিলক্ষণ অবগত হইতে পারিতেছেন। বিচার কার্য্যে কিরূপ মস্তিষ্ক পরিচালন করিতে হয়, এবং এই বিভাগে প্রবিষ্ট হইতে হইলে কতদূর কার্য্যদক্ষতার প্রয়োজন, তাহা কে না অবগত আছেন? যাঁহারা এ বিভাগে কার্য্যদক্ষতার পরিচয় দিয়া প্রশংসাভাজন হইতেছেন, তাঁহারা যে অন্য বিভাগে কার্য্যদক্ষতার পরিচয় দিতে পারেন না, ইহা কি সম্ভাবিত? অন্য উচ্চতর বিভাগের কার্য্যভার দিয়া কি পরীক্ষা করিয়া দেখা হইয়াছে? অদ্যাবধি মধ্যে গবর্ণমেণ্ট কয় জন দেশীয় ব্যক্তিকে অন্য বিভাগে উচ্চতর পদে অধিকার দিয়াছেন? আমরা বঙ্গদেশীয় লেপ্টেনণ্ট গবর্ণরের অধীন রাজপদগুলির সারোল্লেখ করিতেছি, পাঠকগণ বিবেচনা করিয়া বলুন, এ দেশের কয়জন লোক ঐ সকল পদের মধ্যে উচ্চতম পদে অধিকার লাভ করিয়াছেন?

লেপ্টেনণ্ট গবর্ণর	১
প্রাইবেট সেক্রেটরি ও এডিকং	২
সেক্রেটরি, জইণ্ট ও আণ্ডার সেক্রেটরি	১৩
হাইকোর্টের বিচারপতি	১২
রেবিনিউ বোর্ডের মেম্বর	২
রেবিনিউ বোর্ডের সেক্রেটরি	২
হাইকোর্টের রেজিষ্ট্রার	১
সুপারিণ্টেণ্ডেণ্ট এবং লিগ্যাল রিমেম্ব্রান্সার	১
ডেপুটী সুপারিণ্টেণ্ডেণ্ট ও লিগ্যাল রিমেম্ব্রান্সার	১
কষ্টম কালেক্টার	১
আসিষ্টাণ্ট কষ্টম কালেক্টার ও হেড এপ্রাইজর	১
সালকিয়ার নিমকের গোলার ও [illegible] সের সুপারিণ্টেণ্ডেণ্ট	
কলিকাতার পোর্ট অফিসের ও সিপিং মাষ্টার	
ডেপুটি সিপিং মাষ্টার	
সহকারী ঐ	
ষ্টাম্প ও ষ্টেশনারির সুপারিণ্টেণ্ডেণ্ট	
রেজিষ্ট্রেসনের ইনস্পেক্টর জেনেরল	
রেজিষ্টরি আফিসের ইনস্পেক্টর	
কলিকাতার ডিষ্ট্রিক্ট রেজিষ্টার	
কলিকাতার কালেক্টার ও আবকারি রেভিনিউ সুপারিণ্টেণ্ডেণ্ট	১
পুলিস কমিশনর ও কলিকাতার মিউনিসিপালের সভাপতি	১
পুলিসের ডেপুটি কমিশনর প্রেসিডেন্সি মাজিষ্ট্রেট	২
পুলিস ইনস্পেক্টর জেনেরল	১
পুলিসের ইনস্পেক্টর জেনেরলের সহকারী	১
পুলিসের ডেপুটী ইনস্পেক্টর জেনেরল	২
জেল ইনস্পেক্টর	১
জেল ইনস্পেক্টর জেনরলের সহকারী	১
জেলের শিল্পকার্য্যের সুপারিণ্টেণ্ডেণ্ট	১
জেলের সুপারিণ্টেণ্ডেণ্ট	২
[illegible] কমিশনার	১
ছোট আদালতের জজ রেজিষ্ট্রার প্রধান অফিসর	৫
বিদেশে প্রেরিত কুলি সুপারিণ্টেণ্ডেণ্ট	১
পুলিস চিকিৎসা সংক্রান্ত ইনস্পেক্টর	২
শিক্ষা বিভাগের ডিরেক্টার	১
স্কুল ইনস্পেক্টর	২
প্রেসিডেন্সি, সংস্কৃত, মাদ্রাসা প্রভৃতি কালেজের অধ্যক্ষ ও অধ্যাপকগণ	১৫
রয়াল বোটানিকাল গার্ডেনের সুপারিণ্টেণ্ডেণ্ট	১
মিটিয়রলজিকাল রিপোর্টার	১
গবর্ণমেণ্ট আর্কিটেক্ট	১
গবর্ণমেণ্ট ছাপাখানার সুপারিণ্টেণ্ডেণ্ট	১
একাউণ্টাণ্ট জেনরল ও ডেপুটি ও সহকারী একাউণ্টেণ্ট জেনেরল	৪
পুলিস সর্জন	১
কলিকাতার [illegible]	১
শিল্পবিদ্যালয়ের অধ্যক্ষ	১
কলিকাতার করোণর	১
কলিকাতার আর্চডিকন	১
বঙ্গদেশের সর্জন জেনেরল	১
মেডিকেল কালেজের অধ্যক্ষ, অধ্যাপক প্রভৃতি	১৫
গোবীজে টীকা প্রদানের সুপারিণ্টেণ্ডেণ্ট	১
গবর্ণমেণ্ট বাগান অধ্যক্ষ	১

সাধারণ আইনের অন্তর্ভূত কেদা।

বিভাগীয় কমিশনর	৮
জেলা ও সেসন জজ	৪৮
জেলার জজ ও সহকারী সেসন জজ	১
১ম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর	১৪
২য় ঐ ঐ ঐ	১৫
৩য় ঐ ঐ ঐ	৭
১ম শ্রেণীর জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর	২৩
১ম শ্রেণীর অতিরিক্ত ঐ ঐ	৪
৩য় শ্রেণীর জয়েণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর	১২
সহকারি মাজিষ্ট্রেট	৮৯
ক্যাণ্টন্মেণ্ট ঐ	৩
ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর	২০১
সব ডেপুটি কালেক্টর	৭৭
তসিলদার	৫
যশোহর ও নদীয়ার স্মল কজ আদালত সমূহের প্রধান বিচারপতি	১
ছোট আদালতের জজ ও সবর্ডিনেট জজ	৪৯
মুন্সেফ	২০৫
বিশেষ সব রেজিষ্ট্রার	১৮
অন্যান্য সব রেজিষ্ট্রার	১৭৩
পুলিসের ডিষ্ট্রিক্ট সুপারিণ্টেণ্ডেণ্ট	৫১
সহকারী ঐ ঐ	৩৭
স্কুল ইনস্পেক্টর	৪
কালেজ সমূহের অধ্যক্ষ ও অধ্যাপক	২৮
সাধারণ নিয়মের বহির্ভূত কেদা।	
কমিশনর	
বিচার সংক্রান্ত কমিশনর	
প্রথম শ্রেণীর ডেপুটি কমিশনর	
২য় ঐ ঐ	
৩য় ঐ ঐ	
৪র্থ ঐ ঐ	
১ম শ্রেণীর সহকারী কমিশনর	৩
২য় ঐ ঐ ঐ	২
৩য় ঐ ঐ ঐ	১

এখন পাঠক অনুসন্ধান করিয়া দেখুন, উপরি লিখিত উচ্চতম পদগুলিতে এদেশীয় কয়জন অধিকার লাভ করিয়াছেন? আমরা পুনরায় জিজ্ঞাসা করিতেছি, নিম্ন পদে এদেশের যে সকল লোক নিযোজিত আছেন, তাঁহারা যখন প্রশংসার সহিত কর্ত্তব্যকার্য্য সম্পাদন করিয়া কার্য্য শিক্ষা ও অভিজ্ঞতা ও পারদর্শিতা লাভ করিতেছেন, তখন তাঁহারা উচ্চতম পদে অধিষ্ঠিত হইলে যে কর্ত্তব্য সম্পাদনে সমর্থ হইবেন না, ইহা সম্ভাবিত নহে। কেবল কর্তৃপক্ষদিগের [illegible] ইংরাজের অভিমানই এদেশীয়দিগের উচ্চতম পদ লাভের বিরোধী হইয়াছে। অতএব যাহাতে সেই অভিমান আর প্রতিবন্ধকতাকারী না হইতে পারে, এ দেশের জনসাধারণের সে চেষ্টা পাওয়া কর্ত্তব্য। পার্লিমেণ্ট সভার আশ্রয় গ্রহণ ব্যতিরেকে অন্য উপায় নাই। ঐ সভায় বিশেষ আন্দোলন উপস্থিত করা আবশ্যক। যদি জাতি ও বর্ণাদিগত বিচারবিহীন হইয়া যোগ্যতা অনুসারে সমভাবে উচ্চতম পদদান করা না হয়, ইংলণ্ডেশ্বরীর ১৮৫৮ অব্দের ঘোষণা বিফল হইয়া যায়। ঘোষণার কেবল বৈফল্য নয়, ইংরাজ রাজনীতি পক্ষপাতদোষে দূষিত, এ কলঙ্কের বিলোপ হইবে না। এত বড় সভ্য ইংরাজ গবর্ণমেণ্টের এ কলঙ্ক থাকা কোনক্রমেই শোভা পায় না।

ইংরাজেরা আমাদিগকে ঘৃণা [illegible] করেন কেন?

পরাধীনতা মনুষ্যের সকল গুণেরই ধ্বংস করিয়া দেয়। চিরপরাধীনতা ভারতবাসিগণের বলবীর্য্য উৎসাহ অধ্যবসায়াদি গুণের ন্যায় স্বদেশহিতৈষিতাকেও এক কালে গ্রাস করিয়াছে। সুতরাং স্বদেশহিতৈষিতা ভারতবাসির শোণিতকে আর উষ্ণ করিতে পারে না, শিরাগুলিকেও নাচাইতে পারে না। ভারতের অপমানের সংবাদ শ্রবণ করিলে ভারতবাসির হৃদয় আর ব্যথিত হয় না। ভারতবাসী শীতলশোণিত হইয়া অনায়াসে ভারতবাসির নিন্দা শ্রবণ করেন এবং দ্বেষহিংসায় পরিপূর্ণ হইয়া পরস্পরকে খণ্ড বিখণ্ড করিতেও পরাঙ্মুখ হন না। এই কারণেই ভারতের শ্রী নাই, উন্নতি নাই, তেজ নাই, মান নাই। ভারত অনায়াসে পরপদ দ্বারা দলিত হইতেছে। ভারতবাসির যদি স্বদেশহিতৈষিতা থাকিত, তাহা হইলে কি কেহ ভারতবাসিকে পরাভব করিতে পারে? আমাদের স্বদেশহিতৈষিতা বিলুপ্ত হইয়া মস্তিষ্ক এমনি শীতল হইয়া গিয়াছে যে, আমরা ইংরাজদিগের দৃষ্টান্ত দর্শন করিয়াও তাহা শিখিতে পারিতেছি না। আমরা কোন্ বিষয়ের শিক্ষায় অপটু। কিন্তু আমাদের হৃদয় স্বদেশহিতৈষিতা শিক্ষায় অপটু হইয়া গিয়াছে।

ভারতভূমি কেবল ধনধান্যাদির উৎপত্তি বিষয়ে উর্ব্বর তাহা নয়, সকল বিষয়েই গুণে ইহার উর্ব্বরতা লক্ষিত হইয়া থাকে। অনেক বীর এখানে জন্মগ্রহণ করিয়াছেন। কুরুক্ষেত্রের যুদ্ধ ইহা প্রমাণ করিয়া দিতেছে। কত বীর ঐ স্থানে নিহত হইয়াছিলেন। মহর্ষি বেদব্যাস যে বর্ণনা করিয়াছেন, তাহাতেও প্রমাণ হইতেছে যে, ভারত পূর্ব্বে বীরভূমি ছিল। একটী স্বর্ণ যষ্টির উপরে যুদ্ধ শিখিবার ভার দেওয়া হয়। আমাদিগের ঐ কথা, স্থিরতর চর্চ্চা ছিল, সুতরাং বীরের ভারতদিগের দুর্লভ ছিল না। তবে ভারত দুর্দ্দশাগ্রস্ত হইল কেন? এ প্রশ্নের উত্তর এই; হিন্দুদিগের স্বদেশহিতৈষিতা ও স্বজাতিপ্রিয়তার অভাবই তাহার কারণ। যদু প্রভৃতির দিগ্বিজয়াদি দ্বারা প্রমাণ হইতেছে, ভারতের ভিন্ন ভিন্ন প্রদেশ ভিন্ন ভিন্ন রাজার অধীনস্থ ছিল। যিনি সম্রাট হইতেন, অন্য অন্য রাজগণ তাঁহাকে কিছু কিছু দিয়া নামমাত্রে অধীনতা স্বীকার করিতেন। এই কারণে ভারতের প্রতি কাহারই মমতা ও যত্ন ছিল না। ভারতভূমি হইতে কোন ভারতবাসী ভারতকে স্বদেশ জ্ঞান করিতেন না। এই কারণে মুসলমানেরা ও ইংরাজেরা যখন প্রদেশ জয় করিতে লাগিলেন, তখন এক প্রদেশের হিন্দুরাজা অপর প্রদেশের হিন্দুরাজার বিপক্ষ হইয়া মুসলমান বা ইংরাজের সহিত মিলিত হইতেন। এইরূপে ভারত হিন্দুহস্ত বহির্ভূত হইয়া গেল। মুসলমানেরা এক জন হিন্দু রাজাকে আক্রমণ করিলে যদি অপর হিন্দুরাজারা তাঁহার সহায় হইতেন, তাহা হইলে আর ভারত তাঁহাদিগের হস্তপরিভ্রষ্ট হইত না। স্বদেশহিতৈষিতা ও স্বদেশপ্রিয়তা না থাকাতেই সে সাহায্যদান ঘটে নাই, প্রত্যুত সকলেই উৎসন্ন হইয়া গেলেন।

পাঠক! হিন্দুদিগের স্বদেশপ্রিয়তার কথা ত শুনিলেন, ইংরাজের স্বদেশপ্রিয়তার কথা একবার শুনুন। ইংরাজের স্বদেশের স্বাধীনতা হরণের কথা দূরে থাকুক, একটী সামান্য স্বত্বের ব্যতিক্রম ঘটিবার সম্ভাবনা হইলে উপলক্ষে তাঁহারা কি না করিলেন? ব্যক্তিবিশেষের স্বদেশহিতৈষিতার কথাও একবার শ্রবণ করুন।

১৬৫০ খ্রীষ্টাব্দে ইংলণ্ড হইতে চইখান বাণিজ্য পোত বঙ্গদেশে উপনীত হয়। ঐ সময় সম্রাট সাজেহানের একটী কন্যা কঠিন রোগে আক্রান্ত হইয়াছিলেন। দেশীয় চিকিৎসা দ্বারা পীড়ার আরোগ্য না হওয়াতে পোতস্থ ডাক্তার বাউটনকে আনাইয়া চিকিৎসা করান হইয়াছিল। ইংরাজী চিকিৎসায় রাজকুমারী সুস্থ হইলেন। বাদশাহ অত্যন্ত সন্তুষ্ট হইয়া চিকিৎসক কি পুরস্কার প্রার্থনা করেন, জিজ্ঞাসা করিলেন। ডাক্তার বাউটন বিবেচনা করিলেন, অনেক কষ্ট স্বীকার করিয়াও যে সম্রাটের কাছে আমরা একটী কথা তুলিতে পারি না, সেই সম্রাটকে এক্ষণে হাতে পাইয়াছি। আমি এক্ষণে অর্থ ও ঐশ্বর্য্য যাহা প্রার্থনা করিব, সম্রাট তাহাই দিবেন। কিন্তু অর্থ লইয়া আমার দেশের কি লাভ হইবে? আবার মৃত্যুর পরই ইহা অন্যের অধিকারগত হইবে। তাহা চিরস্থায়ী হইবে না। অতএব সম্রাটের নিকট আমার এমন একটী প্রার্থনা করা আবশ্যক, যাহাতে আমার স্বদেশের মঙ্গল হয়।

... সাহেব লোকেরা দিলে, তিনি অনুগ্রহ করিতে পারেন। এই ভাবিয়া সম্রাট কহিলেন, আপনার নিকট কিছুই নাই। কিন্তু আমি যদি বড় প্রার্থনা করি না। আমাদিগের দেশীয় লোকেরা অনুগ্রহপূর্বক অধিকার প্রদান করিলে বিনা মাশুলে বাণিজ্য করিতে পারে এই আশা প্রকাশ করিলেন। সেই আশার বশেই পুরস্কার লাভ হইল। সম্রাট তুষ্ট হইয়া বিস্ময়াপন্ন হইলেন, এমন লোকের অভিলাষ কে না পূর্ণ করে? সম্রাট বাউটনের ইচ্ছা পূর্ণ করিলেন। তৎকাল অবধি ইংরাজগণ এতদ্দেশে বাণিজ্য করিতে আরম্ভ করেন।

অল্পকাল বাণিজ্য করিয়া ইষ্ট ইণ্ডিয়া কোম্পানি প্রচুর লাভবান হইয়াছিলেন। ১৬৯৮ খ্রীষ্টাব্দে ঔরঙ্গজেবের পৌত্র, বঙ্গ, বেহার ও উড়িষ্যার সুবেদার প্রিন্স আজীম ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির কর্মচারিদিগকে তালুকদারি স্বত্ব ক্রয় করিবার অনুমতি প্রদান করেন। তদনুসারে উক্ত কর্মচারিগণ কলিকাতা, সুতানুটী, গোবিন্দপুর এই তিনটী গ্রামের স্বত্ব ক্রয় করেন। ইংরাজেরা ঐ তালুকের ১১৯৫ টাকা রাজস্ব প্রদান করিতেন। এইরূপে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির বাণিজ্য ব্যাপারও চলিতে লাগিল, এদিকে আবার জমিদারিরও উপর দৃষ্টি করিল। ঐ সময়ে ইংরাজেরা কলিকাতাকে একটী প্রেসিডেন্সি বলিয়া প্রচার করিলে উহা মান্দ্রাজের অধীন করিয়া লওয়া হইল। মান্দ্রাজে তৎকালে ইংরাজদিগের একটী দুর্গ ও ফ্যাক্টরি ছিল। ইহাই ইংরাজের এদেশে রাজ্য লাভের সূত্রপাত হইল। ক্রমে ইংরাজ অদ্বিতীয় সম্রাট হইয়া উঠিলেন।

পাঠক! দেখুন একজন ইংরাজের স্বদেশহিতৈষিতা ও পরার্থপরতা গুণে ইংরাজজাতির কেমন অসামান্য লাভ হইল। ঐ গুণ প্রভাবেই সকল বিষয়ে অদ্বিতীয় হইয়া উঠিয়াছেন। ঐ গুণের প্রভাবেই ইংরাজেরা ভারতে ইলবার্ট বিল উপলক্ষে যে কাণ্ড করিলেন, তাহা অদ্যাপি সকলের হৃদয়ে জাগরূক রহিয়াছে, আজও নির্বাণ হয় নাই। গবর্ণমেন্টের প্রস্তাব খর্ব্ব হইয়া গেল। ভারতবাসিরা সকলে লজ্জিত হইলেন। কিন্তু ভারতবাসিদিগের যদি স্বদেশহিতৈষিতা ও পরার্থপরতা থাকিত, ইংরাজেরা কখনই স্বার্থসাধনে সমর্থ হইতেন না। ভারতবাসিরা কি এ পর্য্যন্ত ঐক্যবাক্যে ইলবার্ট বিলের পূর্ণসমর্থন বিষয়ে যত্ন পাইয়াছেন? তাঁহারা যদি দৃঢ়প্রতিজ্ঞ হইতেন, কোন অংশে সঙ্কুচিত বা কুণ্ঠিত না হইতেন, তাহা হইলে কি মনোরথ পূর্ণ হইত না? এ দেশের যে অধিবাসি ইংরেজেরা আছেন, ইংলণ্ডের রাজনীতি জানিয়া তাঁহাদিগের মনে এক এক বার অনুতাপ উপস্থিত হয়। কিন্তু কেবল দুষ্টের জন্য ভারতবাসীরা দণ্ডে দণ্ড হইবে? প্রেসিডেন্ট সকল লোকের যদি উন্নতিকল্পে চেষ্টা পান, কেবল উপর উপর ভিক্ষা বিতরণ করা কেন, ভারতের রাজকার্য্য সম্বন্ধে কত প্রকার অন্যায় ব্যবহার আছে, দৃষ্ট হইয়া থাকে। ভারতে ইংরাজের স্বার্থ ও ভারতবাসির স্বার্থ, উভয় স্বার্থের কোনটী রক্ষা করা ভারতীয় গবর্ণমেন্টের প্রধান কর্তব্য কর্ম? ভারতের রাজকার্য্য যখন গ্রহণ করা হইয়াছে, ভারতের রক্ষা যখন প্রাধান্য অবলম্বন করা হইয়াছে, তখন ভারতবাসির স্বার্থ দর্শন ভারত গবর্ণমেন্টের প্রধান কর্তব্য কর্ম সন্দেহ নাই; কিন্তু কার্য্যকালে কাহার প্রাধান্য রক্ষিত হয়? সকল কাজেই ইংরাজের প্রাধান্য। সকল কাজেই ইংরাজের স্বার্থের অনুসন্ধান। যদি সমভাবে উভয়ের স্বার্থসন্ধান করা হইত, যদি সমভাবে উভয়ের স্বার্থরক্ষা হইত, তাহা হইলে আমাদের কোন ক্ষোভ থাকিত না। কিন্তু গবর্ণমেন্টের সে চেষ্টা কৈ? গবর্ণমেন্টের সে সে চেষ্টা আছে কি? তাহার কারণ কি? কারণ আমাদের ঔদাসীন্য। আমাদের যদি দেশসাধারণের বল থাকিত, গবর্ণমেন্ট কখন উপেক্ষা করিতে পারিতেন না। আমাদের যে সে বল নাই, তাহার কারণ আমাদের স্বদেশহিতৈষিতা ও পরার্থপরতা নাই। আমরা স্বদেশের গৌরবে আত্মগৌরব জ্ঞান করি না; সুতরাং আমাদের ঐক্যবল নাই। ঐক্যবল বিনা কোন কার্য্যে সিদ্ধিলাভ সম্ভাবনা নাই। আমাদের ঐক্যবল এমনি দুর্বল যে, এক জাতীয় সভা স্থাপনের চেষ্টা চলিল। তাহা দেশসাধারণ লোকের উৎসাহ ও সাহায্য বিনা নিষ্ফল হইয়া আছে। আমাদের একতা কখনই একটী প্রধান বিঘ্ন করিয়াছে। অনেকে লেখা পড়া শিখিয়াছেন, উঁহাদের [illegible] করিয়াছে। কোন একটী বিষয়ের প্রসঙ্গ হইলে তাঁহারা প্রেসিডেন্ট তর্ক আরম্ভ করেন। সঙ্গত হউক, আর অসঙ্গত হউক, প্রস্তাবিত বিষয়ে ইষ্ট হউক, আর অনিষ্ট হউক, দেশের মঙ্গল হউক, আর অমঙ্গল হউক, তাঁহারা তর্কশক্তি প্রভাবে নিজের বুদ্ধির তীক্ষ্ণতা ও ক্ষমতার পরিচয় দিতে ব্যস্ত হইবেন, তাঁহাদিগের এই চেষ্টা থাকে, সুতরাং সমুদায় ধ্বংস হইয়া যায়। কোথায় ঐক্যবল অঙ্কুর বর্দ্ধিত হইবে তাহা না হইয়া অনৈক্যরূপ বিষ বর্দ্ধন হইতে থাকে। তাহাতেই আমাদের দেশের লোকেরা বাহাদুরী জ্ঞান করিয়া থাকেন। দেশের ঐক্যবল দূরে নিক্ষিপ্ত হয়। এই জন্যই এ দেশের রাজনীতির অন্যের ন্যায় উন্নতির প্রধান প্রতিবন্ধক হইয়াছে। এই সকল দোষ প্রবল হওয়াতেই ইংরাজেরা আমাদিগকে পদদলিত করিতেছেন। সকলে যে আকাঙ্ক্ষা তাহা অনুভব করিতে পারিতেছেন না, ইহাই পরম আশ্চর্য্যের বিষয়।

বেণীকফাইকে হত্যা সম্বন্ধে শেষ বৃত্তান্ত।

গোপালপুর থানার পূর্ব্ব পুলিস সব ইন্সপেক্টর বাবু বিনোদীলাল মুখোপাধ্যায় যত্নের অনুসন্ধান দিয়া যেরূপ কার্য্যদক্ষতা প্রদর্শন করেন, তাহা সোমপ্রকাশ পাঠকের অবিদিত নাই। তাঁহার কার্য্যপটুতা একরূপ নয়। তিনি আসামী পুলিসকে চালান দেন। তিনি তাহার কোন দোষের প্রমাণ পাইয়া যে চালান দিয়াছিলেন, আজও তাহা কেহ বুঝিতে পারেন নাই। তিনি মধ্যে এক খেলা খেলিয়া লইলেন। তাহাকে যখন আদালতে দেওয়া হয়, তখন একটী বড় কৌতুক হইয়াছিল। বিনা অপরাধে তিনি যাহাকে চালান দিয়াছিলেন, উকীল ও প্রশ্ন জিজ্ঞাসা করিলে পর তিনি উপর দিকে চাহিয়া নিজের বেণার কড়িকাটে তার গণিতে লাগিলেন।

মধ্যে এক দিন ডিষ্ট্রীক্ট পুলিস সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব স্বয়ং অনুসন্ধান করিতে আসিলেন। তিনি যেরূপ অনুসন্ধান করিলেন তাহাতে উঁহার এই বিশ্বাস জন্মিল, বেণীকফাইকে ডাকাতরা ও পূর্ব্বকার বাসিন্দারা হত্যা করিয়াছে, তাহারাই দোষী। তিনি বিনোদীলালকে গোপালপুর হইতে স্থানান্তর মথুরাপুর থানায় বদলী করিলেন। কিশোরীমোহন মুখোপাধ্যায় তখন থানায় ছিলেন, তাঁহার উপরে বেণীকফাইকে হত্যার অনুসন্ধানের ভার হইল। তিনি ছদ্মবেশে গোপালপুরে আসিয়া বাসা করিলেন। নানা প্রকার গোপন অনুসন্ধান করিতে আরম্ভ করিলেন। তিনি একজন সুপরিচিত কার্য্যদক্ষ অনুসন্ধানী পুলিস কর্মচারী। উঁহার গোপন অনুসন্ধানের কথা অনেকেই উঁহাকে সাধুবাদ দিবেন সন্দেহ নাই। শুনিতে পাই, তিনি চর নিযুক্ত করিয়াছিলেন তিনি নিজেও রাত্রিতে এক এক জনের জানালা নিকটে দুই তিন ঘণ্টা দাঁড়াইয়া গৃহের কথোপকথন শুনিয়াছেন। দুই জন বৈষ্ণবীকে নিযুক্ত করিয়াছিলেন। তাহারা ভিক্ষাচ্ছলে প্রত্যেক গৃহের ভিতরে গিয়া অনুসন্ধান করিয়াছিল। দুষ্টেরা প্রথমে কিশোরী বাবুর নানা প্রকার সন্দেহ জন্মাইয়া দেয়। অনেক অনুসন্ধানের পর আসামী প্রকৃত দোষী তিনি তাহা জানিতে পারিলেন, তাঁহার সন্দেহ ভঞ্জন হইয়া গেল। তিনি বুঝিতে পারিলেন, দুষ্টেরা আত্মগোপন করিবার নিমিত্ত অনেক খেলা খেলিয়াছে। তাহারা নির্দ্দোষ ব্যক্তির উপরে দোষারোপ করিয়া আত্মরক্ষার চেষ্টা পাইয়াছে। তাহারা যে কিরূপ ধূর্ত্ত লোক তাহারা যে পূর্ব্বে কত ব্যক্তির অপকার করিয়াছে, বেণীকফাইকে হত্যায় আসামীরা যে কিরূপ [illegible]

ছিল, সে অনুমানের কথা পর, এখানে পড়িয়াছিল; যেরূপে পড়িয়াছিল, তেমনই বা সেখানে পড়িয়া আছে, উহার অনুসন্ধান করিয়া কে কে দোষী, তাহা স্থির করেন। এক ব্যক্তি চালান হইয়া গিয়াছে। আলিপুরের জয়েন্ট মাজিষ্ট্রেট ম্যাগুয়ার সাহেবের নিকট মকদ্দমা হইতেছে।

কিঞ্চিৎ অপ্রাসঙ্গিক হইলেও এ স্থলে কিশোরী বাবুর অনুসন্ধানদক্ষতার দুই একটী উদাহরণ দেওয়া আবশ্যক হইল। পাঠক পুলিশকর্ত্তৃকে অনুমান পাঠ করিবেন এবং তাঁহাকে অসংখ্য সাধুবাদ দিবেন সন্দেহ নাই। একদা একটি স্ত্রীলোক হত হয়। স্ত্রীলোকটী কে? তাহার বাটী কোথায়? কোন গাঁয়ের লোক, তাহার কিছুই ঠিকানা হয় না। কিশোরী বাবু ফটোগ্রাফে তাহার একটী প্রতিমূর্ত্তি তুলিয়া লইলেন, হুগলী বর্দ্ধমান ও বাঁকুড়া প্রভৃতি জেলার হাটে হাটে দিয়া ঢেঁড়া পিটিয়া লোক জড় করিয়া এই কথা কহিতে লাগিলেন, এই আকারের একটী স্ত্রীলোকের মৃত্যু হইয়াছে। তাহার অলঙ্কার টাকা আছে, যদি কেহ তাহার উত্তরাধিকারী থাকেন, তিনি আসিয়া উপস্থিত হউন, টাকা পাইবেন। বাঁকুড়া জেলার একটী লোক বলিল, এ আমার স্ত্রী। কিশোরী বাবু তাহাকে সঙ্গে করিয়া আনিলেন। অনেক অনুসন্ধানে জানিতে পারা গেল সে ব্যক্তির একজন হত্যাকারী বলিয়া ধৃত হইল। ঐ ব্যক্তি স্ত্রীলোকটিকে ভগ্নাপদেশে লইয়া যাইতেছিল। তাহার সঙ্গে যে টাকা ছিল, হত্যা করিয়া তাহা কাড়িয়া লইয়াছিল।

কিশোরী বাবুর ডাকাইতী ও খুন প্রভৃতি ধরিবার বিষয়ে চতুরতা এমনি চমৎকার, শুনিলে বিস্মিত হইতে হয়। একবার "বাকি" এই শব্দ একটী স্ত্রীলোকের মুখে শুনিয়া মেদিনীপুরে গিয়া ডাকাইত ধরিয়াছিলেন। মেদিনীপুরের লোকেরা বাকড়িকে "বাকি" বলে। মেদিনীপুরের কয়েক লোক বেহালায় পুষ্করিণী কাটিতে আসিয়াছিল। তাহারাই ডাকাইতী করে। কিশোরী বাবুর [illegible] চতুরতা ও কার্য্যদক্ষতা হেতু, তিনি ঐ একটী সূত্র ধরিয়া তাহাদিগকে ধরিয়াছিলেন। তাঁহার এই কার্য্যদক্ষতা থাকাতে তিনি অনেক স্থলেই খুন ডাকাইতীর অনুসন্ধানার্থ প্রেরিত হইয়া থাকেন। [illegible] পরিবার কার্য্যের [illegible] ভার তাঁহার উপর অর্পিত হইয়াছিল।

বেণীকুমারিকে যে যে হত্যা করিয়াছে, কিশোরী [illegible] একটী [illegible] পাইয়াছেন। [illegible] ও উদ্ধার করিয়াছিলেন। সোম- [illegible] আদেশ

ছলনা করিতে আইসেন এবং নিরপরাধী ব্যক্তিকে পাঠাইয়া দেন। কিশোরী বাবু চারুকিশোরকে আনিয়া দেখিলেন, কয়েক ব্যক্তি সোমপ্রকাশ সম্পাদকের উপর বিরক্ত হইয়াছেন। বেণীকুমারীর যে যে হত্যাকারী, সোমপ্রকাশে তাহার নাম প্রকাশ হয় নাই, কিন্তু কয়েক ব্যক্তি সোমপ্রকাশ সম্পাদককে অনর্থক গালি দিতেছে এবং তাঁহার অলীক দুর্নাম রটাইয়া নানাপ্রকার নিন্দা করিতেছে। ঐ সকল ব্যক্তি এক্ষণে জানা কেন? তাহাদের কিশোরী বাবু হত্যাকারির সন্ধান পাইয়াছেন। কেবল এই পর্য্যন্ত নহে, ঐ দলের যিনি মোড়ল, তিনি [illegible] অর্জ্জন করিয়াছেন। কিশোরী বাবু বেণীকুমারীর খুনের তদন্ত করিতে আসিয়াছেন শুনিয়া ঐ মোড়ল থানায় তাহার খোসামোদ করিতে গিয়াছিলেন। এতদ্ভিন্ন কিশোরী বাবু পুরের বাড়ীর কোন কোন স্ত্রীলোকের মুখেও বড় চমৎকার শুনিয়াছেন।

এ স্থলে কেহ কেহ এ কথা জিজ্ঞাসা করিতে পারেন, ঐ মোড়ল সোমপ্রকাশ সম্পাদককে যে গালি দিতেছে ও তাঁহার নিন্দা করিতেছে, তিনি তাহা সহ্য করিয়া রহিয়াছেন কেন? সহ্য করিবার একটী বিশেষ কারণ আছে। এখনও খুন অপরাধ পূর্ণ হয় নাই। ঐ মোড়লের সহিত সোমপ্রকাশ সম্পাদকের সদ্ভাব ছিল। মোড়ল নিজের অসদাচার পরিচয় দিল বলিয়া সোমপ্রকাশ সম্পাদকের সদৃশ লোকের বাঁশপাতার আগুনের মত জ্বলিয়া উঠা উচিত নয়। তিনি প্রতিজ্ঞা করিয়াছেন, [illegible] পাপের ন্যায় মোড়লের খুড় অপরাধ সহ্য করিবেন। ভারতীয় দণ্ডবিধি জাগিয়া আছে। তাহার অবসান নাই। আবেদনকারির অপরাধই বিলম্বের কারণ হইয়াছে। সকলেরই সীমা আছে। যে দিন সেই অপরাধ সীমা ছাড়িয়া উঠিবে, সেই দিনই মোড়লের বিপদ ঘটিবে, ইহা যেন তিনি স্থির করিয়া রাখেন।

উপসংহারে বিনোদ বাবুর আরও দুই একটী গুণের কথা বলা আবশ্যক। সোমপ্রকাশে অনেকের হস্ত আছে। সাধারণের স্বত্ব ও [illegible] ও উচ্চাসন আমাদের কর্ত্তব্যকর্ম্ম নির্দ্দিষ্ট হইয়া আছে। এতদ্ভিন্ন, দুর্জ্জনের প্রতি অত্যাচার নিবারণ আমাদের একটী লক্ষ্যীভূত। এই দুই কারণে এবং বেণী আমাদের আত্মীয় ছিল, এই তৃতীয় কারণে সে হত হইলেই আমাদের [illegible] আমাদের এই বড় [illegible] আপন পরিবারের মধ্যে কেহ হত হইলে [illegible] প্রতিশোধের জন্য যেমন চেষ্টা হয়, আমাদের [illegible] আমাদের একটী রোগ আছে,

আমরা যখন যে কার্য্য করি, কর্ত্তব্যবোধে তৎক্ষণাৎ তাহার অনুষ্ঠান করিয়া থাকি, যদি তৎকালে [illegible] কার্য্যসিদ্ধি হয়, তথাপি আমরা তৎকার্য্য সম্পাদনে বিমুখ হই না। এই কারণে আমরা সকল ভাবে বেণীর হত্যাকারিদিগের দণ্ড হয়, সেই চেষ্টা করিয়াছিলাম। [illegible] বিপরীত ভাবে গ্রহণ করিলেন। তিনি আমাদিগকেই দোষী বোধ করিলেন। তাঁহার বিপরীত ভাবে গ্রহণ করিবার বিশেষ কারণ ছিল। [illegible] তাঁহার আবশ্যক হইয়াছিল। আর একজনের হাতে দায় চাপাইলে প্রকৃত দুর্ব্বৃত্তদিগকে রক্ষা করা সহজ হয়। তাঁহার অনেক কথা কত বলিব, প্রকৃত দুর্ব্বৃত্তদিগকে রক্ষা করিবার নিমিত্ত অনেক বিপরীত ঘটনা ঘটাইয়া নিরাপদদিগকে দায় জড়াইয়া দিবার চেষ্টা পাইয়াছিলেন। সে সকল কথা বাহুল্যে উল্লিখিত হইল। এবার প্রস্তাবটি দীর্ঘ হইয়া উঠিয়াছে।

উপসংহারে আর একটী কথা বলা আবশ্যক হইল, বিনোদ বাবুর ন্যায় ধার্ম্মিক পুলিশকর্ম্মচারী যোগ্য আর হইবে না। তিনি হত্যাকারিদিগকে গ্রেপ্তার করিবার চেষ্টা পাইয়া কেবল যে সংকর্ম্ম সাধনের ব্যতি ও সমাজের হিত করিয়া একবিধ মহোপকার সিদ্ধ করিয়াছেন, তাহা নয়, নির্দ্দোষ ব্যক্তিগণকে হত্যাদোষ নিক্ষেপ করিয়া অনন্তবিধ মহাপাপে লিপ্ত হইয়াছিলেন। "বরং শত অপরাধী মুক্ত হউক, কিন্তু একজন নিরপরাধ যেন দণ্ডিত না হয়" এই যথার্থ ধর্ম্মোপদেশ বাক্যের তাৎপর্য্য গ্রহণ করা ও তদনুসারে চলা বিনোদের সদৃশ লোকের পক্ষে সম্ভাবিত নয়।

ইংলণ্ডে ভারতবর্ষের কথা।

"যে যায় লঙ্কায় সেই হয় রাবণ।" এ প্রবাদ বাক্যটী নিরর্থক নয়। ইংরাজেরা যখন ইংলণ্ডে থাকেন, তখন তাঁহাদিগের ভাব ভঙ্গী দেখিলে ও বাক্য শুনিলে তাঁহাদিগকে নিরপেক্ষ বলিয়া বোধ হয় না। তাঁহাদের কথা শুনিয়া পূজা করিতে ইচ্ছা হয়। কিন্তু ঐ সকল ইংরাজ যখন ভারতে আসিয়া পড়েন, তাহাদের [illegible] কেমন বোধ, তাহাদের হৃদয়ের ভাব পরিবর্ত্তন হইয়া যায়। এখানে আসিলে বোধ হয় যেন সে ইংরাজ নয়। কেবলই সেইরূপ থাকে বটে; মনটী বদলিয়া যায়। [illegible] পণ্ডিতেরা অনেক কল কৌশল করিয়াছেন, তাহারা কি এমন একটী কল করিতে পারেন না যে ইংরাজ যেখানে থাকুন, তাঁহাদের মন বদলাইবে না। ইংলণ্ডের ইংরাজ ও ভারতের ইংরাজে যে প্রভেদ, তাহা দেখাইবার নিমিত্ত আমরা এই প্রস্তাবটী উদ্ধৃত করিলাম।

৮, এর বিপক্ষে আন্দোলনের অবলম্বিত প্রণালীর ভ্রম সম্বন্ধে ... জীবিত অবস্থায় বিচারার্থ তাহা এক জন ইংরাজ হইতেছে; ... উন টাউনহলে একটী সভা হয়। ঐ সভায় অনেক সম্ভ্রান্ত লোক উপস্থিত হইয়াছিলেন। এ দেশের যাঁহারা নগরে থাকেন তাঁহাদিগের মধ্যে অনেকে উপস্থিত হন। জে, এম্ বি, ফর্বস্ সি, সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। অনেকে বক্তৃতা করেন। তন্মধ্যে আমরা ফর্ব সাহেবের ও শ্রীযুক্ত লালমোহন ঘোষের বক্তৃতার অনুবাদ করিতেছি। ফর্ব সাহেব বলেন,—"আমরা আমাদের পূর্ব্ব দেশের সহিত ব্যবহারকালে কেবল যে কতকগুলি লোকদিগের স্বার্থানুসন্ধানার্থ এদেশে উপস্থিত হইয়াছি তাহা নহে, আমরা ভিন্ন দেশে যে বহু সংখ্যক ... উন্নত ... তাহাদের অভিভাবক স্বরূপ হইয়া থাকি। ব্যবহারকালে আমাদিগকে কিরূপ কষ্ট অনুভব করিতে হয় তাহা সম্পূর্ণরূপে বুঝিতে হইলে আমাদের বিবেচনীয় বিষয়ের সমুদায় অংশ দর্শন করা কর্ত্তব্য। ঐ বিল পাস হইলে ... যদি কোন ভারতবর্ষীয় প্রজা বুদ্ধি সহকারে পদে অধিষ্ঠিত হইতেন তাহা হইলে বড় ভাল হইত। কিন্তু ভারতবর্ষীয় প্রজাদিগকে পরিচিত করিয়া দিবার নিমিত্ত আসিয়াছি। অতএব আমাদের স্বদেশীয়দিগের তাঁহাদিগের কিছু করা কর্ত্তব্য। আপনারা অবগত আছেন যে বিপদের ভারতবর্ষীয় রাজনীতি লইয়া সকল আন্দোলন উপস্থিত হইয়াছে, আমি অনুমান করি সাধারণে এক্ষণে এই উৎকণ্ঠা প্রকাশ করা উচিত, ভারতবর্ষে ব্যবস্থা এরূপ হওয়া আবশ্যক যে, ভারতবর্ষে যে সকল ইংরাজ আছেন তাঁহাদিগের সহিত ভারতবাসীর আইনে তুল্যতা হওয়া আবশ্যক।"

অতঃপর তিনি ইংলণ্ডেশ্বরীর যে ঘোষণা বাক্যের উল্লেখ করিয়া সরকারে ভারত শাসন করা উচিত ... যে অঙ্গীকার, তাহার উল্লেখ করিলেন। ... বিল ও স্বায়ত্তশাসন প্রভৃতির প্রশংসা করিয়া উদারভাবে ভারত শাসন ইংলণ্ডেশ্বরীর যে অভিপ্রেত সে কথাও বলিলেন।

অনন্তর শ্রীযুক্ত লালমোহন ঘোষ একটী দীর্ঘ বক্তৃতা করেন। তিনি বক্তৃতার আরম্ভে ভারতের সহিত ইংরাজ জাতির যে সহানুভূতি আছে এবং কনসরবেটিব ও লিবরল উভয় দলেরই যে ভারতের প্রতি ন্যায় বিচারের ইচ্ছা ছিল তাহার উল্লেখ করিলেন। তাহার এই প্রমাণ দিলেন ইংলণ্ডেশ্বরীর যে ঘোষণা পত্রের কথা বলেন কনজারভেটিব দলের অগ্রণী লর্ড ডার্বি সেই ঘোষণাবাক্য রচনা করিয়াছিলেন। কিন্তু সম্প্রতি তাঁহাদিগের মধ্যে ... হইয়াছে। লর্ড ... তাহা প্রকাশ করিয়াছেন। লিবরল দলের বিষয়ে তিনি বলিলেন "ইংরাজ নূতন লোকের যে সকল অধিকার প্রতিনিধিদিগের ... ক্ষতি হয় তাহা কি আমাদের দোষে ঘটিয়াছে? ঐ ব্যক্তি ... সংবাদ করেন এবং যিনি উদারভাবে লক্ষ লক্ষ লোকের অনুরোধে ... বর্জন করেন, ভারতবর্ষীয় লোকেরা সেই ব্যক্তির প্রতি ও সেই দলের প্রতি কৃতজ্ঞ হইবেন এরূপ আশা করা যায় না।" "সার জেমস ষ্টিফেন্স অন্যায়রূপে সুস্পষ্ট কথা বলেন যখন ... একটী চীৎকার শব্দ উত্থিত হইল। এইস্থানে প্রমাণ হইতেছে ভারতবাসীর ... কথা শুনিলে সদাশয় ইংরাজেরা স্থির হইয়া থাকিতে পারেন না। তাহার পর তিনি যখন লিবরল দলের গুণ বর্ণন করিলেন তখন প্রশংসাবাদ উত্থিত হইল। তাহার পরে লিবরাল দলের অধিকার হইল। লর্ড রিপন ভারতে প্রেরিত হইলে ভারতবাসীর মনে যে এক উচ্চ আশা উদিত হয় এবং লর্ড রিপন উদারভাবে শাসন কার্য্য আরম্ভ করাতে সকলে আশ্বস্ত হন ইত্যাদি বহু বিষয়ের উল্লেখ করিলেন। বক্তৃতাকালে আমরা একটী চমৎকার অবস্থা দেখিলাম। যে যে স্থলে লালমোহন সেক্রেটারী ... ইভান্স প্রভৃতি প্রধান রাজপুরুষদিগের রাজকার্য্যের পক্ষপাতিতার কথা উল্লেখ করিয়াছেন সেই স্থলেই সভ্যগণ ছি ছি শব্দে ঘৃণা প্রদর্শন করিয়াছেন। আবার যে যে স্থলে লর্ড রিপন ও বিচারপতি ফিয়ার প্রভৃতির উদার বাক্যের উপন্যাস করিয়াছেন সেই সেই স্থলে সভ্যগণ আনন্দ প্রকাশ করিয়াছেন। এতদ্বারা এই প্রতিপন্ন হইতেছে ভারতবাসীর প্রতি যে কোন প্রকার অন্যায় ব্যবহার বা অত্যাচার হয় সাধারণে ইংলণ্ডের ইংরাজজাতির সে অভিমত নয়। ঐ সকল ইংরাজ ভারতবর্ষে আসিলেই ... হইয়া পড়েন। যাহাতে তাঁহারা ভারতে যথেচ্ছ ব্যবহার করিতে না পারেন তাহার উপায় করা আবশ্যক। সে উপায় সহজ নয়। বর্ত্তমান শাসন প্রণালীর পরিবর্ত্ত ও উদার শাসনপ্রণালীর প্রবর্ত্তন ব্যতিরেকে তাহা সম্পন্ন হইবার নহে। ভারতে ভাল শাসনপ্রণালী হওয়া চাই ও ভাল লোক চাই, ভাল লোক ব্যবস্থাপক চাই; এ সকলের সংঘটন হইলে তবে উন্নতির সম্ভাবনা আছে। ভারতের এক্ষণকার রাজকর্মচারীরা যে কেমন লোক এবং একের হাতে বিচার কারিতা ও কার্য্যনির্ব্বাহকারিতা উভয় ভার থাকাতে যে কিরূপ অনিষ্ট ঘটিতেছে তাহারও একটী উদাহরণ প্রদর্শন করিয়াছেন। চট্টগ্রামে ... সভাপতি ... সাহেব ... প্রস্তাব করেন। ... সভায় তাহার সংগতি হইয়া এইরূপ একজন সভ্য আপত্তিকারী হইলেন। তাহাতে উক্ত ইংরাজরাজপুরুষেরা আপনাদিগের মতের প্রতিবাদ সহ্য করিতে পারেন না। ঐ ব্যক্তির প্রতি ম্যাজিষ্ট্রেট ক্রুদ্ধ হইয়া তাঁহাকে নানা প্রকার কষ্ট দেন, শেষে কোনমতে তাহাকে বন্ধ করিয়া রাখিয়াছিলেন। ঐ দিবসের সভার যে ৩টী প্রধান আলোচনীয় বিষয় তাহা নিম্ন অবলম্বিত প্রস্তাব দ্বারা প্রকাশিত হইতেছে।

লালমোহন ঘোষ এই প্রস্তাব করিলেন ... বিলে ইউরোপীয় ও ভারতীয় উভয় জাতিরই তুল্যতা স্বীকৃত হইয়াছে। এ সভা অকপটহৃদয়ে এই বিলের অনুমোদন করিতেছেন, কিন্তু এই বিলের ... যে সংশোধন করা হইয়াছে তাহাতে এ নীতির বিনিয়োগ বিষয়ে ব্যাঘাত করিতেছে। অতএব সভা দুঃখিত হইয়াছেন। সভা এই আশা করেন ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ভারতীয় প্রজাদিগের প্রতি ন্যায়বান্ হইয়া সকল শ্রেণীর জুরি দ্বারা বিচার হইবার প্রথা প্রবর্তিত করুন। এবং এক ব্যক্তির হস্তে বিচারকার্য্যের ও কার্য্যনির্ব্বাহের ভার থাকাতে যে অবিচার হইতেছে তাহার নিবারণার্থ যাহাতে এক ব্যক্তির হস্তে উভয় ভার না থাকে তাহার উপায় বিধান করুন।

যদি মধ্যে মধ্যে এইরূপ সভা করিয়া এখানে আন্দোলন করা হয় এবং ভারতবাসী ইংরাজদিগের হইতে ভারতের যে সমস্ত অনিষ্ট ঘটিতেছে তাহা ইংলণ্ডের ইংরাজদিগের হৃদয়ঙ্গম করিয়া দেওয়া হয় তাহা হইলে অত্যাচারের ও অন্যায় ব্যবহারের নিবারণ হয় সন্দেহ নাই।

নজীর

১৮৮৩। ২১ মে।

কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি গার্থ ও বিচারপতি ম্যাকফার্সন।

আনন্দময়ী দেবী ও অন্য অন্য ব্যক্তি বাদী।

মদনমোহন চৌধুরী ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী।

তামাদি আইন (১৮৭১ র ৯ আইন) সিডিউল ১১, আর্টিকেল ১৩৩, ১৪৫, (১৮৭৭ র ১৫ আইন) সিডিউল ১১, আর্টিকেল ১৩৫, বন্ধকগ্রহীতার দখল।

যে স্থলে বন্ধকনামায় বন্ধক গ্রহীতার স্পষ্ট এরূপ কথা থাকিবে যে, নির্দ্দিষ্ট সময়ে বন্ধকদাতা টাকা পরিশোধ করিতে না পারিলে বন্ধক গ্রহীতা বন্ধকী ভূমি অধিকার করিয়া লইবেন, সে স্থলে যে সময়ে বন্ধক গ্রহীতার ভূমি অধিকার করিবার কথা থাকে, সেই অবধি তিনি ১২ বৎসর মধ্যে দখলের নালিশ করিতে পাইবেন, তাহার পর তামাদি হইয়া যাইবে। কিন্তু যেস্থলে

এরূপ কথা না থাকিলে, সেস্থলে সম্পত্তি দখল না হইলে বন্ধক গ্রহীতার অধিকার জন্মিবে না।

১২৬১ সালের ১১ ই ফাল্গুন কতক স্থাবর সম্পত্তির একটী লেখা পড়া হয়। তাহা দেখিলে বিক্রয় কবলা বলিয়া বোধ হয়, কিন্তু উভয় পক্ষের যে প্রকার কথাবার্ত্তা হয়, তাহাতে উহা কটকবলা বলিয়া স্থির হয়। এই কথা থাকে, ১২৬২ সালের বৈশাখ মাসে ঐ সমস্ত টাকা পরিশোধ করা হইবে। মাসিক ১ টাকা সুদ। ১২৬৩ সালে বাদিরা বয়বাত জারী করে। বয়বাত বৎসর অতীত হইলে বাদিরা ঐ সম্পত্তি দখল পাইবার নিমিত্ত মকদ্দমা উপস্থিত করে। কিন্তু বয়বাত জারির কার্য্য রীতিমত সম্পাদিত না হওয়াতে বাদিরা হারিয়া যায়। ১২৭৩ সালের ২৭ এ পৌষ বাদিরা পুনরায় বয়বাত জারি করিল। এক বৎসর অতীত হইয়া গেলে এই মকদ্দমা উপস্থিত করা হইয়াছে। প্রথম আদালত তামাদি ঘটনায় মকদ্দমা ডিসমিস করিয়া দেন। পরে আদালত বলেন, ১২৭৩ সাল হইতে তামাদি ঘটিয়াছে। সব জজের নিকটে আপীল হইলে তিনি ঐ আদেশ রদ রহিত করিয়া বাদীকে সম্পত্তি দখল করিবার অনুমতি দিলেন। হাইকোর্টে আপীল হইল, তথায় এই আপত্তির উত্থাপন করা হইল। ১২৬২ সালে টাকা পরিশোধ করিবার কথা ছিল। বন্ধকদাতা টাকা দিতে না পারাতে ১২৬৬ সালে বন্ধকগ্রহীতার সম্পত্তি দখল করিবার অধিকার জন্মে। কিন্তু দখল না করাতে ১২৭৮ সালে তামাদি ঘটনা হয়। অতএব তাহার পর বয়বাত জারিতে বাদীর স্বত্ব পুনরুজ্জীবিত হইতে পারে না।

বিচারপতি মার্কবি ও বিচারপতি মিত্র বিশ্বনাথ গঙ্গোপাধ্যায় ও মনসিংহ দাসের যে মকদ্দমা করেন, তাহা প্রমাণ দেওয়া হয়। উহার লেখা পড়াতে বিক্রয়ের কথা এবং নির্দ্দিষ্ট সময় অতীত হইলে বন্ধকগ্রহীতার দখল করিবার কথা ছিল। যে সময়ে দখল করিবার কথা থাকে সেই সময় হইতে গণনা করিয়া ১২ বৎসরের পরে বন্ধকগ্রহীতা মকদ্দমা উপস্থিত করিয়াছিলেন। এই নিমিত্ত তামাদি ঘটনায় তিনি মকদ্দমায় হারিয়া যান।

বিচারপতি পণ্টিফেক্স ও বিচারপতি ম্যাকডোনেল প্রাণকিশোর ঘোষ ও রাম মনোহর রাম ঘোষের যে মকদ্দমা করেন; তাহাতে বন্ধকদাতা নির্দ্দিষ্ট সময়ে টাকা দিতে না পারিলে বন্ধক গ্রহীতার ভূমি অধিকার করিয়া লইবার কথা ছিল। কিন্তু বন্ধক গ্রহীতা ভূমি অধিকার না করিয়া ভূমি অধিকার করিবার নির্দ্দিষ্ট সময় হইতে ১২ বৎসর [illegible] জারী করিয়া ১২ বৎসরের মধ্যেই মকদ্দমা উপস্থিত করিয়াছিলেন। অতএব তাহার মকদ্দমায় জয় হয়।

১৮৭৩। ১৫ ই আগষ্ট।

বিচারপতি মিত্র ও বিচারপতি টটেনহাম।

মধু পাড়ে ও অন্য অন্য ব্যক্তি বাদী।

কালী পাঁড়ে ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী।

তামাদি আইন (১৮৭১ সাল ৯ আইন) আর্টিকেল ১৪৮ পৌরোহিত্যাকার্য্যের স্বত্ব।

হিন্দুদিগের অশৌচ হইলে পৌরোহিত্যকার্য্য করিবার স্বত্ব স্থাবর সম্পত্তির মধ্যে গণ্য। একারণ ঐ স্বত্বের মকদ্দমা করিতে হইলে তাহা তামাদি আইনের ১৪৮ আর্টিকেল অনুসারে হইবে ১৪৫ আর্টিকেল অনুসারে হইবে না।

যজমানী বৃত্তির উদ্ধারার্থ এই মকদ্দমা উপস্থিত করা হয়। হিন্দুদিগের শ্রাদ্ধ বাটিতে কার্য্য করিবার স্বত্ব লইয়া এই মকদ্দমা। মুনসেফ বাদির অনুকূলে ডিক্রী দেন। কিন্তু আপীল আদালত ১৮৭১ সালের ৯ আইনের ১৪৫ আর্টিকেল অনুসারে উহার বিচার হইবে বিবেচনা করিয়া মুনসেফের রায় রদ করেন। আপীল হইলে হাইকোর্ট প্রথম আদালতের রায়ই স্থির রাখিয়া ১৪৮ আর্টিকেল অনুসারে বিবেচিত হইবে বলিয়া নিষ্পত্তি করেন।

ইউরোপীয় সমাচার।

কায়রো ২৩ এ এপ্রেল। গুণদান হইতে অত্যন্ত দুঃসংবাদ আসিয়াছে। আবিসিনিয়ার রাজা সৈন্যসহ তথায় আসিতেছেন। মিসরেরা আক্রমণ করিতে না পারে, এ জন্য ইংলণ্ডেশ্বরীর প্রতিনিধি ও তেজস্বী সেনাপতি সকল সুরক্ষিত স্থানে প্রস্তুত হইয়া রহিল।

আলেকজাণ্ড্রিয়া ২৫ এ এপ্রেল। মাক্কা অবধি লেজুস পর্য্যন্ত স্থানের যে সকল জাহাজ তীরে আসিবে, পাছে, তাহা হইতে পীড়ার প্রাদুর্ভাব হয়, এই শঙ্কায় মিসরের স্বাস্থ্যকমিশন এই আদেশ দিয়াছেন যে ঐ সকল জাহাজ তীরে উপনীত হইতে না পারে।

লণ্ডন ২৭ এ এপ্রেল। গুজব রটিয়াছিল বিদ্রোহীরা সৈন্য প্রাপ্ত হইবে, কিন্তু সে সংবাদটি সত্য নহে। টর্কীশ গবর্ণমেণ্ট মন্টিনিগ্রো গবর্ণমেণ্টের পক্ষে প্রস্তুত হইয়া রহিয়াছেন আর বিপুল বিদ্রোহ দমনার্থ সৈন্য প্রেরণ করা হইতেছে।

কয়রো ২৭ এ এপ্রেল। খেদিবের শাসনকর্তা সমস্ত পরিত্যাগ করিতে আরম্ভ করিয়াছেন। মহারাণীর উত্তরাধিকারিতা ও দুর্গের অধিকার সৈন্য নিযুক্তদিগের সহিত মিলিত হইয়াছে।

লণ্ডন ২৮ এ এপ্রেল। জাপানের রাজবিদ্রোহের যে বিচার হইয়াছিল তাহার অনুসন্ধানে প্রকাশ হইয়াছে বিদ্রোহের একটী লক্ষ্য ছিল। বাদিকের দলের কতকগুলি লোক গ্রেপ্তার হইয়াছে।

লণ্ডন ২৯ এ এপ্রেল। মিসরের রাজস্ব সম্বন্ধে যে মন্ত্রণা করিবার প্রস্তাব হয় ফরাসী গবর্ণমেণ্ট তাহাতে আপত্তি উত্থাপন করিয়া বলিয়াছেন মিসর সংক্রান্ত রাজকীয় বিষয়ের আলোচনা করা কর্ত্তব্য।

কায়রো ২৯ এ এপ্রেল। ঐকমত্য হওয়ায় খেদিবের রাজস্ব বিষয়ে আলোকনাদি হইবার আদেশ হইয়াছে। নিম্নভাগে অবস্থিত সৈন্যাদিগের সাহায্য করিবে।

লণ্ডন ৩০ এ এপ্রেল। রুমেলিয়া নামক জাহাজ ধ্বংস পরিত্যাগ করিয়া ৩০ জন সৈনিক পুরুষের জন্য আক্রান্ত হয়। উহার মধ্যে ৩ জনের মৃত্যু হইয়াছে।

বিটিশ গবর্ণমেণ্ট মিসরের রাজস্ব সম্বন্ধে যে মন্ত্রণা করিবার প্রস্তাব করেন সকলেই তাঁহার তাহাতে সম্মত হইয়াছেন। ফরাসী গবর্ণমেণ্ট বলিয়াছেন "মিসর সংক্রান্ত সমুদায় বিষয়ের আলোচনা করা আবশ্যক।

লণ্ডন ১ লা মে। কমন্স সভা সমুদায় কমিবার আইনের পাণ্ডুলেখ্য বুঝে নিক্ষেপ করিয়াছেন।

ক্যানেডা হইতে সংবাদ আসিয়াছে উৎকটোর পার্লামেণ্ট সভা গৃহের নিকট অনেক দাহ্য পদার্থ দৃষ্ট হয়। তজ্জন্য লোকেরা অতিশয় চঞ্চল হইয়াছে।

ডার্মষ্টাড ৩০ এ এপ্রেল। ব্যাটেনবর্গের রাজকুমার লুইসের সহিত হেসি ডারমষ্টাডের রাজকুমারী ভিক্টোরিয়ার অদ্য বিবাহ কার্য্য সম্পন্ন হইয়াছে। ইংলণ্ডেশ্বরী প্রিন্স অব ওয়েলস, তাঁহার স্ত্রী এবং পরিবারবর্গ ও প্রুশীয় রাজকুমার এবং তাঁহার স্ত্রী উৎসবে উপস্থিত ছিলেন। আলবানির ডিউকের মৃত্যুনিবন্ধন ইংলণ্ডেশ্বরী ভোজে উপস্থিত হন নাই।

কায়রো ৩০ এ এপ্রেল। খার্টুমের শাসনকর্ত্তা এখন নগর রক্ষা করিতেছেন। কিন্তু তিনি পুনরায় সাহায্য প্রার্থনা করিয়াছেন।

মার্কুইস সেঙ্গকে আনামের রাজধানী হইতে চীন মন্ত্রি পারিসে লিখিয়াছেন। এই বিষয়ে সর্ব্বত্র অনুমান করিতেছেন, চীনে সাম্রাজ্যিক কার্য্যই উদ্দেশ্য।

বিবিধ সংবাদ।

মন্দ্রাজের একখানি সংবাদ পত্রে প্রকাশিত হইয়াছে, তাঞ্জোরের কালেক্টর মহাশয়ের চাপরাসী পাওয়ারদারের নামে এক ব্যক্তি চন্দ্রবাটী মন্দিরের ও তাহার বাটীতে ডাকাইতি করিবার উপদেশ দেওয়া অপরাধে হজরত মাজিষ্ট্রেটের নিকট অভিযোগ করে। মাজিষ্ট্রেট বিচারে তাঁহাকে দায়রা সোপর্দ্দ করেন। জিলা জজ সেসন জজ মাক্ওয়েল সাহেব তাঁহাকে মুক্তি দেন। কিন্তু মাজিষ্ট্রেট ইহাতে অসন্তুষ্ট হইয়া গবর্ণমেণ্টের নিকট সেসন জজের রায়ের বিরুদ্ধে আপীল করিলেন। গবর্ণমেণ্টের অনুরোধে হাইকোর্টের বিচারপতির হস্তে উক্ত মকদ্দমার বিচার ভার নিক্ষেপ করেন। জষ্টিস কার্ণান ও মধুস্বামী বিচার করেন। কার্ণান সাহেবের মত দেওয়া এবং মধুস্বামীর ছাড়িয়া দেওয়া মত হইয়াছে।

আমরা শুনিলাম কলিকাতার এগ্রিকল্চারাল ব্যাঙ্ক ফেল হইয়াছে। ইহার কর্তৃপক্ষেরা টাকা ফিরিয়া দেওয়া বন্ধ করিয়াছেন।

ভারতবর্ষীয় যুবকদিগের বিদ্যাশিক্ষার সাহায্য

সার্ রোবর্টের কনষ্টান্টিনোপলবাসী 'পুরুষ ও স্ত্রীদিগের জন্য আমেরিকানদিগের' নামে একটী স্কুল খুলিয়াছেন। তাঁহারা ভারতবাসী আগাতে এই মহৎকার্য্যে যোগদান করেন, তজ্জন্য তাঁহার সহধর্ম্মিণী অনেক সংবাদপত্রে একটী ক্রোড়পত্র প্রকাশ করিয়াছেন। যাঁহার যেরূপ মাসিক আয়, তিনি সেই হিসাবে টাকার প্রতি ন্যূনকল্পে দুই পয়সা দেন, এই তাঁহাদিগের ইচ্ছা। এরূপ সাহায্য করিলে কাহারও কষ্ট হইবার সম্ভাবনা নাই অথচ এই মহৎ উদ্দেশ্য সম্পন্ন হইবে। এ-ভারত জেলায় যুবক ৪০,০০০ হাজার লোক মাসিক শতে এক টাকার হিসাবে চাঁদা দিলে প্রচুর অর্থ সংগৃহীত হইতে পারিবে। যাঁহারা নিয়মিতরূপে মাসে মাসে চাঁদা দিবেন, তাঁহাদিগের আত্ম পুত্র অথবা কোন পিতৃহীন আত্মীয় বালক বিদ্যা শিক্ষার্থ ভারতবর্ষের কোন বিদ্যালয়ে অধ্যয়ন করিলে অথবা অধ্যয়নার্থ বিদেশে গমন করিলে এই ফণ্ড তাহার খরচার ভার গ্রহণ করিবে। একজন দাতা একটীর অধিক বালকের খরচার দাবীর অনুরোধ করিতে পারিবেন না। এই মহৎ কার্য্য সম্পন্ন করিবার জন্য যে সভা হইয়াছে, সেই সভা সংগৃহীত অর্থ দ্বারা ভারতবর্ষীয় হিন্দু, মুসলমান, পার্সি ও খ্রীষ্টান এই চারি জাতীয় চারিটী বালককে বিদ্যা শিক্ষার খরচ দিবেন স্থির করিয়াছেন।

একজন ফরাসী পণ্ডিত গণনা করিয়া বুঝিয়াছেন ইটালী, রুসিয়া ও স্কটলণ্ডে হাজার করা ৫ জন, সুইজরলণ্ড, নরওয়ে, হাঙ্গেরি ও হলণ্ডে শত করা ১০ জন; তদ্ব্যতীত ইউরোপের অপরাপর স্থানে শত করা ২৮ জন পুরুষ স্ত্রী পরিত্যাগ করে, অথবা স্ত্রী কর্তৃক পরিত্যক্ত হয়। আত্মহত্যার সংখ্যাও ঐরূপ। ডেনমার্ক ও স্যাক্সনির লোকদিগের চরিত্রদোষ অত্যন্ত প্রবল। গণনাকারক বলিয়াছেন, যেখানে স্বামী স্ত্রীর অপেক্ষা ৫ হইতে ২৫ বৎসর পর্য্যন্ত বড়ো ছোট, সেইখানে হাজার করা ১৮৫ জন রমণী স্বামী পরিত্যাগ করে ও স্বামিকর্তৃক পরিত্যক্ত হয়।

মদ্যপানে বিলাতবাসীর যে কত অর্থ ব্যয় হয়, হজ্‌সন সাহেব তাহা গণনা করিয়া দেখাইয়াছেন। ১৮৮৩ অব্দে তথায় ১২৫০½ লক্ষ ষ্টার্লিং মূল্যের মদ্য বিক্রয় হইয়াছে, মদের অপকারিতা লোকে যত বুঝিতেছে, মদ্যপায়ীর সংখ্যা তত হ্রাস হইতেছে। প্রতি বৎসরই লোকসংখ্যা বৃদ্ধি হইতেছে, তথাপি ১৮৭৬ অব্দ হইতে বর্ষে বর্ষে ১০ লক্ষ ৫০ হাজার ষ্টার্লিং মূল্যের মদ্য বিক্রয় হ্রাস হইয়া আসিতেছে। ১৮৭৬ অব্দে তথায় ১৪৭০½ লক্ষ ষ্টার্লিং মূল্যের মদ্য বিক্রয় হইয়াছিল। বিলাতে প্রতি বর্ষে ১০০০ লক্ষ গ্যালন বিয়ার ও ৩৭০ লক্ষ গ্যালন স্পিরিট প্রস্তুত হইয়াছে। ১৮৬০ অব্দে সুরাপানের অত্যাচারে, অস্ট্রিয়া মধ্যে ২০,০০০ জন মারা যায়। ৮৪০০০ লোক মত্ত হইয়া মারামারি করিয়া অভিযুক্ত হয় এবং ৭০০০ লোক সংসার ত্যাগ করিয়া চলিয়া যায়। এতদ্ব্যতীত ২১০০০ রমণী মদ্যপানে মত্ত হইয়া কুকর্ম্ম করাতে কারাবদ্ধ হয়। যে সকল রমণী চুরি করিয়া কোনরূপ টাকে অবস্থায় স্থান করে না, অনূন ৫০০০ রমণী প্রত্যেক বর্ষে সেরূপ থাকে। ১৮৬০ অব্দে তথায় ভিক্ষুকের সংখ্যা ৫০,১০ লক্ষ ছিল, এক্ষণে ৮০ লক্ষ হইয়াছে। তৎকালে পাগলের সংখ্যা যত ছিল, এক্ষণে তদপেক্ষা দ্বিগুণ বৃদ্ধি হইয়াছে।

মানুষ যত সভ্য হইতেছে, নিষ্ঠুরতা ততই বৃদ্ধি পাইতেছে। আজ কাল ডাইনামাইট নামে যে নূতন দাহ্যপদার্থ আবিষ্কৃত হইয়াছে, আমেরিকার ডাইনামাইট সভা নিউইয়র্কের অন্তর্গত ব্রুকলিনে উহা কিরূপে প্রস্তুত করিতে হয় ও কিরূপেই বা ছুড়িতে হয় যুবকদিগকে শিক্ষা দিবার জন্য একটী বিদ্যালয় স্থাপনে উদ্যোগী হইয়াছেন। এই সভার সভাপতি বলিয়াছেন অর্দ্ধ সের ডাইনামাইট প্রস্তুত করিতে ৬০ সেণ্ট ব্যয় হয়। এই অর্দ্ধ সেরে পার্লিয়ামেণ্ট সভা উড়াইয়া দেওয়া যায়। উপযুক্ত মূলধন সংগৃহীত হইলে তাঁহারা আমি উইণ্ডসার দুর্গ ও ওয়েষ্টমিনিষ্টার এবি ভগ্ন করিয়া দিবেন। সে যে কি এই সভ্যতার ফল হইল।

বোম্বাইয়ের একখানি সমাচার পত্রে দেখা গেল একটী হিন্দু বিধবার আত্মীয়বর্গ তাহার মস্তকের কেশ মূল হইতে উৎপাটন করিয়া দিয়াছে। স্ত্রীলোকটী মস্তকের অত্যন্ত নিরুদ্ধ অতিশয় যাতনা পায়। মূর্খেরা অনেক কাণ্ড দেখাইয়া থাকে। এদেশের অনেক হিন্দুরা বৈধব্য ঘটনার পর মস্তক মুণ্ডন করিয়া থাকেন; কিন্তু এমন দুষ্টবুদ্ধি দয়ালু কাহারও কথা অবগত কখন শুনি নাই।

পুলিসের বর্ত্তমান বন্দোবস্তে খুন ও ডাকাইতির সবিশেষ শ্রীবৃদ্ধি হইয়াছে। ইহার পরিচয় বার বার দেশে দেশে রক্ষা হওয়া ভার দেখিতেছি। ১৫ই বৈশাখ মঙ্গলবার রাত্রিতে জাহানাবাদের থানা রেলওয়ের উত্তর পূর্ব্ব দেড় ক্রোশ অন্তরে এক মুসলমানের বাটীতে ডাকাইতি হইয়া গিয়াছে। আমরা শুনিলাম গৃহস্থ মুসলমান তিন জন ডাকাইতকে আহত করিয়াছে। যদি ডাকাইতদিগের আঘাত হইয়া থাকে, ধরা পড়িবার বিলক্ষণ সম্ভাবনা। শুনিলাম উহাদিগকে সন্নিকটে আহত ডাকাইতদিগের মধ্যে একজন মৃত হইয়াছে। ডাকাইতেরা কিছুই লইয়া যাইতে পারে নাই। গৃহস্থ মুসলমান অভিশয় সাহসিকতা প্রকাশ করিয়াছে। সে তরবারি হস্তে লইয়া কবাটের অন্তরালে দাঁড়াইয়া ছিল। ডাকাইতেরা কবাটের খিল ঘা ভাঙ্গিয়া ফেলিয়া সেই স্থান দিয়া যেমন প্রবেশ করিবে, মুসলমান অমনি তাহাদিগকে তরবারি আঘাত করে। এইরূপে ২।৩ জন আহত হয়। ডাকাইতেরা ভয়ে পলায়ন করে। এক জন জাহানাবাদে সত্বরই পুলিস নিয়োজিত করা কর্ত্তব্য। চুরি ও ডাকাইতি হইলে চোর ও ডাকাইত ধরা কেবল যে উচ্চতর কর্ম্মচারী কর্ত্তব্য এরূপ নয়, যেখানে যে দারোগা আছে এবং দারোগারা তৎপর হইয়া যে যে কার্য্য করে, অনুসন্ধানী পুলিস তাহারও অনুসন্ধান করিবেন। এরূপ ব্যবস্থা না হইলে দেশের শান্তি রক্ষা হওয়া কঠিন। এ সম্বন্ধে কিছু কিছু নূতন আইন করাও কর্ত্তব্য।

জাপানের যুবতীগণের কুড়ি বৎসর বয়ঃক্রম না হইলে বিবাহ হইবার নিয়ম নাই। বিবাহের পর যুবতীদিগকে অঙ্গশুদ্ধ ও দন্ত কৃষ্ণবর্ণ করিতে হয়। জাপানে স্ত্রী ও পুরুষ বিবস্ত্র হইয়া একত্র স্নান করে। যেরূপ হউক, লোকোক্ত বাক্যটী সত্য নয়। শুনিতে পাওয়া যায়, জাপানবাসিরা অনেক উন্নত হইয়া উঠিয়াছে। যখন জাপানবাসিরা অসভ্য অবস্থাপন্ন ছিল, বিবস্ত্র হইয়া স্নান করিবার প্রথা বোধ হয় সেই সময়েই হইবে।

কেরাসিন তৈল অধিকতর সুলভ মূল্যে পাইবার চেষ্টা হইতেছে। যে সকল খনি হইতে কেরোসিন তৈল উঠে, তাহা কিছুতেই শুষ্ক হয় না। একবার সমস্ত তৈল উঠাইয়া লইলে ক্রমে ক্রমে পুনর্ব্বার সেই খনি তৈলে পূর্ণ হয়। তৈল সহজে পাওয়া যায় বলিয়া মূল্য যেমন সুলভ আর যায় তেমনি কম হইলে তৈল আরও অধিক পরিমাণে বিক্রয় হইতে পারে বলিয়া বাকুর ব্যবসায়ীরা ইউরোপ ও আসিয়ার বন্দর সমূহের সহিত, কাস্পিয়ান তৈলের খনি নল দ্বারা সংযুক্ত করিতে অভিলাষী হইয়াছেন। আপাততঃ বাকু হইতে বাটোম ৫৬০ মাইল একটী নল বসাইবার কল্পনা স্থির হইয়াছে। বাকু হইতে বুনাদার ১২০০ মাইল দূর। এখানেও নল বসান হইবে। ক্রমে ইউরোপের অন্যান্য স্থানে ও আসিয়ায় নল বসাইয়া তৈল আনা হইবে; সুতরাং অল্প ব্যয়ে লোকে তৈল পাইবে ও অধিক পরিমাণে ক্রয় করিবে।

কাছাড়ে একটী লোমহর্ষণ শোচনীয় ব্যাপার অভিনয় হইয়া গিয়াছে। ৩০এ এপ্রেল শিবসাগর হইতে তারযোগে সংবাদ আসিয়াছে, হুগাং নামক স্থানে একজন কুলিকে খোরাপ করা হয়। উহারা সন্ধ্যাকালে মুসলমান স্থানে উপনীত হইয়াছিল। এই কুলিদিগের সহিত একটী যুবতী রমণী ছিল। সি, ওয়েব নামে কোম্পানীর

একজন স্ত্রীলোকী রমণীকে দেখিয়া মুগ্ধ হন। তিনি সাজিটে কুলিদিগকে অভিপ্রায় বলিলে যে বাধ্য ঐ রমণীকে নিজ প্রকোষ্ঠে লইয়া যাইবার জন্য পথ দেন, কিন্তু রমণী কিছুতেই টাকার প্রলোভনে মুগ্ধ হইল না। তখন সাহেব অগত্যা বলপূর্ব্বক রমণীকে নিজ প্রকোষ্ঠে লইয়া যাইবার উদ্যোগ করিতে লাগিলেন, রমণীর স্বামী প্রাণপণে বাধা দিয়াছিল; কিন্তু সাহেব তাহা অগ্রাহ্য করিয়া তাহার পত্নীকে লইয়া গেলেন। রমণী সমস্ত রাত্রি চীৎকার করিয়াছিল। পর দিন প্রাতঃকালে তাহার উদরদেশে ভয়ানক বেদনা হয়, সে যাতনা প্রকাশ করিতে থাকে। তাহার স্বামী উপনীত হইলে রমণী প্রাণত্যাগ করিয়াছে। এই মকদ্দমা কোর্টের ডেপুটী কমিশনরের নিকট উপস্থিত হইয়াছে পুলিস একটু মনোযোগ করিলে হয়! আসামে যাহারা কুলি হইয়া যাইতে থাকিবে, এই সকল ঘটনা তাহাদিগকে বিদিত করা কর্ত্তব্য।

ভারতবর্ষ হইতে ইংলণ্ডে যে সকল মুদ্রা প্রেরিত হয়, তাহার বাটায় বিস্তর ক্ষতি হইতেছে। গবর্ণমেণ্ট এতদ্বিষয়ের উপায় নির্দ্ধারণে অভিলাষী হইয়াছেন। তাঁহারা মস্তর বেঁকে, কুক ও কতকগুলি বণিকের সাক্ষ্য গ্রহণ করিয়াছেন। কুক সাহেব বলিয়াছেন, বাটায় বর্ষ বর্ষে ৪০০০০০০০ টাকা ক্ষতি হইয়া থাকে। মুদ্রা না পাঠাইয়া বরাবর হুণ্ডীতে টাকা পাঠাইলে কি এ ক্ষতির হস্ত হইতে উদ্ধার পাওয়া যায় না?

কে সাহেব ভারতবর্ষের "অর্থ লুঠ" এই প্রস্তাব লইয়া নাইণ্টিস্থ সেঞ্চুরি নামক সাময়িক পত্রিকায় আর একখানি পত্র প্রকাশ করিয়াছেন। তাহাতে তিনি বলিয়াছেন যে ইংলণ্ডে এক্ষণে ১২০০০ হাজার পেন্সন ভোগী সিবিলিয়ান আছেন। তাঁহারা প্রতি বর্ষে ভারতবর্ষীয় ধনাগার হইতে ৯০০,০০,০০০ টাকা বৃত্তি গ্রহণ করিয়া থাকেন। ষ্টেটস্‌ম্যান সম্পাদক ইহার প্রতিবাদ করিয়া বলিয়াছেন যে, কে সাহেব অতিবর্ণনে অনেক পরিপূর্ণ করিয়াছেন। টাকার অঙ্ক ঠিক না হইলে না হইতে পারে, কিন্তু ভারতের অর্থ কত প্রকারে যে ইংলণ্ডের উদর পূরণ করিতেছে, এতদ্দ্বারা তাহা সুন্দররূপে প্রমাণ হইতেছে।

য়োবরার খাঁ আপনাকে পেশবর বলিয়া প্রচার করিয়াছেন। তিনি খানাজি নামক স্থানে বিদ্রোহোত্তেজনার চেষ্টা পাইতেছেন। তাঁহাকে দমন করিবার জন্য সৈন্য প্রেরণ করা হইয়াছে।

জরমানী বৈজ্ঞানিক এম, প টার বলিয়াছেন, কুক্কুরকে টীকা দিলে তাহার বিষ হ্রাস হয়। তিনি পরীক্ষা করিয়া দেখিয়াছেন টীকা দেওয়া কুক্কুরে দংশন করিলে জলাতঙ্ক রোগ হয় না। কিন্তু কুক্কুরের যে পরিমাণ বিষ, টীকার দ্বিগুণ সেই পরিমাণ হওয়া আবশ্যক। এটী পরীক্ষা করিয়া দেখা কর্ত্তব্য। কুক্কুর দংশনে বর্ষে বর্ষে যেরূপ লোকের মৃত্যু হইয়া থাকে, এই সহজ উপায়ে যদি তাহার নিবারণ হয় দেশের একটী বিশেষ মঙ্গল হইবে।

আকাবামা, টেক্সাস, ওহিও ও ইণ্ডিয়ানা নামক স্থানে ভয়ানক ঝড় হইয়া গিয়াছে। লোকের বিস্তর সম্পত্তি নষ্ট এবং ৩০ জন লোক হত ও এক শত লোক আহত হইয়াছে।

আয়র্লণ্ডবাসীরা অদ্যাপি ভীষণতার পরিশ্রমণ করে নাই। ইহারা নানা স্থানে চক্রান্ত, ষড়যন্ত্র ও বিদ্রোহের পরামর্শ করিতেছে। হোম গবর্ণমেণ্ট আপনাদিগের অধীনে ছদ্মবেশী পুলিস প্রভৃতি রাখিয়া চক্রান্তকারিদিগকে ধরিবার চেষ্টা পাইতেছেন; তথাপি তাহারা দ্বিগুণ উৎসাহ সহকারে কাজ করিতেছে, তাহা স্থগিত হওয়া দূরে থাকুক এককালে বৃদ্ধি, রেলওয়ে ষ্টেশন ও ডাকঘর ইত্যাদি দ্বারা অট্টালিকা সমভূম করিয়া দেওয়া প্রভৃতি অপরাধে মাউণ্ট জয় নামক স্থানে অনেকগুলি আইনওয়ালা কারারুদ্ধ আছে। ইহাদিগকে উদ্ধার করিবার জন্য এক প্রকার যন্ত্র প্রস্তুত করা হইয়াছিল। কথা প্রকাশ হওয়াতে স্থির হয়, কিন্তু অদ্য কথা প্রকাশিত হওয়াতে চক্রান্তকারিদিগের উদ্দেশ্য সফল হয় নাই।

ভিক্টোরিয়া প্রদেশের পশ্চিম ডার্টিমুর নামক স্থানের একজন ম্যাকডোনাল্ড নামক এক ব্যক্তি সর্পবিষ নাশক একটী উদ্ভিজ্জ ঔষধের আবিষ্কার করিয়াছেন। উহার ইগুয়ানা নামক নকুলের ন্যায় এক প্রকার জন্তু আছে। একদা একটী ইগুয়ানার সহিত একটী বৃহৎ সর্পের যুদ্ধ হয়। সর্পটি যখনই এই জন্তুকে দংশন করে, এ জন্তু তখনই এক প্রকার ক্ষুদ্র বৃক্ষের নিকট দৌড়িয়া গিয়া কামড়াইয়া আসিয়া পুনর্ব্বার তাহাকে আক্রমণ করিতে লাগিল, অতঃপর দুই তিন বারের পর সর্পটী মারা পড়িল। জন্তুটি চলিয়া গেলে ম্যাকডোনাল্ড সেই বৃক্ষ তুলিয়া আনেন এবং তাহাতে ইগুয়ানার দংশনের চিহ্ন দেখিতে পান। তৎপরে তিনি সেইরূপ আর কয়েকটী গাছ লইয়া রোপণ করাতে প্রায় অল্প দিনের মধ্যে বাড়িয়া উঠে। পরীক্ষার্থ তিনি ম্যাকপার্সন নামক এক ব্যক্তিকে একটী বৃহৎ সর্পের নিকট রাখেন। সর্পটী তাহার পশ্চাৎ ভাগে যেমন দংশন করিল অমনি সমস্ত জেমসন সর্পটীর প্রাণসংহার করিল। অনন্তর সর্পটিকে বাঁচাইবার জন্য ম্যাকডোনাল্ড সাহেব সেই রস একটু খাওয়াইলেন এবং তাহার ক্ষতস্থানে লাগাইয়া দিলেন। পাঁচ মিনিট পরেই ঈশানসম্ভূত পুষ্পের ন্যায় সজাগ হইল। তাহার সম্পূর্ণ আরোগ্য হইতে পাঁচ দিন লাগিয়াছিল। এই বৃক্ষের মূল্য ও গুণ মেলবোর্ণের পরীক্ষার নিমিত্ত প্রেরিত হইয়াছে।

ডাক্তার জাব ই, ডিকিন্সন বিলাতের একখানি পত্রিকাতে লিখিয়াছেন হোমিওপ্যাথিক চিকিৎসায় প্রসিদ্ধ রুশিয়ার হানিম্যান সাহেব ১৮৩১ অব্দে এসিয়াটিক ওলাউঠা সম্বন্ধে একখানি ক্ষুদ্র পুস্তক লিখিয়াছিলেন। তিনি বলেন এক প্রকার কীটাণু হইতে এই সাংঘাতিক পীড়া সংক্রামিত হয়। ইহা চক্ষু সূক্ষ্ম যে মানবচক্ষের দৃষ্ট হয় না। কর্পূরই এই কীটাণুর একমাত্র ঔষধ। তিনি কেবল কর্পূর সেবন করাইয়া ইউরোপের যে যে স্থানে প্রবল ওলাউঠা হইয়াছে সেই সেই স্থানের ওলাউঠার শান্তি করিয়াছেন। ওলাউঠাক্রান্ত লোকদিগকে পাঁচ মিনিট অন্তর কর্পূরের তীব্র আরক এক এক ফোঁটা খাওয়াইলে ও শরীরে মর্দন করিলে এবং দুই চামচা কর্পূরের আরক অর্দ্ধ বোতল গরম জলে মিশ্রিত করিয়া পিচকারি করিলে ইহার শান্তি হয়। অগ্নিতে লোহপাত্র বসাইয়া তাহাতে কর্পূর ফেলিয়া দিয়া ঘরে কর্পূরের গন্ধ করা আবশ্যক।

নিম্ন লিখিত ব্যক্তিগণ বিলাতের সিবিল সার্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। এম, পি, কালিগাউ ভারতবর্ষীয় সিবিল সার্ভিসের জন্য বালিয়ল কলেজে অধ্যয়ন করিতেছেন। তিনি সংস্কৃত ভাষায় পরীক্ষায় উত্তীর্ণ হওয়াতে বোডেনের বৃত্তি প্রাপ্ত হইয়াছেন। লোকেকনাথ ঘোষ কলেজের পরীক্ষায় দ্বিতীয় হইয়াছেন।

নিম্নলিখিত ব্যক্তিগণ বিলাত গমন এবং বিলাত হইতে ভারতবর্ষে আগমন করিয়াছেন—মিঃ লেটের প্যারিলাল লাল এবং বেরিলির অন্তর্গত ফতিনপুরের রিসালদার উপনীত হইয়াছেন।

শ্রীযুক্ত এ, মিত্র ও আর, সি দত্ত এডিনবর্গ বিশ্ববিদ্যালয় হইতে এম্‌, আর, সি. পি. পরীক্ষায় উত্তীর্ণ হইয়া আসিয়াছেন।

১০ এ বৈশাখ, বুধবার রাত্রিতে কোন্নগর গ্রামের মতিলাল আউটের গৃহে সিঁদ দিয়া সোনা রূপার অলঙ্কার ও থালা বাসন আদি অনেকগুলি জিনিস চুরি করিয়া লইয়া গিয়াছে। অন্য পর পুলিস বিশেষ তদন্ত করাতে ঐ গ্রামের কয়েক জন দুষ্টলোকের বাটী হইতে কতক কতক অপহৃত দ্রব্য বাহির হইয়াছে। ৩১

বারুর ও আমুদে আহ্লাদে আছেই, আজ কাল কিছু বেশী বেশী হইয়াছে। কাহারো কথা শুনিলে লোকের বাক্সের চাবি আপনা হইতে খুলিয়া যায়। বোম্বাইয়ে যে মেলা হইবার কথা হইয়াছে, তাহার

[illegible] ... টাকা লাভ করিতে পারিবে। [illegible] দের পর্য্যন্ত চতুর্থ অংশের দাবী হইয়াছে।

আবার মিশরে ভারতবর্ষীয় সৈন্য পাঠাইবার কথা হইতেছে। সেনাগণ বলিয়া যাইতেছে, এখানে ইচ্ছা সেইখানে যাউক, তাহাতে ক্ষতি নাই। ভারতবাসির স্কন্ধে ব্যয় চাপান হয়, এইটিই বড় দুঃখের কথা। এবার শুনিতেছি, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট না কি খরচ দিবেন না। কথা কি রক্ষা পাইবে? আমাদের ত মনে হয় কাজের সময়ে মন্ত্রিবর্গ অন্যরূপ বলিয়া এ কথা উড়াইয়া দিবেন।

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, গোপালচন্দ্র দাস, রসিকলাল দত্ত ও বহুবাজারী [illegible] [illegible] হইয়াছেন।

মানুষের স্বভাব যে কেমন অদ্ভুত, নিম্নলিখিত সংবাদটী পাঠ করিলে তাহা বুঝিতে পারিবেন। একটী স্ত্রীলোক ভিক্ষা করিয়া বেড়াইত। তাহার বয়স ষাটি বৎসর হইবে। তাহার কিছু জমী ছিল। তাহাতে চইখান ঘর [illegible]। তাহার ৮ টাকা ভাড়া পাইত। একদা পাড়ার কতকগুলি লোকে তাহাকে এই বলিয়া ভয় দেখাইল, তোমার সম্পত্তি আছে, অথচ তুমি ভিক্ষা করিয়া বেড়াও, পুলিসে তোমাকে ধরিয়া লইয়া যাইবে। বুড়া ঐ কথা শুনিয়া ভয়ে দুই পয়সার আফিঙ খাইয়া প্রাণত্যাগ করিয়াছে।

মালেরের থানার যে মকদ্দমা হয়, তাহাতে কতকগুলি মুসলমান হিন্দুদিগের বিপক্ষে [illegible] হাইকোর্টের আদেশ ক্রমে তাহারা মুক্ত হইয়াছে। আগামী ১০ ই মে মালেরের ম্যাজিষ্ট্রেটের নিকট ইহার বিচার হইবে, কিন্তু এই মকদ্দমা মালের হইতে যাহাতে কোইম্বাটুরের কালেক্টরের নিকট বিচারার্থ প্রেরণ করা হয়, হিন্দুরা তজ্জন্য আবেদন করিয়াছেন।

কাবুলের আমীর স্থির হইতে পারিতেছেন না। তিনি পরস্থানা খাঁর উপর কাবুল শাসনের ভার দিয়া স্বয়ং হিরাট ও কান্দাহারের শাসনকার্য্য [illegible] যাইতেছেন। পরস্থানা খাঁ [illegible] সৌভাগ্যে দিয়াছিলেন, কিন্তু কোন ফলোদয় হয় নাই। পেশোয়ার ও হরিসিংহের ব্রুজ নামক স্থানে যে টেলিগ্রাফের তার ছিল, গত ২০ এ তারিখে [illegible] কাটিয়া লইয়া গিয়াছে। সীমান্ত হইতে সংবাদ আসিয়াছে আব্দুর খাঁর [illegible] হোসেন খাঁ [illegible] খাঁ ও [illegible] খাঁ [illegible] বশীভূত করিয়াছেন। [illegible] নিকট হইতে কাড়িয়া লওয়াই উদ্দেশ্য। কোহাটো অনর্থক পাঠান

[illegible] ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সৈন্য প্রেরণের আদেশ করিয়াছেন।

[illegible] সংবাদপত্রে একটী বড় কৌতুকাবহ সংবাদ প্রচার হইয়াছে। [illegible] আফিসের কর্ম্মচারিদিগকে [illegible] টাকা দিবার নিমিত্ত একটী আবেদন [illegible]। কিন্তু কর্ম্মচারিগণ ঐ সংবাদ শুনিয়া মহাব্যস্ত হইলেন। [illegible] টাকা পাইবে, কিন্তু কিরূপে তাহা অর্জ্জন করিবেন, কিরূপেই বা তাহা গ্রহণ করিবেন। কিন্তু কর্ম্মচারিদিগের মহাসঙ্কট উপস্থিত হইল, একে একে পলাইতে আরম্ভ করিলেন। কিন্তু সংবাদদাতা কে কোথায় পলায়ন করিল, তাহার নিশ্চয় হইল না। সংবাদটী যদি সত্য হয়, কৌতুকাবহ সন্দেহ নাই। [illegible] পর আবার এরূপ কাণ্ড হয়, ইহা বড় আশ্চর্য্যের বিষয়।

ভারতবর্ষে রৌপ্যের যে সর্ব্বাংশ [illegible], রৌপ্যের উপর শুল্ক নির্দ্ধারণ অবধি তাহার অনেক হ্রাস হইয়াছে। ইহা ভারতীয় শিল্পের অবনতির অন্যতর কারণ বলিয়া পার্লেমেণ্টের কতকগুলি সভ্য এই শুল্ক যাহাতে উঠিয়া যায় তদ্বিষয়ে বিশেষ যত্নশীল হইয়াছেন।

মেকেঞ্জি সাহেব গত বারে বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার ছিলেন। পরীক্ষার ফলাফল তিনিই স্থির করিয়া যান। কিন্তু কি জন্য বলা যায় না, তিনি একবারে সকল বিষয়ের গোলযোগ ঘটাইয়া বিলক্ষণ অযোগ্যতা প্রদর্শন করিয়া গিয়াছেন। আজিও তাঁহার কার্য্যের দোষ সংশোধন হইতেছে। এবার [illegible] এল এ পরীক্ষায় যাঁহারা উত্তীর্ণ হন, তিনি তাঁহাদিগের মধ্যে অনেককে অনুত্তীর্ণ বলিয়া [illegible] দিয়া বসাইয়াছিলেন, শেষে আবার ভ্রমসংশোধন করিলেন। মেডিকাল কলেজের তৃতীয় বার্ষিকী পরীক্ষারও এরূপ আর একটী ঘটনা হইয়াছিল। একটী বালক পরীক্ষায় উত্তীর্ণ হন, কিন্তু তাঁহার নাম গেজেটে প্রকাশ করা কিম্বা তাঁহাকে প্রশংসা পত্র দান করা হইল না। বালকটী সম্প্রতি কোন বিষয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারেন নাই তাহা জানিবার জন্য তিনি সাহেবের নিকট আবেদন করেন। তিনি অনুসন্ধান করিয়া দেখেন বালকটী পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। এক্ষণে [illegible] গেজেটে তাহার নাম প্রকাশ হইয়াছে। কিন্তু বালকটীর যে দুই মাস পড়া ক্ষতি হইল কে তাহার দায়ী হইবে?

অপরাধীর দণ্ড বিধানার্থ যত প্রকার উপায় আছে, তাহার মধ্যে ফাঁসী বেত্রাঘাত দণ্ড অতি নিষ্ঠুর। অতএব দণ্ডের মধ্যে ঐ দুটী নিষ্ঠুর সন্দেহ নাই। আমাদিগের উদারচেতা গবর্ণমেণ্টের উৎকৃষ্ট ব্যবস্থাপদ্ধতি মধ্যে ঐ দুটী নিষ্ঠুর দণ্ড স্থান প্রাপ্ত হয়, ইহা বড় আক্ষেপের বিষয়। আজ আমরা [illegible] উল্লেখ করিতেছি। যাহার অন্তরে বিন্দুমাত্র করুণার সঞ্চার আছে, তিনি কখন এ দণ্ডের অনুমোদন করিবেন না। যে [illegible] আইন করিয়াছেন, তিনি যদি স্বয়ং উহার কার্য্য দর্শন করেন, হয় ত তাঁহার হৃদয় বিদীর্ণ হইয়া উঠিবে। [illegible] আইনকর্ত্তাদিগের বিচিত্র ব্যবহার দেখিয়া অনেক সময়ে আমাদিগকে হতবুদ্ধি হইতে হয়। যাঁহারা বেত্রাঘাতের দণ্ড বিধান করিয়াছেন, তাঁহারাই আবার [illegible] উঠাইয়া দিয়াছেন। যাহা হউক, এ নিষ্ঠুর নিয়ম [illegible] হইতে যত শীঘ্র উঠিয়া যায়, ততই আহ্লাদের বিষয়। যে সকল অপরাধিকে বেত্রপ্রহার করা হইয়াছে, তাহাদিগের পাঁচ বৎসরের সংখ্যা দর্শন করিয়া আমাদিগের মনে এই আশ্বাস জন্মিতেছে, দণ্ডটী শীঘ্র উঠিয়া যাইবে। যথা—

সন।	অপরাধী।
১৮৭৮	৪৭০৬
" ৭৯	৪০৮৩
" ৮০	২২১৯
" ৮১	২১৭৫
" ৮২	১৬০৪

আমরা পুনর্ব্বার কহিতেছি, [illegible] এ নিষ্ঠুর দণ্ডটী সভ্যতম ব্রিটিশ ব্যবস্থা পদ্ধতিতে শোভা পায় না।

গত পূর্ব্ব সপ্তাহে কলিকাতার একটী আশ্চর্য্য জুয়াচুরী ধরা পড়িয়াছে, কিন্তু জুয়াচোরের অনুসন্ধান পাওয়া যায় নাই। জুয়াচোর এক জন ফিরিঙ্গি সাহেব। দেশীয় জুয়াচুরিতে ও সাহেবি জুয়াচুরিতে প্রভেদ কি পাঠকগণ নিম্নলিখিত বৃত্তান্তটী পাঠ করিলে বুঝিতে পারিবেন। এক জন পোষাকি [illegible] ম্যাজিষ্ট্রেট [illegible] একখানা ফর্দ্দ লইয়া [illegible] কোম্পানির দোকানে উপস্থিত হয়। বিবিধ দ্রব্য ঐ ফর্দ্দে হেণ্ডারসন সাহেবের নাম স্বাক্ষর দেখিয়া কোন সন্দেহ না করিয়া অনেক গুলি বন্দুক ও [illegible] বাঁধিয়া ঐ পোষাকির হস্তে প্রদান করিবেন এমন সময় আর এক পোষাকি হেণ্ডারসন সাহেবের ফর্দ্দ লইয়া দোকানে উপস্থিত হইল। তাহা দর্শন করিয়া দোকানদারের মনে সন্দেহ হওয়াতে উভয় [illegible] মিলাইয়া দেখিলেন যে পূর্ব্বটার ফর্দ্দ কৃত্রিম। যিনি জুয়াচোরের দমনকর্ত্তা, তাঁহার উপরে জুয়াচুরী! এ জুয়াচুরিতে দল আছে।

কালিকাটা কোর্ট আদালতের অন্যতম জজ

জোন্স সাহেবের পরামর্শ ক্রমে অদ্য তিনি এই হিমালয় মিউনিসিপালিটীর সংস্রব পরিত্যাগ করিতেছেন। তিনি উচ্চপদে গমন করিতেছেন, এটী আনন্দের কথা, কিন্তু তিনি মিউনিসিপালিটীর সংস্রব পরিত্যাগ করাতে আমরা দুঃখিত হইলাম। তাঁহার উৎসাহ ও অধ্যবসায়গুণে ও শিক্ষায় মিউনিসিপালিটী বিলক্ষণ উন্নতি লাভ করিতেছিল।

১৮৮৩ অব্দের ২৩এ ফেব্রুয়ারি বঙ্গীয় গবর্ণমেণ্ট ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরী পরীক্ষার বিষয়ের নিয়ম করেন, ১৮৮৪ অব্দের জানুয়ারি মাসে সেই পরীক্ষা গৃহীত হইবে। বঙ্গদেশীয় যে সকল ছাত্র কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, অথবা এতদ্দেশীয় যে সকল ছাত্র প্রবেশিকা পরীক্ষার পাঠ্যানুরূপ উচ্চতর অধ্যয়ন করিয়া কোন খ্যাতনামা লোকের নিকট হইতে প্রশংসাপত্র লইয়া প্রদর্শন করিতে পারিবেন, তাঁহারাই এই পরীক্ষা দানে অধিকারী হইবেন। যাঁহারা ভারতবর্ষে জন্মগ্রহণ করিয়া মহারাণীর অধিকারের মধ্যে বাস না করিবেন, তাঁহারা এই পরীক্ষা দিতে পারিবেন না।

আবেদন নিবন্ধন পত্রের জন্য ৫ টাকা প্রদান করিতে হইবে এবং বংশমর্য্যাদা ও সচ্চরিত্রতা সম্বন্ধে প্রতিষ্ঠা-পত্র প্রদান করিতে হইবে, ২৫ বৎসর বয়ঃক্রম অতীত হইলে কোন পরীক্ষার্থীকে পরীক্ষা প্রদান করিতে দেওয়া হইবে না। যাঁহারা পরীক্ষা প্রদানের জন্য আবেদন করিবেন তাঁহাদিগকে আগামী ১ লা ডিসেম্বর মাসের পূর্ব্বে আবেদন পত্র ও নগদ পাঁচ টাকাসহ নির্ব্বাচন নিয়োগের অস্থায়ী সেক্রেটারির নিকট প্রেরণ করিতে হইবে। পরীক্ষা প্রদান বিষয়ে যাহাদের আবেদন অগ্রাহ্য হইবে তাহাদিগের টাকা প্রত্যর্পণ করা যাইবে। জানুয়ারি মাসের মধ্যে পরীক্ষা গৃহীত হইবে। পরীক্ষা গ্রহণের তারিখ পরে প্রকাশ করা যাইবে। পরীক্ষার বিষয় সকল এই:—

প্রথম দিন প্রাতে।

প্রবন্ধ।

আড়াই ঘণ্টা সময় দেওয়া হইবে লিখিত প্রবন্ধের এই গুণগুলি বিশেষ বিবেচ্য হইবে। যথা:—

১। প্রবন্ধের সারবত্তা। ২, বর্ণশুদ্ধি। ৩, হস্তাক্ষর। ৪, রচনা।

গ্রন্থ বিশেষ হইতে প্রবন্ধ উদ্ধৃত করিলে নম্বর দেওয়া হইবে না।

অপরাহ্ন।

পত্র লিখন। বাঙ্গালা হইতে অথবা হিন্দি হইতে ইংরাজী অনুবাদ

উর্দ্দুভাষীয় ও হিন্দুস্থানীয়গণ উক্ত দুটী ভাষার যাহাতে ইচ্ছা অনুবাদ করিতে পারিবেন।

ঐ সকলের জন্য ৩ ঘণ্টা সময় দেওয়া হইবে।

দ্বিতীয় দিবস।

আইন। ১৭৯৩ অব্দের ১, ৮, ১৯। ১৮৫৯ অব্দের বাঙ্গালা কাউন্সেলের ৮ আইন এবং বিচার পদ্ধতি বিষয়ের ব্যবহার উপক্রমণিকা; এই সকল বিষয়ের প্রশ্ন দেওয়া হইবে। ইহার জন্য আড়াই ঘণ্টা কাল সময় দেওয়া হইবে।

অপরাহ্ণ।

১৮৮২ অব্দের ৭ আইন।

১৮২২ অব্দের ১ ও ১১ আইন।

১৮৩৩ অব্দের ? আইন।

১৮৭৮ অব্দের ১০ দণ্ডবিধি আইন।

ফৌজদারী আইন (সময় ৩ ঘণ্টা)।

তৃতীয় দিন প্রাতঃকাল ২½ ঘণ্টা।

গণিত ও জরীপ।

অপরাহ্ণ সময় দুই ঘণ্টা।

পাটীগণিত ও ভূগোল।

যে বিষয়ে যত উচ্চ নম্বর দেওয়া হইবে।

সাহিত্য ৮০০

আইনে ৮০০

গণিত ও জরীপে ৪০০

সমুদায়ে ২০০০

আপাততঃ ৮ জন লোক নিয়োগের জন্য প্রতি যোগিতা-পরীক্ষা গৃহীত হইবে। যাহারা উত্তীর্ণ হইবেন, তাঁহাদিগকে সকলের শিক্ষানবিশের কার্য্য করিতে হইবে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

নদীয়ার সব ডেপুটী কালেক্টর বাবু গঙ্গানারায়ণ রায় বগুড়ার সদর ষ্টেসনের ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইলেন। কিন্তু তিনি তৃতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

সব ডেপুটী কালেক্টর বাবু হরিনাথ ঘোষ চট্টগ্রামের পার্ব্বত্য প্রদেশে তৃতীয় বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত হইলেন।

সাওতাল পর্গণার ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর মৌলবী মোবারক আলী সেরামপুরে বদলী হইলেন।

চম্পারণের জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ডি. আর. ক্লেনসী ঐ জেলার ম্যাজিষ্ট্রেট ও কালেক্টর হইলেন।

হুগলীর সব ডেপুটী কালেক্টর জে, সি, লাইট বগুড়ায় বদলী হইলেন।

দিনাজপুরের জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর [illegible] ষ্টিফেন্স প্রতি ১০ এ এপ্রেল [illegible] তাঁহাকে ঐ জেলার ম্যাজিষ্ট্রেট ও কালেক্টরের [illegible] হইয়াছে।

২৪ পরগণার আসিষ্টাণ্ট ম্যাজিষ্ট্রেট ও কালেক্টর [illegible] কমিশন [illegible] গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগে [illegible] হইলেন।

জলপাইগুড়ির সব ডেপুটী কালেক্টর বাবু গিরিশচন্দ্র সরকার মধুপুরে বদলী হইলেন।

লোহারডগার প্রতিনিধি জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর এ, ডবলু, ম্যাকি বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেসন জজ হইলেন।

ম্যানিলার মর্টন সেপ ডেপুটী সুপারিণ্টেণ্ডেণ্ট ও বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের বিশেষ বিভাগে [illegible] হইলেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের অস্থায়ী সেক্রেটারি সি, ডবলু, বোলটন পাবনার ম্যাজিষ্ট্রেট ও কালেক্টর হইলেন। এই আদেশ নিবন্ধন মেদিনীপুরের [illegible] ম্যাজিষ্ট্রেট জন, বার্ণস সাহেবের প্রতি পাবনায় যাইবার [illegible] হইয়াছিল তাহা রহিত হইল।

ভাগলপুরের অন্তর্গত মধেপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ত্রৈলোক্যনাথ [illegible] যশোহরের অন্তর্গত বনগাঁর ভার প্রাপ্ত হইলেন।

বনগাঁর ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু [illegible] নাথ গুপ্ত মুঙ্গেরের সদর ষ্টেসনে বদলী হইলেন।

সব ডেপুটী কালেক্টর বাবু বিহারীলাল মুখোপাধ্যায় ভারত-বর্ষীয় গবর্ণমেণ্টে রেজেষ্টরে কার্য্য বিভাগে প্রতিষ্ঠিত হইলেন।

প্রতিনিধি ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু উপেন্দ্র চন্দ্র মুখোপাধ্যায় পুর্ণিয়ার সদর ষ্টেসনে প্রতিষ্ঠিত হইলেন।

বিচারসংক্রান্ত বিভাগ।

নদীয়ার অন্তর্গত কুষ্টিয়ার ডেপুটী ম্যাজিষ্ট্রেট সৈয়দ আহমদ ইমাদেল ১৮৮২ অব্দের ১০ আইনের ৩৫১ ধারানুসারে সাক্ষীর জবানবন্দী ইংরাজী ভাষায় লিখিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বাবু সারদাপ্রসাদ বসু যশোহরের অন্তর্গত বসিরহাটের মুন্সেফ হইলেন।

কলিকাতা ছোট আদালতের ৪র্থ জজ সি, সি ঘোষাল সাহেব তৃতীয় জজ হওয়াতে ঐ আদালতের রেজিষ্ট্রার টি, ঘোষ তৎপদে প্রতিষ্ঠিত হইলেন।

২৪ পরগণার অন্তর্গত শিয়ালদহের মুন্সেফ বাবু [illegible] রায় কলিকাতা ছোট আদালতের রেজিষ্ট্রার হইলেন।

মুঙ্গেরের জমালপুরের বাবু [illegible] ফৌজদারী আইনের ১৮৮২ অব্দের ১০ আইনের ৩৫ ধারা অনুসারে দ্বিতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন এবং কেহ জেলা ম্যাজিষ্ট্রেটের উপযুক্ত বোধ করিলে তাহাকে মোকদ্দমা বিচার করিবার ভার দিতে পারিবেন।

কটকের প্রতিনিধি জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত কে, জি, গুপ্ত ফৌজদারী আইনের ১১৫, ১১৩ ও ২০ ধারানুসারে বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন [illegible]

২৪ পরগণার অন্তর্গত বারুইপুরের মুন্সেফ বাবু [illegible] হাওড়ার দুই আদালতে বাবু পূর্ণচন্দ্র [illegible] প্রতিষ্ঠিত হইলেন।

বিজ্ঞাপন।

বিশেষ বিজ্ঞাপন।

আমরা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা সর্ব্বদা সেই স্থানে থাকি। অতএব যাঁহাদিগের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়, তাঁহারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত যন্ত্রে বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে পাঠাইবার প্রয়োজন নাই। কোন গ্রন্থকার এখানে কমিশন দেলে পুস্তক বিক্রয়ার্থ জমা দিতে ইচ্ছা করিলে আমরা তাহাও গ্রহণ করিয়া থাকি।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

সোমপ্রকাশ যন্ত্রে নানাপ্রকার জবওয়ার্ক হইতেছে। সস্তা মূল্যে ও অল্প সময়ের মধ্যে কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিয়া দেওয়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিনয়সহকারে গ্রাহকগণের গোচর করা যাইতেছে, সোমপ্রকাশের মূল্যাদিসংক্রান্ত যাবতীয় চিঠি ও কাগজ পত্রাদি শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

চাঙ্গড়িপোতা, কলিকাতার দক্ষিণ সোণারপুর ডাকঘর, জেলা ২৪-পরগণা।

তবে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা মাসিক পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

বিজ্ঞাপনদাতাদিগের প্রতি।

আমরা বিনয়সহকারে সাধারণকে জানাইতেছি, যাঁহারা সোমপ্রকাশে বিজ্ঞাপন দিবার বাসনা করেন, তাঁহারা সোমপ্রকাশের পংক্তি গণিয়া বিজ্ঞাপনের অগ্রিম মূল্য পাঠাইয়া দিবেন। প্রথম বিজ্ঞাপন প্রতি পংক্তি ৵০ আনা, তাহার পর ৵০ [illegible] আনার ন্যূন আর লওয়া হয় না।

বেদান্ত-গ্রন্থাবলী।

"সিদ্ধান্তবিন্দুসার" শঙ্করাচার্য্যের "নিরুক্তাষ্টক" শাঙ্করভাষ্য সহিত "তত্ত্বানুসন্ধান" সুবোধিনী ও বিদ্বন্মনোরঞ্জিনী টীকা সহিত "বেদান্তসার" এই চারখানি গ্রন্থ একত্র মূল ও বঙ্গানুবাদ সহিত মূল্য ১৸৵০ আনা, ডাকমাশুল ৵০ এক আনা। "উপনিষৎ ও পঞ্চদশী" প্রকাশক শ্রীমহেশচন্দ্র পাল; যোড়াসাঁকো, ১৫১ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট; কলিকাতা।

(ডাক্তার [illegible]।)

গোদ, জলদোষ ও ধবল রোগের

উৎকৃষ্ট ঔষধ।

সিন্ধু-শোষক—ইহাতে গোদ ও জলদোষ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু এই দুটী রোগ অত্যন্ত পুরাতন এবং স্থানে স্থানে চর্ম্ম কঠিন হইলে এ ঔষধে তাদৃশ ফল হয় না।—মূল্য—প্যাকিং খরচা সমেত এক শিশি ২৲।

শ্বেতাঞ্জন—ইহাতে ধবলরোগ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু রোগ সর্ব্বাঙ্গব্যাপী বা পৈতৃক হইলে ইহাতে ফল হয় না। মূল্য—প্যাকিং খরচা সমেত এক প্যাকেট ২৸০।

এই দুটী ঔষধে পারা হরিতাল প্রভৃতি কোন বিষাক্ত দ্রব্য নাই। এই দুটী ঔষধ কলিকাতা, ৫৬ নম্বর বিডন ষ্ট্রীট ডাক্তার বোসের বিশুদ্ধ চিকিৎসালয়ে বিক্রীত হয়।

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"

(মনোহর উপন্যাস)

এই মনোহর উপন্যাসদ্বয় স্ত্রীলোকদিগকে সচ্চরিত্র ও পাতিব্রত্য শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী, সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটারিতে ক্যানিং লাইব্রেরীতে, চীনেবাজারে পদ্মচন্দ্র নাথের দোকানে ও কলিকাতা নর্ম্মাল স্কুলে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

ডাক্তার শ্রীনন্দলাল মুখোপাধ্যায়ের

পরীক্ষিত ও অব্যর্থ!!!

তুষারবিন্দু তৈল।

অতিশয় অধ্যয়ন বা চিন্তা-জনিত মস্তিষ্ক সঞ্চালন, ঘোরমাথা, মস্তক ঘূর্ণন ও অন্যান্য বিবিধ কারণ জন্য শিরঃপীড়ার মহৌষধ। ইহা ব্যবহারে অকালপক্বতা ও কেশহীনতা নিবৃত্তি হইয়া কেশ গোছযুক্ত ও পরিবর্দ্ধিত হয়। ইহাতে মস্তিষ্ক শীতল রাখে ও শিরঃ-

জনিত যন্ত্রণাদির অল্প আরোগ্য হয় [illegible] ইহা অতি মনোহর গন্ধবিশিষ্ট।

ইহা বাদামের তৈলে প্রস্তুত। মূল্য ১ শিশি ১৷০ টাকা, প্যাকিং ।০ ১ ডজন ১০, টাকা।

প্রশংসাপত্র।

The Bengalee 28 th Decr 1883.

We have received one small bottle of scented Hair Oil manufactured by Dr Nandalal Mookerji. Besides being scented it possesses medicinal properties and has proved efficacious in diseases of the head

সোমপ্রকাশ ১৭ ই পৌষ ১২৯০ সাল।

কলিকাতা ভবানীপুরের ডাক্তার বাবু নন্দলাল মুখোপাধ্যায় কৃত "তুষারবিন্দু তৈল" আমরা এক শিশি উপহার প্রাপ্ত হইয়া পরীক্ষা করিয়া দেখিলাম গুণটী যথাযথরূপ হইয়াছে——

পাইকারদিগকে উচিতমত কমিশন দেওয়া যায়।

☞ তুষারবিন্দু [illegible] কোম্পানি পদ্মপুকুর ভবানীপুর কলিকাতা।

প্রসিদ্ধ বৈদ্যকগ্রন্থ।

ভাব প্রকাশের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। ডাক মাশুল সহ মূল্য ১৸৵০। এই গ্রন্থের ১ম খণ্ড প্রকাশিত হইলে এদেশের প্রসিদ্ধ সংবাদ পত্রের সম্পাদকেরা অদ্বিতীয়ভাবে ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কলেজষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে প্রাপ্তব্য।

শ্রীতারাচরণ রায়—প্রকাশক।

কবিতা কুসুম।

অর্দ্ধ মূল্যে পাঁচ শত বিতরণ।

মাশুল সমেত চারি আনা।

সত্বরে মূল্য সমেত আবেদন করিলে প্রাপ্ত হইবেন। নির্দ্দিষ্ট গ্রাহক পূর্ণ হইলে আর কেহ ঐ মূল্যে পাইবেন না।

সাঁতরাগাছি গ্রাম, [illegible] পোঃ, মেদিনীপুর জেঃ } শ্রী[illegible] মাইতি

অত্যুৎকৃষ্ট মহৌষধ।

একবার ব্যবহার করিয়া দেখুন!!!

ইহা দেশীয় কবিরাজী উদ্ভিজ্জ ব্যতীত কিছুই নয়। ইহাতে অজীর্ণ, অগ্নিমান্দ্য, পেটফাঁপা, অম্লপিত্ত, অরুচি, অজীর্ণ ও অগ্নিমান্দ্যজনিত পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৬ পুরিয়া এক টাকা [illegible]

৶০ ম্বর্ণ...দের অব্যর্থ ঔষধ। ৭ দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ... টাকা প্যাকিং ।০। আরোগ্য না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অবস্থানুযায়ী ব্যবস্থা দেওয়া যায়।

গিরিশচন্দ্র ভট্টাচার্য্য, চন্দননগর বড় শিবতলা

সকল প্রকার মেহরোগের পরীক্ষিত

মহৌষধ।

(প্রতি শিশি মূল্য ২ টাকা—প্যাকিং ।০)

এই আশ্চর্য্য মহৌষধ সেবনপূর্ব্বক সেবন করিলে নূতন ও পুরাতন মেহ, শুক্রমেহ, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকালীন জ্বালা যন্ত্রণা, মূত্রনির্গমন, প্রস্রাবের জ্বালা, ... ইত্যাদি, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি সমস্ত নিশ্চয়ই আরোগ্য হয়। এই ঔষধ সেবনে ... এবং বিশেষতঃ বহু ব্যক্তি আরোগ্য হইয়াছেন।

শক্তি-সঞ্চারক ও রক্ত-পরিষ্কারক

আরক।

(মূল্য প্রতি শিশি ... টাকা—প্যাকিং ।০।)

এই মহৌষধ দ্বারা শারীরিক দুর্ব্বলতা, অজীর্ণতা, শিরঃপীড়া, বাত, ... উপদংশ, নালী ঘা, রক্ত দূষিত হয় এবং শরীর ... প্রাপ্ত হউক না কেন, ইহার সেবনে অল্পদিনের মধ্যে রক্তপরিষ্কার, ক্ষুধাবৃদ্ধি, বলাধান, দেহপুষ্টি ও কান্তি বিশিষ্ট হয়।

সুবাসিত হেমকুন্তলা তৈল।

(মূল্য প্রতি শিশি প্যাকিং সমেত—এক টাকা।)

এই সুবিখ্যাত তৈলব্যবহারে চুলের গোড়া শক্ত হয়, চুল ঘন, কাল ও দীর্ঘ বৃদ্ধি হয়, চুল উঠা, শীঘ্র পাকা, মাথা ঘোরা, মাথা জ্বালা নিবারণ করে। প্রত্যহ স্নান ও কেশবিন্যাস কালে এই তৈল ব্যবহার করিলে শরীরের ময়লা সকল বিনাশ করিয়া শরীর ও চুল পরিষ্কার উজ্জ্বল, শ্রী, সৌন্দর্য্যযুক্ত হয়।

সর্ব্বোৎকৃষ্ট গোলাপী দন্তমঞ্জন।

(মূল্য প্রতি কৌটা ।০ আনা—ডাকমাশুল প্যাকিং ৶০।

ইহা দ্বারা দন্তশূল, দন্ত কনকনানি, দন্তের মাড়িতে ঘা, পুঁজ ও রক্ত পড়া ইত্যাদি সর্ব্বপ্রকার দন্তরোগ নিশ্চয় সম্পূর্ণ আরোগ্য হয়, ইহা দ্বারা নিয়মিত দন্ত পুনরায় প্রতিদিন মাজিলে দন্ত মুক্তার ন্যায় উজ্জ্বল হয়, মুখের দুর্গন্ধ একেবারে যায়।

ঔষধ পাইবার ঠিকানা।—১২ নং দুর্গাচরণ পিতুড়ীর গলি বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা শ্রীযুক্ত বাবু চণ্ডীদাস সেন নিকট প্রাপ্তব্য।

সোমপ্রকাশ ডিপজিটরী।

২১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতা।

এখানে সর্ব্বপ্রকার ... বাঙ্গালা ও সংস্কৃত পাঠ্যপুস্তক এবং নানাপ্রকার নাটক ও উপন্যাস সুলভমূল্যে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্নলিখিত পুস্তকগুলি নূতন প্রকাশিত হইয়াছে:—

... মধুসূদন ... ৩ ... নবম ... উপন্যাস) উমেশচন্দ্র দত্ত ৶০ কেশব প্রয়াণ ৶০ ... ৵০ প্রেম পত্রিকা ৵০ ... প্রদেশের চিত্রলিপি ৷৶০ সুচিন্তামণি ৵০ বাঙ্গালা ... ৩ সোনা উপন্যাস ১, গীত ... ভক্তকিশোর বন্দ্যোপাধ্যায় ৷০ গীতার নবপাঠ-দীপিকা ৷৵০ মহাত্মা কেশবচন্দ্র সেনের জীবনচরিত ৶০ কেশব বিয়োগ ।০ অসম্ভি মরম ... সন প্রণীত ৷০ ... ৷৷০ মহর্ষির ... ১ নিউগিনিকা ... বঙ্গমঞ্জরী ৵০ ... ৷০ মাতৃভাষা ... ৷৷০ ... গৃহধর্ম্ম ... ৷০ ... ৶০ ইত্যাদি।

নিম্নলিখিত গ্রন্থকারগণ নিম্নলিখিত পুস্তকগুলি কমিশন দেশে বিক্রয়ার্থ দিয়াছেন। যথা:—

বাবু হরিহর রায়—পরিমিতি ৵০ ব্যবহারিক জ্যামিতি ৶০ সরলপরিমিতি ।০ বাবু সরদেন্দু চৌধুরী সাহিত্য সোপান ১ম ভাগ ।০ বাবু ব্রজনাথ বিদ্যারত্ন ... বাবু কালীময় ঘটক প্রথম ... ২য় ... ৷০ কাব্যশিক্ষা ।০ কবিপ্রবেশ ৶০ ... ৶০ ... ১, পণ্ডিত ... বাঙ্গালা ব্যাকরণ ৷৶০ বাঙ্গালা শিক্ষাপ্রকরণ ৶০ ... ৩য় ... ১০ ... (চরণের দুইটি পত্রিকা ...) ৷৶০ ... ১ম ... ইত্যাদি।

সোমপ্রকাশ ডিপজিটরীতে প্রায় এই কোম্পানির সমস্তপ্রকার রোগের সুপ্রসিদ্ধ ঔষধ বিক্রয়ার্থ আছে। মূল্য বড় বোতল ১৷০ ছোট বোতল ১, টাকা। এই ঔষধ সেবন করিলে ... দিবসের মধ্যে জ্বর আরোগ্য হয়, ক্ষুধা বৃদ্ধি করে এবং শরীরে বল হইয়া থাকে। প্যাকিং ।০ আনা।

মূল্য প্রাপ্তি।

আমরা কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি, নিম্নলিখিত মহোদয়গণ এ সপ্তাহে সোমপ্রকাশের মূল্য প্রেরণ করিয়াছেন।

শ্রীযুক্ত বাবু ...চৌধুরী—...

" ... মিত্র ...

... ১০

" " চন্দ্রকান্ত ...—মহাদেবপুর ৭

" " ...বসু—...কোল ৭

" " ...চন্দ্র ...—...

...বিদ্যালয় ৭

" " রামনারায়ণ মুখোপাধ্যায়—... ৭

" " ...চন্দ্র চট্টোপাধ্যায় ... ৭

" ...চন্দ্র রায়—...পুর ৬

কুমার ...রায়—নাটোর রাজবাটী ৫

" নবীনচন্দ্র ... ৬

সোমপ্রকাশ সংক্রান্ত কয়েকটী

বিশেষ নিয়ম।

সমর্থপক্ষে সোমপ্রকাশের অগ্রিম মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক ১০ টাকা এবং যাণ্মাসিক ৫।০ টাকা। অসমর্থ পক্ষে ডাকমাশুল সমেত ৭ টাকা। অসমর্থ পক্ষে মাসিক ত্রৈমাসিক বা যাণ্মাসিকের নিয়ম নাই।

অগ্রিম মূল্য না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরিত হয় না। যাঁহারা সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাঁহারা স্ব স্ব নাম ধাম স্পষ্ট করিয়া লিখিয়া কলিকাতায় দক্ষিণ সোনারপুর ডাকঘরে শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নোট, হুণ্ডি, ডাক টিকিট যদি পাঠান, ইহার অন্যথায় যদি পাঠান তবে তাঁহার অসুবিধা হয়, তিনি সেই রূপে মূল্য প্রেরণ করিবেন। এক আনার অধিক মূল্যের টিকিট প্রেরিত হইলে গৃহীত হইবে না। মূল্য নিঃশেষিত হইবার পূর্ব্বে সোমপ্রকাশ প্রেরণে অনিচ্ছুক হইলে অবশিষ্ট মূল্য ফিরাইয়া দেওয়া হইবে না।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পংক্তি ৵০ দুই আনা, তাহার পর ... এক আনা বিজ্ঞাপনের ...

এই সোমপ্রকাশ ... দক্ষিণ ... সোনারপুর ... হইতে ... শ্রীযুক্ত ... চক্রবর্ত্তীর দ্বারা ... মুদ্রিত ও প্রকাশিত হয়।

সোমপ্রকাশ।

২৮ শ ভাগ | প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতাং ন হীয়তাং।" | ২৬ সংখ্যা।

অগ্রিম বার্ষিক মূল্য মাশুল সমেত ১০ টাকা। মাসিক মূল্য ১ এক টাকা।

১২৯১ সাল। ৩১ এ বৈশাখ। ইং ১৮৮৪। ১২ ই মে।

অগ্রিম ষাণ্মাসিক ৫।০, অসমর্থ পক্ষে মাশুল সমেত বার্ষিক ৭ টাকা মাত্র।

বিজ্ঞাপন।

কুসুম-মঞ্জরী।

একবার পরীক্ষা করিয়া দেখুন !!!

(বাধক বেদনার অব্যর্থ মহৌষধ)

ইহা সেবনে যে সকল স্ত্রীলোকদিগের ঋতুঃ নিঃসরণের পূর্ব্বে বা পরে কষ্টকর পেট বেদনা ও তিন দিনে এমন কি মধ্যে মধ্যে মূর্চ্ছাও হয়, বন্ধ্যাদোষ, শ্বেত-প্রদর, রক্ত-প্রদর, অকালে অধিক পরিমাণে রেতঃ-স্রাব, ও অন্যান্য গোপনীয় পীড়া ইত্যাদি দোষ সকল বিনষ্ট করিয়া গর্ভোৎপত্তির ব্যাঘাত দূর করে, সাত দিবসের অধিক সেবন করিতে হয় না। ইহা সেবনে শত শত রমণী আরোগ্য লাভ করিয়াছেন, বলা বাহুল্য আরোগ্য না হইলে মূল্য ফেরত দেওয়া যাইবে। এক কৌটার মূল্য ২ টাকা প্যাকিং ৶০ আনা।

মেহামৃত-রস।

এই ঔষধ সেবনে, সর্ব্বপ্রকার মেহ সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। প্রস্রাবকালীন জ্বালা ও ধাতু নির্গম, শ্বেত-প্রদর, মূত্রকৃচ্ছ্র, শোণিতস্রাব বস্ত্রে দাগ লাগা এবং এই সকল রোগজনিত জ্বর, অগ্নির হীনবল, হস্ত পদাদির দাহ শারীরিক দৌর্ব্বল্য ইত্যাদি। যাঁহারা বহু ঔষধ সেবনে কৃতকার্য্য হন নাই তাঁহারা একবার ব্যবহার করিয়া দেখুন। এক শিশির মূল্য [illegible] প্যাকিং এক টাকা চার আনা।

কোন উদাসীন হইতে প্রাপ্ত।

সর্ব্বপ্রকার অর্শ রোগের অব্যর্থ মহৌষধ।

[illegible] অর্শ, [illegible] শারীরিক [illegible], [illegible], বেদনা, আমাশয়, চক্ষু হস্ত ও পদাদির দাহ, দৌর্ব্বল্য, অম্ল পৈত্তিক জ্বর, এবম্বিধ উপসর্গ বিশিষ্ট অম্লপিত্ত ব্যাধি এই অব্যর্থ অমোঘ বটিকা সেবনে সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। মূল্য ১।০ প্যাকিং /০ আনা।

রতি-বিলাস তৈল।

অতি সুগন্ধযুক্ত গোলাপি নারিকেল তৈল।

এই তৈল ব্যবহারে বায়ুরোগ, শিরঃপীড়া, মাথা ঘুরা, মাথাধোরা ও অনিদ্রা দূর করে। মস্তিষ্ক শীতল, চুল ঘন, কোমল ও গোড়া শক্ত এবং উজ্জ্বল কৃষ্ণ বর্ণ হয়। গায়ে মাখিলে চুলকানি প্রভৃতি চর্ম্মরোগ জন্মে না। অধিকন্তু সৌরভে মন মোহিত হয়। স্নান করিলেও সৌরভ নষ্ট হয় না, দুই দিবস সমান গন্ধ থাকে। মূল্য ছোট শিশি ।৶০, দেড় পোয়া বোতল ৸৶০, প্যাকিং ।০, ৩ পোয়া বোতল দেড় টাকা, প্যাকিং ।৶০।

শ্রীহেমচন্দ্র চক্রবর্ত্তী।

৩৮ নং মধুরায়ের লেন, কাঁসারি পাড়া, সিমলা কলিকাতা।

নূতন পুস্তক

বারক্ষরণ।

"ভিক্টোরিয়া রাজসূয়" "যৌবনে যোগিনী" প্রভৃতি প্রণেতা শ্রীগোপালচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এবং ১১ নং রাজা নবকৃষ্ণের ষ্ট্রীটে সচিত্র [illegible] কার্য্যালয়ে প্রাপ্য। পুস্তকের আকার ডিমাই ৮ পেজী ২৫০ পৃষ্ঠা, মূল্য ১ টাকা, মাশুল /০ আনা।

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"

(মনোহর উপন্যাস)

এই মনোহর উপন্যাসদ্বয় [illegible] ও পাঠোপযোগী শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী; সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটারিতে ক্যানিং লাইব্রেরীতে, চীনেবাজারে পদ্মচন্দ্র নাথের দোকানে ও কলিকাতা নর্ম্মাল স্কুলে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে ও ডাকমাশুলে কলিকাতা ৯৭ নং কলেজ ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়।

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ ম ভাগ	৶০	৵১০
২ য় ভাগ	৶০	৵১০
নীতিসার।		
১ ম ভাগ	৶০	৵১০
২ য় ভাগ	৶০	৵১০
৩ য় ভাগ	৶০	৵১০
বিশ্বেশ্বর বিলাপ	।০	

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাক মাশুল /১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া গ্রাহকগণকে জানাইতেছি, নানা কারণের বশবর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদকতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর

ইহা আর সোণাদপুর ডাকঘরের অধীন চাঙ্গড়িপোতায় প্রকাশিত হইবে না : যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন, তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল } শ্রীদ্বারকানাথ শর্ম্মা।
চাঙ্গড়িপোতা
১ লা চৈত্র } সোণাদপুর ডাকঘর ২৪ পরগণা।

প্রেরিতপত্র।

পূজনীয় শ্রীযুক্ত সোমপ্রকাশ সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! আমার এই প্রতিবাদ পত্রখানি আপনার লব্ধপ্রতিষ্ঠ পত্রপার্শ্বে স্থানদানে চিরবাধিত করিবেন।

বর্ত্তমান ১০ ই বৈশাখের সোমপ্রকাশে শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র কবিরত্ন মহাশয় বক্তৃতাচ্ছলে নিজের দুঃখকাহিনী গাইয়াছেন। তদ্বিষয়ে কিছু বলা আবশ্যক বিবেচনায় সংক্ষেপে কিছু না বলিয়া থাকিতে পারিলাম না।

কবিরত্ন মহাশয়! বলি, কোন আইনে দেখিলেন যে "চাঁদাদি দ্বারা গ্রামে প্রাপ্ত করদাতাদিগকে বজেটের বিষয় জ্ঞাপন করা মিউনিসিপালিটীর উচিত।" আইনে সেরূপ ব্যবস্থা আছে, বজেট সম্বন্ধে ত তাহার কথা হইয়াছে, তবে আর আপনি "ঢক্কার বাদ্য" করিয়া ঢাক বাজান কেন? বক্তৃতা করিতে চিৎকার করিলে কি ইচ্ছা তাহাই বলিতে হয়? সত্যের অপলাপ করিয়া কতকগুলি আবল তাবল বাক্যের কি বক্তৃতা করা হইল।

আপনি যে চিঠিখানি পত্র, যেখানি কমিশনর সাহেব মহোদয়ের এবং কলেক্টর সাহেবের নিকট পাঠাইয়াছিলেন, তাহা কি রাজপুর মিউনিসিপালিটীর করদাতাগণের অনুমত্যনুসারে লিখিত হইয়াছিল? "I am directed by the rate-payers of Rajpur Municipality" এ কথা কি সত্য? কোথায় এবং কোন্ তারিখে সভা হইয়াছিল? সভায় কতগুলি করদাতা উপস্থিত হইয়াছিলেন? রাজপুর মিউনিসিপালিটীর করদাতাদিগের মত সংগ্রহ করিয়া কি পত্র লেখা হইয়াছিল? না, কলিকাতার বাসায় বসিয়া নিজের দুই একজন বন্ধুবান্ধবকে জিজ্ঞাসা করিয়া চিঠি লেখা হইয়াছিল?

যে ব্যক্তি সাধারণের মত সংগ্রহ না করিয়া করদাতাদিগকে কোন কথা জিজ্ঞাসা না করিয়া "I am directed by the rate-payers" লিখিতে পারেন, তাঁহার ভাল মন্দ বুঝিবার ক্ষমতা কতদূর এবং তিনি মিউনিসিপালিটীর সভ্য হইবার যোগ্য কি না, পাঠক মহোদয়গণই তাহার বিবেচনা করুন।

কবিরত্ন মহাশয় বলিতেছেন "দু বেলা দু মুটো খেতে পায় এরূপ করদাতাদি গত, এমন এক বাটীর শূন্য বাটীর জন্য কর দিয়া আসিতেছে, তাহাদিগের বর্ত্তমান কর অসঙ্গতরূপে বাড়াইয়া মিউনিসিপালিটীর আয় বাড়াইবার চেষ্টা করিতেছেন" বলি, "দু বেলা দু মুটো খেতে পায়" গৃহিণীর গোলায় চক্রবার দিতে পারে না বলিয়াই কি ট্যাক্স দিতে অপারক? আর যদি অপারকই হয়, শূন্য বাড়ীর ট্যাক্স দেয়, সে ত চেয়ারম্যানের নিকট আবেদন করিয়া তাহার ওয়ার্ডের কমিশনরের দ্বারা অন্যায় ট্যাক্সদার হইতে অব্যাহতি পাইতে পারে। আর হরিশ বাবু কর দাতৃসভার সম্পাদক না? তাঁহারই নাসিকার উপর মিউনিসিপালিটীর এরূপ অত্যাচার বড় লজ্জার কথা, ইহার বেলায় বুঝি "কপট নিদ্রায় আচ্ছন্ন শার্দ্দূল" চির নিদ্রায় মগ্ন।

কবিরত্ন বলিতেছেন তাঁহার সভা কালনিমের মায়া অথবা মায়াবাচস্পতি, অথবা বিশ্বামিত্র। তাঁহার সভা হউক বা না হউক, তিনি যে বক্তৃতাকালে বিশ্বামিত্রের অভিনয় করিয়াছেন, তাহা যিনি সোমপ্রকাশ পাঠ করিয়াছেন, তিনিই বুঝিতে পারিয়াছেন।

কবিরত্ন এ দিকে বলিতেছেন "যখন দেখিবে মিউনিসিপালিটী করদাতৃগণের প্রতি কোন অত্যাচার করিতেছে, তখনই (তাঁহার সভা) মস্তক উত্তোলন করিবে।" কিন্তু আবার বলিতেছেন, শূন্য বাড়ীর ট্যাক্স আদায় করা হইতেছে, যাহারা দু মুটো খায়, তাহারা ট্যাক্স দিতেছে, তখন শার্দ্দূলের নিদ্রা ভঙ্গ হইল না, কিন্তু যেই একটী কমিশনরের পদ খালি হইল, অমনি শার্দ্দূল শ্রেষ্ঠ জাগিয়া উঠিলেন। তাই বলি তাঁহার সভা হরিদাসের মায়া নয়, রাবণের কনিষ্ঠ কুম্ভকর্ণ, রামদাস শর্ম্মার ভারত উদ্ধারের বিপদ ভঞ্জন, পঞ্চবটীর শ্রীমান গদাধরচন্দ্র।

শ্রীযুক্ত কবিরত্ন মহাশয় বলিতেছেন যে "সে দিন আত্মপ্রসারিত্বের মতামত জানিবার জন্য করদাতৃসভার সভাপতি মাননীয় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ মহাশয় যে করদাতৃ সভা সমবেত করিয়াছেন।" সভা আহ্বান করিয়াছিলেন সত্য এবং সেই সভায় কবিরত্ন মহাশয় স্বশরীরে উপস্থিত হইয়া সভার শোভা বর্দ্ধন করিয়াছিলেন সত্য, কিন্তু বিদ্যাভূষণ মহাশয় কাহার আদেশানুসারে এবং কাহার স্বাক্ষরিত মতে সভা আহ্বান করিয়াছিলেন? কবিরত্ন কি তাহার সংবাদ রাখেন? বিদ্যাভূষণ মহাশয় কি সরকারের লেফ্টেনাণ্ট গবর্ণরের আদেশানুসারে, প্রেসিডেন্সি বিভাগের কমিশনরের আদেশানুসারে অথবা করদাতৃগণের মত লইয়া সভা আহ্বান করেন নাই? করদাতৃগণ যেখানে যাহা করিবেন, তাহাই কি রেটপেয়ার্স আসোসিয়েসনের কমিটী বসিয়া স্থির করিতে হইবে? রেটপেয়ার্সগণ স্ব স্ব নিজ সাধ্য মত অর্পণাদি করিলেও কি করদাতৃ সভার শ্রাদ্ধ বলিয়া গণ্য করিতে হইবে? বিদ্যাভূষণ মহাশয়ের সে দিনকার সভা কি কালীঘাট চণ্ডী পড়া? হরিশ বাবু যে কথায় কথায় এত অপলাপ দেখিতেছেন, সেটী কি বাস্তবিক অপলাপ না তাঁহার প্রলাপ?

কবিরত্ন বলিতেছেন যে, তাঁহাকে কমিশনর মনোনীত করিবার কথা উঠাতে "অনারেবল বৈদ্যকুলক কমিশনর হঠাৎ বলিয়া উঠিলেন,—তিনি ত সংস্কৃত জানেন, ভাল মন্দ বুঝেন কি?" ভাল মন্দ বুঝেন কি বলা ত ঠিকই হইয়াছে। তাঁহাকে কমিশনর মনোনীত করিবার কথায় একজন কমিশনর তাঁহার গুণগান করিয়া বলিতে লাগিলেন, তিনি কবিরত্ন খুব পণ্ডিত, সংস্কৃতে তাঁহার জ্ঞান প্রবল, তখন কাজেই বলিতে হইল,—সংস্কৃতে পণ্ডিত হইলে কি হইবে? তাঁহার ভাল মন্দ বুঝিবার ক্ষমতা কৈ? তাহা থাকিলে কি আর করদাতাদিগকে কোন কথা জিজ্ঞাসা না করিয়া "I am directed by the rate payers" লিখেন?

কবিরত্ন নিজ মুখে বলিতেছেন, তিনি সরাসর, তাঁহার ভাল মন্দ বুঝিবার ক্ষমতা নাই, তখন কি এই বুঝিতে হইবে না যে তিনি নরশ্রেষ্ঠ? ভাল মন্দ বুঝেন ভাল। আর তাঁহাকে কমিশনর হইবার জন্য যেরূপ লালায়িত দেখিতেছি, তাহাতে সত্বরেই তিনি "দিল্লী কা লাড্ডু" লাভ করেন তাহা সকলেরই করা উচিত এবং তাঁহার সভার পক্ষ অধিবেশনে সে চেষ্টার ত্রুটী হয় নাই। তাঁহার কমিশনর হইবার ইচ্ছা যেরূপ বলবতী দেখিতেছি, ঈশ্বর না করুন, যদি তিনি কমিশনর পদলাভে বঞ্চিত হন, তাহা হইলে গরিব ব্রাহ্মণের মস্তিষ্ক বিকৃতি জন্মিবে কি না বলিতে পারি না। ৬৩

কবিরত্ন শেষকালে কবিরত্ন নামের সার্থকতা দেখাইয়াছেন। তিনি যে সুরে কবি গাইয়াছেন, কমিশনরদিগের নামে চিতান ধরিয়াছেন এবং ধুয়া তুলিয়াছেন, তাহা ভদ্রুরুচির নিতান্ত বিরুদ্ধ। সোমপ্রকাশ পাঠকগণ একবার ভাল করিয়া সোমপ্রকাশ খানি পড়িয়া দেখুন। মানুষের গাত্রদাহ উপস্থিত হইলে যাহা পায়, তাহাই গায়ে লেপন করে। কবিরত্ন মহাশয় নিজ গাত্রে লেপন করিতে করিতে আমায় হঠাৎ হইয়া মিউনিসিপাল

কমিশনর বর্গের পাঠের অবয়বে × + - কেবল করিয়াছেন।

কবিরত্ন বলিতেছেন যে তিনি যে পত্র ... সাহেবের নিকট পাঠান, সেই পত্র ... চেয়ারম্যানের নিকট আসায় তিনি ১৮ই তারিখে মিউনিসিপাল সভায় তাহা পেশ করেন, এবং কমিশনরগণ তাঁহার পত্র অগ্রাহ্য করেন। " পরে একজন কমিশনর বড় পীড়াপীড়ি করাতে উক্ত সভা ... এই মর্ম্মে সংকল্প করিলেন যে, যে সকল পুষ্করিণী অপরিষ্কার বা দামে পূর্ণ আছে, সে সকলের অধিকারিদিগকে নোটিস দেওয়া হউক। " কবিরত্ন মহাশয়! বলিতে হয় নিকট শুনিলেন আপনার পত্রের মর্ম্মানুসারে পুষ্করিণীর অধিকারিদিগকে নোটিস দেওয়া স্থির হইয়াছে, আপনি যে দেখিতেছি সত্য কথায় ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরকেও পরাজয় করিবার উপক্রম করিয়াছেন। এ যে দেখিতেছি " অশ্ব হবে ঘোষ চলো বিদ্যায় 'বল্যায়' " আপনার পত্রানুসারে পুষ্করিণীর অধিকারিদিগকে নোটিস দেওয়া স্থির হয় নাই। সভা ভাঙ্গিবার সময় কোন কমিশনর উত্থাপন করিলেন যে, অপরিষ্কার পুষ্করিণীর অধিকারিদিগকে তাহা পরিষ্কার করাইবার জন্য নোটিস দেওয়া হউক, তাই নোটিস দিবার ব্যবস্থা করা হইয়াছে। আপনার পত্রখানির "নথিভুক্তকরণই" করা হইয়াছিল, অধিক কিছু করা হয় নাই।

কবিরত্ন ঠাকুর কেবল সংস্কৃতে পণ্ডিত নন, চিকিৎসা শাস্ত্রেও বিলক্ষণ জানবান্। তিনি বলিতেছেন, মিউনিসিপালিটীর মধ্যে গোটাকতক পুষ্করিণী খনন করিলেই আর ডাক্তারখানা আবশ্যক হইবে না। তিনি কি বলিতে প্রস্তুত আছেন যে মিউনিসিপালিটীর মধ্যে ২।৪ টা পুষ্করিণী খনন করাইলেই কাহারও প্রশ্রাব বন্ধ হইবে না, কেহ গাছ হইতে পড়িবে না, কাহারও বাঁধ বা ফোড়া হইবে না, বা কেহ গাড়ি চাপা পড়িবে না। যদি কলিকাতার ত ভাল জলের ব্যবস্থা আছে, তবে সেখানে এত পীড়া কেন? কোন্ কারণে কোন্ পীড়ার উৎপত্তি হয়, কবিরত্নের ত তাহা বেশ জানা আছে দেখিতেছি, এদিকে তাঁহার যেমন বিচক্ষণতা শুনিতে কলিকাতার হেলথ অফিসরের পদ খালি আছে। কলিকাতার কমিশনরগণ যদি কবিরত্নের বক্তৃতা পাঠ করিতেন, তাহা হইলে এক দিনে নিশ্চয়ই কাবরত্নকে উক্ত পদ প্রদান করিয়া নিশ্চিন্ত হইতেন।

"বিনয়াবনত শ্রীরামলাল চক্রবর্ত্তী" এ মহাত্মাটি আবার কে? ইনি ত চমৎকার বিনয়ী দেখিতেছি। ইনি লিখিয়াছেন "কেবলমাত্র তথায় (রাজপুর স্কুলে) শ্রীযুক্ত তাইন চেয়ারম্যান মহাশয়ের একজন বন্ধুর উপস্থিত ছিলেন। তাহাতেই কোন কোন বিষয়ে মত ভেদ হইয়াছিল।" শুনিলাম যে মিউনিসিপালিটীর আবর্জ্জনা রক্ষার জন্য হরিশবাবুকর্ত্তৃক করগ্রহণ নামে নিজ পরিবার লইয়া যে সভা হয়, তাহাতে অয়ংক্ত সভার সহকারী সম্পাদক উপস্থিত ছিলেন; তাঁহার সহিত ঐ সম্পাদকের মত ভেদ হয়। শুনা যায় তিনি একটী ওয়ার্ডের একমাত্র মেম্বর, এ জন্য তিনি তাঁহার ওয়ার্ডের করদাতৃগণের সকল মত প্রকাশ করেন। " বিনয়াবনত শ্রীরামলাল চক্রবর্ত্তী " মহাশয় কি এই স্বাধীনচেতা উন্নতমনা শিক্ষিত যুবককেই তাইনচেয়ারম্যান মহাশয়ের অনুচর বলিয়া অনুমান করেন? স্বাধীনচেতা স্পষ্টবাদী ব্যক্তি চির কালই, স্বার্থপর, পরশ্রীকাতর, ভাল মন্দ বিবেচনাহীন, লোকের নিকট নিন্দনীয়। সত্য কহিলেই যে ভদ্রতার সীমা অতিক্রম করিতে হইবে, নচেৎ তাহলে ন্যায় ও যুক্তির মস্তকে পদাঘাত করিতে হইবে, এমন কোন বিধি নাই। ইতি:—

২৯ এ এপ্রেল }
১৮৮৪। }
শ্রীসত্য: -

সোমপ্রকাশ

৩১ এ বৈশাখ সোমবার।

এক ব্যক্তি আমাদের নিকট লিখিয়া পাঠাইয়াছেন। " জেলা হুগলীর অধীন থানা বলাগড়ের অন্তর্গত মৌজে গোঁসাইডাঙ্গা নামক গ্রামে গত ৮ ই বৈশাখ শনিবার বেলা দুই প্রহরের সময় এক স্ত্রীলোক হত হইয়াছে। " এক এক সময়ে এক একটী রোগের মরসুম পড়ে। কখন ওলাউঠা, কখন বসন্ত, কখন সংক্রামিক জ্বর। এবার আমরা দেখিতেছি, এককালে অনেকগুলি রোগের মরসুম উপস্থিত। এবার ওলাউঠা ও বসন্ত রোগের ন্যায় খুন ও ডাকাইতী রোগও বিলক্ষণ প্রবল হইয়া উঠিয়াছে। যে দিন আমরা এক একটী খুন বা ডাকাইতীর সংবাদ না পাই, সে দিনই বৃথা ... খুন ও ডাকাইতীর আমদানী হইল কেন? সমাজের বিশেষ দোষ ঘটিয়াছে? না, পুলিসের দোষ ঘটিয়াছে? অথবা আইনের কোন সাংঘাতিক দোষ হইয়াছে? কিম্বা আদালতের বিচারে বিভ্রম জন্মিয়াছে? আমরা দেখিতেছি, এ সকলগুলিতেই দোষ পাইয়াছে। এ সকল দোষের প্রতীকার ব্যতিরেকে এ রোগের সম্পূর্ণরূপে প্রতীকার হইবার সম্ভাবনা নাই। সমাজে আর তেমন ধর্ম্মভীরু লোক নাই। বদমায়েসেরই প্রাধান্য হইয়াছে। তাহারা দলবদ্ধ হইয়া নানা প্রকার কুকার্য্য চিন্তা ও বদমায়েসীর অনুষ্ঠান করিয়া থাকে। তাহাদিগের বদমায়েসীর অনুসন্ধান করিয়া দণ্ডবিধানের প্রথা নাই। সুতরাং তাহারা অকুতোভয়ে অভিলষিত সম্পাদন করে। পুলিসের আর তেজ নাই। বদমায়েসেরা কোন প্রকার বদমায়েসীর কাজ করিলে পুলিসের লোকে তাহাদিগকে ধরে না অথবা ধরিতে পারে না। আইন ও আদালতের বিচার মৃদু হইয়া পড়িয়াছে। উক্ত রোগের প্রতীকার করিতে হইলে জবরদস্ত পুলিস চাই, আইন কড়া চাই এবং বিচারপদ্ধতিও কঠিন চাই। বদমায়েসেরা ধরা পড়িতেছে না, সুতরাং উত্তরোত্তর তাহাদের প্রশ্রয় বৃদ্ধি পাইতেছে। আমরা গত বারে পাঠকগণকে এই আভাস দিয়াছিলাম, বেণী কড়াইয়ের হত্যার কিনারা হইবার সম্ভাবনা হইয়াছে, কিন্তু এ সপ্তাহে আবার সংবাদ দিতেছি, জয়েণ্ট মাজিষ্ট্রেট চালানী আসামীকে ছাড়িয়া দিয়াছেন। খুনের কিনারা হইল না, বদমায়েসেরা বিষম প্রশ্রয় পাইল। ইহার পর দিনের বেলায় খুন না হইলে মঙ্গল। খুন ও ডাকাইতী যদি অনবরত হইতে লাগিল, বদমায়েসেরা ধরা পড়িল না, তাহা হইলে আর মুসলমান রাজত্বে ও ইংরাজ রাজত্বে কি ইতর বিশেষ হইল? এ অবস্থা নিতান্ত শোচনীয় সন্দেহ নাই। রাজপুরুষেরা ইহার প্রতীকার বিষয়ে দৃঢ়তর মনঃসংযোগ করুন।

ভারতে ইংরাজ রাজনীতি বিষয়ক কথা।

... এখন আর পূর্ব্বের ন্যায় সুচারু হন না, কেন? ইংরাজের উপরে ভারতবাসির পূর্ব্বের মত ভক্তি শ্রদ্ধা ভালবাসা আছে কি না? এই দুটী প্রশ্নের উত্তর দান করিলেই ভারতে ইংরাজ রাজনীতি কেমন ... উৎপাদন করিতেছে, তাহা স্পষ্টরূপে বিদিত হবে। ইংরাজেরা প্রথম যখন এদেশে আধিপত্য স্থাপন করিলেন, তখন ভারত মুসলমানদিগের ... তখন মুসলমান সাম্রাজ্যের অস্তগমন সময়। শাসনকর্ত্তারা সকলে বিলাসী। তাঁহারা ইন্দ্রিয়সুখ চরিতার্থ করণে মগ্ন ব্যস্ত। প্রজার সুখ স্বচ্ছন্দ সম্পাদন করিবার তাঁহাদের অবসর ছিল না। শাসন প্রণালী দুর্ব্বল, পুলিসের বন্দোবস্ত ... ছিল। ... সহিত যাহার কিছু সম্পর্ক ছিল, সেই এক একজন রাজা। দুর্ব্বল প্রজা পীড়ন করিতে তাহার কিছুমাত্র আলস্য ছিল না। পুলিস প্রজার রক্ষা কার্য্যে নিযুক্ত। সে স্বকর্ত্তব্য সম্পাদন দূরে থাকুক, দুর্ব্বল প্রজার ধন মান সম্ভ্রম সমুদায় গ্রাস করিয়া ফেলিত। ইহার জন্য কোচ-

নীর অবস্থা বোধ হয় আর হইতে পারে না। সকল প্রজা, নিপীড়িত অত্যাচরিত ও অত্যন্ত শঙ্কিত, এমন সময়ে ইংরাজেরা ভারতের শাসন ভার পাইলেন। তাঁহাদের শাসন সময়ে অত্যাচার ছিল। তাঁহারা অপেক্ষাকৃত সংশাসন প্রণালী প্রবর্ত্তিত করিয়া অত্যাচারের বহুল পরিমাণে হ্রাস করিলেন। তখন কতকগুলি উচ্চাশয় সাধু এ দেশে আগমন করিয়াছিলেন। তাঁহারা অকপট হৃদয়ে ভারতবাসির কল্যাণসাধন চেষ্টা পাইতে লাগিলেন। ঘোর চটক লাগিয়া গেল। ভারতীয় প্রজারা ইংরাজের গুণে মুগ্ধ হইয়া গেলেন। ইংরাজজাতির উপরে ভারতবাসির ভক্তি অসীম হওয়া উঠিল। তখন ভারতবাসিরা ইংরাজের অভ্যন্তরে প্রবেশ করিতে পারেন নাই এবং ইংরাজ রাজনীতির মর্ম্ম বুঝিতে পারেন নাই। ইংরাজেরা এ দেশীয়দিগকে লেখা পড়া শিখাইতে লাগিলেন, সুতরাং পরস্পর তাঁহাদের মঙ্গল চেষ্টা করিতে আরম্ভ করিলেন সুতরাং এ দেশীয়েরা তাঁহাদের সমুদায় কার্য্য বিশুদ্ধ নয়নে দেখিতে লাগিলেন। তাঁহাদের ধর্ম্মও অত্যুৎকৃষ্ট বলিয়া অনেকের হৃদয়ঙ্গম হইল। অনেকে খৃষ্টধর্ম্ম অবলম্বন করিলেন।

এখন এ অবস্থার সম্পূর্ণ বিপর্য্যয় ঘটিয়াছে। এখন দেশীয়েরা ইংরাজের অভ্যন্তরে প্রবেশ করিয়াছেন; তাঁহাদের রাজনীতির মর্ম্ম, ধর্ম্মের মর্ম্ম, ব্যবহারের কৌশল ও কার্য্যের চাতুরী বুঝিয়াছেন। এই নিমিত্ত এ দেশীয়দের আর ইংরাজের উপরে তেমন ভক্তি শ্রদ্ধা ও বিশ্বাস নাই। এই নিমিত্ত এ দেশীয়েরা আর খ্রীষ্টধর্ম্ম গ্রহণ করেন না। ইংরাজ মুখে বলেন ও ঘোষণা দেন, সকলের সহিত এক প্রকার ব্যবহার, সকলের নিমিত্ত সমান আইন, সকলের প্রতি সমান বিচার বিতরণ করিবেন, জাতি কুল বর্ণ ও ধর্ম্মের বিভেদ করিবেন না। কিন্তু কার্য্যে তাহার সম্পূর্ণ বিপরীত ব্যবহার। ইংরাজের নিমিত্ত আইন ও ভারতবাসির নিমিত্ত আইন স্বতন্ত্র, উভয়দিগের পক্ষে বিচার ও বিচার বিতরণ ব্যবস্থা স্বতন্ত্র। মাননীয় হবহৌস বিলদন বাহাদুর সমভাবে আইন করিবার চেষ্টা পাইয়াছিলেন বলিয়া অপমানিত হইলেন। আমরা ইংরাজের যে ব্যবহার-কৌশল ও কার্য্যচাতুর্য্যের কথা কহিলাম, তাহাও কেমন পাঠক একবার দেখুন। এ দেশীয়েরা সিবিল সার্ব্বিস হইলে পাছে ইংরাজকে তাঁহাদের অধীনে কর্ম্ম করিতে হয়, এই ভয়ে সিবিল সার্ব্বিস পরীক্ষার্থির বয়স কমাইয়া দেওয়া হইল। ইংলণ্ড ইণ্ডিয়া কৌন্সিলের সিবিলিয়ান মেম্বরেরাই এ বিষয়ের প্রধান প্রতিবাদী।

এরূপ বিরূপ ঘটনা হইবার কারণ এই, যে ইংরাজ ভারতের রাজা, সেই ইংরাজ ভারতের বণিক, সেই ইংরাজ [illegible] আইনকর্ত্তা, সেই ইংরাজ ভারতের প্রজা, আবার সেই ইংরাজ ধর্ম্মপ্রচারক। একজন ইংরাজ রাস্তায় দাঁড়াইয়া উপদেশ দিতেছেন, এক গণ্ডে চপেটাঘাত করিলে অপর গণ্ড ফিরাইয়া দিবে খ্রীষ্টের এই আজ্ঞা। তাহার অনতিদূরে আর একজন ইংরাজ চপেটাঘাতে গণ্ড উড়াইয়া দিতেছেন। তাহার কিঞ্চিৎ দূরে ব্যবহারাজীব বসিয়া আর একজন ব্যবস্থা প্রণয়নে কৌশল দেখিতেছেন। আর এক জন বলপূর্ব্বক এ দেশীয় রমণীর সতীত্ব নাশ করিতেছেন। তাহার পার্শ্বে আবার একজন বণিকের বেশে আসিয়া এ দেশীয় শিল্পী ও ব্যবসায়ির অন্নে ধূলি দিতেছেন। ইহাতে কি ভক্তি থাকিবার কথা?

ইংরাজ রাজনীতির এইরূপ গতি হওয়াতে এ দেশে বিষময় ফল ফলিতেছে। শিক্ষকগণের উপদেশ ভাসিয়া যাইতেছে এবং ধর্ম্মপ্রচার বিফল হইতেছে। যুবলোকেরা ইংরাজের দৃষ্টান্ত দর্শন করিয়া কেবল চাতুরী শিখিতেছে। বিদ্যালয়ের বালকেরা অবাধ্য হইতেছে দেখিয়া আমাদের লেপ্টেনণ্ট গবর্ণর আক্ষেপ করিয়াছেন। ইংরাজের অসৎ দৃষ্টান্তই তাহার কারণ। ইংরাজী শিক্ষার প্রভাবে হিন্দুধর্ম্মবন্ধন শ্লথ হইয়া গিয়াছে। হিন্দু ধর্ম্মোচিত সে ভীরুতা নাই; সে বিনয়নম্রতা নাই; সে গুরুজনে ভক্তি নাই, পিতামাতার সে বাধ্যতা নাই। এখন সকলই বিসংষ্ঠুল, এখন সকলই বিশৃঙ্খল, বোধ হয়, এরূপ কাল কখন হয় নাই। মনুষ্য যথারূপ চণ্ডালের কাজ করিয়া এখনকার ছাত্রেরা মানিয়া আত্মশ্লাঘা করিয়া থাকে, তাহাতে বাহাদুরী জ্ঞান করিয়া থাকে। ভারতে প্রবর্ত্তিত ইংরাজ রাজনীতি ও ইংরাজ দৃষ্টান্ত এরূপ বিষময় ফলের প্রসবস্থল। রাজনীতির সংশোধন ও ভারতস্থ ইংরাজের সচ্চরিত্রতাবলম্বন ব্যতিরেকে এ অবস্থার সংশোধন সম্ভাবনা নাই। মিসনরিরা কি বলেন? তাঁহাদের এত শ্রম কেন? তাঁহারা এ দেশীয়দিগকে উপদেশ দান দ্বারা সচ্চরিত্র ও ধর্ম্মপরায়ণ করিয়া তুলিবার পূর্ব্বে স্বদেশীয়দিগকে কিছুকাল উপদেশ প্রদান করুন।

৩৮

এদেশীয়েরা কিসে পূর্ব্ববৎ সভ্য হইবেন।

উচ্চস্থান হইতে পতিত হইয়া যে ব্যক্তির হাড়গোড় ভাঙ্গিয়া যায়, প্রকৃতি অনুকূল ও সহায় হইয়া যদি তাহার অস্থিসংযোজনী শক্তি জন্মাইয়া না দেন, কেবল ঔষধ ও পথ্যের চেষ্টা দ্বারা তাহার উত্থানশক্তি হয় না। ভারতীয় আর্য্যেরা সভ্যতার যে উচ্চতর সোপানে অধিরূঢ় হইয়াছিলেন, তাঁহাদের সন্তানগণ তথা হইতে এত নীচে পড়িয়াছেন, যে তাঁহাদের অস্থি চূর্ণ হইয়া গিয়াছে, প্রকৃতি তাঁহাদের প্রতি অনুকূল নন। অতএব সুস্থ হইয়া তাঁহারা যে পুনর্ব্বার সেই উচ্চ স্থানে উপস্থিত হইবেন, সে আশা নাই। বিদেশী লোকেরা সেই পূর্ব্ব পরিচিত উচ্চ স্থানে ইহাদিগকে তুলিতে চেষ্টা পাইতেছেন বটে, কিন্তু তাহা কাজিকে কার্য্যে উৎপাদনে সমর্থ হইতেছে না। একের বস্তু অপরের শরীরের উপযোগী নয়। ইউরোপীয়দিগের বস্তু লইয়া আমরা উন্নত হইতে পারিব না। ইউরোপীয়ের সভ্যতা লইয়া আমরা পূর্ব্ববৎ সভ্য হইতে পারিব না। আমাদের যে আচার ব্যবহার ও ধর্ম্ম আছে, তাহাই সংশোধিত করিয়া পুনর্জ্জীবিত করিয়া তুলিতে হইবে। তাহা না করিলে আমরা কখন প্রকৃত উন্নতিশালী ও স্বাধীনভাবে সমুদায় কার্য্য করিবার ক্ষমতাশালী হইতে পারিব না। এক গাছের কলম আর এক গাছে হয় বটে; কিন্তু কলমের গাছ আঁটির গাছের মত শক্ত ও প্রচুরফলোৎপাদক হয় না।

আমরা ইউরোপীয় সভ্যতা বলে বলীয়ান্ হইবার যে চেষ্টা পাইতেছি, তাহা আমাদের পক্ষে কেবল বিড়ম্বনা হইতেছে। আমরা ত এই একটী প্রধান অনিষ্ট দেখিতেছি, প্রাচীন আর্য্যদিগের যে অমায়িকতা নিরহঙ্কারতা বিনয়নম্রতা ও একতা ছিল, তাহা আর নাই। এখন অহঙ্কারের অত্যন্ত বৃদ্ধি হইয়াছে। এখন কিঞ্চিৎ শিক্ষিত ও অর্দ্ধ শিক্ষিতের দলই অধিক। যিনি কিছু শিখিলেন, তিনি অহঙ্কারে মট মট করিতে লাগিলেন। তিনি আর সকলের সহিত বাক্যালাপ করেন না, সকলের সহিত একমত হইয়া কার্য্য করিতে চান না। তিনি মনে করেন, সকলের উপরে উঠিয়াছেন, সকলে যেন তাহার নীচে পড়িয়া গিয়াছে। সুতরাং সকলের সহিত মিলিয়া আর তাঁহার কোন কাজ করিবার ইচ্ছা হয় না। অপর সকলকে পদদলিত করিয়া বড় হইব, তাহার এই ইচ্ছা প্রবল হয়। সকলে মিলিয়া ভাল কাজ করিয়া যে উন্নত হইব, সে ইচ্ছা হয় না। আমাদের দেশের বিস্তর অভাব আছে। সকলে একবাক্য হইয়া সেই অভাব গুলির মোচন করিয়া দেশকে উন্নত করিয়া তুলিব, এ ইচ্ছা অল্প লোকের দেখিতে পাওয়া যায়।

ঐ গর্ব্ব দুরন্ত ও এই অভিমানজনিত অনিষ্টের দুই একটি প্রমাণ প্রদর্শিত হইতেছে। উত্তরোত্তর এ দেশে মকদ্দমার যে বৃদ্ধি হইতেছে, পাঠক কি তাহার কারণের অনুসন্ধান করিয়া দেখিয়াছেন? এ দেশীয়দিগের অভিমান এই মকদ্দমাবৃদ্ধির প্রধান কারণ। যাহার কিঞ্চিৎ সঙ্গতি হইল, তাহার অভিমান সীমা ছাড়াইয়া উঠিল। তিনি আপনার সমুদায় নিকটস্থকে তুচ্ছ দেখিতে লাগিলেন। নিকটে যদি অপর কেহ তাহার অপেক্ষা বড় থাকে, অথবা তাহার সমকক্ষ থাকে, তাহা হইলে তাহার সুখ নিদ্রা হয় না।

যতক্ষণ না সে সেই বড়কে ও ফুঁ দিয়ে ছোট করিতে পারে, ততক্ষণ সে নিশ্চিন্ত হইতে পারে না। বড় কষ্ট করিয়া সেই বড়কে ছোট করিতে অধিকার প্রকারে তাহার সে প্রবৃত্তি জন্মে না, সকলে স্পর্ধা করিয়া কিসে সেই বড়কে ছোট করিব, সচরাচর এই চেষ্টাই করিয়া থাকে। তাহাতেই দেশে মকদ্দমার এত উন্নতি। উহার হ্রাস না হইয়া দিন দিন বৃদ্ধিই হইতেছে। ১৮৮২।৮৩ র বঙ্গদেশীয় শাসনসংক্রান্ত রিপোর্টে লিখিত হইয়াছে, চারি প্রকার বিচার সংক্রান্ত ষ্টাম্প বিক্রয় হইয়া আয়ের বৃদ্ধি হইয়াছে। পূর্ব্ব বৎসরে ৮৫৭৮১১৫ ছিল, প্রস্তাবিত বর্ষে ৮৬৯৩৪৪১ টাকা হইয়াছে। মকদ্দমা বৃদ্ধি ও অন্য অন্য কয়টী বিষয় এই আয় বৃদ্ধির কারণরূপে নির্দ্দেশিত হইয়াছে। ২৪ পরগণায় সর্ব্বাপেক্ষা অধিক বৃদ্ধি হইয়াছে। ২৪ পরগণায় ৫৪৭০৪ টাকা বৃদ্ধি; বাখরগঞ্জে ৪১৪০৭, ময়মনসিংহে ৪০৩১৭, হুগলীতে ৩১৬৮৯, ত্রিপুরায় ৩০৫১৫, এবং মেদিনীপুরে ৩৪৯৯১।

এ দেশীয় শিক্ষিত দলের অনেকে যে কেমন অভিমানমত্ত হইয়াছেন, তাহার একটী প্রমাণ এই, তুমি যদি একটী ভাল বিষয়ের প্রস্তাব কর, অপর ব্যক্তি আপনার বুদ্ধিবৃত্তি ও তর্কশক্তির অধিক ক্ষমতা দেখাইবার নিমিত্ত তৎক্ষণাৎ তাহার প্রতিবাদ করিবেন। সে বিষয়টী যাহাতে কার্য্যে পরিণত হইতে না পারে, সেই চেষ্টা পাইবেন। এ দেশে বিধবাবিবাহ হওয়া অন্য সমুদায় দেশের অপেক্ষা বিশেষ আবশ্যক। কারণ, এ দেশে বাল্যবিবাহ ও বহুবিবাহ প্রচলিত আছে। তন্নিবন্ধন অন্য দেশ অপেক্ষা এ দেশে অধিক বিধবা হইয়া থাকে। তদ্ভিন্ন, একটী সর্ব্বনেশে কন্যা বিক্রয় প্রথা আছে। অনেক পিতামাতা অর্থ লোভে বৃদ্ধের হস্তে বালিকা কন্যা সমর্পণ করেন। তাহাও এ দেশে বহুল পরিমাণে বৈধব্য ঘটাইবার কারণ। এ দেশে বিধবার যন্ত্রণার পরিসীমা নাই। বিধবার বিষয়ে যে শাস্ত্র আছে, তাহা নিতান্ত কঠিন। উহা বিধবাকে সর্ব্ব সুখে বঞ্চিত করিয়া দেয়, তাহার মনুষ্য জন্মটা বৃথা হইয়া যায়। তাহাকে চিরপরাধীন ও পরমুখাপেক্ষী হইয়া জীবন যাপন করিতে হয়। এই সকল অত্যাচারের নিবারণার্থ এ দেশে বিধবাবিবাহ হওয়া একান্ত আবশ্যক। সকলে একবাক্য হইয়া যাহাতে বিধবাবিবাহ প্রচলিত হয়, সেই চেষ্টা পাওয়া উচিত। সভ্য দেশমাত্রেই বিধবাবিবাহ প্রচলিত আছে। নরনারী উভয়েই সমান, উভয়েরই ইন্দ্রিয় বৃত্তি দুর্জ্জয়। সৃষ্টিবৃদ্ধির উদ্দেশে বিধাতা ইন্দ্রিয় বৃত্তিকে দুর্জ্জয় করিয়া দিয়াছেন। নর অনায়াসে আপনার ইন্দ্রিয়বৃত্তি চরিতার্থ করিবেন, নারী করিতে পারিবেন না; সভ্য সমাজ উক্তরূপ বিষম ব্যবহার দর্শনে সন্তুষ্ট নন। এই নিমিত্ত সভ্য দেশমাত্রেই বিধবাবিবাহ প্রচলিত। কিন্তু দুঃখের বিষয় এই, আমাদের অভিমানমত্ত শিক্ষিত দলের একজন যদি বিধবাবিবাহ প্রস্তাব করিলেন, আর একজন অমনি বিতণ্ডা পাণ্ডিত্য প্রদর্শন করিতে লাগিলেন। যাহাতে প্রস্তাবকর্ত্তার চেষ্টা বিফল হইয়া যায়, তাঁহার সে চেষ্টা জন্মিল। নিম্নমুদ্রিত পত্রখানি আমাদের বাক্যের যাথার্থ্য পাঠকের হৃদয়ঙ্গম করিয়া দিবে। পত্রখানি এই:—

বিধবাবিবাহ।

সম্পাদক মহাশয়! শিক্ষিত সম্প্রদায়ের একটী ভ্রম বিশ্বাস জন্মিয়াছে যে সভ্যমণ্ডলী মধ্যে পরিগণিত হইতে হইলেই যেন বিধবাবিবাহের পক্ষ সমর্থন করিতে হয়। অন্ততঃ এরূপ দেখাইতে হইবে যাহাতে উহাকে লোকে "অনুদার বুদ্ধি" প্রভৃতিক অভিধানে অভিহিত না করে। গণেশ বাবু একজন উচ্চদরের শিক্ষিত লোক; সুতরাং তাঁহার চক্ষে দুর্গাপতি বাবু যে "অনুদার-বুদ্ধি-প্রযোজক হইবে", তাহার আর সন্দেহ কি?

আর্য্যসমাজ আজ বিধবাবিবাহ বিধিবিধান করিয়া মত্ত হইয়া উঠিয়াছেন,—কারণ গণেশ বাবুর মতে প্রজা বৃদ্ধি চাই। তিনি অঙ্ক শাস্ত্রের যেরূপ অদ্ভুত আবিষ্কার করিয়াছেন, তাহার সম্পূরণার্থ উপযুক্ত উপায়ও স্থির করিয়াছেন। বিংশতি কোটী মানব পরিপূর্ণ ভারত আজি কি লোকের অভাবে দীন? না, এইরূপ দীনতার অন্য কোনরূপ কারণ আছে? গণেশ বাবু কি একবার সে বিষয়ের চিন্তা করিয়াছেন?

দেখা যাউক, যে যে সমাজে বিধবাবিবাহ প্রচলিত, সেই সেই সমাজের অবস্থা কিরূপ, ইংরাজ সমাজ বিধবাবিবাহের পক্ষ সমর্থন করে; কিন্তু আদর করে কি? বোধ হয় করে না, যদি করিত, তাহা হইলে ইংরাজ কবিকুলগুরু সেক্সপীয়র হ্যামলেটের মাতার বিধবাবিবাহ দিয়া সমাজকে লজ্জিত করিতেন না। সম্পাদক মহাশয়! আমরা বিলাত দেখি নাই, তথাপি নানা প্রকার ইংরাজি উপন্যাস, সংবাদপত্রাদি পাঠ করিয়া ইংরাজসমাজ বিষয়ে যে টুকু অবগত হইয়াছি, তাহাতে আমার দৃঢ় বিশ্বাস যে যদি কোন পরিবারের মধ্যে কোন স্ত্রীলোকের বিধবাবিবাহ হয়, তাহা হইলে উক্ত পরিবারের বংশের হানি হয়। গণেশ বাবু একজন শিক্ষিত লোক, বোধ হয় তিনি এ কথা স্বীকার না করিয়া থাকিতে পারিবেন না। আবার ইংরাজ সমাজেও বিধবাবিবাহ যেরূপ চলিবার সেইরূপ চলিয়া আসিতেছে, কিন্তু তাহাদের সামাজিক অবস্থা কি আমাদের সামাজিক অবস্থা অপেক্ষা উন্নত? গণেশ বাবুর উত্তরের আশায় রহিলাম। যদি না হয় তাহা হইলে আমাদের উন্নত আর্য্য সমাজ মধ্যে এরূপ বিষয় প্রবেশ করাইবার আবশ্যক কি? আর যদি উন্নত হয়, তাহা হইলে আমি সমস্ত সমাজকে বলিব যে কালবিলম্ব না করিয়া বিধবাবিবাহ প্রচলিত কর।

যে সকল প্রাণী "ভ্রূণ হত্যায়" বিনষ্ট হইয়াছে, তাহাদের জন্য গণেশ বাবুর সহিত আমি সহানুভূতি প্রকাশ করি। কিন্তু জিজ্ঞাসা করি, যতগুলি প্রাণী বিনষ্ট হইয়াছে, তাহা কি কেবল বিধবাবিবাহ প্রচলিত না থাকাতে হইয়াছে? আমার মতে এই মহৎ অনিষ্ট পাশ্চাত্য লোকের বিষময় ফল। এরূপ ব্যভিচার এবং তৎসহচরী ভ্রূণহত্যা সধবা গণেরও কখন কখন সম্ভব হইতে পারে। এখন দেখা যাউক, বিধবারা ব্যভিচারের উত্তেজক কি না? আমাদের সমাজ এরূপ সুচতুরভাবে গঠিত যে বিধবাগণ বৈধব্য দশা সাংসারিক দুঃখ বলিয়া গণ্য না করিয়া ধর্ম্মবৃদ্ধির ও পরকালসুখের আশ্রয় স্বরূপ জ্ঞান করে এবং সমাজও তাহাকে কঠিনভাবে এই শিক্ষা প্রদান করে। যতদিন বিধবাবিবাহ প্রথা প্রচলিত হইবে বলিয়া আমাদের আর্য্যসমাজ মধ্যে এবং হিন্দু বিধবা অন্তরে ভ্রম উৎপাদিত করিয়া দেওয়া হয় নাই, ততদিন বিধবাগণ জানিত যে পুনরায় বিবাহ করা উচিত, এ চিন্তায় পাপগ্রস্ত। তাহারা ততদিন সর্ব্বদা স্থির করিত যে জগদীশ্বর ইন্দ্রিয়সুখ বিনিময়ে শাস্ত্রাভ্যাসে এবং ঈশ্বরচিন্তায় অনন্তকাল ব্যাপী স্বর্গীয় সুখ ক্রয় করিতেছে। তাহাদের মনে অন্যরূপ চিন্তার উদয়ও হইত না, সুতরাং ব্যভিচার সম্ভব ছিল না। ক্রমে বিধবা বিবাহ রব চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া পড়িল। ক্রমে চপলা বিধবাগণ ভাবিল বুঝি ইন্দ্রিয়সুখ পরিতৃপ্তির আশা ইচ্ছা করিলেই সফল হইবে; কারণ শাস্ত্রে তাহা আছে। এইরূপে নিষ্কলঙ্ক বিধবা হৃদয়ে ক্রমে ঘটিল, ক্রমে সম্ভোগের ইন্দ্রিয় সুখের নিকট পরাস্ত হইল এবং তৎপরে কিরূপে পুনর্ব্বিবাহ হইবে, এইরূপ আশা হৃদয়ে বলবতী হইল। ধর্ম্মভাব আর নাই সে স্বর্গীয় ভাব আর নাই, এখন পার্থিব সুখে বিধবা মগ্ন। এখন বিবাহ চাই, নচেৎ ব্যভিচার দোষ ক্রমে পুংসহ স্বর্গীয় বিধবা হৃদয় স্পর্শ করিল এবং তৎপরেই ভ্রূণহত্যাতে ঘোরতর পাপে সমাজ দূষিত হইতে লাগিল।

বিধবা হৃদয়ের এ অদ্ভুতপূর্ব্ব পরিবর্ত্তনের কারণ কি? বিধবাবিবাহ প্রথার প্রচলন চেষ্টা ভিন্ন আর কিছুই নহে। যদি এক জনকে অভাব আছে এটী দেখাইয়া না দেওয়া হয়, তাহা হইলে তাহার মনে তাহার সম্পূরণের চেষ্টা কখনই উদিত হইতে পারে না। বিধবাবিবাহ প্রথা প্রচলিত হইল বলি

বিধবা হওয়া [illegible] ন আমার মতের হইল কি। এখন আমার মতের কারাইয়া দেখা কি [illegible] করিতেছে? আমি উত্তর প্রতীক্ষায় রহিলাম।

সম্পাদক মহাশয় [illegible] জন্য মনুষ্যের যুক্তি প্রদর্শন করিতে পারিলাম না। আশা করি আপনি আমার [illegible] করিবেন আশা রহিল।

[illegible]

হিন্দুর বিধবা [illegible] ও ইংরাজের আফগানস্থানের [illegible]। হিন্দুকন্যা বিধবা হইলে স্বতন্ত্র [illegible] করিয়া যেমন পিতার [illegible] ইংরাজদের সহিত সম্পর্ক রাখ [illegible] করিয়াছেন। ভারতবাসী [illegible] সঞ্চিত করিতেছে তথাপি [illegible] নাই। [illegible] জিজ্ঞাসা করি, আমীরকে কি নিমিত্ত [illegible] টাকা দেওয়া হইতেছে [illegible] উপর [illegible] সীমা প্রদেশ [illegible] বৃদ্ধি করিবার অভিপ্রায়ে [illegible] বাঁধিয়াছিলেন। [illegible] স্থান ও [illegible] ছাড়া [illegible] অর্থ [illegible] জুটিয়া লওয়া। [illegible] অনর্থক অর্থ ব্যয়ের [illegible] না। ভারতবর্ষের অর্থের [illegible] গবর্ণমেণ্ট কোথায় [illegible] গবর্ণমেণ্টের স্থানে স্থান [illegible] ব্রিটীশ রাজ্যভুক্ত করিয়া লও [illegible] ভারতবর্ষকে নিরাপদ করিবার [illegible] মানকে কাবুলের [illegible] হইয়াছে, তাহাই [illegible] সনে বসিয়া প্রবল [illegible] তিনি যে সিংহাসনে বসিয়া [illegible] প্রচুর রাজস্ব সংগ্রহ করিতেছেন, [illegible] আফগানস্থানের সেই সিংহাসনে উপবেশন করিয়াছেন, তবে কেন তাঁহার প্রজারা তাঁহার [illegible] অনুগত? তবে কেন তিনি [illegible] ন্যায় [illegible] ব্রিটীশ গবর্ণমেণ্টের [illegible] জন্য লালায়িত হন? তবে কেন তিনি ব্রিটীশ গবর্ণমেণ্ট [illegible] অর্থ সাহায্য করিবেন, তাহার মুখাপেক্ষা করিয়া থাকেন? সীমাপ্রদেশ রক্ষা করা হউক না হউক আমীরকে রক্ষা করিবার জন্য আমাদিগের গবর্ণমেণ্ট নিয়ত ব্যস্ত।

বৃত্তি ভিন্ন আমীরকে আরও অনেক সামগ্রী দিতে হয়, তথাপি তাঁহার ব্যয় কুলান হয় না। [illegible] জাতি সেই পাইতেছেন বলিয়া ক্রমে তাঁহার দাবী বাড়িতেছে। গবর্ণমেণ্ট যখন কোন বিষয়ের প্রতিবাদ করিবেন, তখনই তিনি রুশের ভয় দেখাইবেন। পাঁচ বার এই ভয় দেখাইলে [illegible] একবার যে তিনি রুশের আশ্রয় লইবেন তাহার সন্দেহ কি? আর প্রয়োজন হইলে মানুষের [illegible] কর্ত্তব্য জ্ঞান থাকে না, রুশ [illegible] ইংরাজ গবর্ণমেণ্টের অপেক্ষা অধিক অর্থের প্রলোভন দেখাইলে যে তিনি ইংরাজ গবর্ণমেণ্টের বুকে [illegible] বসাইবেন না, কিছুতেই আমাদিগের এ বিশ্বাস হয় না। রুশের ভারতবর্ষ জয় করিবার মন [illegible] করিবার ইচ্ছা যেরূপ বলবতী, তাহাতে রুশের অধিক টাকার প্রলোভন দেখানও বিচিত্র নহে। [illegible] কিছু আপদ বিপদ হউক, ভারতবাসীর [illegible] তাহার সংস্রব থাকিবে, কিন্তু যাহাদিগের [illegible] গবর্ণমেণ্টের এত যত্ন এত কষ্ট, তাহাদিগের [illegible] যদি বুদ্ধি হইতে থাকিল, তাহা হইলে শাসনপ্রণালীর প্রশংসা কি? তাঁহাদিগের বুদ্ধিমত্তার গৌরব কি? গবর্ণমেণ্ট স্বজাতির উদর পূরণ [illegible] ধন বৃদ্ধির নিমিত্ত ও ইংলণ্ডের ধনাগারকে কুবেরের ভাণ্ডার সদৃশ করিবার জন্য যে যে সময়ে ভারতের রাজকোষে সিঁদ বসাইয়া দেন, ভারতবাসী সেই সময়ে যে ছটফট করিতে থাকে, অমনই পীড়াই তাহার কারণ। আমাদিগের গবর্ণমেণ্ট রাজ্য বৃদ্ধির চেষ্টা করেন, কিন্তু আমরা তাহার নিবারণ করি। ইহার কারণ কি? আর কিছুই নহে, পাছে আমাদিগকে ব্যয় দান করিতে হয়, এই ভয়।

এক্ষণে জিজ্ঞাস্য এই, এরূপে কুপোষ্য পালন করিয়া ইষ্টলাভ কি? আমীর কোন কারণে অসন্তুষ্ট হইলে ব্রিটিশ পক্ষ যে পরিত্যাগ করিবেন না তাহার প্রমাণ কি? ভারতবাসীর সুখ দুঃখ যখন ব্রিটিশজাতির উপর নির্ভর করিতেছে, তখন ভারতের রাজকোষ হইতে আমীরকে এরূপে টাকা দেওয়া [illegible] তাহার উপায়বিধান করা কি কর্ত্তব্য নহে? গবর্ণমেণ্ট যখন আমীরকে রক্ষা করিবার ভারগ্রহণ করিয়াছেন, [illegible] রাজ্য নিরাপদ করিবার জন্য যখন সৈন্য পাঠাইয়াছেন, তখন শাসনপ্রণালীর [illegible] সংশোধন করিয়া রাজস্ব আদায়ের [illegible] বন্দোবস্ত করিয়া তদনুসারে তাঁহাকে চলিবার পরামর্শ দিন। তিনি যাহাতে তদনুসারে চলেন, তাহার উপায় করুন। তাহা হইলে আর ভারতের রাজকোষ হইতে ধন প্রদান করিতে হইবে না। তাঁহার খরচে কুলাইলে কেন তিনি ব্রিটীশ গবর্ণমেণ্টের মুখাপেক্ষী হইবেন? রুশের ভারত আক্রমণ ইচ্ছার কথা আমরা অনেক দিন হইতেই শুনিতেছি। উহা সহজে কার্য্যে পরিণত হইবার কি সম্ভাবনা আছে? [illegible] গবর্ণমেণ্টের যে সীমা আছে, তাহা [illegible] রক্ষা করা হউক। আমীরকে টাকা দিবার প্রয়োজন নাই, কিন্তু তাঁহাকে নিয়মিতরূপে টাকা দিবারও প্রয়োজন নাই। এই টাকায় রেলওয়ে বিস্তার ও অন্যান্য কার্য্য করিলে অনেক উপকার দর্শিবে। রেলওয়ে বিস্তারে এক দিকে বাণিজ্যবৃদ্ধি নিবন্ধন ভারতবর্ষের যেমন কিছু ধন বৃদ্ধি হইবে, তেমনি রুশের আগমনের সম্ভাবনা দেখিলে সহজে ভারতবর্ষ হইতে তথায় সৈন্য লইয়া যাইবার সুবিধা হইবে। রুশেরা [illegible] সত্বর ভারত আক্রমণ করিবে, তাহার সম্ভাবনা নাই। তাহারা কত দিন হইতে যে মধ্য আসিয়ায় অগ্রসর হইতেছে, বৃত্তান্ত দর্শন করিলেই ইহা সহজে অনুভূত হইবে। ১৮২৩ অব্দ হইতে রুশ গবর্ণমেণ্ট আসিয়ায় [illegible] আরম্ভ করেন। ঐ অব্দে তাঁহারা কাস্পীয়ান সাগরের পশ্চিম উপকূলে ও উত্তর উপকূলে [illegible] দেশ ছিল, তৎসমস্ত স্বরাজ্যভুক্ত করিয়া লন। পূর্ব্বদিকে প্রবল তুর্কোমান জাতি ছিল বলিয়া প্রথমে উহার [illegible] করেন নাই। ইহার পরে উত্তর ও পূর্ব্বদিকে রাজ্য বৃদ্ধি করিতে আরম্ভ করিয়া ক্রমে চীনের সীমায় উপস্থিত হইলেন। ক্রমে যখন আরো অগ্রসর হন, সেই সময়ে খিভা বোখারা ও কোকান প্রতিকূলাচরণ করিল, কিন্তু দেশরক্ষা করিতে সমর্থ হইল না। রুশ সৈন্যেরা যেচেট অধিকার করিয়া উহার পিরোভিস্ক দুর্গ নাম দেন এবং সির দরিয়ার অন্তর্গত খাসালা ও আর দুটী স্থানে স্বতন্ত্র স্বতন্ত্র দুর্গ করিয়া অধিকৃত স্থান দৃঢ়তর করিয়া লন। ১৮৫৪ অব্দে ক্রিমিয়ায় যুদ্ধ উপস্থিত হইলে রুশ গবর্ণমেণ্ট নূতন দেশ জয় করিবার ইচ্ছা কিছুদিনের নিমিত্ত পরিত্যাগ করেন। চারি বৎসর পরে আবার আলাটাউ পর্ব্বতের উপর কাষ্টিক ও ভার্ণো নামে দুটী দুর্গ নির্ম্মাণ করেন। ৩৫

১৮৬৩ অব্দে ইঁহারা কাস্পীয় সাগরের পূর্ব্ব উপকূলের এক তৃতীয়াংশ, আরাল সমুদ্রের উত্তর উপকূলের সমস্ত এবং পশ্চিম উপকূলের অধিকাংশই গ্রাস করিয়া [illegible] লন। ইহার পর সির দরিয়া [illegible] নামক নদী, বলকাস এবং ইসিকল হ্রদ অধিকার করিলেন। ১৮৬৪ অব্দের সেপ্টেম্বর মাসে সেনাপতি টার্নেফ চিমকেণ্ট জয় করেন। ১৮৬৫ অব্দে তুর্কিস্থানকে রুশগবর্ণমেণ্টের অধিকৃত রাজ্য [illegible] সেনাপতি টার্নেফকে তাহার শাসনকর্ত্তা বলিয়া প্রচার করা হয়। ইসিকেল হ্রদ ও আরাল সমুদ্রের মধ্যে যত দেশ ছিল, তৎসমস্তই তুর্কিস্থানের অন্তর্গত করা হইল। ১৮৬৬ অব্দে বোখারার আমীর টার্নিফকে পরাজিত করাতে সেনাপতি রোমানোভস্কিকে তাঁহার পদে প্রতিষ্ঠিত করা হয়। ইনি ইরজার নামক স্থানে আমীরকে যুদ্ধে পরাস্ত

করেন, হোর্জেন্ট নামক একটী স্থানে খর্দ্দক, বোখারা কোকান ও আফগানের রাজ্য মিলিত হইয়াছে। তিনি সেই স্থানটী অধিকার করিলেন। ১৮৬৭ অব্দে সেনাপতি কফমান বোখারানোজ্ঞির পদে প্রতিষ্ঠিত হন। তিনি এপ্রেল মাসে উকহম নগর ধ্বংস করেন। ১৮৬৮ অব্দে সমরখন্দের অন্তর্গত জির.ফশান নগর ও বোখারার রাস্তায় উপরিস্থ কাটিকরগেন নামক স্থান অধিকার করিয়া লওয়া হইল। জুলাই মাসে জিরাবুলাক নামক স্থানে আমীর পরাস্ত হইয়া সন্ধিপত্রে স্বাক্ষর করিলেন। ১৮৭৩ অব্দে খিবার খাঁ সন্ধিপত্রে স্বাক্ষর করিয়া খিবাকে রুশরাজ্যভুক্ত করিয়া দিলেন। ১৮৭৪-৭৫ অব্দে আসিয়ার রুশরাজ্যের পশ্চিম সীমা কাস্পীয় সমুদ্রের পূর্ব্ব উপকূল। দক্ষিণ সীমা পারস্য, উত্তর সীমা অক্সস নদীর উত্তর উপকূল নির্দ্ধারিত হইল। ১৮৭৬ অব্দে সেনাপতি স্কবেলফ কোকান অধিকার করিলেন। ঐ অব্দে রুশের সহিত তুরস্কের যে যুদ্ধ হয়, তাহাতে রুশেরা ওরেণবর্গ হইতে তাসখন্দে অগ্রসর হইয়াছিলেন। পাছে ইহাঁরা কনষ্টাণ্টিনোপল অধিকার করেন, ব্রিটিশ গবর্ণমেণ্ট সেই ভয়ে ১৮৭৮ অব্দের এপ্রেল মাসে রুশ গবর্ণমেণ্টকে ভয়প্রদর্শনার্থ এ দেশীয় সৈন্যদিগকে মাল্টায় লইয়া যান। কিন্তু রুশেরা ইহার প্রতিশোধ লইতে ছাড়েন নাই। তাঁহারা ভারতবর্ষের সীমাপ্রদেশ দিয়া করিবার অভিপ্রায়ে প্রথমতঃ তুর্কিস্থান হইতে কতকগুলি সৈন্য দিয়া সেনাপতি কফমানকে প্রেরণ করেন। দ্বিতীয়তঃ তাঁহারা আমেরিকা হইতে যুদ্ধ জাহাজ ক্রয় করিয়া বল্টিক হইতে তাঁহাদিগকে তাড়াইয়া দিবার জন্য সৈন্য প্রেরণ করিয়াছিলেন। অপর দিকে বোখারা মনক কাবুল ও হিরাটে রুশের এজেণ্ট প্রেরিত হন। এমন কি একজন কাবুল ভেদ করিয়া ভারতবর্ষে যাওয়া যায় কি না তাহা দেখিবার জন্য পেশোয়ার পর্য্যন্ত আসিয়াছিলেন।

মধ্য আসিয়ায় রুশ গবর্ণমেণ্টের যে সকল সৈন্য আছে, তাহারা চারি শ্রেণীতে বিভক্ত হইয়া ভারত অভিমুখে অগ্রসর হইবে স্থির হইয়াছিল। কফমান যাহাদিগের সৈন্যাপত্য করিতেছিলেন, তাহারা জাম ও সমরখন্দ হইতে রামিয়ান পাসের মধ্য দিয়া কাবুলে প্রবেশ করিবে। সেনাপতি আবক, কাশগরের মধ্য দিয়া কাশ্মীরের সীমাপ্রদেশে উপনীত হইবেন। সেনাপতি গ্রোটেনগেম কিভা হইতে চার্জুইয়ের ভিতর দিয়া সেনাপতি লোমাকের সহিত মিলিত হইবেন। লোমাক কাস্পীয় সমুদ্র হইতে কিজিল আর্ব্বতের মধ্য দিয়া অগ্রসর হইবেন, এই স্থির হয়। ইহারা আফগানস্থানের সীমা ও হিরাট আক্রমণের চেষ্টা পান। এতদর্শনে ১৮৭৮ অব্দে ব্রিটীশ গবর্ণমেণ্ট রুশগবর্ণমেণ্টের সহিত সন্ধি বন্ধন করেন। রুশ গবর্ণমেণ্টের যে সকল এজেণ্ট ভিন্ন ভিন্ন স্থানে ছিলেন তন্মধ্যে কর্ণাল ষ্টোলিটফ কাবুলে, কর্ণাল গ্রোডিকফ হিরাটে, কর্ণাল মাটভায়েফ বল্খ ও বদকসানে এবং গোমপোজিন কাসিমো পেশোয়ার হইয়া কাবুলে উপনীত হন। ইহারাই রুশকে তুর্কমানদিগের বিরুদ্ধে অস্ত্র গ্রহণে প্রোৎসাহিত করিয়াছিলেন। ১৮৭৯ অব্দে তুর্কোমানদিগের সহিত রুশের সংগ্রাম হয়। রুশ সৈন্যগণ ডাঙ্গেপটেপ নামক স্থানে অতি সহজে পরাজিত হন। ১৮৮১ অব্দে সেনাপতি স্কোবেলফ টেকি তুর্কোমানদিগকে গিওক টেপি নামক স্থানে সম্পূর্ণরূপে পরাজিত করিয়া কাস্পীয় সমুদ্র হইতে আস্কাবাদে অগ্রসর হইয়াছিলেন। এই স্থানে একটী বাণিজ্য করা হইয়াছিল। মিচেলোভস্ক ও কিজিল আর্ব্বত এবং বাকু হইতে রেলওয়ে প্রস্তুত করিয়া ইহার সহিত সংযুক্ত করা হইয়াছে। এখন এমন বন্দোবস্ত হইয়াছে যে ইচ্ছা করিলে অতি সহজে এখানে ১৫০০০ সৈনিক আনীত হইতে পারে। ১৮৮২ অব্দের ফেব্রুয়ারি মাসে গোমপোজিন লোসেফ লেপ্টেনাণ্ট আলিকানফ ও সুবনটারব লোকোলফ বানিজ্যের বেশে মার্ভ ও হিরাট পর্য্যবেক্ষণ করিতে যান। এতদিনের পর উহা হস্তগত করিয়া লওয়া হইয়াছে। ৪০ বৎসর পূর্ব্বে রুশ গবর্ণমেণ্ট পারস্যের ৭০০০০ ও তাতারের ২৭০০০০ বর্গ মাইল স্বরাজ্যভুক্ত করিয়া লইয়াছেন একণে মধ্য আসিয়ায় তাঁহাদের কিরূপ রাজ্য বৃদ্ধি হইয়াছে, পাঠক তাহা একবার বিবেচনা করিয়া দেখুন। তাঁহারা নূতন রাজ্য জয় করিবার সময় এমন কোন বাধা প্রাপ্ত হন নাই যে তাহাতে তাঁহাদিগের উৎসাহ ভঙ্গ হয়। অতএব তাঁহারা যে একবার ইংরাজের সহিত বল পরীক্ষা করিবেন, সে বিষয়ে সংশয় নাই। কিন্তু একটী কথা এই মুসলমান জাতিতে আর ইংরাজজাতিতে অনেক প্রভেদ। মুসলমান সেনাগণ ইউরোপীয় সৈন্যগণের তুল্য সুশিক্ষিত নয়। তাহাদের বলবীর্য্যও ইউরোপীয়দিগের তুল্য নহে। তাহাদের সামরিক বন্দোবস্তও ভাল নাই। ইংরাজেরা বিনা যুদ্ধে মুসলমানদিগের হস্ত হইতে ভারতের অনেক দুর্গ অধিকার করিয়াছিলেন। কিন্তু ইংরাজেরা মুসলমানদিগের ন্যায় অব্যবস্থিত নন। ইহাঁদিগের সমুদায় বন্দোবস্তই রুশদিগের অপেক্ষা উৎকৃষ্ট। ইংরাজসৈনিকে ও রুশ সৈনিকে অনেক প্রভেদ। রুশেরা এ সকল বিবেচনা না করিয়া সহসা যে ইংরাজজাতির সহিত যুদ্ধে প্রবৃত্ত হইবে, ইহা সম্ভাবিক নয়। ইংরাজেরা যে উপকরণ-সম্পন্ন হইয়া যত সৈন্য লইয়া যুদ্ধে উপস্থিত হইবেন, রুশেরা অন্ততঃ তাহার দ্বিগুণ উপকরণসম্পন্ন হইয়া না আসিলে জয়ী হইতে পারিবেন না। এ অবস্থায় রুশের পক্ষে দুর্ঘট।

উপসংহারে আমাদিগের বক্তব্য এই, ভারতীয় গবর্ণমেণ্ট কাবুলের আমীরকে যে টাকা দিতেছেন, তাহা বন্ধ করিয়া সেই টাকায় ভারতরক্ষার জন্য উপায় করুন। আমীরকে টাকা দেওয়া মরুভূমিতে বীজক্ষেপের ন্যায় বিফল হইতেছে। যুদ্ধকালে আমীর যে দিকে অধিকতর প্রলোভনে আকৃষ্ট হইবেন, সেই দিকেই চলিয়া পড়িবেন। আমীর ব্রিটীশ গবর্ণমেণ্টের নিকট এখন যে সাহায্য পাইতেছেন তখন সে কৃতজ্ঞতা ভুলিয়া যাইবেন। কাবুলের আমীরদিগের রুশের দিকেই টান দেখিতে পাওয়া যায়। সিরাজ আলিকে কি ভারতীয় রাজকোষ হইতে টাকা দেওয়া হয় নাই? তাহাতে কি ফল হইয়াছিল? যুদ্ধ উপস্থিত হইলে তিনি রুশের সাহায্যার্থী হন। বিশেষতঃ আবদুল রহমান রুশের আশ্রয়ে অনেক দিন ছিলেন। রুশের অন্নে তাঁহার উদর পূর্ণ হইয়া আছে। তিনি যে রুশকে এককালে বিস্মৃত হইয়াছেন, আমাদের ত এমন বোধ হয় না। আমীর স্বতন্ত্রভাবে রাজত্ব করুন, তাঁহাকে সৎপরামর্শ দিয়া ভারতীয় গবর্ণমেণ্ট সাহায্য করুন। তাঁহার সহিত মৈত্রী বন্ধন ছিন্ন করিবার প্রয়োজন নাই। অর্থদ্বারা তাঁহাকে বদ্ধ করিয়া রাখিলেই যে যুদ্ধকালে ইংরাজেরা, তাঁহাকে বিশ্বাস করিতে পারিবেন আমাদের সে বোধ হইতেছে না। রুশের সহিত যুদ্ধ বাধিলে ব্রিটীশ গবর্ণমেণ্টের যে আয়োজন করা আবশ্যক হইবে, তাহা করিতেই হইবে, আমীর অর্থ দ্বারা বিবদ্ধ আছেন বলিয়া তাহার কিছু কম করিতে পারিবেন না। তবে আমীরকে এখন টাকা দেওয়া কেন? আমাদের মতে এ নীতি প্রশংসনীয়

নূতন মিউনিসিপাল আইন।

আমরা ১৮৮৪ র ৭ ই মে র কলিকাতা গেজেটে দেখিলাম, নূতন মিউনিসিপাল আইনটী গবর্ণর জেনরল বাহাদুরের অনুমোদিত হইয়া সাধারণের গোচরার্থ প্রচারিত হইয়াছে। এ সম্বন্ধে আমাদের কয়েকটী বক্তব্য আছে। ক্রমে সেগুলি উল্লিখিত হইবে। মনোনীত করিবার প্রথাটীই আমাদের অদ্যকার আলোচনার বিষয়। আত্মশাসন প্রণালী লইয়া এতদিন যে ধুমধাম হইল, ইহাই তাহার আত্মা। যাহারা সদাশয়, তাঁহারা বলিলেন, এই আত্মশাসন শিখিতে পারিলে, ক্রমে আমাদিগের অনেক প্রকার শিক্ষা হইবে, আমরা উন্নত হইয়া উঠিতে পারিব। যাঁহারা দুষ্টাশয়, তাঁহারা এই ভাবিয়া শঙ্কিত হইলেন, এই আত্মশাসন শিক্ষা হইতে আমা-

যে স্বায়ত্তশাসন শিক্ষা হইবে, ক্রমে আমরা ক্ষমতাশালী হইয়া, ইংরাজ দিগের হস্ত হইতে রাজ্যটী কাড়িয়া লইব। ... ইহা লইয়া যে কত কাণ্ড হইল, ও কত বাদবিতণ্ডা হইল, তাহার ইয়ত্তা নাই। এ পদার্থটী যে কি, তাহা আমরা বেশ বুঝিতে পারিতেছি। ইহা হইতে যে আমাদের কতদূর শিক্ষা হইবে ও কতদূর ক্ষমতা বৃদ্ধি হইবে, তাহা আমাদের অবিদিত নাই। যাঁহারা কমিশনর পদে মনোনীত হইবেন, তাঁহাদিগকে [illegible] ন্যায় নির্দ্ধারিত পথে ভ্রমণ করিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সকল যে কার্য্যপদ্ধতি চিহ্নিত করিয়া দিবেন, সেই পথেই ঘুরিয়া ফিরিয়া বেড়াইতে হইবে। কেহ যে এক পদ অন্য দিকে ক্ষেপণ করিবেন সে সাধ্য থাকিবে না। মুহুর্মুহু ক্ষণে ক্ষণে তাঁহাদিগের কৃত কার্য্যের হিসাব দিতে হইবে। এখন মনোনীত করিবার প্রথা নাই, এখন কমিশনরেরা গবর্ণমেণ্টকর্ম্মচারীর যে ধামাধরা, মনোনীত করিবার প্রথা হইলেও সেই ধামাধরা থাকিবেন। তবে বিশেষের মধ্যে এই, এখন সাক্ষাৎ সম্বন্ধে ধামাধরা হইয়া আছেন, তখন পরম্পরা সম্বন্ধে হইবেন। কার্য্যে তাঁহাদিগের কোন প্রকার স্বাধীনতা থাকিবে না। কার্য্যটী যে কেমন গুরুতর, যাঁহারা সেই কার্য্য করিতেছেন এবং যাঁহারা তাহার অনুসন্ধান করিয়া দেখিতেছেন, তাঁহারা বুঝিতে পারিতেছেন। কার্য্যের সারাংশ এই, আমরা টাকা দিতেছি, আপনাদের রাস্তা ঘাট গুলি করিয়া লউন। এই কার্য্য করিয়া আমাদের যত রাজ্য শাসন করিবার ক্ষমতা বৃদ্ধি হইবার সম্ভাবনা, যত বলবীর্য্য বিক্রম বাড়িবার কথা, পাঠক ইহাতেই অনুমান করিয়া লউন। স্থানীয় গবর্ণমেণ্ট সাহস পূরিয়া হাত খুলিয়া সকলকে সে ভারও দিতে পারিতেছেন না। নিম্নোদ্ধৃত দুটী সিডিউল দেখিলেই পাঠকের তাহা অপরিজ্ঞাত থাকিবে না। যেরূপে মিউনিসিপাল কমিটী গঠিত হইবে, অগ্রে তাহা শুনুন।

৩০ জনের অধিক না হয় কিম্বা ৯ জনের কম না হয় এরূপ কমিশনর লইয়া এক একটী মিউনিসিপাল কমিটি হইবে। এই কমিশনরদিগের দুই তৃতীয় অংশকে স্থানীয় লোকে নির্ব্বাচন করিবেন। অপর এক তৃতীয় অংশ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিয়োজিত হইবেন। কমিশনরদিগের মধ্যে যাঁহারা গবর্ণমেণ্টকর্ম্মচারী, তাঁহারা সংখ্যায় কমিশনর সমষ্টির এক চতুর্থ অংশের অধিক হইবেন না। যাঁহারা কমিশনর নির্ব্বাচনের ১২ মাস পূর্ব্বে অন্ততঃ মিউনিসিপালিটির অধীনে বাস করিবেন; যাঁহারা বার্ষিক ৩ টাকার কম না হয়, এরূপ ট্যাক্স দিবেন, কিম্বা যাঁহারা উকীল মোক্তার প্রভৃতি কোনরূপ উপাধিধারী, অথবা ৫০ টাকার কম না হয় এরূপ মাসিক বেতন ভোগী হইবেন, তাঁহারা এই সভ্য নির্ব্বাচন সম্বন্ধে মতামত দিতে পারিবেন। যাঁহাদের মতামত দিবার অধিকার না থাকিবে তাঁহারা কমিশনর হইতে পারিবেন না। যাঁহাদের উপর কমিশনর নির্ব্বাচনের ভার অর্পিত হইবে, তাঁহারা যদি এই আইনের নির্দ্ধারিত সময়ের ৬ মাসের মধ্যে সভ্য-নির্ব্বাচন করিতে সমর্থ না হন, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট এক কিম্বা একাধিক সভ্য নির্ব্বাচিত করিয়া সংখ্যা পূরণ করিবেন।

প্রথম সিডিউলের লিখিত মিউনিসিপালিটী সকলের সভ্য নির্ব্বাচন করিবার ক্ষমতা থাকিবে না। যে সকল কমিশনর কার্য্যে অমনোযোগী কিম্বা অন্য দোষে দূষিত হইবেন স্থানীয় গবর্ণমেণ্ট অন্য অন্য কমিশনরদিগের অনুরোধে তাঁহাকে পদচ্যুত করিতে পারিবেন। যে কমিশনর উপর্য্যুপরি ছয় সভায় অনুপস্থিত থাকিবেন [illegible] প্রতিভূ দিয়া খালাস হওয়া যায় না, এরূপ অপরাধে অপরাধী হইবেন, তিনি কমিশনর পদ হইতে চ্যুত হইবেন। কোন কমিশনর ৩ বৎসরের অধিক কাল পদস্থ থাকিবেন না, যে ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কমিশনর পদ হইতে অবসর গ্রহণ করিবেন অথবা যে ব্যক্তি অনুপস্থিতি নিবন্ধন সভ্য পদ হইতে চ্যুত হইবেন, তিনি পুনরায় সভ্য পদে নির্ব্বাচিত হইতে পারিবেন। কিন্তু যে ব্যক্তি প্রতিভূ দিয়া মুক্ত হইবার অযোগ্য কোন গুরুতর অপরাধে অপরাধী হইবেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশ ভিন্ন তিনি সভ্য পদে পুনঃ প্রতিষ্ঠিত হইতে পারিবেন না। দ্বিতীয় সিডিউলের লিখিত মিউনিসিপালিটীর চেয়ারম্যান স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন। তদ্ভিন্ন স্থলে কমিশনরেরা আপনাদিগের মধ্যে একজনকে চেয়ারম্যান মনোনীত করিবেন অথবা অধিকাংশ কমিশনরের (দুই তৃতীয় অংশের কম না হন) মতে স্থানীয় গবর্ণমেণ্ট চেয়ারম্যান নির্ব্বাচন করিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে সময়ে চেয়ারম্যান পরিবর্ত্ত করিতে পারিবেন। ৩ বৎসর কার্য্যের পর চেয়ারম্যান পদস্থ থাকিবেন না; কিন্তু সাধারণে যদি ইচ্ছা করেন, তিনি পুনঃ প্রতিষ্ঠিত হইতে পারিবেন। দুই তৃতীয় অংশ কমিশনরেরা যদি ইচ্ছা করেন, চেয়ারম্যান পরিবর্ত্ত করিতে পারিবেন। কমিশনরেরা আপনাদিগের মধ্য হইতে এক ব্যক্তিকে ভাইস চেয়ারম্যান মনোনীত করিতে পারিবেন। অধিকাংশ সভ্যের মতানুসারে ভাইস চেয়ারম্যান স্বপদ হইতে অপসারিত হইবেন। ভাইস চেয়ারম্যানেরও কার্য্যকাল ৩ বৎসর। সাধারণের মতানুসারে তিনি পুনঃ প্রতিষ্ঠিত হইতে পারিবেন। যদি কোন কমিশনর, চেয়ারম্যান কিম্বা ভাইস চেয়ারম্যান নির্দ্দিষ্ট বৎসরের মধ্যে পদ হইতে অপসারিত হন অথবা মরিয়া যান, তাহা হইলে ঐ ৩ বৎসরের অবশিষ্ট কালের জন্য অন্য একব্যক্তি তৎপদে প্রতিষ্ঠিত হইবেন। কমিশনরদিগের ইচ্ছানুসারে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানকে মিউনিসিপাল ফণ্ড হইতে পাথেয়াদি ব্যয় দেওয়া যাইতে পারিবে। ইত্যাদি।

প্রথম সিডিউল।

জেলা	মিউনিসিপালিটী
খুলনা	[illegible]
ঐ	সেনহাটী
দার্জিলিং	দার্জিলিং
হাজারিবাগ	হাজারিবাগ
সিংহভূম	চাঁইবাসা
বাখরগঞ্জ	নলছিটি
ঐ	ঝালোকাটী
চট্টগ্রাম	কক্স বাজার
মজঃফরপুর	লালগঞ্জ
ঐ	সীতামুড়ি
দ্বারভাঙ্গা	রুসেড়া
চম্পারণ	বেতিয়া
ভাগলপুর	কলগাঁ
[illegible]	যাজপুর
ঐ	কেন্দ্রাপাড়া

উপরি লিখিত মিউনিসিপালিটী গুলিতে নির্ব্বাচন প্রথা প্রচলিত হইবে না। গবর্ণমেণ্ট তত্তৎ স্থলে কমিশনর নিয়োজিত করিবেন।

দ্বিতীয় সিডিউল।

নিম্নলিখিত মিউনিসিপালিটীগুলিতে গবর্ণমেণ্ট চেয়ারম্যান নিয়োজিত করিবেন।

জেলা	মিউনিসিপালিটী
বর্দ্ধমান	দাঁইহাট
হুগলি	উত্তর পাড়া
২৪ পরগণা	কলিকাতার উপনগর
ঐ	বারুইপুর
নবদ্বীপ	শান্তিপুর
ঐ	বীরনগর
ঐ	মহেশপুর
মুর্শিদাবাদ	কাঁদি
দার্জিলিং	দার্জিলিং
হাজারিবাগ	হাজারিবাগ
ঐ	চাত্রা
লোহারডগা	রাঁচি
সিংহভূম	চাইবাসা
মানভূম	পুরুলিয়া
চট্টগ্রাম	কক্স বাজার

পাটনা	পাটনা
গয়া	গয়া
শাহাবাদ	শাহাবাদ
ঐ	ছাপরা
মজঃফরপুর	হাজীপুর
দারভাঙ্গা	মধুবনী
সারণ	সিওয়ান
চম্পারণ	বেতিয়া

কলিকাতার উপনগর, উত্তর পাড়া, শান্তিপুর, বীরনগর প্রভৃতি মিউনিসিপালিটীগুলি কি চেয়ারম্যান মনোনীত করিবার যোগ্যতা লাভ করেন নাই? ঐ ঐ মিউনিসিপালিটীতে চেয়ারম্যান মনোনীত করিবার অনুমতি দিয়া একবার পরীক্ষা করিয়া দেখিলে কি হইত না? যদি ঐ সকল স্থানে অনুমতি দেওয়া না হইল, তবে গবর্ণমেণ্ট কোথায় পরীক্ষা করিয়া দেখিবেন? এখন যে বন্দোবস্ত আছে, তাহাতে করদাতাদিগের দত্ত অনেক অর্থ কর্ম্মচারিদিগের উদরসাৎ হইতেছে। কিন্তু চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, কমিশনর প্রভৃতি সকলকেই যদি দেশের লোকে মনোনীত করেন, তাহা হইলে অনেক বাঁচিয়া যাইবে। ঐ টাকায় দেশের অনেক মঙ্গলকর কাজ হইতে পারিবে। যাহা হউক, উপসংহারে বক্তব্য এই, স্থানীয় গবর্ণমেণ্ট দ্বন্দ্বের সঙ্কোচ ভাব পরিত্যাগ করিয়া উদারভাবে অবলম্বন করেন, এই আমাদের ইচ্ছা।

১৮৮৩ অব্দের কলিকাতা ছোট আদালতের মকদ্দমা সংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হইয়াছে। গত তিন বৎসরে কত মকদ্দমা উপস্থিত ও কত মকদ্দমার নিষ্পত্তি হইয়াছে, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

	১৮৮৩	১৮৮২	১৮৮১
পূর্ব্ব বৎসর জমা	১৫৫১	১৩৫৩	১২৮৮
রুজু মকদ্দমার সংখ্যা	২৬০২৭	২৮৫৫৩	৩১১০৮
সমষ্টি	২৭৫৭৮	৩০০৮৬	৩২৩৯৬
দোতরফা মকদ্দমা	৬৮৫৯	৪৩০৭	৫১৮৫
এক তরফা মকদ্দমা	৭৬০৮	৮১০১	৯৩২৬
বাদী প্রতিবাদীর আপোষে ফয়সলা ডিসমিস	১৩৫৫২	১৩৪৬৮	১২৬১
আপোষে ও উঠাইয়া লওয়া	৬২০	১৩৫৫	৫২৯৮
আপোষে মীমাংসা	৩৬৯৯	১১৬৮০	১২৫৮৬
বাদীর দোষে ডিসমিস	৫৫১৪	৫৭৫৫	৬০৮৫
অনুপস্থিতে ডিসমিস	৭১	৩৮	৫২
বৎসরের শেষ জমা বাকী	১৮০১	১৫৫৭	১৩৫৩
সমষ্টি	২৭৫৭৮	৩০০৮৬	৩২৩৯৬

১৮৮২ অব্দের ১৫ আইন জারি হওয়াতে গত বর্ষে ১৮৮২ অব্দের অপেক্ষা ৩২২৫টী মকদ্দমা হ্রাস হইয়াছে। ১৮৮২ অব্দে ১০ টাকা দাবীর মকদ্দমা ১০৭৭৬টী রুজু হয়। গত বর্ষে ৮৩৮৭টী রুজু হইয়াছিল। ৫০ টাকা দাবীর মকদ্দমা ১৮৮২ অব্দে ১২১৩০টী রুজু হয় কিন্তু গত বর্ষে ১১০২০টী রুজু হইয়াছিল। উচ্চ দাবীর মকদ্দমার সংখ্যা বৃদ্ধি হইয়াছে। এক্ষণে ছোট আদালতে ২০০০ টাকা পর্য্যন্ত দাবীর মকদ্দমার মীমাংসা হইতেছে। ১৮৫০ অব্দের ৯ আইনের ৩৬ ধারা অনুসারে এখন কোন ব্যক্তি আত্মীয় লোক অথবা ম্যানেজার, কর্ম্মচারী, মোক্তার কিম্বা এজেণ্টের দ্বারা মকদ্দমা চালাইতে পারেন না। হয় বাদীকে স্বয় তাঁহার উকীলকে মকদ্দমা চালাইতে হয়। আট আনার পরিবর্ত্তে ওকালতনামার কাগজের এক টাকা মূল্য নির্দ্ধারণ করাতে এবং রায় প্রকাশের পর ৩ বৎসরের মধ্যে ডিক্রী জারি না করিলে তামাদি ও যেখানে দুই জন বাদী সেখানে প্রত্যেক দিগকে আদালতে টাকা জমা দিতে হয়।…… আদিবার জন্য নিয়ম কলিকাতার কতকগুলি অধিবাসী ও মফঃস্বল গবর্ণমেণ্টের নিকটে একখানি আবেদনপত্র প্রেরণ করেন। লেপ্টেনাণ্ট গবর্ণর তাঁহাদিগের আপত্তি সমূহের মধ্যে প্রথম আপত্তিটী গ্রাহ্য করিয়াছেন। সামান্য দাবীর মকদ্দমার সংখ্যা হ্রাস করিবার জন্য ওকালতনামার কাগজের মূল্য বৃদ্ধি করা হইয়াছিল, কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আট আনাই রাখিয়াছেন। যে সকল মকদ্দমা গত বর্ষে রুজু হইয়াছে, তাহার মোট দাবী ১১৮৯৯৪৮২ টাকা। ১৮৮২ অব্দের সহিত তুলনায় গত বর্ষে ১৬১৭২২ টাকা বেশী দাবী হইয়াছে।

উত্তর পশ্চিমাঞ্চলের কৃষকেরা মহাজনদিগের উপর অত্যন্ত কুপিত হইয়াছে। তাহারা ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া অনেক মহাজনের প্রাণ সংহার করিয়াছে। উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্টেনাণ্ট গবর্ণর দেওয়ানি আদালতকে ঋণের টাকা আদায়ের নালিশ এবং মহাজনের সহিত খাতকের বারতার কিরূপ ছিল লক্ষ্য রাখিয়া বিচারকর্তা নিষ্পত্তি করিতে উপদেশ দিয়াছেন। কৌশলে কায করিতে পারিলে কৃষকদিগের মহাজনের উপর যে ক্রোধের উদয় হইয়াছে, তাহার শান্তি হইবে ইহাই তাঁহার বিশ্বাস। খাতকের অনুকূলে অর্থাৎ অধিক সুদ না দেওয়া হয় ইহাই যেন লেপ্টেনাণ্ট গবর্ণরের ইচ্ছা কিন্তু আইন ত সেরূপ নহে, লেখা পড়া যেরূপ থাকিবে সেইরূপ সুদেরই ডিক্রী হইবে। আদালত যদি তাহার অন্যথা করেন, মহাজনেরা আর কাহাকেও টাকা ধার দিবে না, সুতরাং কৃষকদিগের কষ্ট অধিক পরিমাণে বৃদ্ধি হইবে। মহাজনেরা যে অধিক সুদে টাকা ধার দেন তাহার কারণ, কৃষকদিগের প্রয়োজন উপস্থিত হইলে আর থাকে না। তখন মহাজন যাহা চাহে তাহাই দিতে সম্মত হয়। সুতরাং অনেক স্থলে …… অপেক্ষা সুদ বেশী হইয়া উঠে। গবর্ণমেণ্ট যদি ইহার নিবারণ করিতে চান, অগ্রে কৃষকদিগের অবস্থার উন্নতির চেষ্টা পাউন। যাহাদিগের প্রয়োজন উপস্থিত হইলে যাহাতে তাহারা নিশ্চিন্ত-অর্থশূন্য না হয়, তাহার উপায়বিধান করুন, তাহারা যাহাতে টাকার ব্যবহার শিক্ষা করিতে পারে ও তাহারা যাহাতে কর্ত্তব্যাকর্ত্তব্য বুঝিতে পারে, এমন একটী উপায় করিয়া দিউন। তাহা হইলেই দেখিবেন তাহাদিগের দ্বারা এরূপ শোচনীয় মহাজন-হত্যাকার্য্য ঘটিবে না। নিম্ন শ্রেণীর লোকদিগকে লিখিতে পড়িতে দিবার যে প্রস্তাব হইয়াছে, তদ্দ্বারা অনেক উপকারের আশা আছে সত্য, কিন্তু গবর্ণমেণ্ট তাহার বাহুল্য এ শ্রেণীদিগকে প্রথম করিয়া বিদ্যালয় চালাইবার ব্যবস্থা করিতে বলিয়াছেন এরূপ বোধ হইতেছে। ইহা যদি সত্য হয়, গবর্ণমেণ্ট এ যাবৎ যত চেষ্টা ও যত্ন করিয়াছেন তৎসমস্তই ব্যর্থ হইবে তাহা নিশ্চয় বোধ হইতেছে। সুতরাং কৃষকের অবস্থা চিরকালই সমান থাকিবে।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৫ই মে। আমেরিকান ব্যাঙ্কের প্রেসিডেণ্ট (……) মূল্য হ্রাস হওয়াতে ব্যাঙ্কের বিষম ক্ষতি হওয়াতে …… টাকা …… ছিলেন, তাহা দেশের মধ্যে অনেকে টাকা উঠাইয়া লন …… এখন বাকী টাকা দেওয়া বন্ধ করিয়াছেন।

কেপটাউন মতন …… জরিমানা হইয়া সাহায্য প্রার্থনা করিতেছেন। গবর্ণমেণ্ট বিলম্ব করিতেছেন বলিয়া সাধারণে তাঁহাদিগের উপর দোষারোপ করিতেছেন।

রেঙ্গুন ৩রা মে। সাধারণতন্ত্র সম্মুক্ত কতকগুলি লোক বিদ্রোহী হইয়া ক্যান্টোনিয়ায় উপস্থিত হইয়াছিল, কিন্তু সৈন্যেরা তাহাদিগকে ছেড়াইয়া দিয়াছে।

লণ্ডন ৮ই মে। কমন্সসভার চেট সেক্রেটারি …… প্রকাশ …… সকল …… লিখিয়া দিয়াছেন। তন্মধ্যে যাহাকে সন্দেহ ১৫০ টাকা …… পাঁচ বৎসরে ৩০ লক্ষ ও ৭ বৎসরে ৩৫ লক্ষ টাকা পাইবেন, …… আছে, সেই মত আপাততঃ …… দিবেন।

লণ্ডন ৯ই মে। জন্ সাহেবের পত্র বাহিরে কমন্স হাউসে …… তাহার বীর সেনায় পরিবর্ত্তন করা আবশ্যক হইয়াছে।

ভিয়েনা ৭ই মে। রোম অধিবাসীদের প্রাচ্য বিভাগ রুশের এশিয়াস্থ সৌভাগ্যের সেক্রেটারির পরিত্যক্ত কার্য্য পরিগ্রহণ করিয়াছেন।

কলম্বো ৭ই মে। সিনার সৈন্যদলের তিন জন ব্রিটিশ কর্ম্মচারীকে মীন ও পর্য্যবেক্ষণ করিতে পাঠান হইয়াছে।

ওয়াশিংটন ৮ই মে। ইংলণ্ডেশ্বরী আজ ইংলণ্ডে যাত্রা করিলেন।

গত ৭ ই মে। মিশরে যে জনকয়েক দণ্ড [illegible] তাহাতে মিশর গবর্ণমেণ্ট অন্যান্য রাজার ন্যায় অধিকার [illegible] রাখিতে চাহিতেছেন।

[illegible] বেকনসে গ্রথর্ণ [illegible] মার্কে কাশের শাসনপ্রণালী প্রতিষ্ঠিত করিবার জন্য উপযুক্ত যত্ন করিয়াছেন।

[illegible] সরকারী পদে [illegible] গবর্ণমেণ্ট [illegible] ছাড়িয়া দিয়াছেন। এই [illegible] নামঞ্জুর হইল।

গতবৎসর [illegible] একখানি [illegible] মধ্যে একখানি ক্ষুদ্র [illegible] হইয়াছে। [illegible] উহার মধ্যে [illegible] জনের প্রাণ নষ্ট হইয়াছে।

[illegible] সুদে [illegible] লক্ষ টাকা [illegible] ঋণগ্রহণার্থ চেষ্টা পাইতেছেন।

গত ৯ ই মে। [illegible] বলিয়াছেন, [illegible] ছাড়িয়া দিয়াছেন কি না, তদ্বিষয় [illegible] নাই। তিনি এ বিষয়ের অনুসন্ধান [illegible] বলিতেছেন। তিনি বলিয়াছেন [illegible] গবর্ণমেণ্ট [illegible] করিয়া বলিয়াছেন। [illegible] গবর্ণমেণ্টের সীমা [illegible]।

[illegible] গঠন করিতে [illegible] হইতে [illegible] পরস্পরে [illegible] হইয়াছে

বিবিধ সংবাদ।

১৮৮২-৮৩ অব্দে [illegible] হইতে বঙ্গদেশে ৭১৮০০৬০৪, সিকিম [illegible] ও ভুটান হইতে ১১১৪৪০ টাকার [illegible] আমদানী এবং বঙ্গদেশ হইতে নেপালে ৫৫৫৭২০৫, সিকিমে [illegible] ও ভুটানে ৮৬৫৯৩ টাকার [illegible] রপ্তানি হইয়াছে।

কলিকাতা [illegible] যে চাউ [illegible] প্রস্তুত হয়, [illegible] কাদের [illegible] সপ্তাহে দুই দিন করিয়া [illegible] হইবে। [illegible] এই উদ্যোগে [illegible] লাভ করিতে পারিবে।

শিক্ষাসংক্রান্ত সভার রিপোর্ট সম্বন্ধে [illegible] গবর্ণমেণ্টের মত জিজ্ঞাসা করা হইয়াছিল। তাঁহারা যে সকল প্রস্তাব করিয়াছেন পঞ্জাবের, লেপ্টনাণ্ট গবর্ণর সার সি, ইউ, আচিসন প্রায় তাহার সকলগুলিতে সম্মত হইয়াছেন। স্থানীয় স্বায়ত্তশাসন প্রণালী প্রবর্ত্তিত করিয়া প্রাথমিক শিক্ষার ব্যবস্থার স্থানীয় লোকদিগের উপর অর্পণ করা হয় ইহা, তাঁহার ইচ্ছা। এ ইচ্ছায় কিন্তু সকলের ইচ্ছা হইবে না।

সম্পাদক শ্রীযুক্ত বাবু শ্যামাধন মিত্র নিম্নলিখিত সংবাদটী আমাদের নিকট পাঠাইয়াছেন। "আগামী ১২ ই মে সোমবার অপরাহ্ণে ৬ ঘটিকার সময়ে কলিকাতার বলিয়াটোলা লেন ৪৫ নং ভবনে মধ্যবাঙ্গালা সম্মিলনীর দ্বিতীয় বার্ষিক অধিবেশন ও স্ত্রীশিক্ষাবিভাগের পারিতোষিক বিতরণ হইবে।

কার্য্য [illegible]।

(১) কার্য্যবিবরণ পাঠ।

(২) পারিতোষিক বিতরণ।

(৩) বক্তৃতা প্রকাশ।

(৪) সভাপতির বক্তৃতা।

(৫) কর্ম্মচারী [illegible] ও কার্য্যনির্ব্বাহক সভা সংগঠন।

(৬) বিবিধ।"

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, কলিকাতা ৩ নং মুক্তারাম ষ্ট্রীটে যে হোমিওপ্যাথি বিদ্যালয় হইয়াছে, অল্পদিন হইল তথাকার ছাত্রগণের পরীক্ষা হইয়া গিয়াছে; বিদ্যালয় ক্রমে উন্নতি লাভ করিতেছে। নিম্নলিখিত ছাত্রগণ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

১। ভুবনেশ্বর মুখোপাধ্যায়।
২। [illegible] দাস দত্ত।
৩। অক্ষয়কুমার চট্টোপাধ্যায়।
৩। [illegible] মিত্র।
৪। ভুবনমোহন ঘোষ।
৫। [illegible] পাল।
৬। প্রাণকৃষ্ণ ভট্টাচার্য্য।
৭। কালী[illegible] বন্দ্যোপাধ্যায়।

কাবুলের জেলে ৪০০০ কয়েদী আছে। ইহার মধ্যে এক হাজার স্ত্রীলোক। আমীর এই সকল কারারুদ্ধ রমণীর প্রতি অতি নিষ্ঠুর ব্যবহার করিয়া থাকেন। ইহা কি প্রজাদিগের অসন্তোষের একটী কারণ নহে? ব্রিটীশ গবর্ণমেণ্টের এই সকল অত্যাচার নিবারণের চেষ্টা পাওয়া কর্ত্তব্য।

শ্রীযুক্ত গিরীশ চন্দ্র বসু; বি, সি,বসু এ টি, মটা সাইরেণ সেষ্টারের কৃষিবিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। বি, সি, বসু ও টি, মেটা পারদর্শিতার সহিত বৃত্তি ও পদক প্রাপ্ত হইয়াছেন।

পরীক্ষা করিয়া দেখা হইয়াছে যে জমীতে সারের অভাব নিবন্ধন ভারতবর্ষের কৃষিকার্য্যের দিন দিন অবনতি হইতেছে। কৃষি, অমুক্রমে [illegible] করিলে ও সকাল সকাল চাষ দিলে এই দোষ থাকে না।

মে মাসের প্রথম সপ্তাহে কলিকাতা ও ইহার নিকটবর্ত্তী স্থল সমূহে [illegible] মণ চাউল মজুদ ছিল।

এখন উহাদিগের আফগানিস্তান [illegible] হইবে বলিয়া কাফের পাঠানদিগের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করা হইল না। আগামী সেপ্টেম্বর মাসে তাহাদিগের সহিত যুদ্ধ করা হইবে। কিন্তু সেপ্টেম্বর পর্য্যন্ত [illegible] উপদ্রব নিবারণের কি উপায় অবলম্বন হইল? সন্ধি উপায় দ্বারা কি তাহাদিগকে শান্ত করা যায় না?

১৮৮৩-৮৪ অব্দে ইংলণ্ডে ষ্টেট দে ১৬০০০০০০০ টাকা পাঠাইতে হইবে। তন্মধ্যে ১৮৮৪ অব্দের ১ লা এপ্রেল হইতে ২৯ এ এপ্রেল পর্য্যন্ত [illegible] টাকা প্রেরিত হইয়াছে। ১৫০০৬৪০০০ টাকা ১৮৮৫ অব্দের ৩১ এ মার্চ্চ অবধি পাঠাইতে হইবে। ইংলণ্ড যদি ভারতের এত টাকা গ্রাস করিলেন, ভারত কিরূপে পুষ্ট হইবে; যাহারা নিয়মিত করিয়া শোষণ করিয়া লয়, তাহাদের বৃদ্ধি কি সফল হইতে পারে?

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম, কলিকাতার ডিভিসন প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মৌলবী সৈয়দ আমীর হোসেন মাসিক ৮৫০ টাকা বেতন পাইবেন। ইনি তৃতীয় শ্রেণীর ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ৬০০ টাকা বেতন পাইতেছিলেন।

আমরা এ সপ্তাহে [illegible] হইতে [illegible] রিফর্ম্মার নামে একখানি ইংরাজি মাসিক পত্র প্রাপ্ত হইয়াছি। লাহোরে যে বিধবা বিবাহ সভা প্রতিষ্ঠিত হইয়াছে, এই পত্র খানি সেই সভা হইতে প্রকাশিত হইতেছে। ইহাতে বিধবা বিবাহ সংক্রান্ত অধিক কথা লিখিত হইয়া থাকে। এবার অনেক গুলি বিধবা বিবাহ করিবার উদ্দেশে ইহাতে বিজ্ঞাপন দিয়াছেন:—

কায়স্থ জাতীয় কুড়ি বৎসর বয়স্ক শিক্ষিতা এক সুশ্রী রমণী; ক্ষত্রিয় জাতীয় [illegible] বংশীয় এক সম্ভ্রান্ত লোকের ষোড়শ বর্ষীয়া শিক্ষিতা কন্যা; বাঙ্গালী কায়স্থ জাতীয় এক ১৯ বৎসর বয়স্ক বিধবা (ইনি ১৪ বৎসর বয়সে বিধবা হন); [illegible] মুখোপাধ্যায় উপাধিধারী ১২ বৎসর বয়স্ক এক বিধবা (ইনি বিবাহের ৬ মাস পরে বিধবা হন), বৈশ্যজাতীয় ১৭ বৎসর বয়স্ক এক বিধবা (ইনি ১৩ বৎসর বয়সে বিধবা হন) আর একটি ২১ বৎসর বয়স্ক বিধবা বৈশ্যরমণী (ইনি ১৪ বৎসর বয়সে বিধবা হন); ১১ বৎসর বয়স্ক একটী সরস্বতী বিধবা ব্রাহ্মণ কন্যা, ও ১৪ বৎসর বয়স্ক এক সুশ্রী বিধবা বৈশ্যরমণী (ইনি ১১ বৎসর বয়ঃক্রমে বিধবা হইয়াছেন, বাঙ্গালা লেখা পড়া জানেন, [illegible] প্রভৃতি বুনিতে ও উত্তম রন্ধন করিতে পারেন) হিন্দুমতে সচ্চরিত্র ও শিক্ষিত স্ব স্ব জাতীয় লোককে বিবাহ করিতে অভিলাষিণী।

ভারতবর্ষীয় সিবিল সার্বিস পরীক্ষা উঠিয়া না যাইয়া ভারতবর্ষেই যাহাতে তাহার স্থান হয়, তদর্থে প্রার্থিবর্গের সভা ভারতের ষ্টেট সেক্রেটারির নিকট আবেদন করিবেন স্থির করিয়াছেন। চেষ্টা করুন, কিন্তু ফল আঁচর কাঁমড় মাত্র। যিনি পরীক্ষার্থির বয়স বাড়াইলেন না, তিনি এ বিষয়ে মত দিবেন, আবেদনকারিরা কি এ বিশ্বাস করেন?

প্রাচীন সময়ে ভারতবর্ষের হিন্দু রাজারা বিদ্বান ব্যক্তি ও গ্রন্থকারদিগকে যেমন পারিতোষিক দিতেন, বেলজিয়মের রাজা অদ্যাপি তেমনি গ্রন্থকারদিগকে পুরস্কার দিয়া থাকেন। এই কার্য্যে তাঁহার বার্ষিক ২৫০০০ ফ্রাঙ্ক ব্যয় হয়। ১৮৮০ অব্দে তিনি এই টাকা কেবল ভৌগোলিকদিগকে দিবেন স্থির করিয়াছেন। কি স্বদেশ কি বিদেশ হইতে যিনি ভাল ভূগোল লিখিয়া পাঠাইতে পারিবেন এবং যাঁহার ভূগোল প্রতিযোগিতায় সর্ব্বোত্তম হইবে, তিনিই এই পুরস্কার লাভ করিবেন। ১ লা জানুয়ারির মধ্যে পুস্তক তাঁহার মন্ত্রির নিকট পাঠাইতে হইবে।

মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফী বৃদ্ধি করিয়াছেন। তাঁহারা প্রবেশিকা পরীক্ষায় ১২, এল, এ পরীক্ষায় ২৪, ও বি, এ পরীক্ষায় ৩৬ টাকা ফী ধার্য্য করিয়াছেন। এ বিষয়ে ফী বাড়াইবার কাটী ভাল নয়। গবর্ণমেণ্ট কি বিদ্যাদানকে ব্যবসায় মধ্যে গণনা করেন? বিদ্যা সুলভ মূল্যে কিনিতে না মিলিলে কখন দেশের মঙ্গল হয় না। হিন্দু রাজারা কখন বিদ্যা বিক্রয় করেন নাই।

এচ, পি, গর্ণে নামক বিলাতের এক ব্যক্তি বোম্বাইয়ের গেজেটে এক পত্রে লিখিয়াছেন, ভারতবর্ষীয় যুবকদিগের সিবিল সার্বিস পরীক্ষাদান সম্বন্ধে যে নিয়ম করা হইয়াছে, কোনরূপে কেহ পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারেন, ইহাই যেন নিয়মকর্ত্তার ইচ্ছা। ১৮৭৮ অব্দে এ দেশীয় পরীক্ষার্থীর বয়োহ্রাসের ব্যবস্থা করা হইয়াছে। সেই অবধি এ পর্য্যন্ত ৮৩ জন ইউরোপীয় পরীক্ষার্থী উত্তীর্ণ হইয়াছেন, কিন্তু এ দেশীয় একজনও যুবক উত্তীর্ণ হইতে পারেন নাই। এক্ষণে বোম্বাইয়ের যোসিন বি ভাবাবজী, মাদ্রাজের কে কাবরাজী ও কলিকাতার যে এম জোয়াব নামে তিন জন এ দেশীয় বালক এই পরীক্ষা দিবার জন্য অত্যন্ত যত্নসহকারে অধ্যয়ন করিতেছেন। ইহাঁরা যেরূপ কষ্টসহিষ্ণু, শ্রমশীল ও বুদ্ধিমান, তাহাতে ইহাঁদিগের পরীক্ষায় উত্তীর্ণ হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে। আমাদের রাজপুরুষেরা অনেক যত্নে ইহাঁদিগকে ঠেকাইতে গিয়া বিপাকে পড়িয়া যান। যখন প্রতিযোগি পরীক্ষায় সৃষ্টি হয়, তখন এ দেশীয়দিগকে পরীক্ষা দিতে দেওয়া হইবে না, এ নিয়ম করিলে সকল আপদের শান্তি হইয়া যাইত।

বিজয়বাহর ডেপুটি সিউনিসিপাল কমিশনর গদ্দেরা পদচ্যুত করাতে তিনি হাইকোর্টে ষ্টেট সেক্রেটারির নামে ক্ষতিপূরণের দাবীতে নালিশ করেন। বিচারপতিরা তাঁহাকে এক শত টাকার ডিক্রী দিয়াছেন। এ বিষয়ে প্রিভি কাউন্সিলে আপীল হইবে। আপীলের খরচা কে দিবে? মিউনিসিপালিটী না স্বয়ং ষ্টেট সেক্রেটারি?

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম, রায় সুন্দরলাল বাহাদুর আবে বারে প্রতিনিধি পোষ্ট মাষ্টার জেনারল হইয়াছেন। এইরূপ গুরুতর কার্য্যের ভার যত এতদ্দেশীয়দের হস্তে সমর্পিত হইবে, তত এতদ্দেশীয়ের ক্ষমতার পরীক্ষা হইবে।

লাহোরে একটী ইংরাজী সংস্কৃত কালেজ খুলিবার জন্য ৬৫ হাজার টাকা সংগৃহীত হইয়াছে। অযোধ্যার অন্তর্গত ওয়াজীরের তালুকদার বাবু রামসহায় ইহার সাহায্যার্থ ৫০ হাজার টাকা মূল্যের পাঁচখানি গ্রাম ছাড়িয়া দিয়াছেন। ইহার বার্ষিক আয় তিন হাজার টাকা। ভারতবাসির বদান্যতা প্রসিদ্ধ। সেই বদান্যতা এই দিকে যাবৎ আকৃষ্ট না হইবে, তাবৎ দেশ সম্পূর্ণ উন্নতি লাভে সমর্থ হইবে না।

নাসিক ব্রাউন সাহেব শপথ না করিয়া ১১ ই ফেব্রুয়ারি কতক সাক্ষীকে সত্যাদিদের সহিত উপবেশন করাতে তাঁহার নামে অভিযোগ করা হইয়াছে। রাজী হার্ডিঞ্জ সিফেল্ড নামক এ উপর একজন পক্ষকে এই মকদ্দমা চালাইবার জন্য নিযুক্ত করিয়াছেন। আমরা গবর্ণমেণ্টের পক্ষ্যতা সাধন করিবার কথা শুনিয়া ও ব্রাউন সাহেবের অদ্ভুত দৃঢ় প্রতিজ্ঞতা দেখিয়া বিস্মিত হইয়াছি।

গত সপ্তাহে আমরা এক কুলি-রক্ষকের প্রতি ওয়েব সাহেবের ঘোরতর অত্যাচার বৃত্তান্ত প্রকাশ করিয়াছি। আজ ৮।৯ বৎসর হইল, চট্টগ্রামের অন্তর্গত কেদুয়া চা বাগানের ওয়েব নামক একজন সাহেব কোন কারণে ক্রুদ্ধ হইয়া দুই জন এতদ্দেশীয় লোককে বন্দুক দ্বারা গুলি করিয়াছিলেন। কেহ যদিও মরে নাই বটে কিন্তু সকলেই গুরুতর আহত হয়। ব্যাডকক সাহেব তখন চট্টগ্রামের জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ছিলেন। তাঁহার নিকট এই মকদ্দমা হয়, তিনি ওয়েব সাহেবকে ৫০ টাকা অর্থদণ্ড করিয়া ছাড়িয়া দেন। দুষ্ট লোকে প্রশ্রয় পাইলে এইরূপই ঘটে। দেখা যাউক ডেপুটী কমিশনর কি করেন।

৩০ এ এপ্রেল যে সপ্তাহের শেষ হইয়াছে, সেই সপ্তাহের ভারতবর্ষের শস্য ও বৃষ্টির সংবাদ। বঙ্গদেশের সর্ব্বত্র বিশেষতঃ আসামে অত্যন্ত অধিক বৃষ্টি হইয়াছে। ইংরাজাধিকৃত ব্রহ্মদেশের কোন কোন স্থলে বৃষ্টি হইয়া গিয়াছে। মাদ্রাজ, মহীশূর ও কুর্গের সকল জেলাতেই উত্তম এবং বোম্বাইয়ের কোন কোন স্থলে, হাইদ্রাবাদ ও উত্তর পশ্চিমাঞ্চল এবং মধ্যপ্রদেশের একটী জেলাতে সামান্য বারিবর্ষণ হইয়াছে। মান্দ্রাজ ও মহীশূরের শস্যের অবস্থা ভাল। বোম্বাইয়ে রবিশস্যের বপনকার্য্য প্রায় শেষ হইল। হাইদ্রাবাদের কোন কোন স্থানে অদ্যাপি পানীয় জলের বিলক্ষণ অভাব আছে। বেরারের ভূমিসকল খরিপ শস্য বপনের উপযুক্ত হইয়াছে। উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যায় রবিশস্য এবং কোন কোন স্থলে ইক্ষু ও নীলবপন করা শেষ হইয়াছে। ঝাঁসিতে খাদ্যসামগ্রীর ও পানীয় জলের বিলক্ষণ কষ্ট হইয়াছে। মধ্যভারতবর্ষের লোকে শস্য মাড়াইতেছে ও খরিপ শস্য বপনের উদ্যোগ করিতেছে। বঙ্গদেশের কোন কোন স্থলে এখনও বৃষ্টির প্রয়োজন। বোরো ধান্য ও ইক্ষুর চাষ উত্তম হইতেছে। কিন্তু আম অনেক পড়িয়া গিয়াছে। আসামে কৃষিকার্য্য উত্তমরূপ চলিতেছে। বঙ্গ ও ব্রহ্মদেশ ব্যতীত সর্ব্বত্রই বিসূচিকা রোগের বিলক্ষণ প্রাদুর্ভাব আছে। ব্রহ্মদেশের কোন কোন জেলা, পাঞ্জাব, হাইদ্রাবাদ, এলাহাবাদ ও মধ্য প্রদেশের অন্তর্গত রাইপুরে শস্যের মূল্য ক্রমেই বৃদ্ধি হইতেছে।

৩০ বৎসর কার্য্য করিয়া রায় কানাইলাল দে বাহাদুর পেন্সন লইয়া অবসর গ্রহণ করিয়াছেন। তিনি মেডিকল কলেজের উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তথাকার রসায়ন শাস্ত্রের অধ্যাপক হন। কিছু কাল পরে কলিকাতার প্রেসিডেন্সী কলেজে রসায়নের অধ্যাপকের কার্য্যে নিযুক্ত হন। এইরূপে তিনি বিশেষ সুখ্যাতির সহিত গবর্ণমেণ্টের অনেক কার্য্য করিয়াছেন। বিজ্ঞানসম্বন্ধে এতদ্দেশীয় কোন চিকিৎসকই তাঁহার তুল্য ইংরাজসমাজের প্রশংসাভাজন হইতে পারেন নাই। শ্রমশীলতা, নম্রতা, ও নিষ্কামিতা প্রভৃতি গুণে, কি ইউরোপীয় কি দেশীয় সকল সমাজের লোকেই তাঁহাকে বিশেষ ভক্তি ও শ্রদ্ধা করিয়া থাকে। তাঁহার শারীরিক অবস্থার কথা শুনিলে পাঠকগণ বিস্ময়াপন্ন হইবেন। তিনি ৩০ বৎসর কর্ম্ম করিয়াছেন, কিন্তু পীড়া বলিয়া এক দিনও ছুটী লন নাই। এতদ্দ্বারা তাঁহার মিতাচারিতাও বিলক্ষণ সপ্রমাণ হইতেছে।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, সার এডওয়ার্ড ক্লাইব বেলি সাহেব প্রাণত্যাগ করিয়াছেন। ইনি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের হোম বিভাগের সেক্রেটারি ছিলেন। তৎপরে ব্যবস্থাপক সভার সভ্য পদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন।

কিছুদিন হইল, লাহোরের ভিন্ন ভিন্ন বিভাগের ১১০ জন কেরাণী পঞ্জাবের ভলণ্টিয়ার দলে প্রবেশ করিবার জন্য আবেদন করেন। তাঁহাদিগকে এই উত্তর দেওয়া হইয়াছে "অধিবাসীদিগের ভলণ্টিয়ার দলে প্রবেশের অধিকার নাই।" অধিকার নাই কেন? এদেশীয়েরা কুচাজ করিয়া পাছে মাথা কাড়িয়া লন, এই কি ভয়? যাঁহারা ভারতবাসির মঙ্গলের জন্য তত গলদ, এ কথা বলেন, তাঁহারা এ বিষয়টির একবার চিন্তা করিবেন।

বেহার ও বারাণসীর অহিফেনের চাস ক্রমে হ্রাস হইতেছে দেখিয়া গবর্ণমেণ্ট ইহার কারণানুসন্ধানার্থ গত বর্ষ কমিশন নিয়োগ করিয়াছিলেন। কমিশনরেরা যেরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন গবর্ণমেণ্ট সবদের অধিক তৎসম্বন্ধে কোন কথাই বলেন নাই। ১৮৮২।৮৩ অব্দে বেহার ও বারাণসীতে কত অহিফেন উৎপন্ন হইয়াছে নিম্নে তাহা প্রদর্শিত হইল।

	স. বিঘার	হত বিঘা		উৎপন্ন
বেহার।	বিঘা জমী	বীজ বপন	প্রত্যেক আবাদ	
	হয়।	হয়।	মণ	সের ছটাক
১৮৮১-৮২	৪০৩৬১৯	৪১৭৩১৯	৪৬০৩৮২	৪৯৭৪০—১—১
১৮৮২-৮৩	৪০৩৬২৭	৪১০৭৭২	৩৯২২০২	২১০৭৩-০৪—৫ৄ
বৃদ্ধি	•	•	•	•
হ্রাস	১৩৭৯২	৮৩৮৩	৬৬১৮০	২২৬৬৭-৯—১
বারাণসী।				
১৮৮১-৮২	৪৫০৬৭৪	৩৯৮৬০	৮৯২৫৯	৫৭৫৪৯-৭—
১৮৮২-৮৩	৪২৮৭৪১	৪১২৬৭৫	৩২৮০২২	৪২২১৩-৫—১০ৄ
বৃদ্ধি	•	১৩,৬৭	৯৩	•
হ্রাস	৩১৯৯৩	•	•	[illegible]—৭ৄ

সকল জমীতে জল সেচন করিবার সুবিধা না থাকাতে অহিফেন উৎপত্তির ব্যাঘাত হইতেছে। অহিফেনের গাছে কীট লাগাতে গত বর্ষে বিশেষ অনিষ্ট হইয়াছে। ১৮৮১ অব্দে মজঃফরপুরে ৩৭১ মণ অহিফেন উৎপন্ন হয়, কিন্তু গতবর্ষে ৪১ মণ মাত্র উৎপন্ন হইয়াছিল। হাজিপুরে ২০০০ মণ অহিফেন পাওয়া যাইবে স্থির ছিল কিন্তু গত বর্ষে তথায় ২৩৮ মণের অধিক পাওয়া যায় নাই। আলীগঞ্জে ৭৩০০ মণ অহিফেন পাওয়া যাইবে স্থির করা হইয়াছিল. তথায় কেবল মাত্র ৮১১ মণ অহিফেন পাওয়া গিয়াছে।

বেলিং সাহেব লর্ড রিপণকে একখানি পত্র লিখিয়াছেন। তিনি বলেন দাসত্বপ্রথা উঠাইয়া দিবার জন্য কেদিবের কোন আজ্ঞা প্রচার করা কর্ত্তব্য নহে। এরূপ আদেশ প্রচার করা মুসলমানদিগের ধর্ম্মগ্রন্থের বিপরীত কার্য্য। তাহেরা প্রভুর অনুমতি ব্যতিরেকে বিবাহ অথবা কোন বিষয়কার্য্য করিতে পারে না। যদি এরূপ হয় তাহা হইলে মিসরে ইংরাজের প্রভুত্ব থাকাতে কি লাভ হইল? কোরাণে দাস রাখিবার কি স্পষ্ট আদেশ আছে? বিধবার অনাচ্ছাদনে হিন্দুশাস্ত্রের একটী প্রধান উপদেশ। সে উপদেশ রহিত করা হইয়াছে।

গবর্ণমেণ্টের টেলিগ্রাফ বিভাগের ভূতপূর্ব্ব সুপারিণ্টেণ্ডেণ্ট এডওয়ার্ড হার্ডিং বার্ণিজ আজি তিন বৎসর হইল মুসলমানধর্ম্ম অবলম্বন করিয়াছেন, তিনি সম্প্রতি এই ধর্ম্মের সারবত্তা প্রতিপন্ন করিবার জন্য স্থানে স্থানে বক্তৃতা করিতেছেন। গবর্ণমেণ্ট না কি বলিয়াছেন তিনি যদি মুসলমানধর্ম্ম পরিত্যাগ করেন, তাহা হইলে পুনরায় তাঁহাকে তাঁহার পদে প্রতিষ্ঠিত করিতে পারেন। তিনি যদি মুসলমানধর্ম্ম পরিত্যাগ করিয়া পুনরায় খ্রীষ্ট ধর্ম্মের আশ্রয় গ্রহণ করেন, তাহা হইলে তিনি পীড়াগ্রস্ত কি না তাহার পরীক্ষা হইবে।

সওদাগর ও অন্য আফিসের যে সকল ইউরোপীয় কাজ করেন, তাঁহাদিগকে ভলণ্টিয়ারের কার্য্য শিক্ষা করিবার অবসর দিবার জন্য গত ১০ মে শনিবার অবধি কতকগুলি বড় সওদাগরের আফিস চারিটার পর বন্ধ করিবার নিয়ম হইয়াছে। ইহারা বন্দুক ছুড়িতে শিখিয়া শিবসাগর প্রভৃতি স্থানে গিয়া মানুষ শীকার করিতে শিখিবেন না ত?

সম্পাদক শ্রীযুক্ত বাবু হরিপদ মুখোপাধ্যায় সাধারণের নিকট সাহায্যার্থী হইয়া নিম্নলিখিত পত্রখানি আমাদের নিকটে পাঠাইয়াছেন।

শ্রীকৃষ্ণপুর বালিকা বিদ্যালয়।

তারাপুর—বর্দ্ধমান।

কল্যাণেষ্বেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ।

স্ত্রীশিক্ষা সকল দেশেই নিতান্ত আবশ্যক, ইহা এক্ষণে সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করেন। শ্রীকৃষ্ণপুর সার্ব্বজনিক সভার যত্নে তথায় একটী বালিকা বিদ্যালয় কয়দিন হইল স্থাপিত হইয়াছে। ইহাতে বর্ত্তমান ছাত্রীসংখ্যা ২৪ জন, এই সংখ্যা দিন দিন বৃদ্ধি হইতেছে এবং শীঘ্রই অত্যধিক হইবার সম্ভাবনা। বিদ্যালয়টী অবৈতনিক বালিকাদের পুস্তকাদিও বিদ্যালয়ের আয় হইতে দিবার নিয়ম হইয়াছে। এক্ষণে একটী উপযুক্ত বিদ্যালয়গৃহ ও অনুপযোগী গৃহসজ্জা না থাকায় বিশেষ কষ্ট হইতেছে। অতএব দেশহিতৈষী মহাত্মাদিগের নিকট সবিনয়ে প্রার্থনা, স্বাভাবিক দয়াগুণে উপস্থিত অভাব মোচনার্থ যথাসাধ্য সাহায্য করিয়া বিদ্যালয়ের সভাদিগকে উৎসাহিত ও চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ করেন।"

এক ব্যক্তি আমাদের নিকটে লিখিয়াছেন গত ১২ বৈশাখ রবিবার কোন্নগর আর্য্যধর্ম্মরক্ষিণী সভার নবম সাম্বৎসরিক উৎসবকার্য্য সমারোহের সহিত সম্পন্ন হইয়া গিয়াছে। পূর্ব্ব দিবস নাম সংকীর্ত্তনপূর্ব্বক নগর পরিভ্রমণ। সভার দিন প্রাতে শ্রীশ্রী৺রাধাশ্যাম শ্রীবিগ্রহের ষোড়শোপচারে পূজা হোমাদি, মহোৎসব, মধ্যাহ্ন সময়ে ব্রাহ্মণ, বৈষ্ণব ও কাঙ্গালি ভোজন, ও অপরাহ্নে সভাধিবেশন হয়। সভাস্থলে কয়েকজন সুবিখ্যাত ব্রাহ্মণ পণ্ডিত ও অন্যান্য সম্ভ্রান্ত ভদ্রলোকের সমাগমে সম্পাদক ও সভাগণ বিশেষ উৎসাহিত হইয়াছেন। পণ্ডিতবর শ্রীযুক্ত কৃষ্ণদাস বেদান্তবাগীশ মহাশয়ের শ্রীমদ্ভাগবদ্গীতা ব্যাখ্যার সহিত পাঠ ও তদানুষঙ্গিক বক্তৃতা বিশেষ হৃদয়গ্রাহী হইয়াছিল। বিখ্যাত গায়ক শ্রীযুক্ত বিহারীলাল দাসের মধুর সঙ্গীত শ্রবণে সকলেই মোহিত হইয়াছিলেন। গুপ্তিপাড়া হরিভক্তিপ্রদায়িনী সভার সম্পাদক শ্রীযুক্ত মথুরানাথ তর্কভূষণ মহাশয়ের উক্ত সংকীর্ত্তনে অনির্ব্বচনীয় প্রেমভাবের মধুরতা অনেককে বিমোহিত করিয়াছিল। দয়াময়ের কৃপায় এই ক্ষুদ্র গ্রামে ৯ বৎসর কাল এই সভার কার্য্য এক প্রকার সুশৃঙ্খলে নির্ব্বাহ হইয়া আসিতেছে, ইহা বিশেষ আহ্লাদের বিষয় সন্দেহ নাই। এক্ষণে সম্পাদক ও সভাগণ বিশেষ উৎসাহের সহিত ইহার ক্রমোন্নতিসাধনে যত্নবান হন, ইহা নিতান্ত বাঞ্ছনীয়। ৭৮

পরিদর্শক বলেন "ঢাকা পরগণার অন্তর্গত অক্ষেমপুর মৌজায় একটী অদ্ভুত ঘটনা হইয়া গিয়াছে। সেই মৌজার সদারাম নামক জনৈক ব্যক্তি নিরুদ্দেশ হয়, মধু নদীতে একটী লাশ পাইয়া তাহার লাশ বলিয়াই প্রমাণ হয় এবং তথাকার একটী লোক সদারামের হত্যাকারী বলিয়া সন্দিগ্ধ হয়। তদনুসারে সদারামের পুত্র তাহার শ্রাদ্ধ করে এবং সদারামের স্ত্রী যৌতিমত বিধবা হয়। কিন্তু তথাকার ইন্‌স্পেক্টর বাবু বৈকুণ্ঠনাথ দাস এই সমস্ত ঘটনার বিষয় সন্দেহ করিয়া বিশেষ প্রকার অনুসন্ধানক্রমে জীবিত সদারামকে বাহির করেন। সদারাম গোপনে থাকিবার কারণ কি? ইহাতে কোন গূঢ় রহস্য নিহিত রহিয়াছে। আমাদের ইন্‌স্পেক্টর কোন নির্দ্দোষী ব্যক্তিকে সন্দেহ করিয়া চালান করাইয়া প্রমাণ করিয়া দিলে বড়ই দুর্ঘটনার বিষয় ছিল। এ বিষয়ে বৈকুণ্ঠ বাবু আমাদের বিশেষ প্রশংসা এবং ধন্যবাদের পাত্র সন্দেহ নাই। মনুষ্যের শ্রাদ্ধ নিষ্পন্ন হয়। কিন্তু সদারাম পুনঃ বেচে এই পৃথিবীতে ফিরিয়া আইলেন, এটী কৌতুকের বিষয় বটে।"

আমরা ইতিপূর্ব্বে দেখিয়াছি, মুসলমানদিগের উকীলেরা কয়েকটী নিয়ম করিয়াছেন, তাহারা তদনুসারে কার্য্য করিবেন। যে বক্তৃতায় তিনি

স্বামী হইবেন, তাঁহার আশা অর্থক না সফলতা ফল ফলিবার সম্ভব এবং অপরাজিত নারীর সমাজ-প্রতীর সম্বন্ধে হিতে হইবে। তাঁহারা দিন রাতে বাড়ী লইবেন না, মুক্তি দ্বারা লইবেন, ইত্যাদি। এখন মফস্বলে লোকের যে প্রকার অনুরাগ দেখিতে পাওয়া যায়, উকীলেরা এখন যে প্রতিজ্ঞা করিবেন, তাহাই রক্ষা পাইবে। মফস্বলই আমাদের দেশের সর্ব্বপ্রকার উন্নতির প্রধান প্রতিবন্ধক হইয়াছে।

শ্রীযুক্ত কৃষ্ণলাল বসু লণ্ডন হইতে একখানি বাঙ্গালা বাইবল আমাদের নিকটে পাঠাইয়া দিয়াছেন। এখানি তাঁহার অকিঞ্চিৎকর উপহার। ইহার বন্ধন ও অবয়বাদি উৎকৃষ্ট। বাঙ্গালা রচনাও পূর্ব্বাপেক্ষা অনেক উৎকৃষ্ট দেখিলাম। কলিকাতা ব্যাপ্টিষ্ট মিসনারিরা এদেশীয় সহকারিদিগের সাহায্যে অনুবাদ করিয়াছেন। এদেশীয়েরা সাহায্য করাতে মিসনরিদিগের বাঙ্গালা রচনায় অনেক পরিবর্ত্তন হইয়াছে। পূর্ব্বে বাঙ্গালা প্রায় বুঝা যাইত না, এখন অনেক বুঝা যায়। আমরা মোশিলিখিত আদি পুস্তকের সৃষ্টি প্রকরণটী পাঠ করিয়া দেখিলাম, মনু লিখিত সৃষ্টি প্রকরণের সহিত ইহার অনেক সৌসাদৃশ্য আছে। মনুসংহিতা সৃষ্টির পূর্ব্বে অন্ধকারের কথা কহিতেছেন, বাইবেলেও অন্ধকার আছে। কোন গ্রন্থখানি অগ্রে হয় তাহা বিচার করিয়া দেখিবার ইচ্ছা হইল, কিন্তু কাল স্থির করিতে পারিলাম না। বোধ হয়, কেহ কাহারও দেখিয়া লেখেন নাই। উভয় গ্রন্থকারের বুদ্ধিতেই ঐরূপ উদয় হইয়াছিল। কেবল ঐ দুই গ্রন্থকার কেন, যিনি সৃষ্টির আদিকালের চিন্তা করিবেন, তিনিই অন্ধকার দেখিবেন। আমরা ক্রমশঃ কৃষ্ণলাল বসুর প্রীত্যর্থ মধ্যে মধ্যে বাইবল দেখিব, দুই একটী বাক্যেরও উদ্ধার করিব।

নূতন পুস্তক ও পত্রিকা।

১। নব প্রদর্শিকা, প্রথম খণ্ড (১)। এখানি সংস্কৃত শিক্ষার্থিদিগের নিমিত্ত লিখিত হইয়াছে। লেখক মুগ্ধবোধ ব্যাকরণের সূত্রগুলি বাঙ্গালা ভাষায় লিখিয়া সংস্কৃত উদাহরণ প্রদর্শন করিয়াছেন। অগ্রে যাহারা গ্রহণ না করিয়া ব্যাকরণ শিক্ষার এটী সহজ উপায় হইয়াছে সন্দেহ নাই। কিন্তু এ প্রণালীটী আমরা বড় ভাল বোধ করি না। ব্যাকরণ মুখস্থ না থাকিলে ব্যাকরণ পাঠের বিশেষ ফল হয় না। মুখস্থ রাখিতে গেলে সংস্কৃত বৈয়াকরণেরা যে পদ্ধতি অবলম্বন করিয়াছেন, তাহাই উৎকৃষ্ট। সমাসক্রমে তাঁহারা যে সূত্র রচনা করিয়াছেন, তাহার উদ্দেশ্য কি? সূত্র সংক্ষেপ না হইলে মুখস্থ থাকে না। আমরা পরীক্ষা করিয়া দেখিয়াছি অনুষ্টুপ ছন্দে রচিত সূত্র বলিয়া বালকেরা তাহার সূত্র কণ্ঠস্থ করিয়া রাখিতে পারে না। উক্ত পদ সংক্ষেপের যে প্রণালী, তাহাতে সূত্র মুখস্থ না থাকে তেমন উহা সিদ্ধ হয় না। যাহা হউক, যাঁহারা ব্যুৎপত্তি শিক্ষার সহজ পথ অন্বেষণ করিবেন, নব প্রদর্শিকা তাঁহাদের পক্ষে উপযোগী হইয়াছে।

২। সংক্ষিপ্ত ভারত (২)। ইহাতে মহাভারতোক্ত বিষয়গুলি সংক্ষেপে সংগৃহীত হইয়াছে। মহাভারতের তুল্য মনোহর গ্রন্থ অল্প আছে। গ্রন্থকার স্বয়ং লিখিয়াছেন, ভারতে যাহা নাই, তাহা অন্যত্র নাই। মানুষের যে যে বিষয় জানা আবশ্যক, তৎসমুদায়ই ইহাতে বিস্তারিতরূপে বর্ণিত হইয়াছে। ইহা সমুদ্রতুল্য, ইহাতে অবগাহন করিলে জ্ঞানরূপ মহারত্ন লাভ করা যায়। মহাভারত অতি বিস্তৃত গ্রন্থ বলিয়া আদ্যন্ত পাঠ বড় কঠিন। ইহা সংক্ষেপে সঙ্কলিত হওয়াতে জন সাধারণের বিশেষ উপকার দর্শিবে।

৩। বাণভট্ট হর্ষচরিত (৩)। এবার হর্ষচরিতের পঞ্চম পরিচ্ছেদ বিশ্ববিদ্যালয়ের এল, এ, পরীক্ষার পাঠ্য পুস্তকরূপে নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থকার উহার মর্ম্ম সঙ্কলন করিয়া সংক্ষেপে প্রকাশ করিয়াছেন। রচনাটী সুন্দর হইয়াছে।

৪। বরকন্যা বিক্রয় (৪)। পাপকথার ঢাকাকী (?) বলিয়া গ্রন্থের অন্য একটী নাম দেওয়া হইয়াছে। কন্যা বিক্রয় ত অনেক দিন হইতে এদেশে প্রচলিত আছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সৃষ্টি অবধি পাত্রের বিক্রয় হইতে আরম্ভ হইয়াছে। যে পাত্র যত পাশ দেয়, তাহার তত মূল্য বৃদ্ধি হইতে থাকে। এই হেতু অনেকে কন্যার বিবাহ দিয়া দরিদ্র হইয়া যাইতেছে। গ্রন্থকর্ত্তা দোষগুলি উত্তমরূপে চিত্রিত করিয়াছেন। পাঠের সময়ে অন্তঃকরণে বিকার উপস্থিত হয়। ইহাই রচনার সবিশেষ প্রশংসার বিষয়।

৫। চিকিৎসা সম্মিলনী (৫)। এখানি চিকিৎসা বিষয়ক মাসিক পত্রিকা। ডাক্তার শ্রীযুক্ত বাবু অন্নদাচরণ খাস্তগির ও কবিরাজ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র কবিরত্ন উভয়ে মিলিয়া এখানি প্রচার করিতেছেন। যে নিমিত্ত এই পত্রিকা প্রচার করা হইতেছে, তাহা ভূমিকায় লিখিত হইয়াছে। যথা:— "কবিরাজী ও ডাক্তারী উভয়বিধ চিকিৎসার মধ্যে আমাদের দেশে কোন কোন রোগে কোন কোন চিকিৎসা বিশেষরূপে উপযোগী, অস্ত্র চিকিৎসা ও পিচকারি দেওয়া প্রভৃতি আশুফলপ্রদায়ক ক্রিয়াগুলি ঐ উভয়বিধ চিকিৎসার কাহার মধ্যে কতদূর উৎকৃষ্ট এবং রোগ পরীক্ষা, দ্রব্যগুণ ও আরোগ্য প্রভৃতি চিকিৎসকের অবশ্য জ্ঞাতব্য বিষয় এ সকল বা কোন মতে কত দূর শ্রেষ্ঠ, ইত্যাদি বিষয়ের আলোচনা ইহাতে সন্নিবেশিত হইয়াছে।

(১) চুঁচুড়া ফ্রীচর্চ ইনষ্টিটিউশনের প্রধান পণ্ডিত শ্রীযুক্ত [illegible]নাথ শিরোভূষণ প্রণীত, কলিকাতা গিরিশ বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত মূল্য ।৶০ পাঁচ আনা।

(২) শ্রীযুক্ত বাবু বিশ্বনাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত। কলিকাতা [illegible] প্রকাশ যন্ত্রে মুদ্রিত, মূল্য ১।০ দেড় টাকা মাত্র।

(৩) শ্রীযুক্ত হৃষীকেশ ভট্টাচার্য্য সঙ্কলিত, কলিকাতা গিরিশ বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত, মূল্য ।৵০ ছয় আনা।

(৪) শ্রীযুক্ত বাবু মোহিনীমোহন গুপ্ত প্রণীত, কলিকাতা নূতন আর্য্য যন্ত্রে মুদ্রিত, মূল্য ৵০ দুই আনা।

(৫) কলিকাতা ২১৯ নং [illegible] যন্ত্রে মুদ্রিত।

নজীর।

১৮৮৩। ২৩ এ জুন।

প্রধান বিচারপতি সর রিচার্ড গার্থ ও বিচারপতি ম্যাকফার্সন।

নিস্তারিণী চৌধুরাণী ও অন্য অন্য ব্যক্তি বাদী।

হরনাথ চৌধুরী প্রতিবাদী।

দেওয়ানী কার্য্যবিধির ৫২৫ ধারানুসারে সালিসীর [illegible] সালিসী ফয়সালা আদালতে দাখিল [illegible] করা হইলে যদি ৫২০ কিম্বা ৫২১ ধারার বিধানানুসারে আপত্তি করা না হয়, তাহা হইলে আবেদন গ্রাহ্য করিয়া রীতিমত মকদ্দমা উপস্থিত করা আদালতের কর্ত্তব্য। যদি কোন আপত্তি করা না হয়, এবং আদালত তাহা গ্রাহ্য করিয়া লন, তাহার বিরুদ্ধে আপীল হইবে না।

কোন সম্পত্তির সীমা লইয়া বিবাদ উপস্থিত হইলে উভয় পক্ষ সম্মত হইয়া তিন জন মধ্যস্থের উপরে উহার মীমাংসা করিবার ভার সমর্পণ করেন। মধ্যস্থেরা প্রমাণাদি গ্রহণ করিয়া ১২৮৬ সালের ৭ ই শ্রাবণ বাদিগণের অনুকূলে সালিসী ফয়সলা করেন, উহা আদালতের আজ্ঞা করাইয়া লইবার নিমিত্ত মুন্সেফ আদালতে উপস্থিত করিলে প্রতিবাদী মধ্যস্থগণ পক্ষপাত করিয়াছেন বলিয়া আপত্তি করিলেন। মুন্সেফ উভয় পক্ষের প্রমাণাদি গ্রহণ করিয়া আবেদন অগ্রাহ্য করেন। জজের নিকটে আপীল হইলে তিনি মুন্সেফের রায় রহিত করিয়া সালিসী ফয়সলা মঞ্জুর করিলেন। হাইকোর্টে আপীল হইল। হাইকোর্ট উপরিলিখিত সিদ্ধান্ত করিয়াছেন। অর্থাৎ আপত্তি হইলে আদালত রীতিমত মকদ্দমা করিবার অনুমতি দিবেন, আর যদি আপত্তি না হয়, আবেদন দাখিল করিয়া লইবেন। তাহার আর আপীল হইবে না।

১৮৭৩। ২ রা অক্টোবর।

বিচারপতি মিত্র ও বিচারপতি পিয়ার্ট।

অভয়চন্দ্র মুখোপাধ্যায় বাদী।

মহম্মদ সাবির প্রতিবাদী।

দখল, ফৌজদারী আদালতের হুকুম—শান্তিভঙ্গ হইবার মত বিবাদের আশঙ্কা উপস্থিত হওয়া—ফৌজদারী কার্য্যবিধি (১৮৭২ র ১০ আইন) ৫৩০ ধারা।

ফৌজদারী কার্য্যবিধির ৫৩০ ধারা অনুসারে কার্য্য করিবার পূর্ব্বে ম্যাজিষ্ট্রেটের একটী এই, শান্তি ভঙ্গের যে কথা বলা হয়, সেটী বাস্তবিক অথবা দেওয়ানী আদালতের বিচার্য্য বিষয় বিচার করিবার জন্য দেওয়ানী আদালতের জ্ঞান করিয়া এরূপ এরূপ উপস্থিত হইয়াছে, ইহা স্থির করিতে হবে।

এ মকদ্দমায় বিচারপতি মিত্র যে রায় প্রকাশ করেন, তাহার সারমর্ম এই:—

ফৌজদারী কার্য্যবিধির ১৪৫ ধারায় ফৌজদারী আদালতের যে কর্ত্তব্য নির্দেশ আছে, তাহা এ মকদ্দমায় খাটে না।

এ মকদ্দমার বাস্তবিক ঘটনা এই:—একজন পুলিসকর্ম্মচারী ম্যাজিষ্ট্রেটের নিকটে এই রিপোর্ট দেন, একটী চর লইয়া বিবাদ উপস্থিত। একপক্ষ যদি বলপূর্ব্বক প্রজার নিকট হইতে খাজানা আদায় করিবার চেষ্টা পায়, তাহা হইলে শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা। এই রিপোর্ট পাইয়া ম্যাজিষ্ট্রেট উভয় পক্ষের চারি মাসের নিমিত্ত ৫০০ টাকা করিয়া মোচলকা লইবার প্রস্তাব করেন। তদনুসারে উভয় পক্ষ বলেন, তাঁহারা আপোসে বিবাদের মীমাংসা করিয়া লইবেন। কিন্তু মীমাংসা হইল না। ১৮৭৯ র ১৪ ই পৌষ মহম্মদ সাবির ম্যাজিষ্ট্রেটের নিকটে এই আবেদন করে, অভয়চন্দ্র মুখোপাধ্যায় তাহার প্রজার উপরে অত্যাচার করিতে উদ্যত হইয়াছে। সে বিষয়ে এজেহার দিল। ম্যাজিষ্ট্রেট অপর অনুসন্ধান না লইয়া কার্য্য করিলেন, এটী আইন বিরুদ্ধ হইয়াছে। মহম্মদ সাবির দেওয়ানী আদালতের বিচার্য্য বিষয় সহজ উপায়ে সারিয়া লইতে চায়। এই হেতুবাদে ও যুক্তিতে কলিকাতা হাইকোর্টের বিচারপতিরা ম্যাজিষ্ট্রেটের আজ্ঞা রহিত করেন।

১৮৮৩। ১৫ ই আগষ্ট।

বিচারপতি মিত্র ও বিচারপতি টটেনহাম।

খেওয়াহন সিং বাদী।

ফাঞ্জ সিং প্রতিবাদী।

পুনর্বিচার প্রার্থনা, আবেদন গ্রাহ্য করা, নোটিস দেওয়া, পদাধিকারিকর্ত্তৃক মকদ্দমা শ্রবণ, দেওয়ানী কার্য্যবিধি (১৮৮২ র ১৪ আইন) ৬২৪ ধারা।

যে বিচারপতি যে মকদ্দমার যে রায় প্রকাশ করেন, দেওয়ানী কার্য্যবিধির ৬২৪ ধারার লিখিত কারণ ভিন্ন যদি অন্য কারণে তাঁহার নিকটে তাহার পুনর্বিচারের আবেদন করা হয়, আর তিনি যদি আবেদনকারির প্রতিবাদীকে নোটিস দিয়া স্থানান্তরিত হন, তাহা হইলে তাঁহার পদাধিকারী সে আবেদন শুনিতে পারিবেন।

ভূমির অধিকার লইয়া এই মকদ্দমা। মুন্সেফ বাদিকে ডিক্রী দেন। আপীল হইলে জেলার জজ মুন্সেফের রায় রহিত করিলেন। মকদ্দমার পুনর্বিচারের আবেদন হইল। জজ প্রতিবাদিকে নোটিস দিয়া বদলী হইয়া গেলেন। যিনি নূতন আইলেন, তিনি দেখিলেন, দেওয়ানী আদালতের ৬২৪ ধারা অনুসারে পুনর্বিচারের আবেদন শ্রবণের বাধা নাই। অতএব, তিনি তাহা শুনিয়া পূর্ব্ব জজের রায় রহিত করিয়া মুন্সেফের রায় বাহাল করিলেন। প্রতিবাদী হাইকোর্টে আপীল করিল। তথাকার বিচারপতিরা শেষোক্ত জজের রায় বাহাল করিলেন।

১৮৮৩ ২৬ এ জুলাই।

বিচারপতি প্রিন্সেপ ও বিচারপতি ওকেনেলি।

কোর্বান আলি মিয়া বাদী।

সারদাপ্রসাদ আঢ্য ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী।

রেজিষ্টরী আইন (১৮৭৭ র ৩ আইন) ১৭ ধারা ১০০ টাকার ন্যূন টাকার কবলা—রেজিষ্টরীর অবশ্য কর্ত্তব্যতা—গ্রাহ্যতা—বন্ধকী কবলা—অধীন আদালতের কর্ত্তব্য—হাইকোর্টসকলের মতভেদ।

৯৯ টাকার বন্ধকী কবলা, ৯ মাস ২১ দিনে উহার পরিশোধ করিবার কথা, মাসিক শতকরা ২ টাকা সুদ, ইহা রেজিষ্টরী করিবার প্রয়োজন নাই, কিন্তু পরে ঐ বিষয়ের উপরে ১২৫ টাকার যে একখানি বন্ধকী কবলা হয়, উহার প্রাধান্য হইবে।

নিম্ন আদালতসকল যে হাইকোর্টের অধীন, সেই হাইকোর্টের কৃত মীমাংসা অনুসারে বিচার করিবেন, অন্য হাইকোর্টের কৃত মীমাংসার অনুসরণে অধিকারী নহেন।

এ মকদ্দমায় বাদী এই কথা বলে, প্রতিবাদীরা ১২৭৮ সালের ১৯ এ বৈশাখ কতক সম্পত্তি বন্ধক রাখিয়া ৯৯ টাকা কর্জ লয়। কবলা রেজিষ্টরী করিয়া দেয় নাই। লেখা পড়া এইরূপ ছিল, ১২৭৮ সালের মাঘ মাসে টাকা পরিশোধ করা হইবে। ১২৭৮ সালের ১লা ফাল্গুন মকদ্দমার কারণ উপস্থিত হইয়াছে বলিয়া বাদী ১৮৮১ র ১৩ ই ডিসেম্বর মকদ্দমা উপস্থিত করে। ১৮৮২ র ১৩ ই ফেব্রুয়ারি সারদাপ্রসাদ আঢ্য নামক এক ব্যক্তি আসিয়া বলিল, বাদী যে সম্পত্তির নালিশ উপস্থিত করিয়াছে, প্রতিবাদীরা ১৮৮১ র ২০ এ জুলাই ঐ সম্পত্তির বন্ধক রাখিয়া তাহার নিকট হইতে ১২৫ টাকা কর্জ লইয়াছে। ঐ কবলা রেজেষ্টরী করা, অতএব তাহার প্রাধান্য হইবে। প্রতিবাদীরা বলিল, বাদীর কবলা জাল। মুন্সেফ এই হেতুবাদে মকদ্দমা অগ্রাহ্য করিলেন, যে বাদী যে তারিখ পর্য্যন্ত নালিশ করিয়াছে, তাহাতে টাকা ১০০ ছাড়াইয়া গিয়াছে, অতএব কবলা রেজিষ্টরী করা আবশ্যক ছিল। তাহা না করাতে মকদ্দমা চলিতে পারে না। আলাহাবাদ হাইকোর্টে বিশ্বন্ত সিং ও পিতম্বরের যে মকদ্দমা হয়, তিনি তাহার নজীর দেন। জজ সাহেবের নিকটে আপীল হইলে তিনি মুন্সেফের রায় বাহাল করেন। কলিকাতা হাইকোর্টে আপীল হইলে উক্ত বিচারপতিরা এই সিদ্ধান্ত করেন, ৯৯ টাকার লেখা পড়া রেজিষ্টরী করিবার প্রয়োজন নাই এবং সারদাপ্রসাদ আঢ্যের ১২৫ টাকার রেজিষ্টরী কবলার প্রাধান্য হইবে। শেষোক্ত কারণে হাইকোর্ট বাদীর আপীল অগ্রাহ্য করেন। বিচারপতিরা বলেন, এই কলিকাতা হাইকোর্টে ঈশানচন্দ্র ও মুক্তারবিবি এবং রোহিণী দেবী ও শিবচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতির মকদ্দমায় যে সিদ্ধান্ত করেন, তাহার নজীর ধরিয়া নিম্ন আদালতের মকদ্দমার নিষ্পত্তি করাই উচিত, অপর হাইকোর্টের নজীরের অনুসরণ করা উচিত নহে। কলিকাতা হাইকোর্টের নজীরে ঐ কথা স্পষ্ট রহিয়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

১৭ ই এপ্রেল ১৮৮৪। মুঙ্গেরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর ডবলিউ বেল, বালেশ্বরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায় এবং ভাগলপুরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু গোবিন্দমোহন ঘোষ ১৮৮০ অব্দের ৭ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

সাঁওতাল পরগণার অতিরিক্ত ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর এফ, ই, পিকার্ড মানভূমে বদলী হইলেন।

কৃষ্ণনগর কালেজের অধ্যাপক বাবু নীলকান্ত সরকার ত্রিপুরা সদর ষ্টেশনের ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইলেন। ইনি তৃতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

মুঙ্গেরের ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় ময়মনসিংহের সদর ষ্টেশনে বদলী হইলেন।

পাটনার প্রতিনিধি ডেপুটি ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু মথুরানাথ বসু পাটনার সদর ষ্টেশনে বদলী হইলেন।

কুমিল্লার ডেপুটি ম্যাজিষ্ট্রেট মৌলবী ইমদাদ ফৌজদারী আইনের ৩৬৮ ধারা অনুসারে সংক্ষিপ্ত বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বিজ্ঞাপন।

বিশেষ দ্রষ্টব্য।

আমরা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা সর্ব্বদা সেই স্থানে থাকি। অতএব যাঁহাদিগের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়, তাঁহারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত যন্ত্রে বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে পাঠাইবার প্রয়োজন নাই। কোন গ্রন্থকার এখানে কমিশন দেসে পুস্তক বিক্রয়ার্থ জমা দিতে ইচ্ছা করিলে আমরা তাহাও গ্রহণ করিয়া থাকি।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

সোমপ্রকাশ যন্ত্রে নানাপ্রকার জবওয়ার্ক হইতেছে। সঙ্গত মূল্যে ও অল্প সময়ের মধ্যে কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিয়া [illegible]য়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিনয়সহকারে সাধারণের গোচর করা যাইতেছে, সোমপ্রকাশের মূল্যাদি-সংক্রান্ত যাবতীয় চিঠি ও কাগজ পত্রাদি শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্নলিখিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

[illegible] পোতা, কলিকাতার দক্ষিণ সোণারপুর ডাকঘর, জেলা ২৪ পরগণা।

তবে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা মাসিক পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

বিজ্ঞাপনদাতাদিগের প্রতি।

আমরা বিনয়সহকারে সাধারণকে জানাইতেছি, যাঁহারা সোমপ্রকাশে বিজ্ঞাপন দিবার বাঞ্ছা করেন, তাঁহারা সোমপ্রকাশের অগ্রিম পত্রিকা বিজ্ঞাপনের অগ্রিম মূল্য পাঠাইয়া দিবেন। প্রথম বারের প্রতি পংক্তি ⅟০ আনা, তাহার পর ⅟০ আনা, ৵০ আনার ন্যূন আর লওয়া হয় না।

চক্রদত্ত [illegible]।

অশীতিঞ্চ প্রমেহান্ [illegible]।

[illegible] বিনা।

এই ঔষধটী যুক্তিপূর্ব্বক প্রস্তুত হইয়াছে। ইহা দ্বারা সকল প্রকার প্রমেহ এবং বাতুদৌর্ব্বল্য আশ্চর্য্যরূপ আরোগ্য হইতেছে। ২১ দিনের মূল্য ৫ টাকা। ঔষধসহ ব্যবস্থাপত্র পাওয়া যায়।

কোষ্ঠশুদ্ধি বাবুর ঔষধ।

অর্থাৎ বালকদিগের মল পরিষ্কার না হইয়া নানা প্রকার রোগ জন্মায় তাহাদিগের ২১ দিনের ঔষধের মূল্য ৩ টাকা।

শ্রীশশিমোহন সেন কবিরাজ।
কাশী, কাশিমিত্রার চক্রবাড়ী।

বেদান্ত-রত্নাবলী

"সিদ্ধান্তবিন্দুসার" শঙ্করাচার্য্যের "নিরঞ্জনাষ্টক" শাস্ত্রবিভাষা সহিত "দশশ্লোকী" সুবোধিনী ও বিদ্বন্মনোরঞ্জিনী টীকা সহিত "বেদান্তসার" এই চারিখানি গ্রন্থ একত্র মূল ও বঙ্গানুবাদ সহিত মূল্য ১৸৶০ আনা, ডাকমাশুল ৶০ এক আনা। "[illegible] ও [illegible]" প্রকাশক শ্রীমহেশচন্দ্র পাল, বোড়াস'কো, ১৪১ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট; কলিকাতা।

(ডাক্তার ঘোষকৃত।)

গোদ, জলদোষ ও ধবলরোগের উৎকৃষ্ট ঔষধ।

সিন্ধু-শোষক—ইহাতে গোদ ও জলদোষ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু এই দুটী রোগ অত্যন্ত পুরাতন এবং স্থানে স্থানে চর্ম্ম অসাড় হইলে এ ঔষধে তাদৃশ ফল হয় না।—মূল্য—প্যাকিং খরচা সমেত এক শিশি ২৷০।

শীত্রাঞ্জন—ইহাতে ধবলরোগ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু রোগ সর্ব্বাঙ্গব্যাপী বা পৈতৃক হইলে ইহাতে ফল হয় না। মূল্য—প্যাকিং খরচা সমেত এক প্যাকেট ২৷০।

এই দুটী ঔষধে পারা হরিতাল প্রভৃতি কোন বিষাক্ত দ্রব্য নাই। এই দুটী ঔষধ কলিকাতা ৫৬ নম্বর বিডন ষ্ট্রীট ডাক্তার ঘোষের বিদ্যাভীষ চিকিৎসালয়ে বিক্রীত হয়।

প্রসিদ্ধ বৈদ্যক গ্রন্থ।

ভাব প্রকাশের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। ডাক মাশুল সহ মূল্য ১৸৶০। এই গ্রন্থের ১ ম খণ্ড প্রকাশিত হইলে এদেশের প্রসিদ্ধ সংবাদ পত্রসমূহের সম্পাদকেরা প্রশংসিতভাবে ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কলেজষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে প্রাপ্তব্য।

শ্রীচণ্ডীচরণ রায়—ম্যানেজার।

কবিতা-কুসুম।

অর্দ্ধ মূল্যে পাঁচ শত বিতরণ।

মাশুল সমেত চারি আনা।

সত্বরে মূল্য সমেত আবেদন করিলে প্রাপ্ত হইবেন। নির্দ্দিষ্ট গ্রাহক পূর্ণ হইলে আর কেহ ঐ মূল্যে পাইবেন না।

সাঁওতালচক গ্রাম
লুৎফবাড়ী পোঃ
মেদিনিপুর জেঃ

শ্রীআনন্দলাল মাইতি

ডাক্তার শ্রীনন্দলাল মুখোপাধ্যায়ের
পরীক্ষিত ও অব্যর্থ !!!

তুষারবিন্দু তৈল।

অতিশয় অধ্যয়ন বা চিন্তা-জনিত মস্তিষ্ক সঞ্চালন, দৌর্ব্বল্য, মস্তক ঘূর্ণন ও অন্যবিধ কারণ জন্য শিরঃপীড়ার মহৌষধ। ইহা ব্যবহারে অকালপক্কতা ও কেশহীনতা বিদূরিত হইয়া কেশ গোছাযুক্ত ও পরিবর্দ্ধিত হয়। ইহাতে মস্তিষ্ক শীতল রাখে ও পিত্তজনিত চক্ষুপীড়াদির জ্বালা আরোগ্য হয়। ইহা অতি মনোহর গন্ধবিশিষ্ট।

ইহা বাদামের তৈলে প্রস্তুত। মূল্য ১ শিশি ১৷০ টাকা, প্যাকিং ।০ ১ ডজন ১৬৲ টাকা।

প্রশংসাপত্র।

The Bengalee 29 th Decr 1883.

We have received one small bottle of scented Hair Oil manufactured by Dr Nandalal Mookerji Besides being scented it possesses medicinal properties and has proved efficacious in diseases of the head

সোমপ্রকাশ ১৭ ই পৌষ ১২৯০ সাল।

কলিকাতা ভবানীপুরের ডাক্তার বাবু নন্দলাল মুখোপাধ্যায়ের কৃত "তুষারবিন্দু তৈল" আমরা এক শিশি উপহার প্রাপ্ত হইয়া পরীক্ষা করিয়া দেখিলাম গুণটী নামানুরূপ হইয়াছে—

সহকারদিগকে যথোচিত কমিশন দেওয়া যায়।

☞ মুখরবন ডিঃপমণি পদ্মপুকুর ভবানীপুর কলিকাতা।

অত্যুৎকৃষ্ট মহৌষধ।

একবার ব্যবহার করিয়া দেখুন!!!

ইহা লেখার কতিপয় উক্ত বাতীত কিছুই নয়। ইহাতে রক্তামাশয়, সর্ব্বপ্রকার আমাশয়, হৃদকাল্পেৱ, অজীর্ণ ও অম্ল শূল নিঃ পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৬ পুরিয়া এক টাকা প্যাকিং ৵০। অর্শরোগের অব্যর্থ ঔষধ। ৭ দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য দুই টাকা প্যাকিং ।০। আরোগ্য না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অবস্থানুসারী ব্যবস্থা দেওয়া যায়।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য ৫টাশ চন্দননগর মুড়া শিবতলা



সকল প্রকার মেহরোগের পরীক্ষিত মহৌষধ।

(প্রতি শিশি মূল্য ২ টাকা—প্যাকিং ০)

এই আশ্চর্য্য মহৌষধ নিয়মপূর্ব্বক সেবন করিলে নূতন ও পুরাতন মেহ, শ্বেতপ্রদর, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকালীন জ্বালা, শুক্র ধাতুনির্গমন, প্রস্রাব লালা খড়ির ন্যায় ঘোলা হওয়া, পাথা ধোয়া, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি সমস্ত নিশ্চয় আরোগ্য হয়। এই ঔষধ সেবনে কলিকাতা এবং বিদেশস্থ বহু ব্যক্তি আরোগ্য হইয়াছেন।

শক্তি-সঞ্চারক ও রক্ত-পরিষ্কারক জারক।

(মূল্য প্রতি শিশির ২।০ টাকা—প্যাকিং ।০ ।)

এই মহৌষধ দ্বারা শারীরিক দুর্ব্বলতা, অজীর্ণতা, শিরঃপীড়া, বাত, পারদোষ উপদংশ, নালী ঘা, রক্ত দূষিত ক্ষত এবং শরীর যে কোন কারণবশতঃ ক্ষয় ও অস্থ প্রাপ্ত হউক না কেন ইহার সেবনে শরীরে রক্তপরিষ্কার, ক্ষুধাবৃদ্ধি, বলাধান, দেহপুষ্টি ও কান্তি বিশিষ্ট হয়।

সুবাসিত হেমকুমারী তৈল।

(মূল্য প্রতি শিশি প্যাকিং সমেত— এক টাকা।)

এই সুবিখ্যাত তৈল দ্বারা চুলের গোড়া শক্ত হয়, চুল ঘন, কাল ও শীঘ্র বৃদ্ধি হয়, চুল উঠা, শীঘ্র পাকা, মাথা ঘোরা, হাত পা জ্বালা নিবারণ করে। প্রত্যহ স্নান ও কেশবিন্যাস কালে এই তৈল ব্যবহার করিলে শরীরের ময়লা সকল বিনাশ করিয়া শরীর ও চুল পরিষ্কার উজ্জ্বল, সুশ্রী, সুগন্ধযুক্ত হয়।

সর্ব্বোৎকৃষ্ট গোলাপী দন্তমঞ্জন

(মূল্য প্রতি কৌটা ।০ আনা—ডাকমাশুল প্যাকিং ৵০ ।

ইহা দ্বারা দন্তশূল, দন্ত কনকনানি, দন্তের মাড়িতে ঘা, পূঁজ ও রক্ত পড়া ইত্যাদি সর্ব্বপ্রকার দন্তরোগ নিশ্চয় সম্পূর্ণ আরোগ্য হয়, ইহা দ্বারা শিথিল দন্ত পুনর্ব্বার কঠিনরূপে বসে দন্ত মুক্তার ন্যায় উজ্জ্বল হয়, মুখের দুর্গন্ধ একেবারে যায়।

☞ ঔষধ পাইবার ঠিকানা।—১২ নং দুর্গাচরণ পিতুড়ির গলি বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা শ্রীযুক্ত বাবু হরিদাস দেব নিকট প্রাপ্তব্য।

সোমপ্রকাশ ডিপজিটরী

৯৭ নং কলেজ ষ্ট্রীট কলিকাতা।

এখানে সর্ব্বপ্রকার ইংরাজি বাঙ্গালা ও সংস্কৃত পাঠ্যপুস্তক এবং নানাপ্রকার নাটক ও উপন্যাস সুলভ মূল্যে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্ন-লিখিত পুস্তকগুলি নূতন প্রকাশিত হইয়াছে:—

দায়ভাগ মথুরানাথ তর্করত্ন ৩, মানব মদনমোহন দত্ত ॥০ বেহিয়া বালিকা (উপন্যাস) উমেশচন্দ্র দত্ত ৵০ কেশব প্রয়াণ ৵০ সংস্কৃত পকেটপঞ্জিকা /০ প্রেম পত্রিকা /০ রুদ্রকমলা ।০ স্বদেশের হিতশিক্ষা ।৵০ মুচিরামগুড় ।/০ ব্যবস্থা কল্পদ্রুম ৩, সোজনা উপন্যাস ১, গীতারহস্যের অর্থ ৺কৃষ্ণকিশোর বন্দ্যোপাধ্যায় ।০ গীতার বনবাস-দীপিকা ।/০ মহাত্মা কেশবচন্দ্র সেনের জীবনচরিত ৵০ কেশব বিয়োগ ।০ অশান্তি মহম বাব রামদাস সেন প্রণীত ।০ তত্ত্ব রত্ন ১।০ মহম্মদীয় দায়তত্ত্ব ১, নিউপাঠিকা ৫ কল্পনামঞ্জরি /১০ জমীদারি কার্য্যের নিয়মাবলী ৩, মাদাই ভাল ৵০ ব্রজবালের গীত ৫ ক্যানিংহাম কৃত স্বাস্থ্যরক্ষার প্রশ্নোত্তর ৫ পঞ্চতন্ত্রবাসিনী ৸০ চণ্ডী বোধার্থ ৵০ ইত্যাদি।

নিম্নলিখিত গ্রন্থকারগণ নিম্নলিখিত পুস্তকগুলি কমিসন লইয়া বিক্রয়ার্থ দিয়াছেন। যথা:—

বাবু হরিচরণ রায় —পরিমিতি /০ ব্যবহারিক জ্যামিতী ৵০ সহজপরিমিতি ।০ বাবু শরৎচন্দ্র চৌধুরী সাহিত্য সোপান ১ম ভাগ ।০ বাবু ব্রজনাথ বিশ্বাস নবপ্রবন্ধ ৸০ বাবু কালীময় ঘটক প্রথম চরিতাষ্টক ।০ ঐ দ্বিতীয় ।০ কুসুমশয্যা ।০ কৃষিপ্রবেশ ৵০ পদ্যসার ৵০ ছয়মতা ১, পণ্ডিত কালীপ্রসন্ন বিদ্যারত্ন বাঙ্গালা ব্যাকরণ ।৵০ বাল্যব্যাকরণ ৵০ ছন্দোমঞ্জরী ১০ চারুপাঠ দীপিকা (চারুপাঠ তৃতীয় ভাগের টীকা) ।৵০ কাব্যোদ্যান ১ম খণ্ড ইত্যাদি।

সোমপ্রকাশ ডিপজিটরীতে, তদ্ভিন্ন বোম্বা-দির সর্ব্বপ্রকার অনেক সুপ্রসিদ্ধ ঔষধ বিক্রয়ার্থ আছে। মূল্য বড় বোতল ১।০ ছোট বোতল ১ টাকা। এই ঔষধ সেবন করিলে ২।৩ দিবসের মধ্যে জ্বর আরোগ্য হয়, ক্ষুধা বৃদ্ধি করে এবং শরীরে বল হইয়া থাকে। প্যাকিং ।০ আনা।

মূল্যপ্রাপ্তি।

আমরা কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি, নিম্নলিখিত গ্রাহকগণ এ সপ্তাহে সোমপ্রকাশের মূল্য প্রেরণ করিয়াছেন।

শ্রীযুক্ত বাবু তারিণীপ্রসাদ রায়—দিনাজপুর ৬

„ লালা বংশীগোপাল কর্ত্তা— অম্বিকা হাকিমী

„ „ রামদয়াল ঘোষ—ইসলামপুর ৭

„ „ ভুবনমোহন বিশ্বাস— মালদহ ৭

„ „ শিবহরি বন্দ্যোপাধ্যায়—রংপুর ৩

„ „ অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায়—বৈদ্যপুর ১

সোমপ্রকাশ সংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

সমর্থপক্ষে সোমপ্রকাশের অগ্রিম মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক ১০ টাকা এবং যাণ্মাসিক ৫।০ টাকা। অসমর্থ পক্ষে ডাকমাশুল সমেত ৭ টাকা। অসমর্থ পক্ষে মাসিক ত্রৈমাসিক বা যাণ্মাসিকের নিয়ম নাই।

অগ্রিম মূল্য না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরিত হয় না। যাঁহারা সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাঁহারা স্বীয় নাম ধাম স্পষ্ট করিয়া লিখিয়া কলিকাতার দক্ষিণ সোণারপুর ডাকঘরে শ্রীযুক্ত নগেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নোট, চেক, রেজিষ্টারি চিঠি, মনি অর্ডার, ইহার অন্যতর দ্বারা যাহাতে তাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায়ে মূল্য প্রেরণ করিবেন। অল্প আনার অধিক ডাক টিকিট প্রেরণ করিলে গৃহীত হইবে না। মূল্য নিঃশেষিত হইবার পূর্ব্বে কেহ সোমপ্রকাশ গ্রহণে অনিচ্ছুক হইলে অবশিষ্ট মূল্য ফিরাইয়া দেওয়া হইবে না।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

☞ কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পংক্তি ৵০ দুই আনা তাহার পর /০ এক আনা দিতে হইবে।

☞ এই পত্র কলিকাতার দক্ষিণ সোণারপুর ডাকঘরের অন্তর্গত চাঙ্গড়িপোতা সোমপ্রকাশ যন্ত্রে শ্রীনগেন্দ্রকুমার চক্রবর্ত্তীর দ্বারা প্রতি সোমবার প্রাতঃকালে মুদ্রিত ও প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

২৮ শ ভাগ। "প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।" ২৭ সংখ্যা।

অগ্রিম বার্ষিক মূল্য মাশুল সমেত [illegible] টাকা। মাসিক মূল্য ১ এক টাকা।

১২৯১ সাল। ৭ ই জ্যৈষ্ঠ। ইং ১৮৮৪। ১৯ এ মে।

অগ্রিম ষান্মাসিক [illegible], মাশুল সমেত বার্ষিক [illegible]

বিজ্ঞাপন।

কুসুম-মঞ্জরী।

একবার পরীক্ষা করিয়া দেখুন!!!

(বাধক বেদনায় অব্যর্থ মহৌষধ)

ইহা সেবনে যে সকল স্ত্রীলোকদিগের ঋতুঃ স্রাবের পূর্ব্বে বা পরে কঠিন পেট বেদনা ও [illegible] সময়ে মধ্যে মধ্যে মূর্চ্ছা ও হয়, বন্ধ্যাদোষ, শ্বেত-প্রদর, রক্ত-প্রদর, অকালে অধিক পরিমাণে ঋতু স্রাব, ও অন্যান্য গোপনীয় পীড়া ইত্যাদি দোষ বিনষ্ট করিয়া গর্ভোৎপত্তির ব্যাঘাত দূর করে, [illegible] দিবসের অধিক সেবন করিতে হয় না। ইহা [illegible] শত শত রমণী আরোগ্য লাভ করিয়াছেন, যদ্যপি রোগ আরোগ্য না হইলে মূল্য ফেরত দেওয়া যাইবে। এক কৌটার মূল্য ২ টাকা প্যাকিং ৵০ আনা।

স্নেহামৃত-রস।

এই ঔষধ সেবনে, সর্ব্বপ্রকার মেহ সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। অব্যবহার্য্য জ্বালা ও ধাতু নির্গম, মেহ প্রমেহ, মূত্রকৃচ্ছ্র, শোণিতস্রাব বক্ষে [illegible] এবং এই সকল রোগজনিত জ্বর, মস্তিষ্কের দৌর্ব্বল্য, হস্ত পদাদির দাহ শারীরিক দৌর্ব্বল্য ইত্যাদি। যাহারা বহু দিবস সেবনে ক্লান্ত হন তাহারা একবার ব্যবহার করিয়া দেখুন। এক শিশির মূল্য আর প্যাকিং এক টাকা চারি আনা।

কোন উদাসীন হইতে প্রাপ্ত।

সর্ব্বপ্রকার [illegible] অব্যর্থ মহৌষধ।

ইহা [illegible] বুক জ্বালা, আহারান্তে [illegible] অম্লোদগার, অজীর্ণ, [illegible], অরুচি, বেদনা, [illegible] আমাশয়, চক্ষু হস্ত ও পদাদির দাহ, দৌর্ব্বল্য, অম্ল পৈত্তিক জ্বর, এবম্বিধ উপসর্গ বিশিষ্ট অম্লজনিত ব্যাধি এই ঔষধের অমোঘ শক্তি প্রভাবে সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। মূল্য ১০ প্যাকিং /০ আনা।

মস্তি-বিলাস তৈল।

অতি সুগন্ধযুক্ত গোলাপি [illegible] তৈল।

এই তৈল ব্যবহারে বায়ুরোগ, শিরঃপীড়া, মাথা ধরা, মাথাঘোরা ও অনিদ্রা দূর করে। মস্তিষ্ক শীতল, চুল ঘন, কোমল ও গোড়া শক্ত এবং উজ্জ্বল কৃষ্ণ বর্ণ হয়। মাথায় মাখিলে চুলকানি প্রভৃতি চর্ম্মরোগ জন্মে না। অধিকন্তু শোরতে মন বেষ্টিত হয়। স্নান করিলেও সৌরভ নষ্ট হয় না। দুই দিবস সমান গন্ধ থাকে। মূল্য ছোট শিশি ।৵০, বড় [illegible] বোতল ৸৵০, প্যাকিং ।০, ৩ পোয়া বোতল দেড় টাকা, প্যাকিং ।৵০।

শ্রীহেমচন্দ্র চক্রবর্ত্তী।

৪৮ নং মধুরায়ের লেন, কাঁসারি পাড়া, সিমলা কলিকাতা।

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"

(মনোহর উপন্যাস)

এই মনোহর উপন্যাসদ্বয় স্ত্রীজাতিকে সতীধর্ম্ম ও পতিভক্তি শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী, সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটারিতে ক্যানিং লাইব্রেরীতে, চীনেবাজার পদ্মচন্দ্র নাথের দোকানে ও কলিকাতা সর্ব্বত্র [illegible] পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা। [illegible]

শ্রীযুক্ত [illegible]রকানাথ বিদ্যা[illegible] প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে [illegible] কলিকাতা [illegible] স্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটারিতে [illegible] যায়।

উপদেশমালা	মূল্য [illegible]
১ ম ভাগ	৵০
২ য় ভাগ	৵০
নীতিসার।	
১ ম ভাগ	৵০
২ য় ভাগ	৵০
৩ য় ভাগ	৵০
বিশ্বেশ্বর বিলাপ	।০

কয়খানি একত্র লইলে সমুদায়ে [illegible] মাশুল /১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া [illegible] গণকে জানাইতেছি, নানা কারণের [illegible] বর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের [illegible] কত্ব পরিত্যাগ করিতে হইল। [illegible] ইহা আর সোণারপুর ডাকঘরের [illegible] চাঙ্গড়িপোতায় প্রকাশিত হইবে না। [illegible] কেহ ইহার স্বত্ব গ্রহণের আকাঙ্ক্ষী [illegible] তিনি আমার নিকটে পত্র লিখিলে [illegible] বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল
১ লা চৈত্র

শ্রী[illegible]নাথ [illegible]
চাঙ্গড়িপোতা
সোণারপুর [illegible]

প্রেরিতপত্র।

বিধবাবিবাহ।

স [illegible] আপনার ১৭ ই বৈশাখের পত্রিকায় [illegible]বাসী বাবু গণেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় [illegible] বিধবাবিবাহ শীর্ষক পত্রের প্রতিবাদে [illegible] স্থলে যে যে বাক্য প্রয়োগ করিয়াছেন, তাহা [illegible] নিরতিশয় দুঃখিত হইলাম। গণেশ [illegible] সহিত দুঃখিত হইয়া লিখিয়াছেন যে, [illegible] সাধারণের মতের সহিত আমাদিগের মতের [illegible] নাই। এ অদ্ভুত সিদ্ধান্ত তিনি কি দেখিয়া [illegible] সংগ্রহ করিলেন তাহা তিনিই জানেন। তাঁহার নিকট দুঃখের বিষয় হইতে পারে, কিন্তু [illegible] বিষয় কিছুই নাই, যেহেতু বিধবাবিবাহ বিষয়ে যাবতীয় শিক্ষিত ব্যক্তি যে একমতাবলম্বী হইবেন, ইহা সম্ভবপর নহে। কারণ, কোন বিষয়েই পৃথিবীর সমস্ত ব্যক্তি কস্মিন্ কালে একমত হন নাই। "ভিন্নরুচির্হি লোকঃ" এটা একটী প্রচলিত কথা। গণেশ বাবু বিধবাগণের দুঃখে নিতান্ত কাতর হইয়া [illegible] প্রায়শ্চিত্ত করিতে উদ্যত হইয়াছেন ইহাতে [illegible] ধন্যবাদ প্রদান করা কর্ত্তব্য। কিন্তু দুঃখের [illegible] এই, তিনি বিধবাদিগের প্রতি বাক্যে যেরূপ [illegible] প্রকাশ করিয়াছেন কার্য্যে তাঁহার তদ্রূপ [illegible] দেখিতেছি না। তিনি যেরূপ কৃতবিদ্য [illegible] ব্যক্তি, তাহাতে যদি দেখিতাম, তিনি তাঁহার সমাজস্থ বা গ্রামস্থ ব্যক্তিগণকে সমভ্য [illegible] বিধবাবিবাহোৎসাহী দলের সহিত যোগ [illegible] করিয়া তাঁহাদের বল বৃদ্ধি করিয়াছেন, [illegible] উদ্যোগী হইয়া দুঃখিনী বিধবাগণের [illegible] দিতেছেন, তাহা হইলে আমরা আর পর নাই [illegible] হইতাম, কিন্তু তাহা না করিয়া উপদেশে [illegible] [illegible] পরেষাং সুকরং নৃণাং" এই বাক্যটীর [illegible] প্রমাণ করিলে কেবল হাস্যাস্পদ হইবেন [illegible] লিখিয়াছেন, কৌলীন্য, বাল্যবিবাহ, [illegible] এই তিনটী দোষ বিধবাবিবাহের সহিত [illegible] তাঁহার এ অনুমান কতদূর সম্পূর্ণ [illegible] যেহেতু সকলে প্রত্যক্ষ হইতেছে, যে যে [illegible] বিধবাবিবাহ প্রচলিত, মুসলমান [illegible] জাতির মধ্যে কৌলীন্য প্রথা এক আকারে [illegible] বর্ত্তমান, এবং বাল্যবিবাহও কতদূর [illegible] করিয়াছে। অপিচ লিখিয়াছেন যে, [illegible] কখনই দুষ্ট হয় না, [illegible] তিনি পুলিসের বার্ষিক [illegible] পাঠ করিয়া দেখিবেন।

আমরা লিখিয়াছিলাম, নৈতিক উন্নতির জন্য প্রত্যেক ব্যক্তিরই যত্নবান্ হওয়া কর্ত্তব্য। তদুত্তরে তিনি লিখিয়াছেন, তাহা অসম্ভব। কোন [illegible] দেশে সেপ্রকারের নৈতিক উন্নতি দেখিতে পাই না। আমাদের লিপিবার উদ্দেশ্য কি, আমরাও স্বীকার করি, অদ্যাপি কোন দেশেই নৈতিক উন্নতি অর্থাৎ ধর্ম্মবুদ্ধির তাদৃশ পূর্ণ বিকাশ হয় নাই কিন্তু তাই বলিয়া আমরা তদর্থ কিছুমাত্র যত্ন করিব না, এরূপ সিদ্ধান্ত করা নিতান্ত অপরিণতবুদ্ধিকের কার্য্য সন্দেহ নাই। কেবল একমাত্র বিধবাবিবাহ লইয়া উন্মত্ত হইয়া অন্যান্য সকল কর্ত্তব্য কর্ম্মগুলির প্রতি উদাসীন থাকিলে আমরা কি প্রত্যবায়ভাগী হইব না?

গণেশ বাবু লিখিয়াছেন "বিধবাবিবাহ না দিলে কালক্রমে [illegible] একেবারে বিলুপ্ত হইবার যথেষ্ট আশঙ্কা [illegible]।" এ কথাটী প্রকৃতই হাসীর কথা, যে হেতু লোকসংখ্যা যাহা নিঃসংশয়ে নিরূপিত হইয়াছে, যে ভারতবর্ষে দিন দিন জনসংখ্যা পরিবর্দ্ধিত হইতেছে। ঈশ্বরেচ্ছায় আর কিছু দিবস [illegible] বৃদ্ধি প্রাপ্ত হইলে বিধবাবিবাহ দেওয়া দূরে থাকুক, [illegible] তখন অনেককে চির কৌমার-ব্রত [illegible] হইবে। তিনি বংশবৃদ্ধির জন্য ব্যস্ত হইয়াছেন বিধবাবিবাহ দ্বারা তাঁহার আকা[illegible] বৃদ্ধি হইবে বটে, কিন্তু বিশুদ্ধ হিন্দু [illegible] হইবে কি না তাহা সহৃদয় পাঠকমাত্রেই বিবেচনা করিবেন।

[illegible] সোমপ্রকাশ সম্পাদক মহাশয় টিপ্পনীতে লিখিয়াছেন [illegible] বাল্যবিবাহজনিত পাপস্রোতঃ যতদূর প্রবাহিত [illegible] হওয়ার সম্ভাবনা নাই, কেবল যোগ্যাযোগ্য মিলন প্রথা প্রবর্ত্তিত হইলে উহা সম্পূর্ণ নিবারিত হইবে। [illegible] একটী প্রকৃত সত্য, তাহার সন্দেহ নাই। [illegible] কি উপায়ে উক্ত যোগ্যাযোগ্য মিলন প্রথা (১) প্রবর্ত্তিত হইবে, তাহা আমরা

(১) একজন [illegible] সহিত বালিকার বিবাহ হইলে যোগ্যে [illegible] একজন ক্ষুদ্রকায়ের সহিত একজন [illegible] যোগ্যে যোগ্যে মিলন হইল না; একজন [illegible] সহিত প্রকৃত শীলের [illegible] হইল, যে [illegible] মিলন হইল না। কল্যাণ [illegible] বিবাহ দেন ও [illegible] বিবাহ করেন? [illegible] কি কুরূপ, [illegible] ও কাপুরুষের সহিত [illegible] কন্যার [illegible] উভয়ের গুণ সমান না হইলে কি যোগ্যে যোগ্যে মিলন সম্ভাবনা আছে [illegible] সংসারে কি সুখের হয়? [illegible] প্রথম [illegible] কাঁদা [illegible] উভয়ের [illegible] এই হেতু [illegible] পাত্রী [illegible] যোগ্যে যোগ্যে মিলন হইবার যে উপায় কি বোধ হয় [illegible] বাবু ইহাতেই বুঝিতে পারিবেন। সং—স।

নির্দ্ধারণ করিতে সমর্থ না হইয়া সম্পাদক মহাশয়ের শরণাপন্ন হইলাম। তিনি ইহার একটী যথার্থ উপায় উদ্ভাবন করিয়া জনসমাজের মহৎ হিত সাধন করিবেন।

[illegible] বক্তব্য ভারতবর্ষ আদিম সভ্য ও [illegible] পবিত্র ভূমি। বিধবাগণ বহুকাল হইতে পবিত্র ব্রহ্মচর্য্যব্রত পালন করিয়া পতিব্রতা ধর্ম্মের পরা কাষ্ঠা দেখাইতেছেন এবং সংসারের যাবতীয় সুখ তুচ্ছ করিয়া ধর্ম্মানুষ্ঠানের জন্য কিরূপে ক্লেশপরম্পরা সহ্য করিতে হয়, তাহা এবং পতিব্রত-ধর্ম্মের প্রকৃত মাহাত্ম্য জগৎকে শিক্ষা দিতেছেন। যাবতীয় বিধবাই যে এতাদৃশ দেবীপ্রকৃতি, তাহা আমরা বলি না, কিন্তু ঈদৃশী পতিব্রতা পতিদেবতা যথার্থ ব্রহ্মচর্য্য ব্রতাবলম্বিনী বিধবার যে অসদ্ভাব নাই তাহা দূরদর্শী ব্যক্তি মাত্রেই প্রত্যক্ষ করিয়া আসিতেছেন। আমরা বিধবাবিবাহের বিপক্ষ নহি; কিন্তু আমাদের একান্ত ইচ্ছা, যাহাতে উল্লিখিত স্বর্গীয় পবিত্রতা, যাহা হিন্দুকুলের অতীব গৌরব স্বরূপ, সেই স্বর্গীয় পবিত্রতাটি [illegible] বিলুপ্ত না হয়। যে স্বর্গীয় সুধা বহুযুগে বহু আয়াসে সাগর মন্থন করিয়া লব্ধ হইয়াছিল, তাহা যদি হেলায় অসুরে ভক্ষণ করে তবে তাহাতে নিশ্চয়ই হিন্দুকুলের হৃদয়গ্রন্থি ছিন্ন হইয়া যাইবে। বিধবাবিবাহের উদ্যোগিগণ কি নিয়মে বিধবাবিবাহ দিতে অভিলাষী, তাহা জানিবার নিমিত্ত আমরা ১৯ এ চৈত্র তারিখের সোমপ্রকাশে প্রেরিত পত্রে ৫। ৬ প্রশ্ন মুদ্রিত করিয়াছিলাম, কিন্তু নিতান্ত দুঃখের বিষয়, কেহই এযাবৎ প্রত্যুত্তর প্রদানে আমাদের সে আশা ফলবতী করেন নাই। প্রশ্নগুলির প্রত্যুত্তর পাইলে আমরা বুঝিতে পা[illegible] তাম, তদ্রূপ বিধবাবিবাহে আমরা যোগ দিতে পারি কি না।

সাধুহাটি }
২৮ এ বৈশাখ। } শ্রীদিক্পতি চট্টোপাধ্যায়।

রাজপুর মিউনিসিপালিটীর অধীনস্থ খোঁয়াড়ের অত্যাচার।

রাজপুর মিউনিসিপালিটীর খোঁয়াড় আমার প্রতি যেরূপ অন্যায় অত্যাচার করিয়াছেন এবং সেই অত্যাচারের বিষয় ভাইস্ চেয়ারম্যান ও একজন উপযুক্ত মেম্বরকে জানাইয়াও যেরূপে অকৃতকার্য্য হইয়াছি, তাহার বিস্তারিত বিবরণ নিম্নে প্রকাশ করিতেছি।

আমার একটী বাছুর হারিয়া এক ব্যক্তি [illegible] জন্য খোঁয়াড়ে দেয়। আমার ভৃত্য সেই [illegible] খোঁয়াড়ে বাছুর খোলসা করিতে যায়। [illegible]

আমরা গত বারে রুশের সৈন্যবল প্রদর্শন করিয়াছি। তাহারা রণস্থলে অসংখ্য সৈন্য আনয়ন করিতে পারে সত্য, কিন্তু যে পক্ষে সৈন্য অধিক হইবে, সেই পক্ষেই জয়লাভ হইবে, এই সিদ্ধান্ত যথার্থ নহে। [illegible] সৈন্যবল অধিক হওয়াতে [illegible] হারিয়া গিয়াছেন এবং রুশদিগের সৈন্যবল অধিক হওয়াতে তুরস্কেরা পরাভূত হইয়াছেন, যেমন এই দৃষ্টান্ত আছে, তেমনি এ দৃষ্টান্তও আছে, রাজা যুধিষ্ঠির সাত অক্ষৌহিণী সেনা লইয়া দুর্য্যোধনের একাদশ অক্ষৌহিণীকে পরাজয় করিয়াছিলেন। কেবল সৈন্যবলের ন্যূনাতিরেক জয় পরাজয়ের কারণ নয়, রণস্থলে জয়শ্রীলাভের অন্য অন্য অনেক কারণ আছে। রুশের সে সকল কারণের সংঘটন নাই, তাহার সংঘটন হইবার এখনও বহু বিলম্ব আছে। বিশেষতঃ একবার এ বিবেচনা করা আবশ্যক, ইংরাজেরা তুরস্ক নয়, ফরাসিও নয়। রাজা যুধিষ্ঠির যে যে কারণের প্রভাবে অল্প সৈন্য লইয়া অধিকসংখ্য সৈন্যের পরাভবে সমর্থ হইয়াছিলেন; ইংরাজ জাতিতে সে সে কারণের সদ্ভাব আছে। পাণ্ডব সেনাদলের ভীম অর্জুন সাত্যকি প্রভৃতি অনেক অজেয় যোদ্ধা ছিলেন, ইংরাজ সেনাদলেও সেইরূপ অনেক ভীম অর্জুন আছেন। কলিকাতা গড়ের মাঠে সর জেমস উটরামের প্রতিমূর্ত্তি দেখিলে কাহার মনে এ ইংরাজ জাতিতে ভীমার্জুনের আবির্ভাবের ভাবোদয় না হয়? সাধারণতঃ এ প্রবাদও আছে, একজন ইংরাজে ও সাত জন রুশ সৈনিকে সমান। এ প্রবাদ যদি সত্য হয়; ইংরাজেরা যদি রণস্থলে তিন লক্ষ সৈন্য উপস্থিত করেন, রুশেরা একুশ লক্ষ সৈন্য না আনিলে আর ইহাদিগের সহিত প্রতিদ্বন্দ্বিতা করিতে সমর্থ হইবে না। তদ্ভিন্ন সংশপ্তকগণের ন্যায় গুর্খা প্রভৃতি সৈন্যগণ আছে। রুশসৈন্যেরা ইহাদেরও সম্মুখীন হইয়া সমকক্ষভাবে যুদ্ধ করিতে সমর্থ হইবে না। মিত্র রাজগণ যুদ্ধকালে কি ইংরাজের পার্শ্বে দণ্ডায়মান হইবেন না? যাঁহারা বলেন, রাজগণ অসন্তুষ্ট, তাঁহারা সময়ে সাহায্য করিবেন না, তাঁহারা ভ্রান্ত। ইংরাজেরা সাহায্যপ্রার্থী হইলে তদ্দানে বিমুখ হইবেন, বোধ হয় এরূপ নির্ব্বোধ মিত্ররাজগণের মধ্যে কেহ নাই। আর একটী কথা এই, রুশ প্রবল বিপক্ষ যখন সম্মুখে বর্ত্তমান, তখন মিত্ররাজগণের

যাঁহার মনে যে অসন্তোষ কারণ বিদ্যমান আছে, ইংরাজেরা কি তাহার উন্মূলনে উদাসীন থাকিবেন? প্রধান প্রধান প্রজারা কি ইংরাজদিগের পক্ষ অবলম্বন করিবেন না? তাঁহারা ইংরাজজাতির সংসৃষ্ট প্রবলতর স্বার্থপাশে বদ্ধ। তাঁহারা যে উপস্থিত স্বার্থ পরিত্যাগ করিয়া ভাবী স্বার্থের লোভে মোহিত হইয়া রুশের পক্ষ আশ্রয় করিবেন, ইহার কি সম্ভাবনা আছে? ভারতবাসী প্রধান লোকেরা এত অবোধ নন। সিপাহি বিদ্রোহকালে কয় জন ভারতবাসী প্রধান লোকে বিদ্রোহিদিগের সাহায্যদান করিয়াছিলেন?

রুশেরা সুসভ্য নয়। রুশ গবর্ণমেণ্ট সুশাসনগুণে বর্ত্তমান প্রজাদিগকেই সুখিত করিয়া রাখিতে পারিতেছেন না। কত স্থানে কত ভয়ঙ্কর বীভৎস অত্যাচার হইতেছে। রুশবাসী ইহুদিদিগের প্রতি কি ভয়াবহ অত্যাচার না হইল? ইংরাজ অধিকারে অত্যাচার নাই, আমরা এ কথা বলি না। কিন্তু রুশের অত্যাচারের সহিত তুলনা করিলে ইংরাজ অধিকারের অত্যাচার অত্যাচার বলিয়াই গণ্য হয় না। অত্যাচারের নিবারণ বিষয়ে ইংরাজের যেরূপ যত্ন ও চেষ্টা আছে, পাঠক কি রুশরাজের সেরূপ যত্ন ও চেষ্টার সম্ভাবনা করেন? ভারতীয় গবর্ণমেণ্ট যদি ও স্বেচ্ছাচারী, কিন্তু অত্যাচার বৃত্তান্ত পার্লিয়ামেণ্ট সভা পর্য্যন্তও পৌঁছিয়া তাহার নিবারণ করিবার পথ ও উপায় আছে, রুশ অধিকারে কি কেহ সে আশা করিতে পারেন? রুশরাজই সর্ব্বেসর্ব্বা। তিনি কি কর্ম্মচারিদিগের একান্ত অধীন নন? কর্ম্মচারিরা অত্যাচার করিলে তিনি কি তাহার নিবারণে প্রভু হইবেন? তিনি যদি প্রজাদিগকে সন্তুষ্ট করিয়া রাখিতে পারিতেন, তাহা হইলে কি প্রজারা তাঁহার হত্যার নিমিত্ত অহোরাত্র বিচরণ করিত? ভারত যদি রুশের করতলগত হয়, রাজ্য বৃদ্ধি হইবে, রাজ্য বৃদ্ধি হইলে যে বিশৃঙ্খলা বৃদ্ধি হইবে, সে বিষয়ে কি সংশয় আছে? এ অবস্থায় ভারতীয় প্রজারা রুশ অধিকারে সুখী হইবে, পাঠক কি স্বপ্নেও এ আশা করেন?

যুদ্ধকালের ব্যাপার ও তাহার পর যাবৎ শান্তি সংস্থাপিত না হয়, তাবৎকালের কাণ্ড চিন্তা করিয়াও কোন্ বুদ্ধিমান ব্যক্তি রুশপক্ষ আশ্রয়ে অগ্রসর হইবেন? হিউম সাহেব বলেন, রুশ-সেনাপতিরা যোধগণকে লুণ্ঠনব্যাপার হইতে নিবৃত্ত করেন না, বরং উৎসাহ দিয়া থাকেন। রুশেরা জয়ী হইলে যে কি ভয়ঙ্কর কাণ্ড উপস্থিত হইবে, পাঠক কি কখন তাহা চিন্তা করিয়া দেখিয়াছেন? যাহার যে ধনসম্পত্তি আছে রুশ সৈনিকেরা কি তাহা অবাধে লুটিয়া লইবে না? কোন ব্যক্তির কি স্ত্রী কন্যাদির সতীত্ব রক্ষা পাইবে? দস্যুগণ কি উদ্দাম হইয়া দিবারাত্রি বিচরণ করিবে না? কাহারও কি শান্তিসুখ লাভের সম্ভাবনা থাকিবে? ফলতঃ আমাদিগের সংস্কার এই, এ সকল চিন্তা করিয়া কোন বুদ্ধিমান ব্যক্তিই রুশের পক্ষ অবলম্বন করিতে সাহসী ও উৎসাহী হইবেন না। তবে এ স্থলে আমাদের বক্তব্য এই, প্রজার যে অংশে যে অসন্তোষ আছে ভারতীয় গবর্ণমেণ্ট তাহার অনুসন্ধান ও তাহার দূরীকরণ করিয়া প্রজাদিগকে দৃঢ়তর রাজভক্ত করিয়া তুলুন। তাহা করিলে প্রজারা সমধিক উৎসাহ সহকারে প্রাণপণে গবর্ণমেণ্টের হিতচেষ্টা পাইবে।

এক্ষণে আমাদিগের প্রশ্ন এই, রুশ সম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্টের এখন কর্ত্তব্য কি? সাডেনির প্রভৃতি রুশ-জুজুর ভয়ে বিহ্বল হইয়া অবিলম্বে সৈন্য সংখ্যার বৃদ্ধি করিবার যে পরামর্শ দিতেছেন, তদনুসরণ করিয়া অকারণ ক্ষতিগ্রস্ত হওয়া বিধেয় নয়। রুশের ভারত আক্রমণের এখনও অন্ততঃ ২৫ বৎসর বিলম্ব আছে; তাঁহাদের অর্থের একান্ত অনটন, তাহার সংগ্রহ সহজ নয়। যদি তাহারা হঠাৎ আক্রমণে উদ্যত হয়, আমাদের গবর্ণমেণ্ট কি বিলাত হইতে সৈন্য আনয়ন করিতে সমর্থ হইবেন না? এখন বিলাত হইতে সৈন্য আনয়নের কোন অসুবিধা নাই। এখানেও সহসা সৈন্য সঞ্চয় করা কঠিন হইবে না। সৈন্য সংখ্যা হ্রাস করাতে অনেক সুশিক্ষিত দেশীয় সৈন্য বসিয়া আছে। তাহাদিগকে সংবাদ দিবামাত্র তাহারা আসিয়া উপস্থিত হইবে, মধ্যস্থলে বহুল সাহসী যোধসম্পন্ন আফগানস্থানরূপ বৃহৎ দুর্গ আছে। রুশদিগকে সে দুর্গ জয় করিয়া তাহার পর ভারতে প্রবেশ করিতে হইবে। ভারতীয় গবর্ণমেণ্ট বহুকাল ধরিয়া কাবুলের আমীরকে অর্থ যোগাইতেছেন আর কিছু কাল টাকা দিতে থাকুন এবং আমীর আফগানস্থানের যে উত্তর সীমা নির্দ্দেশ করিবার অভিলাষী হইয়াছেন, ভারতীয় গবর্ণমেণ্ট তাহা স্থির করিয়া দিউন। রুশেরা সে সীমা স্পর্শ করিলেই যুদ্ধ উপস্থিত হইবে, এই ঘোষণা করুন। ঐ বিবরণ রুশ গবর্ণমেণ্টের গোচর করা হউক। তাঁহারা যদি এ ঘোষণার বিপরীত কার্য্য করেন, তখনই যুদ্ধ আরম্ভ করা হইবে, ক্ষণ বিলম্ব করা হইবে না, আফগানস্থানের লোকেরাই সম্মুখের যোদ্ধা হইবে; ইংরাজেরা ক্রমে পিছে সম্মুখে উপস্থিত হইবেন, এরূপ করিলে ইংরাজদিগের বিলক্ষণ বল বৃদ্ধি হইবে। ফলতঃ আফগানের উত্তর অংশ রণস্থল হইলে ইংরাজদিগের বিলক্ষণ সুবিধা হইবে সন্দেহ নাই।

মিশরসম্বন্ধে ইংরাজ গবর্ণমেণ্টের কি কর্ত্তব্য?

বিলাতী সাটী জাপান ও বিলাতী স্বার্থের আটা অধিক। যে বস্তুতে বিলাতী স্বার্থ সংলগ্ন হয়, তাহা হইতে তাহাকে ছাড়াইয়া লওয়া ভার হইয়া উঠে। বিলাতী স্বার্থ তাহাকে যেন গ্রাস করিয়া ফেলে। অগ্রে আমরা ইংরাজ স্বার্থের গ্রাসকারিতা গুণের দুটী উদাহরণ প্রদর্শন করিতেছি। প্রথম কাবুল, দ্বিতীয়, মিশর। এই দুটী স্থানের দুটী স্বার্থের একরূপত্ব নাই। কারণ-ভেদে দুটী ভিন্ন ভিন্ন আকার ধারণ করিয়াছে। কাবুল লইয়া ক্ষতি বিনা লাভ নাই, ইংরাজ তাহা বিলক্ষণ বুঝেন, তবে যে ইংরাজ কাবুল লইয়া জড়াইয়া পড়িয়া আছেন, কাবুল ভাণ্ডারে গণিয়া টাকা দিতেছেন, তাহার কারণ রুশের আক্রমণ নিবারণ। কিন্তু মিশরে ইংরাজ স্বার্থ এক বিষয়ে নিবদ্ধ নয়। মিশরে ইংরাজের ঋণের সম্পর্ক, বাণিজ্যের সম্পর্ক, ও কর্ম্মচারিদিগের বেতনের সম্পর্ক। এ সমুদায় সম্বন্ধের অপেক্ষা একটী প্রবল সম্বন্ধ আছে। মিশরে সুয়েজ খাল এবং মিশর ভারতে যাতায়াতের পথ। মিশরের সহিত ইংরাজ স্বার্থের যে কেমন ঘনিষ্ঠ সম্বন্ধ, পাঠক ক্রমে তাহা দর্শন করুন।

সুয়েজ যোজকে বাণিজ্যসূত্রে ইংরাজজাতির যেমন অধিকার, ফ্রান্স, রুশিয়া, ইটালি অষ্ট্রীয়া, আমেরিকা ভারতবর্ষ, চীন, জাপান ও অন্যান্য দেশেরও সেইরূপ অধিকার আছে। মিশর তুরুক গবর্ণমেণ্টের রাজ্য; খেদিব সুলতানের নিয়োজিত রাজা, ফ্রান্স ও ইংলণ্ড রাজকার্য্যের তত্ত্বাবধায়ক। খেদিব রাজ্যশাসনকার্য্য সম্পন্ন করেন বলিয়া বার্ষিক ১০০০০০ ও তাঁহার পিতা ৪০০০০ এবং তাঁহাদিগের অপরাপর পরিবারবর্গ ১৭৫০০০ পাউণ্ড বৃত্তি প্রাপ্ত হন।

১৮৭৯ অব্দের নবেম্বর মাস হইতে রাজকার্য্যের তত্ত্বাবধান ভার ফরাসী ও ইংরাজ গবর্ণমেণ্টের হস্তে নিপতিত হয়, ১৮৮২ অব্দে মিশরের রাজকার্য্যে যে সকল বৈদেশিক কর্ম্মচারী নিয়োজিত ছিল, তাহাদিগকে কর্ম্মচ্যুত করিবার কল্পনা হওয়াতে বিদ্রোহ ঘটনা হয়। ১৮৮৩ অব্দের ডিসেম্বর মাসে ব্রিটীশ সৈন্যরা তাহার নিবারণ করে। তদবধি মিশরে ব্রিটীশ গবর্ণমেণ্টের ১৭৬৩ জন সৈন্য ও সেনাপতি আছেন। মিশরের রাজকার্য্যে ব্রিটীশ গবর্ণমেণ্টের ন্যায় ফরাসিরও কর্তৃত্ব ছিল, কিন্তু বিদ্রোহ দমনকালে ব্রিটীশ গবর্ণমেণ্ট ফরাসী গবর্ণমেণ্টের সহিত পরামর্শ অথবা তাহাদিগের সাহায্য গ্রহণ করেন নাই। ১৮৮৩ অব্দের ১৮ ই জানুয়ারি খেদিব ফ্রান্সের হস্ত হইতে মিশরের রাজকার্য্য সম্বন্ধে কর্তৃত্বভার গ্রহণ করেন। বিশেষতঃ ঐ সময়ে কনষ্টাণ্টিনোপলস্থ

ব্রিটিশ দূত মিশরের রাজকার্য্যের সংস্কারার্থ আগমন করেন। অতঃপর ইংরাজ গবর্ণমেণ্ট পেরিসের একমাত্র পরামর্শদাতা ও রাজকার্য্যের পরিদর্শক হইয়া উঠিলেন। ১৮৮৩ অব্দে রাজকার্য্যের বন্দোবস্তের জন্য একজন ইংরাজ এডমিনিষ্ট্রেটার নিযুক্ত হন। ঐ অব্দে সৈন্যবিভাগের সংস্কার করা হয় এবং যাবতীয় সৈন্য ব্রিটীশ গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে আইসে। একণে মিশরে সর্ব্বশুদ্ধ ১০৯০০ জন সৈনিক ও সেনাপতি এবং ১৩ খানি [illegible] জাহাজ আছে।

১৮৭৪—৭৫ অব্দে গেভিব মধ্যআফ্রিকা জয় করেন। এই মধ্যআফ্রিকা লইয়া মিশর গবর্ণমেণ্টের রাজ্যের পরিমাণ ১৪০৬২৫০ বর্গমাইল ও প্রজা সংখ্যা ১৭০০০০০০। ইহাদিগের মধ্যে কায়রোয় ৩৬৮১০৮, আলেকজান্দ্রিয়ায় ২০৮৭৫৫, ডামায়েটায় ৩৪০৪৬, টান্টায় ৩৭১২৫, মানসোরায় ২৬৭৮৪, কাগাজিগে ১৯০৪৬, রসিটায় ১৬৬৭১, পোর্টসেডে ১৬৫৬০ ও সুয়েজে ১০৯১৩ মুসলমানের বাস আছে। ১৮৭৮ অব্দে যে গণনা হয় তাহাতে দেখা গিয়াছিল, মিশরে ২৯৯৮৩ জন গ্রীক, ১৪৩১০ ফরাসী, ১৪৫২৪ ইটালীয়, ২৪০০ অষ্ট্রেলিয়, ৩৭৯৫ ইংরাজ, ১০০৫ ম্পেনদেশীয়, ৮৭৯ জার্ম্মাণ, ৭৫২ পারস্যদেশীয় ও ৩৫৮ জন রুশিয় ছিল।

১৮৮২ অব্দে গ্রেটব্রিটেনের সহিত মিশরের যে বাণিজ্য হয়, তাহা অপরাপর সকল জাতির অপেক্ষা অধিক। এই বর্ষে গ্রেটব্রিটেন হইতে মিশরে ২৯৮৩ ১২৩ পাউণ্ডের সামগ্রী আমদানী ও মিশর হইতে ৭৯২৫৩৫৮ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, রুশিয়া হইতে ২.৫৮৮৯ পাউণ্ডের দ্রব্য আমদানী এবং মিশর হইতে ৯৭৯৪১২ পাউণ্ডের দ্রব্য রুশিয়ায় রপ্তানী, ফ্রান্স হইতে ৯১০৩২০ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৯৬৫ ৮১৪ পাউণ্ডের দ্রব্য ফ্রান্সে রপ্তানী, ইটালী হইতে ২১৮০০৯ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৭৫৭৫৮৩ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, অষ্ট্রীয়া হইতে ৬৮৩৩০১ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৪৩৬৭৫০ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, তুরস্ক হইতে ১১০৩৪৬ পাউণ্ডের সামগ্রী আমদানী ও ৩৮৩৬২১ পাউণ্ডের সামগ্রী রপ্তানী, গ্রীস হইতে ২০০৭৩ পাউণ্ড মূল্যের সামগ্রী আমদানী ও ৭৭০২৭ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, আমেরিকা হইতে ১১৫৬৩১ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৩০৯৬৬ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, ভারতবর্ষে চীন ও জাপান হইতে ৩১১৭২৩ পাউণ্ড মূল্যের দ্রব্য আমদানী এবং অন্যান্য দেশ হইতে ১১৫৬৩১ পাউণ্ডের মূল্যের দ্রব্য আমদানী ও ১৬৬৬০৩ পাউণ্ড মূল্যের দ্রব্য রপ্তানী হইয়াছে। ১৮৮১ অব্দে গ্রেটব্রিটেনে ৮৪৯৩৪৫২, রুশিয়ায় ২২০৮০০৭, তুরস্কে ১১৮৩৭১১, ইটালীতে ৭৫১৪০৭, অষ্ট্রীয়ায় ৪৭৭৫৮৭, তুরস্কে ৪১৫০৬৮, গ্রীসে ১০৩৫৭৭, আমেরিকায় ৫১২১০ এবং অন্যান্য দেশে ১৫০৬১১ পাউণ্ড মূল্যের সামগ্রী রপ্তানী হইয়াছিল।

একণে পাঠক একবার তুলনা করিয়া দেখুন দেখিতে পাইবেন [illegible] বর্ষে রুশিয়া, তুরস্ক ও ফ্রান্সের বাণিজ্য সর্ব্বাপেক্ষা হ্রাস হইয়াছে। মিশরে ইংলণ্ডের বাণিজ্য সর্ব্বাপেক্ষা বিস্তৃত। ইহাও স্পষ্ট দেখিতে পাওয়া যাইতেছে ব্রিটিশ গবর্ণমেণ্ট যেরূপে মিশরের কর্তৃত্বভার গ্রহণ করিয়াছেন এবং মিশর [illegible] তাঁহার আয়ত্ত হইয়াছে, তাহাতে [illegible] জাতির মিশরে বাণিজ্য [illegible] লাভের সম্ভাবনা অল্প। মিশর,[illegible] বাহ্য কিন্তু সুলতান উহার [illegible]। ব্রিটীশ গবর্ণমেণ্ট খেদিভকে [illegible] করিতেছেন। [illegible] করিয়াছেন, তাহাতে [illegible] বিরক্ত, তাহা [illegible], বিদেশীয় [illegible] রাজত্ব হইতে বঞ্চিত ও [illegible] পথ সংকীর্ণ করাতে অপরাপর [illegible] বিরক্ত হইয়া উঠিয়াছেন। এখন মিশর [illegible] ব্রিটিশ গবর্ণমেণ্টের কর্ত্তব্য কি? ব্রিটিশ গবর্ণমেণ্ট [illegible] একপ্রকার আয়ত্ত করিয়া [illegible] মধ্যে বলা হইয়া থাকে, ইংরাজ সৈন্যেরা [illegible] পরিত্যাগ করিয়া যাইবে। কিন্তু [illegible]। ইংরাজ সৈন্য মিশর পরিত্যাগ [illegible] গোলযোগ উপস্থিত হইবে। আমরা [illegible], সকল রাজাই বিরক্ত, তাঁহারা [illegible] মিশর হস্তে লইবার চেষ্টা পরিত্যাগ [illegible]। বিশেষতঃ আরবেরা প্রবল বিপক্ষ। [illegible] শত্রুতাচরণে বিরত নহে। তাহারা সুযোগ [illegible] খেদিবকে পরিত্যাগ করিবে না। [illegible] গ্লাডষ্টোনকে অব রুদ্ধ করিয়াছে। [illegible] বিবেচনায় ব্রিটিশ গবর্ণমেণ্টের [illegible] তাঁহারা মিশর পরিত্যাগ না করেন। [illegible] অধিকার করিয়া উহার [illegible] যে যে দোষ আছে, তাহার সংশোধন করিয়া প্রজাদিগকে অনুরক্ত করিয়া তুলুন।

পাওনিয়ার ও বাঙ্গালি বাবু।

পাঠক! কি বলিতে পারেন, বাঙ্গালি বাবুর উপরে পাওনিয়রের এত রাগ কেন? বাঙ্গালি বাবু আত্মহিতার্থ যে কোন কাজ করেন, তাহাতেই তিনি চটিয়া উঠেন, ইহার কারণ কি? ইলবার্ট বিল প্রভৃতি ত বড় বিষয়, তাহাতে বাঙ্গালি বাবুরা [illegible] করিয়াছিলেন, তাহাতেও তিনি চটিতে পারেন, তাঁহার জাতি সকলেই চটিয়াছিলেন। তাহাতে আমরা বড় বিস্মিত হই না। এদেশে আসিয়া অনাচার ও অত্যাচার করা ইউরোপীয়দিগের এক প্রকার ব্রত। বাঙ্গালিবাবুরা রিপন বাহাদুরের সহায়তা করিয়া সেই ব্রতভঙ্গে উদ্যত হইয়াছিলেন। অতএব তাঁহারা কোপের কারণ না হইবেন কেন? কিন্তু অধিকতর আশ্চর্য্যের বিষয় এই, বাঙ্গালিবাবুরা যে কাজ করিতে যান, পাওনিয়র তাহাতেই প্রতিবাদী হন। যে দিন কমিক্যাটারি বাবু কালীনাথ মিত্র কলিকাতা মিউনিসিপালিটীর কর বৃদ্ধির প্রতিবাদ করিয়াছিলেন বলিয়া পাওনিয়রের বিষনয়নে পড়িয়াছেন। পাওনিয়র কেবল তাঁহার প্রতিবাদে নিন্দা করেন নাই, তিনি যে ইংরাজী কহিয়াছেন, তাহা লইয়াও উপহাস করিয়াছেন।

পাওনিয়র যদি ক্রোধে অন্ধ না হইতেন, আত্মদৃষ্টান্তে যদি বিবেচনা করিতেন, বাঙ্গালির ইংরাজী কথা শুনিয়া কখন উপহাস করিতেন না। পাওনিয়রকে যদি বাধ্য হইয়া বাঙ্গালা কহিতে হয়, কেমন অদ্ভুত কাণ্ডের অভিনয় হইয়া উঠে। "তুমি কেমন কোরে ট্যাক্স বাড়িতে চাহে, আমি ট বুঝিতে পারে না" ইত্যাদি। বাঙ্গালার ছটা সভাকে মাতাইয়া তুলে। এ বাঙ্গালার কোন গুণেরই ঘাটি নাই। যেমন উচ্চারণ শুদ্ধি, তেমনি কর্ত্তা কর্ম্ম ক্রিয়ার বিশুদ্ধি, সকলই উত্তম! শ্রীযুক্ত লালমোহন ঘোষ ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি ইংরাজীতে বক্তৃতা করিয়া প্রধান প্রধান ইংরাজকে সন্তুষ্ট করিয়াছেন। পাওনিয়র কি তেমন একজন ইংরাজের নাম করিতে পারেন, যিনি বাঙ্গালা ভাষায় বক্তৃতা করিয়া বাঙ্গালিদিগকে তুষ্ট করিয়াছেন? পাওনিয়র বাঙ্গালির মুখে ইংরাজী শুনিয়া সন্তুষ্ট হন না সেটা তাঁহারই গুণমহিমা।

এখন আমাদের প্রকৃত প্রশ্ন এই, পাওনিয়রের বাঙ্গালির উপরে এত মর্ম্মান্তিক রাগ কেন? পাঠক কি তাহার উত্তরদান করিতে পারেন? তবে পাঠক এ কথা বলিবেন সকল প্রশ্নের উত্তর দেওয়া যায় না। ঈশ্বর মানুষকে এ প্রকার বিসদৃশ বিপদ না করিয়া যদি চতুর্হস্ত চতুষ্পাদ ও লাঙ্গুলবান করিয়া দুই পাশে দুটী পাখা দিতেন তাহা হইলে মানুষ অধিকতর কার্য্যক্ষম হইত। বিশেষতঃ ভারতস্থ ইউরোপীয়দিগের পক্ষে এ সৃষ্টি অধিকতর কাজে লাগিত। তাহাদের সর্ব্বদা লেখা পড়ার অভ্যাস, এক হাতে সেই কার্য্য সম্পাদন করিতেন, আর এক হাতে কুলিকে প্রহার করিতে পারিতেন, এক হাতে আহার চলিত ও আর এক হাতে অন্যান্য কাজে কাজ চলিত। এখন যে সময়ে বড় পথ চলিয়া থাকেন, চারি পায় দুইলে বেগশক্তির বৃদ্ধি হইত

[illegible] তাহার [illegible] মুখে [illegible] লাগিতেন। সাক্ষ্য হইলে [illegible] [illegible] প্রয়োগ করিতে হইত। [illegible] [illegible]। লক্ষ হইয়া আর [illegible] [illegible] হইত না এবং [illegible] পুনঃ পুনঃ যুক্ত হইত, আমরা নীচে থাকিয়া [illegible] অনুভব করিতাম। এরূপ মনোহর কবি না করিয়া ঈশ্বর মনুষ্যকে বিশেষ বিকল করিলেন কেন? এ প্রশ্নের উত্তর দেওয়া যায় না। যেমন বাঙ্গালি বাবুর উপরে পাতলিয়ারের রাগ কেন, এ প্রশ্নেরও উত্তর দেওয়া অসাধ্য? তবে কেহ কেহ বলিবেন, জাতিবৈর [illegible], আমরা এ কারণে সন্তুষ্ট নহি। কারণ, ওরূপ উন্নতের শিক্ষিত লোকের মনে জাতিবৈর বিকার উৎপাদন করিবে, ইহা কি সম্ভাবিত হয়? তবে আমরা একটী কারণের অনুমান করিতেছি, সকল [illegible] কিনা পাঠক অনুমান করিয়া দেখুন দেখি? বাঙ্গালি ও ইউরোপীয়ের বিপরীত বর্ণবিন্যাসই, পাতলিয়ারের বাঙ্গালির উপরে রাগের কারণ। বাঙ্গালির মূর্ত্তির বর্ণ কৃষ্ণ, ইউরোপীয়ের বর্ণ শুভ্র। বাঙ্গালির এদেশে [illegible] বাহিরে আসিয়া পড়িয়াছে [illegible] তিনি [illegible] সেখিলেই সদম্ভভাবে তাহার অভিমান করেন। অন্তরে [illegible] [illegible] ইউরোপীয়েরাই [illegible]। পাতলিয়র [illegible] [illegible]। ইউরোপীয়ের [illegible] [illegible] আসিয়া পড়িয়াছে, [illegible] [illegible] হয়ে গিয়াছে। [illegible] [illegible] বাঙ্গালি [illegible] যে [illegible] [illegible] অভিপ্রায় করিতে-ছেন, পাতলিয়র তাহা বুঝিতে না পারিয়া [illegible] উঠেন। তিনি জানেন [illegible] [illegible] [illegible] চেষ্টা করিতেছেন। পাতলিয়রের শরীর [illegible] যদি মন [illegible] হইত, তবে বাঙ্গালি বাবুর উপর চটিতেন না। কেমন পাঠক, এই কারণটিকে কি আপনাদিগের সঙ্গত বলিয়া বোধ হয় না?

ভারতবাসীর হিতের না ইউরোপীয়ের হিতের [illegible]?

অনেকে ভারতবর্ষে [illegible] [illegible] [illegible] [illegible] বলিয়া থাকেন, ইংরেজেরা [illegible] [illegible] [illegible] [illegible] করিতেছেন, ভারত-বাসীর [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible]। কিন্তু [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হইতে পারে না। [illegible] [illegible] [illegible] [illegible] আমরা [illegible] [illegible] [illegible] ইংরেজেরা যে ইউরোপীয়দিগের হিতার্থ [illegible] [illegible] করিতেছেন, [illegible] আমাদিগের [illegible] হয়। অতএব আমরা [illegible] এই জিজ্ঞাসা করি।

ইংরেজেরা ভারতের [illegible] বাণিজ্যকার্য্যে যে [illegible] [illegible] হইয়াছেন, ভারতবাসীর [illegible] সাধন কি ইঁহার মূল উদ্দেশ্য? ভারতীয় গবর্ণমেন্ট আমদানী শুল্ক যে লোপ করিয়াছেন, তাহা ইউরোপীয় বণিকদিগের না এদেশীয় বণিকদিগের সুবিধার্থ? এদেশ হইতে যে সকল দ্রব্যের রপ্তানী হয়, তাহার শুল্কের কি হ্রাস অথবা ত্যাগ করা হইয়াছে? দেশীয় [illegible] দেশমধ্যে একস্থান হইতে স্থানান্তরে লইয়া যাইতে হইলে পদে পদে যে শুল্ক লওয়া হয়, তাহা কি ভারতবাসীর মঙ্গলার্থ? কলিকাতার বণিকসভার সভাপতির সাম্বৎসরিক বক্তৃতা পাঠ করিয়া জানিতে পারা গেল, ইউরোপীয় বণিকদিগের বাণিজ্য দ্রব্যের উপরে কলিকাতা নগরে যে কিছু [illegible] লওয়া হইত, বঙ্গদেশীয় গবর্ণমেন্ট তাহা পরিত্যাগ করিয়াছেন। আরও যে কিছু দিবার সম্বন্ধ আছে, ইউরোপীয় বণিকগণ তাহাও রহিত করিবার চেষ্টায় আছেন। এ সকল চেষ্টা কি ভারতবাসীর মঙ্গলার্থ?

পাতলিয়র অথবা [illegible] কি আমাদিগকে বুঝাইয়া দিতে পারেন, সিবিল সর্বিস পরীক্ষার্থীর বয়সের [illegible] ১৯ বৎসর করা হইয়াছে, তাহা কি [illegible] [illegible]? ভারতবাসীর ১৯ বৎসর বয়সে ইংলণ্ডে গিয়া পরীক্ষা দিবার যেমন সুবিধা, ২১ বৎসরে কি সেরূপ নয়?

ইলবার্ট বিল লইয়া যে এত লড়াই হইল, ভারতবাসীর মঙ্গলসাধনই কি তাহার উদ্দেশ্য? ঐ বিলের যে আপোসে মীমাংসা হইয়াছে তাহাতে ভারতবাসী না ইউরোপীয় কে লাভবান হইয়াছেন? ইউরোপীয় অপরাধীর বিচারকালে যে জুরি প্রথা প্রবর্ত্তিত হইয়াছে, তাহাতে কি বিচারের বিড়ম্বনা হইবে না? সেই জুরিপ্রথাবলে ভারতস্থ ইউরোপীয়েরা কি অবাধে ভারতবাসির প্রাণহরণ, ভারতবাসিনীর সতীত্বনাশ ও প্রহার বধ্যাদি আরো [illegible] হইবে না? এ সকল কি ভারতবাসির হিতার্থ?

ভারতের উত্তর সীমান্তে যে ইউরোপীয়েরা [illegible] করিয়া আসিয়াছেন, ইহা কি ভারতবাসির [illegible] নিমিত্ত?

[illegible] ভারতবাসির মঙ্গলার্থ ভারতীয় গবর্ণমেন্ট [illegible] কি প্রণালী অবলম্বন করিয়াছেন, [illegible] তাহার [illegible] দেখা আবশ্যক।

[illegible] [illegible] সম্বন্ধে ও আবকারির এক-চেটিয়া প্রথা লাভ করিয়াছেন, তাহাতে ভারত-বাসির কি মঙ্গল হইতেছে? [illegible] [illegible] কি ভারতবাসির মহৎ [illegible] [illegible] [illegible] ভারতবাসিদের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] উৎসাহদান করা হইতেছে। উহার দ্বারা কি ভারতবাসির মঙ্গলার্থ ভারতসাম্রাজ্য? [illegible] [illegible] প্রভৃতির নিষেধক আইনের ন্যায় [illegible] নিষেধক আইন করিয়া তাহার নির্ম্মূলন করিলে ভারতবাসির কি যথার্থ উপকার করা হইত না? [illegible] মাদক সেবনে ভারতবাসির [illegible] [illegible] না। প্রাচীন আর্য্যেরা মাদক সেবন করিতেন না, তাহা নয়, বৈদিক সময়ের আর্য্যেরা যাগযজ্ঞাদি অনুষ্ঠানকালে সোমরস পান করিতেন। পৌরাণিক সময়ের আর্য্যেরাও [illegible] বিশেষ মাদক সেবন করিতেন। মাধ্বী গৌড়ী প্রভৃতি মাদক দ্রব্যের নামও শাস্ত্রে আছে। কিন্তু মাদক সেবনের নিত্য বিধান ছিল না। এ দেশে সুরা সহ্য হয় না বলিয়া শাস্ত্রকারেরা সুরা সেবনের বিশেষ করিয়া নিষেধ করিয়াছেন। [illegible] [illegible] তান্ত্রিক সম্প্রদায় হয়, তাহারাও নিত্য সুরাসেবন করিত না। আমরা প্রত্যক্ষ দেখিতেছি, যাহারা নিত্য সুরাসেবন করে, তাহারা অকালে [illegible] পতিত হয়। তাহাদের [illegible] [illegible] [illegible] যাহার এরূপ অনিষ্টকারিতা সে ভারতীয় গবর্ণমেন্ট কিঞ্চিৎ লাভের নিমিত্ত অকাতরে উৎসাহবর্দ্ধন করিতেছেন। এই কি ভারতবর্ষের মঙ্গলার্থ উচিত-সাধন? সুরাপায়ী হইয়া অকালে যেমন ভারত-বাসির মৃত্যু হইতেছে, এইরূপ যদি দুই চারি জন ইউরোপীয়ের সুরাপানে মৃত্যু হইত, ভারতীয় গবর্ণমেন্ট হুলস্থূল বাধাইয়া দিতেন। এক বিচারপতি নরিস সাহেবের ওলাউঠা হওয়াতে কলিকাতা গোলমাল হইয়া পড়ে।

উত্তরোত্তর ভারতে মকদ্দমাকারিদিগের খরচা বাড়ান হইতেছে, ইহা কি ভারতবাসির কল্যাণার্থ? মকদ্দমা করিয়া অনেক বড় বড় কি উৎসন্ন হইয়া যাইতেছে না? বড় বাঙ্গালিক উৎসন্ন দিবার অনেক পথও প্রস্তুত করা হইয়াছে। সে পথ কঠিন আইন ও উচ্চ নীচ আদালত। একটি মকদ্দমায় মুন্সেফ একটী আইনের একপ্রকার ব্যাখ্যা করিলেন, জজ তাহার বিপরীত অর্থ করিলেন, হাইকোর্টে গিয়া তাহার আর এক অর্থ হইল। হাইকোর্টে আবার ফুলবেঞ্চ আছে। তাহার পর প্রিবি কৌন্সিল। এক মকদ্দমা লইয়া যে ব্যক্তি এই সব আদালতে ঘুরে, তাহার কি আর কিছু থাকে? এই কি ভারতবাসির কল্যাণার্থ আয়োজন?

স্বদেশে আসিয়াও রেবরেণ্ড হেষ্টির কোন ফল লাভ হইল না।

হেষ্টি-পিগট মকদ্দমা অনেককে একটী মহৎ দুর্নীতি শিক্ষা দান করিবে। বিচারপতি নরিস মকদ্দমাটিকে দুবেচ্ছবে রাখিয়া হেষ্টি সাহেবের মান কথঞ্চিৎ রক্ষা করিয়াছিলেন। প্রধান বিচারপতি পার্থ সাহেব তাঁহার তিন হাজার টাকা দণ্ড করিয়া সেই মানদুর্গ একবারে ভগ্ন করিয়া দেন। এক কথাতেই যে কেবল তাঁহার পরাজয় হয়, তাহা নয়, তিনি কর্মচ্যুত হইয়াও অপমানিত হন। তিনি স্বপদে পুনঃ প্রতিষ্ঠিত হইবার আশায় স্বদেশে গিয়াছিলেন। কিন্তু সেখানেও কৃতার্থতা লাভ করিতে পারেন নাই। তাঁহার চেষ্টা সফল হয় নাই। স্কটলণ্ডে যে মিশনরি সভা আছে, ঐ সভা হেষ্টি সাহেবের প্রার্থনা গ্রাহ্য করেন নাই। অতএব পার্থ সাহেবের রায়ই বলবৎ হইয়াছে। রেবরেণ্ড উইলসন ও কালীচরণ বন্দ্যোপাধ্যায় প্রভৃতির প্রতি যে দোষারোপ হইয়াছিল, তাঁহারা তাহা হইতে মুক্ত হইলেন, তিনিই দোষী স্থির রহিলেন।

আমরা এ মকদ্দমায় অপরের যে নীতি শিক্ষার কথা কহিলাম, তাহা এই, যিনি যে ব্যবসায়ী, তাহার বিপরীত আচরণ করিলেই তাঁহাকে অপ্রতিভ ও দণ্ডভাগী হইতে হয়। ধৈর্য্য ও বিমৃষ্যকারিতা এই মিশনরির প্রধান অলঙ্কার। কেবল অলঙ্কার নয়, এ দুটি গুণ থাকা একান্ত আবশ্যক। এ দুটী গুণের অভাব হইলে মিশনরিরা কোথাও পূজা পান না। "এক গণ্ডে চপেটাঘাত করিলে অপর গণ্ড ফিরাইয়া দিবে" খ্রীষ্টের এই যথার্থ বাক্যের অর্থ কি? ইহাতে কি উপদেশ দেওয়া হইয়াছে? খ্রীষ্ট কি স্বশিষ্যদিগকে ধৈর্য্য ও সহিষ্ণুতাশালী হইবার উপদেশ দেন নাই? এক ব্যক্তি অন্যায় করিয়া গণ্ডে প্রহার করিল, যদি বৈরনির্য্যাতনার্থী হইয়া প্রহারকর্ত্তার গণ্ডে প্রহার করা যায়, সে আবার প্রহার করিতে পারে। এইরূপে উভয় ব্যক্তির বিবাদের বৃদ্ধি হইতে পারে। কিন্তু যদি একটু সহিয়া থাকা যায়, তাহা হইলে সকল বিবাদের নিষ্পত্তি হইয়া যায়। যদি বল রক্তমাংসের শরীরে কিরূপে অন্যায় সহ্য করা যাইবে? সে ত হইল বিষয়ী লোকের কথা, মিশনরির সে কথা নয়, মিশনরিকে রক্ত শীতল ও রাগ অবরুদ্ধ করিয়া রাখিতে হইবে। যদি বিষয়ী ও মিশনরি, উভয়ের রক্ত মাংস সমান উষ্ণ হয়, তাহা হইলে উভয়ের ভেদ কি?

মিস পিগট কাণ্ডে রেবরেণ্ড হেষ্টির বিমৃষ্যকারিতার বিলক্ষণ ত্রুটি হইয়াছে। তিনি যে বিদ্বেষ প্রবর্ত্তিত ঐ কাণ্ড করিয়াছেন, আমরা সে কথার উল্লেখ করি না। মিস পিগটকে অপরাধিনী বলিয়া তাঁহার মনে ধারণা হইয়াছিল। তিনি দৃঢ়তর ন্যায়নিষ্ঠ লোক। সুতরাং তিনি মিশনরির চরিত্রদোষে উপেক্ষা করিতে পারেন নাই। তাঁহার একান্ত ঘৃণা জন্মে। পিগটের অসচ্চরিত্রতায় দণ্ডবিধানেও ইচ্ছা হয়। তাঁহার জ্ঞান বুদ্ধি ছিল না। তাহাতেই তিনি দুর্ব্বলতা বশে ও বিশেষ অবিমৃষ্যকারিতা দোষে এত গুরুতর কাণ্ড বাধাইয়া তুলিয়াছিলেন। তাঁহার ঐ কার্য্যটী মিশনরি ধর্ম্মবিরুদ্ধ হইয়াছে বলিয়াই তাঁহার অবিমৃষ্যকারিতার এই গুরুতর দণ্ড হইল। ইহাতে অনেকের চৈতন্য হইবে সন্দেহ নাই।

কার্য্যসম্পাদক ও বিচারকার্য্যের উভয়ের পৃথক্করণ প্রার্থনা।

ব্রিটীশ ইণ্ডিয়ান এসোসিয়েশন ও ইণ্ডিয়ান এসোসিয়েশন, এই দুটী সভা ভারতের মঙ্গলকার্য্যে ব্রতী। গবর্ণমেণ্ট ভারতের অনিষ্টকর যে কোন ব্যবস্থা বা বিধির প্রবর্ত্তন করেন, এই দুটী সভা কেবল যে তাহার প্রতিবাদ করেন, এরূপ নয়, যে সকল কার্য্যে ভারতের ইষ্টসাধন সম্ভাবনা আছে, ঐ দুটী সভা তাহারও অনুষ্ঠানে উদাসীন নহেন। ইণ্ডিয়ান এসোসিয়েসনের বিশেষ গুণ এই, স্থানে স্থানে সভাদিগের সভ্য প্রেরণ করিয়া সকলকে স্বদেশানুরাগে প্রবর্ত্তিত করিয়া থাকেন। সম্প্রতি শেষোক্ত সভা কার্য্যসম্পাদক ও বিচারকারক, উভয়ের ক্ষমতা ভেদ প্রার্থনা করিয়া গবর্ণমেণ্টে একখানি আবেদন করিয়াছেন। উহার এক খণ্ড আমাদিগের হস্তগত হইয়াছে। উহাতে যে যুক্তিধারা বিন্যস্ত হইয়াছে, তাহা কোনক্রমে উপেক্ষণীয় নহে।

যিনি কোন মকদ্দমার তদ্বির করেন, তিনি যদি সেই মকদ্দমার বিচারক হন, তাহা হইলে সে বিচার কখনই ন্যায়সঙ্গত হয় না। মকদ্দমার অনুসন্ধানকালে তাঁহার মনে যে একরূপ ধারণা হয় তিনি তাহারই অনুবর্ত্তী হইয়া কার্য্য করিয়া থাকেন। সুতরাং যে পক্ষকে অপরাধী বলিয়া বিশ্বাস হয়, সে পক্ষ যেরূপেই তাহার নির্দ্দোষতা সপ্রমাণ করুক, তাঁহার মনে কিছুতেই তাহা সত্য বলিয়া প্রতীতি হইবে না। অধিকন্তু তাহার দোষ সপ্রমাণার্থ যে সকল যুক্তির প্রয়োজন, তিনি স্বয়ং তাহারই উল্লেখ করিয়া নিজের বাক্যের সারবত্তা সপ্রমাণ করিয়া দিবেন। এই কারণে অনেক সময়ে দেখিতে পাওয়া যায়, ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক দণ্ডিত ব্যক্তি আপীল করিয়াও সময়ে সময়ে প্রতীকার লাভে সমর্থ হয় না। এই গুরুতর অবিচারের হেতুভূত একটী প্রধান কারণ আছে। ফৌজদারী মকদ্দমায় ম্যাজিষ্ট্রেট পুলিসের দ্বারা একদিকে তদন্ত করেন, অপর দিকে স্বয়ং তাহারই বিচারকার্য্য সম্পন্ন করিয়া থাকেন।

পুলিস অধিকাংশ স্থলে অর্থের দাস। যিনি অর্থ দিয়া পুলিসকে ক্রয় করিতে পারেন, পুলিস অমনি তাঁহাকে ছাড়িয়া উদোর পিণ্ডী বুধোর ঘাড়ে দিবার জন্য যত্নবান্ হয়। পুলিস এমন ভাবে দৈনিক রিপোর্ট দেন ও প্রমাণ প্রয়োগ সংগ্রহ করেন যে ম্যাজিষ্ট্রেট তদ্দর্শনে সেই পক্ষেই ঢলিয়া পড়েন। বিশেষতঃ যেরূপে যে মকদ্দমার তদ্বির করা আবশ্যক, ম্যাজিষ্ট্রেট তাহা বলিয়া দিলেই পরে পুলিস যদি নিরপরাধীর দোষ প্রমাণের অনুরূপ যোগাড়যন্ত্র করিয়া দেন, তাহা হইলে ম্যাজিষ্ট্রেটের মনে যে ভ্রমধারণা বদ্ধমূল হয়, তাহার ভঞ্জন করা দুরূহ হইয়া পড়ে। এস্থলে আমরা ইহার একটী প্রত্যক্ষ প্রমাণ দিতেছি, পাঠক একবার তাহা বিবেচনা করিয়া দেখুন।

একদা একব্যক্তি একটী সাধারণ পথে বেড়া দেন। গ্রামের লোকের কষ্ট হওয়াতে তাহারা সেই বেড়ার উপর দিয়া গতায়াত করিত। যিনি বেড়া দেন তিনি উহা রক্ষার জন্য একজন দ্বারবান রাখিলেন। সুতরাং লোকের গতায়াত করিবার আর উপায় রহিল না। গ্রামস্থ লোকেরা একদিন একত্র হইয়া বেড়া উঠাইয়া দিতে যাইল। যিনি বেড়া দিয়াছিলেন, তিনি আপত্তি করাতে উভয় পক্ষেই সামান্য মারামারি হইল। বেড়াদাতা পুলিসে নালিশ করিলেন। দারগা সেই সামান্য ঘটনাটীকে গুরুতর করিয়া তুলিলেন। যিনি সাধারণ পথে বেড়া দিয়াছিলেন তাঁহার পক্ষে দুই জন ও যাহারা বেড়া তুলিতে গিয়াছিল তাহাদিগের পক্ষে ৫।৬ জনকে চালান দিলেন। প্রকৃত অপরাধী কে এবং কাহার দোষে বিবাদ হইল, তিনি সে বিষয়ের কোন উল্লেখ না করিয়া যাহারা বেড়া তুলিয়াছিল তাহাদিগের উপর অধিকতর দোষারোপ করিয়া রিপোর্ট করিলেন। অধিকন্তু যে পথটি বন্ধ করাতে বিরোধ হইয়াছিল দারগা তাহার পার্শ্ব দিয়া আর একটী পথ কল্পনায় অঙ্কিত করিয়া [illegible] দুটী পথ, যেটী বন্ধ হইয়াছিল, সেটী প্রকৃত পথ নহে। গ্রামের লোকে সেইটীকে পথ করিবার চেষ্টায় এই অত্যাচার করিয়াছে। সুতরাং যিনি প্রকৃত পথ বন্ধ করিয়াছিলেন তাঁহাকে সামান্য দণ্ড করিয়া ছাড়িয়া দিলেন। অপর পক্ষকে গুরুতর দণ্ড দিবেন স্থির করাতে তাঁহারা ঘটনাস্থলটীর অবস্থা তাঁহাকে দেখিবার জন্য অনুরোধ করিলেন। একে পুলিস নকসা করিয়াছে, তাহার উপর তিনি স্বতন্ত্র পথটীর বিষয় পুলিসকে অনুসন্ধান করিতে বলিয়াছেন, পুলিস তদনুসারে দুই,

ভেক্টর ও ঘটনাস্থলটী দেখিতে সম্মত হইলেন না। অবশেষে ব্যারিষ্টার আসিয়া তাঁহাকে ঘটনাস্থলটীর অবস্থা দর্শনে অনুরোধ করাতে তিনি ঘটনাস্থলটী যেমন দেখিলেন, অমনি তাঁহার ধারণা বদলাইয়া গেল। তখন তিনি পূর্ব্বদণ্ডিত ব্যক্তির দোষের উল্লেখ করিয়া গ্রামস্থ লোকদিগকে তাঁহার অপেক্ষা অল্প দণ্ড করিয়া ছাড়িয়া দিলেন।

এস্থলে পাঠক বিবেচনা করিয়া দেখুন ম্যাজিষ্ট্রেট স্বয়ং যদি তদারকার না হইতেন তাহা হইলে তাঁহার ধারণা এরূপ বদ্ধমূল হইত না। এই ভুল ধারণা ভঙ্গ করিবার জন্য অর্থনাশী ব্যয় করিয়া তাহাদিগকে ব্যারিষ্টার আনিতে হইত না। অভিযুক্ত ব্যক্তিদিগের কথায় তাঁহার সন্দেহ হইত এবং তিনি আপনা হইতে ঘটনাস্থল দর্শন করিতে আসিতেন; সুতরাং অবিচারের আশঙ্কা থাকিত না। ম্যাজিষ্ট্রেট স্বয়ং তদ্বিরকার হওয়াতে সর্ব্বত্র অত্যাচার ও অবিচারের ভয়ানক বৃদ্ধি হইয়াছে দেখিয়া ভারতসভা ম্যাজিষ্ট্রেটদিগের বিচার ও তদ্বির কার্য্যের ক্ষমতা-ভেদ করিবার জন্য আমাদিগের মহানুভব গবর্ণর জেনেরলের নিকট একখানি আবেদনপত্র প্রেরণ করিয়াছেন। আমরা উপরে যে কথা বলিলাম, হাইকোর্টের বিচারপতিরাও ঐ কথা বলেন। তাঁহারা স্পষ্ট ভাষায় বলিয়াছেন "ভারতবর্ষে কোন ফৌজদারী মকদ্দমা উপস্থিত হইলে পুলিস তাহার যে অনুসন্ধান করেন তাহার সহিত ম্যাজিষ্ট্রেটের অনুসন্ধান ও বিচারকার্য্যের ঘনিষ্ঠ সম্বন্ধ থাকে। যে ম্যাজিষ্ট্রেট যেরূপে পুলিসকে যে মকদ্দমার অনুসন্ধান করিতে বলেন, তিনি স্বয়ং সেই মকদ্দমার বিচারকার্য্য সম্পন্ন করিয়া থাকেন। ফৌজদারী আইন অনুসারে এক্ষণে জেলার ম্যাজিষ্ট্রেট, উপবিভাগের ম্যাজিষ্ট্রেট অথবা ম্যাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দরখাস্ত পাইয়া কিম্বা পুলিসের রিপোর্ট পাঠ করিয়া লোকমুখে শুনিয়া অথবা অভিযুক্ত ব্যক্তির উপর সন্দেহ করিয়া তাঁহারা তাহার তামিল লইতে পারেন। পুলিস তাঁহাদিগের উপদেশমত কার্য্য করিতে না পারিলে তাঁহারা তাহাদিগের হস্ত হইতে অনুসন্ধানকার্য্যের ভার উঠাইয়া লইয়া আপনারাই তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হন। সুতরাং যিনি অভিযোক্তা তিনি বিচারপতির কার্য্য করাতে অভিযুক্তব্যক্তির নির্দোষিতার প্রমাণসূচক বাক্য তাঁহার নিকট গ্রাহ্য হয় না। এই প্রণালী যার পর নাই অহিতকর।" সিলেক্ট কমিটিরও এইরূপ মত গবর্ণমেণ্ট ইহার প্রতি[illegible] যাহাতে মনোযোগী হন,

এখন সচরাচর দেখিতে পাওয়া যায় জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটরাই জেলার ম্যাজিষ্ট্রেটের বিচার সংক্রান্ত অধিকাংশ কার্য্য সম্পন্ন করিয়া থাকেন। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের যে মকদ্দমার যেরূপ তদ্বির করা আবশ্যক, জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট তাহার অনেক সাহায্য করিয়া থাকেন। ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটরা এরূপ যে সকল মকদ্দমার বিচার না করেন, জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটরাই তাহার বিচার করিয়া থাকেন। যদি কেহ তাহাতে অসন্তুষ্ট হইয়া ম্যাজিষ্ট্রেটের নিকট আপীল করেন, তিনি তাহাকে সন্তোষজনক ফলদান করিতে পারেন না। জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটর যে কারণে ভ্রম ধারণা হয়, ম্যাজিষ্ট্রেটেরও সেই কারণে ভ্রম হইয়া থাকে। জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট যখন তাঁহার সহিত মকদ্দমার যেরূপে তদ্বির করিতে হইবে তাহার পরামর্শ করেন, তখন জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট যে বিশ্বাসের উপর কার্য্য করেন, আপীল হইলে ম্যাজিষ্ট্রেটও সেই বিশ্বাস অনুসারে কার্য্য করিয়া থাকেন, তাই আপীল শুনিবার সময়ে তিনিও ভ্রমে পতিত হন। কিন্তু জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মধ্যে কার্য্য ভেদ করিয়া দেওয়া হয়, তাহা হইলে দেশ মধ্যে আর এই অত্যাচার ও অন্যায় বিচার স্থান প্রাপ্ত হয় না। আমাদিগের মতে জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ও তাঁহার অধীন ডেপুটী ম্যাজিষ্ট্রেট প্রভৃতি কর্ম্মচারীর হস্তে মকদ্দমার কেবল বিচারভার সমর্পণ করা কর্ত্তব্য। আর ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ও তাঁহার কার্য্যের সাহায্যার্থ যে সকল ডেপুটী ম্যাজিষ্ট্রেট নিযুক্ত থাকিবেন তাঁহারা কেবল মকদ্দমার তদ্বির করিবেন। যেরূপে অনুসন্ধান করিলে প্রকৃত অপরাধী ধৃত হইবে তাঁহারা তাহারই উপায় স্থির করিবেন। এরূপ হইলে ন্যায়বিচার বৃদ্ধি হইবে এবং লোকেও সন্তুষ্ট হইবে। যাঁহারা বিচারকার্য্য সম্পন্ন করিবেন তাঁহারা সাক্ষাৎসম্বন্ধে জেলার জজের অধীন থাকিবেন। এখন যে বন্দোবস্ত আছে, কার্য্য বিভাগ করিয়া দিলে যে অধিক ব্যয় বৃদ্ধি হইবে, আমাদের এরূপ বোধ হয় না। যদি বা কিছু ব্যয় বৃদ্ধি হয়, তাহাও স্বীকার করা কর্ত্তব্য। একের হস্তে উভয়বিধ কার্য্যের ভার থাকিলে যে মহা অবিচার হয়, আমরা তাহার প্রত্যক্ষ প্রমাণ পাইয়াছি। আমাদের গ্রামে যে বেণী কড়াইকড় হইয়াছে, তাহার প্রত্যক্ষ প্রমাণ সত্ত্বেও হত্যাকারিরা ধৃত হইল না। দারোগা কোন কারণের বশীভূত হইয়া প্রথমে যে রিপোর্ট করিয়াছিলেন, হত্যাকারিরা ধরা পড়িল না তাহাতে জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটের যে ভ্রম ধারণা হয়, তিনি তাহার বশীভূত হইয়া কার্য্য করেন। তাহাতেই সুবিচারের ব্যাঘাত জন্মে; কিন্তু যদি জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট প্রথম অবধি পুলিসের রিপোর্ট না দেখিতেন, পুলিস তাঁহার ভ্রম উৎপাদন করিতে পারিত না। সুবিচারেরও ব্যাঘাত জন্মিত না। পূর্ব্ব কয় বৎসরের ৭।৮ জনে জাল গোল করিয়া বেণীকে মারিয়াছিল, সে কাড়াইতে যায়, তাহার মাথায় চাপড় মারাতে সে ভয়ে পলাইয়া যায়। পরদিন প্রাতঃকালে বেণী হত হয়। যাহারা গালাগাল করিয়া বেণীকে প্রহার করে, তাহারাই কি বেণীর হন্তা নয়? একের হস্তে উভয় কার্য্যের ভার থাকাতেই কি এ অবিচারটী ঘটিল না?

সেনাপতি গর্ডন

গর্ডন পাশা খার্টোমে অবরুদ্ধ হওয়াতে ইংলণ্ডে বেজায় উৎপাত হইয়াছে। কেবল ইংলণ্ডে কেন, ইংলণ্ডের অধীনস্থ যাবতীয় রাজ্যে এই বিষয়ের আন্দোলন চলিতেছে। গর্ডনের উদ্ধারার্থ অবিলম্বে সৈন্য প্রেরিত হয় ইহা ইংলণ্ডের আবালবৃদ্ধবনিতার একান্ত ইচ্ছা; বর্ত্তমান উদারনীতিক মন্ত্রিদল দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কার্য্য করিতে আকাঙ্ক্ষী ছিলেন। গর্ডনের সাহায্যার্থ শরৎকালে সৈন্য প্রেরণ করিবেন ইহাই তাঁহাদিগের স্থির ছিল কিন্তু যেরূপ ব্যাপার উপস্থিত, তাহাতে অবিলম্বে সৈন্য প্রেরিত না হইলে তাঁহাদের মন্ত্রিত্ব যাইবার বিলক্ষণ সম্ভাবনা হইয়াছে। প্রেসিডেন্সির কমিশনর হবহৌস সাহেব এই সকল দেখিয়া শুনিয়া গ্লাডষ্টোনের পরিবর্ত্তনের সঙ্গে সঙ্গে লর্ড রিপনের কার্য্যকালও শেষ হইবে এইরূপ গণনা করিয়া আরো ৬ মাস ছুটী লইয়াছেন। অতএব যে গর্ডন হইতে এত অনর্থ ঘটিতেছে তিনি কে? এবং লোকে তাঁহার কি গুণেই বা এত মোহিত হইয়াছেন পাঠক! বোধ হয় তাহা জানিতে চাহেন। আমরা সাধারণের কৌতূহল চরিতার্থ করিবার নিমিত্ত এস্থলে তাঁহার জীবন চরিত লিখিয়া দিলাম।

গর্ডন পাশা ১৮৩৩ খ্রীষ্টাব্দে ইংলণ্ডের উলউইচ নগরে জন্মগ্রহণ করেন। ইঁহার পিতৃপিতামহ সেনাকার্য্য করিতেন। বাল্যকালে তাদৃশ লেখাপড়া করিতে পারেন নাই। ১৮৫২ অব্দের জুলাই মাসে সৈনিক বিভাগে রয়েল ইঞ্জিনিয়ারের কর্ম্মে প্রবৃত্ত ও ১৮৫৪ অব্দে ক্রিমিয়ার যুদ্ধে প্রেরিত হন। সিবাষ্টপুলের পতন পর্য্যন্ত তাঁহাকে বড় সঙ্কটে অবস্থিত করিতে হইয়াছিল; তিনি শত্রু কর্ত্তৃক বেষ্টিত হইয়া পরিখার মধ্যে সতত অবস্থিতি করিতেন। তাঁহার এই অসম সাহস দেখিয়া উপরিতন কর্ম্মচারীরা তাঁহার উপর অত্যন্ত প্রীত হন। সিবাষ্টপুলের পতনের পর তিনি বিশেষরূপে

যুদ্ধযাত্রা করেন। তাঁহার পর ১৮৫৬ অব্দ পর্য্যন্ত ক্রিমিয়াতেই থাকেন। ক্রিমিয়ার যুদ্ধে রুশ সৈন্যের বীর্য্য ও সাহস দেখিয়া তিনি অত্যন্ত সন্তুষ্ট হন। ১৮৫৫ সালে তিনি ১ম শ্রেণীর লেপ্টেনান্টের পদ প্রাপ্ত হন। যুদ্ধ শেষ হইলে রুশ ও তুরস্ক রাজ্যের নূতন সীমা নির্দ্ধারণ করিবার জন্য একটী সভা হয়, গর্ডন সভার কার্য্যে নিযুক্ত হন। ইহার পর তাঁহাকে এসিয়া-মাইনরে যাইতে হয়; তৎপরে ইংলণ্ড হইতে তাঁহাকে আরমেনিয়ায় আসিতে হইয়াছিল। ১৮৫৯ সালে তিনি কাপ্তেনের পদ প্রাপ্ত হন।

১৮৬০ অব্দে চীনে ও ইংলণ্ডে যে যুদ্ধ সংঘটিত হয় গর্ডন তাহাতে গমন করিয়াছিলেন। অচিরকাল মধ্যে পিকিন নগর তাহাদিগের হস্তে পতিত হওয়াতে চীনের সহিত সন্ধি হয়। গর্ডন চীনের অন্তর্গত তাইকো নগরে অবস্থিতি করিয়া নিকটবর্ত্তী দেশের অবস্থা জানিবার চেষ্টা করিতে লাগিলেন। এই সময়ে চীন রাজ্যে টৈপিং সম্প্রদায় বিদ্রোহানল প্রজ্বলিত করিল। ১৮৬২ সালে ষ্টাভলি সাহেব এই বিদ্রোহ দমন করিতে গমন করেন। গর্ডন তাঁহার সহযোগী যান। তাঁহার আজ্ঞায় বিদ্রোহিদিগের অধিকৃত [illegible] কৌশল দ্বারা জয় করা হয়। বিদ্রোহানল ক্রমশ প্রবল হইলে, গর্ডন চীন-সম্রাটের পক্ষে সৈন্যাধ্যক্ষ নিযুক্ত হন। এই সময়ে তিনি মেজর উপাধি প্রাপ্ত হন। ৩০ বৎসর বয়সে গর্ডন প্রকৃত পক্ষে যুদ্ধ ক্ষেত্রে যোদ্ধৃবেশে অবতীর্ণ হইলেন। বিদ্রোহিগণ তাঁহার নিকট পরাজিত হইতে লাগিল; অবশেষে সুসান অধিকৃত হইলে [illegible] ও টৈয়ান গড়ের মধ্যে পতিত হইল। তিনি একব্যক্তি সামান্য সৌভাগ্যবলে বিদ্রোহিদিগের ক্ষুদ্র ক্ষুদ্র দুর্গ অধিকার করিয়া [illegible] করিলেন। সুইসান গড়ের পর গর্ডন চীন সম্রাটের ব্যবহারে বিরক্ত হইয়া কর্ম্ম ত্যাগ করিতে প্রস্তুত হইয়াছিলেন, কিন্তু বিপক্ষদল আবার প্রবল হওয়াতে তাহা পারেন নাই। [illegible] পরাজিত হইয়া যাহারা [illegible], গর্ডন তাহাদিগকে আপন সৈন্যশ্রেণীতে গ্রহণ করিলেন। এইরূপে দিন দিন তাঁহার [illegible] বৃদ্ধি পাইতে লাগিল। [illegible] তাঁহার [illegible] হইলেন, [illegible] বিদ্রোহ [illegible] চীন [illegible]

[illegible]

লোহিত বর্ণ দর্শিত চান—কিন্তু তিনি তাহার কিছুই গ্রহণ করেন নাই। তিনি উপাধি ভিন্ন আর কিছুই লইলেন না, ইহার পর চীন সম্রাট তাঁহাকে [illegible] রাজসম্মানে ভূষিত করেন; ১৮৬৫ সালে তিনি লিউটেনাণ্ট কর্ণেল হন; এই সময়ে সি, বি, উপাধিও প্রাপ্ত হইয়াছিলেন।

১৮৬৫ হইতে ১৮৭১ সাল পর্য্যন্ত গর্ডন ইংলণ্ডের গ্রেভসেণ্ড নগরে বাস করেন; এই সময়ে তিনি সকলের দুঃখে কাতর হইতেন, পীড়িত ব্যক্তি তাঁহার গৃহে আশ্রয় পাইত; বালকগণ তাঁহার বড় প্রিয়পাত্র ছিল, তিনি তাহাদের অশন বসনের ব্যবস্থা করিতেন, সময়ে সময়ে চাকুরী জুটাইয়া দিতেন। পরে গ্রেভসেণ্ড হইতে তাঁহাকে দানিয়ুব নদীর তীরবর্ত্তী গালাটজ নগরে যাইতে হয় এবং তৎপরে [illegible] ক্রমে মিসরে যান।

মিসরের দক্ষিণ সীমায় গর্ডনের কর্ম্মই প্রকাশের দ্বিতীয় ক্ষেত্র; গর্ডন এইখানে অতি অল্প সময়ে অনেক অদ্ভুত কার্য্য সম্পন্ন করেন।

নজীর।

১৮৮৩। ২৬ এ জুন।

বিচারপতি প্রিন্সেপ ও বিচারপতি ওকেনেলি।

নিমাইচাঁদ [illegible]।

চরিত্র দাস ও অন্য [illegible] প্রতিবাদী।

একটী স্ত্রীলোক, তার পিতার জীবদ্দশায় বিধবা হয়। স্বামীর সন্তান ছিল না, তাহার পর সে [illegible] এক প্রকার বিবাহ করে। এই বিবাহে তাহার দুইটী পুত্র জন্মে। তাহার পিতার মৃত্যুর পর, সে তাহার সম্পত্তির উত্তরাধিকারিণী হইয়া ঐ বিষয়ের উপর দখল করিল। প্রতিবাদীরা তাহা লইয়া বিবাদ উপস্থিত করিল। ঐ স্ত্রীলোক ও প্রতিবাদীরা [illegible] উহাদের মধ্যে বিধবাবিবাহ প্রচলিত আছে। আদালতে এই সিদ্ধান্ত হইয়াছে ঐ বিবাহ সিদ্ধ হইবে এবং এই স্ত্রীলোকটি বিষয়ের অধিকারিণী হইবে।

কিন্তু ভূমি [illegible] উপস্থিত হইয়া এই [illegible] উপস্থিত হয়। যে ভূমি লইয়া বিবাদ হয়, উহা [illegible] মোহন দাসের। ঐ ব্যক্তি ১৮৬৫ [illegible] উহার সদানন্দ দাস নামে এক [illegible] এবং এক বিধবা কন্যা ছিল। [illegible] একমাত্র উত্তরাধিকারী [illegible] সালের ২০ এ মার্চ এক [illegible] প্রদান করে। বাদী বলে যে, ১৮৬৫ সালের [illegible]

[illegible]

লিখিয়া দেন। তিনি আপিল-আদালতে ঐ রায় বহাল রাখেন। তাহার পর প্রতিবাদীরা হাইকোর্টে আপীল করিলে বিচারপতিরা এই সিদ্ধান্ত করেন [illegible] নীতি অনুসারে ঐ বিবাহ সিদ্ধ। [illegible] বিচারপতিরা নিম্ন আদালতের [illegible] আপীল ডিস্মিস করিয়াছেন।

ফৌজদারি বিভাগ আপীল।

[illegible] ২৯ এ মার্চ।

বিচারপতি [illegible] ও বিচারপতি [illegible] মহাশয়।

কলিচরণ চক্রবর্ত্তী ও অন্য আপিলকারী।

ভারতেশ্বরী প্রতিবাদিনী।

অতি [illegible] সাক্ষ্য শেষ হইলে প্রতিবাদীর এটর্ণি জজের প্রশ্নের উত্তরে বলিলেন তিনি সাক্ষ্য দেওয়াইবেন। সেদিন আদালত বন্ধ হইল। তাহার পর দিন এটর্ণি আসিয়া বলিলেন তিনি সাক্ষ্য দেওয়াইবেন না। জজ অভিযোগকারীকে উত্তর দিতে বলিলেন।

হাইকোর্ট এই সিদ্ধান্ত করিয়াছেন ফৌজদারী কার্য্যবিধির ২৮৯ এবং ২৯২ ধারার ব্যাখ্যানুসারে এ [illegible] প্রতিবাদীদিগের এ অতি [illegible] সাক্ষ্য লওয়া না হইলে অভিযোগকারীর উত্তর গ্রহণ করা হইবে। আইনের অভিপ্রায় এই যে উভয় পক্ষকে উভয় পক্ষের সাক্ষীর প্রতি জেরা করিবার অবসর দেওয়া হইবে এবং [illegible] অভিযোগকারীকে কোন বিশেষ সুবিধা দেওয়া হইবে না।

বিচারকালে জেলের [illegible] চিকিৎসকের [illegible] সাক্ষী [illegible] আসামীর বিরুদ্ধে [illegible] জজ এই বিষয়ে [illegible] করিতে পারেন কিন্তু আইনের [illegible] যে বিচারপতি [illegible] বিচারপতির [illegible] সহিত [illegible] গ্রহণ করিবেন আর [illegible] তিনি [illegible] তিনি যেন [illegible] তিনি [illegible]

হইয়াছে, অভিযোগের [illegible] আছে যে উক্ত বিষয়ে [illegible] বিচারপতির গ্রহণ করা [illegible] তাঁহার [illegible] ভুক্তি অংশানে স্থির, [illegible] তাহা হইলে ঐ ধারা ৩০৭ ধারার অনুসারে কার্য্য করা কর্ত্তব্য। অপরাধী অথবা তাহার উকীলের সাক্ষ্য দেওয়াইবার বিষয়ে স্বাধীনতা আছে; সাক্ষ্য দেওয়াইতে দিতে পারেন, না দেওয়াইলে না দেওয়াইতে পারেন। যাহা তিনি উচিত বিবেচনা করেন তাহাই করিতে পারেন। কিন্তু সাক্ষ্য দেওয়াইলেন অথবা দেওয়াইলেন না ইহাতে বিচারপতির কোন অনুকূল বা প্রতিকূল সিদ্ধান্ত করা কর্ত্তব্য নয়।

এ মকদ্দমার সংক্ষেপ বৃত্তান্ত এই—দুই জন [illegible] কমীশারের দুই গোমস্তা মহেশ চক্রবর্ত্তী ও গোপাল চক্রবর্ত্তীর নামে ভারতীয় দণ্ডবিধির ৩৩০ ধারা অনুসারে স্বীকারোক্তির অভিযোগ হয়। কিন্তু ঐ ধারা ইচ্ছাপূর্ব্বক ব্যথা দেয়া। ৩২৫ ধারা ও ৩৩৩ ধারানুসারে ইচ্ছাপূর্ব্বক গুরুতর আঘাত করা ও সামান্য আঘাত করার অভিযোগ হইয়াছিল। জুরি একবাক্যে অপরাধিদিগকে স্বীকারকারিতার অপরাধ হইতে মুক্ত করিয়া দিলেন; কিন্তু আঘাতকারিতার অপরাধে অপরাধী করিলেন। শেষোক্ত অপরাধে অপরাধী করিবার বিষয়ে জুরির মতভেদ হইল। অপরাধী করিবার বিষয়ে [illegible] জন এবং অপরাধী না করিবার বিষয়ে তিন জন মত প্রদান করিলেন। বিচারপতি প্রথম অপরাধে উহাদিগকে মুক্ত করিবার বিষয়ে সম্মত হইলেন বটে কিন্তু শেষোক্ত অপরাধে অপরাধিদিগকে আইনে যতদূর আছে, তদনুসারে গুরুতর দণ্ড দিলেন। তাহাদিগের অর্থদণ্ডও করিলেন।

এই মকদ্দমায় ফৌজদারী কার্য্যবিধি আইনের [illegible] ধারা, হাইকোর্টের বিচারে আপিল উপস্থিত করিয়া তাহাতে যে সিদ্ধান্ত হয়, উপরে তাহার সার সংগ্রহ করিয়া দেওয়া হইল।

ফুলবেঞ্চ।

১৮৬৯। ১০ ই সেপ্টেম্বর।

প্রধান বিচারপতি সার [illegible] মিত্র, বিচারপতি [illegible] ও [illegible] ইটেনবার।

ও, বি, [illegible] [illegible] চৌধুরী ও অন্যান্য ব্যক্তি [illegible] মকদ্দমা।

[illegible]

[illegible] হইবার, [illegible] [illegible] [illegible] [illegible] বিচার [illegible] এই বিষয় [illegible] মকদ্দমা উপস্থিত করিলেন; প্রথম আদালত এবং মিঃ [illegible] মকদ্দমা ডিক্রি দিলেন। হাইকোর্টে মকদ্দমা উপস্থিত হইলে নিম্নলিখিত বিচারপতিগণের নিম্নলিখিত সিদ্ধান্ত হয়।

ম্যাকফোরসন, ইটেনবার ও ফিয়ার বিচারপতিগণ এই সিদ্ধান্ত করেন যখনে ডিক্রি হইবার পূর্ব্বে দেনাদারের সম্পত্তি ক্রোক হয়, পরপরে সেই সম্পত্তি ডিক্রি হইবার পূর্ব্বে এগ্রিমেন্ট দ্বারা যদি পরিত্যক্ত হয়, তাহা হইলে মহাজন সে সম্পত্তি বিক্রয় করিতে পারিবেন না।

পক্ষান্তরে প্রধান বিচারপতি সার ও মিত্র বিচারপতি মিত্রের এই মত হয় ১৮৫৯ সালের ১৪ আইনের ৩৪ ধারা অনুসারে আদালতের এ ক্ষমতা নাই যে এগ্রিমেন্ট ডিক্রি হইবার পূর্ব্বে ক্রোক রহিত করিতে পারেন।

১৮৬৮ সালের ২ রা মার্চ শিবচন্দ্র সাহা চৌধুরী এবং অন্য অন্য ব্যক্তি কতকগুলি টাকা পাওনা [illegible] ক্রমচাঁদ গোস্বামীর নামে ডিক্রি হইবার পূর্ব্বে দেওয়ানী কার্য্যবিধির ৪৮৩ ধারা অনুসারে দেনাদারের সম্পত্তি ক্রোক করিবার নিমিত্ত আবেদন করেন। ঐ আবেদন গ্রাহ্য হয়। ১৮৬৮ সালের ২৯ এপ্রেল [illegible] ডিক্রি পাইল [illegible] ক্রোকী সম্পত্তি বিক্রয়ের মকদ্দমা করিল। ১ লা জুন ঐ বিক্রয়ের দিন অবধারিত হইল; ৪ ঠা জুন এমাউন্ট সম্পত্তির উপরে এই আপত্তি উপস্থিত করিলেন যে মহাজন-দিগের ডিক্রি পাইবার পূর্ব্বে ক্রমচাঁদ গোস্বামী [illegible] আইনের ৯ ম ধা অনুসারে [illegible] হইবার আজ্ঞা প্রাপ্ত হইয়াছেন। অতএব উহার বিরুদ্ধ বিক্রয় হইতে পারে না। অতএব মকদ্দমা হাইকোর্টে উপস্থিত হইলে বিচারপতিরা যে সিদ্ধান্ত করেন তাহা উপরে লিখিত হইল।

১৮৬৯। ১০ ই সেপ্টেম্বর।

প্রধান বিচারপতি সর [illegible], বিচারপতি মিত্র,
বিচারপতি ম্যাকফোরসন, বিচারপতি ফিয়ার
ও বিচারপতি ইটেনবার।
[illegible] সাহা ও অন্য অন্য ব্যক্তি বাদী।
[illegible]
[illegible] প্রতিবাদী।
[illegible] বাকী [illegible] মকদ্দমা।

[illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] ১৮৬৫ সালের [illegible] সালের ৬ আইন অনুসারে প্রতিবাদিদিগকে প্রজা বলিয়া লইয়া যাইবার জন্য প্রার্থনা করেন। প্রজা লইয়া যাইবার সময়ে ক্রোক প্রজা বিশেষ হয়। প্রতিবাদিরা প্রজা লইয়া যাইবার সময়ে [illegible] হইয়াছিল। কোন ডেপুটির বা আদেশকর্ত্তার পক্ষ কর্তৃক উহা বিবাদিত হয় নাই। হাইকোর্ট এই সিদ্ধান্ত করিয়াছেন যে উক্ত আইনের ১৫১ ও ৫২ ধারা এ স্থলে খাটিবে না। প্রতিবাদিদিগকে বিনষ্ট দ্রব্যের ক্ষতিপূরণ দায়ী হইতে হইবে।

এই কলিকাতা কোর্ট অ্যাপেলেটের মকদ্দমা। উক্ত আদালতের ৪ র্থ বিচারপতি ১৮৫০ সালের ৯ আইনের ২৫ ধারা এবং ১৮৬২ সালের ২৬ আইনের ৬১৭ ধারা অনুসারে হাইকোর্টের মত জানিবার নিমিত্ত এই মকদ্দমাটি পাঠাইয়া দেন।

১৮৫০ সালের ৯ আইন অনুসারে ১৬ এ জুন এই মকদ্দমাটি উপস্থিত করা হয়। বাদীগণ ৭২ গাঁইট পাটের মূল্য স্বরূপ ২৯৬ টাকা প্রতিবাদিগণের নিকট দাবী করেন। ঐ ৭২ গাঁইট নষ্ট হইয়া গিয়াছিল। হাইকোর্টে ঐ মকদ্দমা উপস্থিত হইলে বিচারপতিরা প্রতিবাদিদিগকে ক্ষতিপূরণের [illegible] করেন। প্রতিবাদিদিগের ক্ষতিপূরণ না করিবার যে কারণ দৈব ঘটনাদি সাব্যস্ত হয় নাই।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৩০ এ মে। নূতন প্রিন্সেস [illegible] [illegible] প্রচারিত হইয়াছে। ইহা দ্বারা ২০ লক্ষ টাকা হইবে। [illegible] ৬ লক্ষ পাউণ্ড কর্জ লওয়া হইবে।

লণ্ডন ৩১ এ মে। [illegible] ক্রোধের বিষয় ভিন্ন ভিন্ন [illegible] হইয়াছে, ১ টার সময় তিনটি জাহাজ আনিয়া [illegible] এবং [illegible] ও [illegible] একেবারে জল [illegible]। কিন্তু [illegible] যাহা আসে না। [illegible] এবং অনেক লোক মারা হইয়াছে। [illegible] [illegible] হইতেছে। [illegible] [illegible] [illegible] করিয়া দিয়াছে। কিন্তু এখন বুঝা যাইতেছে আগুন নিবিয়াছে। [illegible] যুদ্ধে যেমন প্রাণত্যাগ করিতে হয় [illegible] সেই [illegible] একটি [illegible] ১৮ [illegible] [illegible] [illegible] হইতেছে। এক ব্যক্তি [illegible] [illegible]

কায়রো ৩০এ মে। মিশরের আগামী বর্ষের জন্য কতকগুলি সৈন্য উত্তোলিত হইতেছে।

লণ্ডন ১লা জুন। যে সকল ব্রিটিশ সৈন্য মাজিবাতে যুদ্ধ করিয়াছিল তাহাদের প্রত্যেকে দুই মাসের টাকা পুরস্কার পাইয়াছে।

সেণ্টপিটার্সবর্গ ৩ রা জুন। [illegible] প্রত্যাগত হইয়াছেন। রুশ গবর্ণমেণ্ট অতি সৎকারের সহিত তাঁহাকে গ্রহণ করিতেছেন।

কায়রো ২ রা জুন। ডফেরিণ সর্দার লিখিয়াছেন তথায় শান্তি স্থাপিত হইয়াছে। পার্লিবের শাসনকর্তা বিদ্রোহিদিগকে পরাভূত করিয়া নগর উদ্ধার করিয়াছেন। সেনাপতি গর্ডন খার্টুমে আবদ্ধ রহিয়াছেন।

কায়রো ৩ রা জুন। বিদ্রোহীরা সুয়াকিম প্রবলবেগে আক্রমণ করিয়াছিল কিন্তু পরাভূত হইয়াছে।

লণ্ডন ৪ ঠা জুন। গত কল্য শালিসবরির নিকট একটী রেলওয়ে দুর্ঘটনা হইয়া গিয়াছে। ট্রেন রেল হইতে অতর্কিত নাম্বার পতিত হইয়াছিল। ইহাতে ৫ জন হত ও ৩০ জন আহত হইয়াছে।

কায়রো ৫ ঠা জুন। বর্বেস জিলায় সংবাদ দিয়াছেন যে মহদীর নিকটে উপনীত হইয়াছেন। এইবার ঐ নগরটী তাঁহার হস্তগত হইবার সম্ভাবনা আছে।

পোর্টসেড ৬ ঠা জুন। আয়ার্লণ্ড নূতন সৈন্য অদ্য এখান হইতে সুয়াকিমে যাত্রা করিয়াছে।

সেণ্টপিটার্সবর্গ ৫ ঠা জুন। মার্ভের তুর্কোমানেরা রুশ গবর্ণমেণ্টের অধীনতা স্বীকার করিয়াছে কি না রুশ গবর্ণমেণ্ট তাহার সঠিক সংবাদ আজিও পান নাই।

লণ্ডন ৫ ই জুন। সেণ্টপল গির্জ্জায় আগামী অদ্য মাস আর্চ বিশপের সমাধি হইয়াছে। বিস্তর লোক এই সময়ে উপস্থিত হইয়াছিলেন। স্বয়ং বেশিয়েস তাঁহার সমাধি দেখিতে গিয়াছিলেন।

কায়রো ৬ ই জুন। এইরূপ সংবাদ প্রচারিত হইয়াছে যে সেনাপতি গর্ডন খার্টুম হইতে [illegible] যোগে নীল নদের মধ্য দিয়া পলায়ন করিয়াছেন।

ওসমান দিগ্‌মা তাঁহার ৭ শত অনুচর লইয়া সুয়াকিম আক্রমণ করিবার উদ্যোগ করিতেছেন।

বিবিধ সংবাদ।

৬ ঠে অনিষ্টিন ক্রিমিয়ার বন্দরে [illegible] সম্রাট আগামী জুলাই মাসে [illegible] হইতে কলিকাতায় আগমন করিবেন। [illegible] পরিশ্রান্ত হইয়া পুনরায় [illegible] যাইবেন।

বেরিলি [illegible] [illegible]

[illegible]

[illegible]ইয়াছিল কাদেরের [illegible] হইতে [illegible] আমরা [illegible] বা করিলে [illegible] তাঁহাদিগের অভিপ্রেত। কিন্তু আমাদিগের বোধ হয় [illegible] পারেন তাহা করিতে চাহিবে।

অসভ্য দেশের অন্ধকারেই শুদ্ধ, একটী আশ্চর্য্য রমণী [illegible] স্বামীকে আইনানুসারে পরিত্যাগ করিবার জন্য স্বামীর নিকট গিয়া বলিল [illegible] লিখিয়া দিবেন [illegible] আর তাহার সংসর্গ করিতে চাহে না, [illegible] কথা শুনিয়া রমণীর স্বামীকে [illegible] তাহার মস্তকে বাঁধ চাপিয়া দিয়া [illegible] চটিয়া বলিলেন। রমণী আর [illegible] তিনি রমণীকে একটী [illegible] মুখের সহিত তাহার মুখ বন্ধ করিয়া [illegible] বাওয়া হইল। ইহাতেই সাধারণে [illegible] আইনানুসারে তাহারি স্বামী পরিত্যাগ করিলে।

[illegible] তাঁহাদিগের অধীনে পরীক্ষা করিয়া যে [illegible] অনুসারে [illegible] পরীক্ষোত্তীর্ণ লোকদিগের [illegible] সেক্রেটারির বিশেষ [illegible] নিকট আবেদন করিতে অভিলাষী হইয়াছেন।

[illegible] মেছুয়া বাজার ষ্ট্রীটে [illegible] মুখোপাধ্যায় প্রায় ১০ জন [illegible] বিক্রেতাকে রাস্তার উপরে বসিয়া [illegible] বিক্রয় করা অপরাধে চালান দেন। পুলিস কোর্টের মাজিষ্ট্রেট হাওয়ার্থ সাহেবের নিকট বিচার্য্য, তিনি রাস্তার অভিযোগ [illegible] টাকা অর্থ বিক্রেতাদিগকে [illegible] এই বিষয় কমিশনরের গোচর করিবেন [illegible] হৌস-ভাড়ার মালিক এবং [illegible] সময় সম্মুখে দেখা [illegible] থাকিবেন মনে করিয়া [illegible] উঠাতে [illegible] হইয়া [illegible]

আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম [illegible] কলিকাতা [illegible] দৈনন্দিনের [illegible] করিবার জন্য [illegible] করিতে উদ্যুক্ত [illegible] কি করেন?

[illegible] অধীন শাখিতেরা [illegible] আমাদিগের [illegible]

[illegible] করিয়াছেন। [illegible] বাবু [illegible] [illegible] বিবাহ রহিত করিবার অভিপ্রায়ে [illegible] প্রস্তাব করেন। সার উইলিয়ম [illegible] এই সভার সভাপতি হইয়াছিলেন। মহেন্দ্র বাবু এই কুরীতি নিবারণের জন্য আইন প্রণয়নের প্রস্তাব করেন কিন্তু [illegible] সভার সমাগত ব্যক্তিদিগের অধিকাংশ [illegible] আপত্তি [illegible] করেন। [illegible] বাবু বলিলেন ভারতবাসীরা আপনা হইতে এই বিষয়ে [illegible] অল্প কাল মধ্যে করিয়া ইহা পরিত্যাগ [illegible] আইন করিবার প্রয়োজন নাই, আমরা [illegible] সমাজসংস্কারে অনুমোদন করি। বলপূর্ব্বক কোন কার্য্য করিয়া সমাজের মনে কোন প্রকার কষ্ট দেওয়া বিধেয় নহে। শিক্ষা বিস্তারের সঙ্গে সঙ্গে ইহা আপনা হইতে দূরগত হইবে। এখনই দেখিতে পাওয়া যাইতেছে যাঁহাদিগের মাতা পিতা শিক্ষিত তাহাদিগের সন্তানগণের বাল্যকালে বিবাহ হয় না।

একজন [illegible] লিখিয়া পাঠাইয়াছেন "খেলা [illegible] [illegible] একটী রসিকতা হইয়াছে। গত ৩১ এ বৈশাখ উক্ত সভার সাংবাৎসরিক অধিবেশন মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে।" অল্প কাল মধ্যেই হরিসভার সংবাদ পাওয়া যায়, ইহার দ্বারা আর্য্যধর্ম্মের যে উন্নত হইতেছে তদ্বিষয়ে সন্দেহ নাই।

সম্প্রতি [illegible] কলিকাতা পুলিস কোর্টে নাবিক অপরাধিদিগের [illegible] বলিয়া [illegible] চেম্বার অব কমার্স ছোট লাটের নিকটে এক আবেদন পাঠাইয়া প্রার্থনা করেন যে নাবিকদিগের বিচারার্থ একটী পৃথক আদালত এবং স্বতন্ত্র মাজিষ্ট্রেট নিযুক্ত করা হউক। বেঙ্গল বণিক সমাজ আবেদনে উইলসন সাহেব কর্ণপাত করেন নাই। তিনি বলেন, এই কার্য্যের জন্য একজন দক্ষ বিচারক পাওয়া দুষ্কর হইবে এবং করিলে উপযুক্ত বিচারপতি পাওয়া যাইলেও যথেষ্ট পরিমাণে মকদ্দমা জুটিবে না।

[illegible] পর্য্যন্ত স্ত্রীলোকের দেখা [illegible] রহিত করিয়াছেন। সেখানে [illegible] স্ত্রীলোক দেবালয়ে যাইলে [illegible] আঘাত এবং লোকের চরিত্র [illegible] উত্তেজিত হয়। এই কারণে স্ত্রীলোকের দেবালয়ে [illegible] [illegible] নিষিদ্ধ হইয়াছে।

আমরা [illegible] [illegible] বর্ত্তমান [illegible] [illegible] হইয়াছে।

[illegible] করিয়াছেন।

পরিদর্শন করিয়াছেন [illegible] বাগানের কেরাণী বাবুর আচরণে মাতিয়া [illegible] আছে। কেরাণী বাবুর হাতের কারণ এই:—

কোন সাহেব একদা বাগানের জীবের বিবাহ দেন। কোন সময়ে তাহারা একত্রে বসিয়া আমোদ প্রমোদ করিতেছিলেন এমন সময় কেরাণী বাবু সেখানে যাইয়া উপস্থিত হন, কেরাণী বাবুকে তাহার জেনের জুতা খুলিয়া দিবার জন্য সাহেব আজ্ঞা প্রদান করিলেন। কেরাণী বাবু [illegible] জুতাকে উদরে যাবত বাধ্য হন, অবশেষে দুঃখে পাগল হয়েন।

সায়েন্টেফিক ম্যাগেজিনে পত্র প্রকাশ করিয়া দেখিয়াছেন, ১৮৮৩ অব্দে ভারতবর্ষে ৪৩ লক্ষ লোকের টিকা দেওয়া হইয়াছে। টিকা দেওয়া [illegible] বাড়িতেছে, বসন্তে মৃত্যুসংখ্যা তত হ্রাস হইতেছে।

অমুক নগরে যে ব্যক্তি প্রাচীরে [illegible] বিজ্ঞাপন মারিয়া দিয়াছিল, সে ব্যক্তি আপনাকে অবতার বলিয়া প্রচার করাতে ধৃত হইয়াছে। ফৌজদারী কমিশনর এই অপরাধে তাহার এক বৎসর কারাবাসের আদেশ দিয়াছেন। এই ব্যক্তি [illegible] লইয়া ঘুরিয়াছিল। তাহারা [illegible] ধৃত হইয়াছে।

২৪ পরগণা বড় জেলা। এখানে বড় বড় রাজকর্মচারী অধিষ্ঠান করিয়া থাকেন কিন্তু চোর ডাকাইতির উপদ্রব এই জেলায় অধিক। আমরা প্রায় প্রতিদিনই একটী না একটী অমঙ্গল সংবাদ পাইতেছি। আমরা হরিপুরে আপনপাড়ায় [illegible] নক ডাকাইতির কথা প্রকাশ করিয়াছি। [illegible] অনাথের বেলঘরিয়ার বাবু মহেন্দ্রনাথ চট্টোপাধ্যায়ের বাটীতে ডাকাইতি করিবার অভিপ্রায়ে [illegible] পত্র পাঠাইয়াছিল। এই সংবাদ [illegible] আলীপুরের পুলিসে প্রদান করাতে [illegible] বিষয়ে প্রতিকারোপায় করিতে পারে নাই। [illegible] কি পাহারাওয়ালাদিগের অযোগ্যতার পরিচয় [illegible]

বৎসরেই বড় গাড় [illegible] হইয়া [illegible]। এবার কেবল দুর্ভিক্ষ পড়িয়াছে [illegible] পূর্ব ভারতবর্ষীয় রেলওয়ের [illegible] হইতেছে না। গত বর্ষে [illegible] ১১ লক্ষের উপর লাভ হইয়াছিল [illegible] লাভ হইতেছে। [illegible] হয় উহার কারণ।

[illegible]

[illegible]

[illegible] আসিতেছে [illegible] হইয়াছে। এক্ষণে হইতে [illegible] স্থিতি হইবে এবং তাহ মাত্র [illegible] হইবে।

সিরিঙ্গপুরে জলের নিকাসীর জন্য যে পুৎ খনন প্রস্তুত হইবে, তাহাতে প্রায় ২৭৫০০০০ টাকা ব্যয় হইবে অনুমান করা হইয়াছে।

হাইকোর্টের ব্যারিষ্টার এক যুবা ব্যবসায়ী নিজের দ্বারা গুলি করিয়া প্রাণত্যাগ করিয়াছেন। বাবু প্যারীচরণ সরকারের দ্বারা ইতিপূর্বে কাগজাদি পরিচিত হইয়াছেন। [illegible] যে লোকদিগকে বড় হইয়াছিলেন তাহা নির্ণয় আবশ্যক হইল।

হিন্দুবান্ধব পত্রিকা বলেন সম্প্রতি পাকেট সাহেবের পত্নী এক জন দোকানদারকে ধরিয়া ভয়ানক আঘাত করিয়াছেন। সাহেবের ছেলেরা ঐ দোকানদারের দোকানে গিয়া সর্বদাই উপদ্রব করিত। দোকানদার তাহাদের ঐরূপ ব্যবহারে জ্বালাতন হইয়া এক দিন মেম সাহেবের নিকট গিয়া এই সকল কথা জানায়। তিনি সন্তানদিগকে শাসন করা দূরে থাকুক, দোকানদারকে তিরস্কার করিয়া দিয়াছিলেন। [illegible] তাহার দোকানের [illegible] লইয়া পলায়ন করে। দোকানদার তাহাদিগের পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইয়া আপন দ্রব্য কাড়িয়া লয়; কিন্তু তাহা আর পার যায়? মেম সাহেব ঘর হইতে এই ব্যাপার দেখিয়া ক্রোধে অধীর হইয়া তৎক্ষণাৎ দোকানে আসিয়া আসেন এবং বেত্রাঘাতে তাহার দেহ জর্জর করিয়া [illegible]। [illegible] তাঁহার নামে নালিশ উপস্থিত হয় এবং উভয় পক্ষের সাক্ষ্য গৃহীত হইলে [illegible] মেম সাহেবের এক টাকা মাত্র জরিমানা করিয়া খালাস দিয়াছেন। আহা কি সুবিচার! [illegible] সাহেব মহাপ্রভুকে উত্তম শিক্ষা দিয়াছেন।

[illegible] শেষ হইয়াছে, অতএব [illegible] ও পদোন্নতি হইল। যথা:—

এই সপ্তাহে [illegible] আসাম, [illegible] ও [illegible] মহীশূর দুর্গ ও [illegible] ভারতবর্ষে [illegible] হইয়াছে। [illegible] ও [illegible] কার্য [illegible] এবং [illegible] হইয়াছে। মহীশূরে [illegible]

[illegible] পণ্য বণিক [illegible] অধবোধ, [illegible] করিয়াছে, [illegible] হয় নাই। কিন্তু বেহারে [illegible] বণিকের [illegible] উহাদের অভাবে [illegible] পঞ্জাবে [illegible] শেষ [illegible] বলিগঞ্জ [illegible] হইয়াছে, কিন্তু [illegible] জেলায় ভয়ানক অনকষ্ট হইয়াছে। বহুসংখ্যক দরিদ্র লোকে অন্নকষ্টে মরিতেছে এবং [illegible] প্রদেশে শস্য ক্ষেত্রে প্রস্তুত করিতেছে, বাঙ্গালার উৎপন্ন শস্যের অবস্থা উত্তম। কতকগুলি জেলায় বৃষ্টির নিতান্ত প্রয়োজন, কোন কোন স্থানের লোকে আজিও জোয়ারধান্য কাটিতেছে, আসামে উৎপন্ন শস্যের অবস্থা উত্তম, কেবল গৌহাটিতে বৃষ্টির অভাব হইয়াছে, আরাকানে বড় বন্যাতে শস্যের হানি হইয়াছে, পঞ্জাবের সর্বত্র [illegible] এলাহাবাদে বিসূচিকা প্রবল। [illegible] ও বসন্ত এক প্রকারই রহিয়াছে।

গত এপ্রেল মাসে পাটনার গবর্ণমেন্ট স্কুলের [illegible] নিম্নলিখিত ছাত্রগণ উত্তীর্ণ হইয়াছেন। যথা:—

রং বাহাদুর রায়, পতিলাল, বিপিনবিহারী দেব, সাজাদ হোসেন, হরিনাথ মুখোপাধ্যায়, দুর্গাচরণ দত্ত, আনন্দলাল কবির, প্রথম ও বলদেবনাথ রায়, রামপদ বসু, সহদেব সিং; প্রাণকৃষ্ণ সিং, দ্বিতীয় এবং কৃষ্ণচন্দ্র ঘোষ ৩য় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন।

প্রেস কম্মিশনর সংবাদ দিয়াছেন গত ২৩ জুনে ফিলিপিন দ্বীপে ভয়ানক ভূমিকম্প হইয়া [illegible] ৩০ খানা গ্রাম একবারে সমভূমি ও তৎসঙ্গে বিস্তর লোক প্রাণত্যাগ করিয়াছে।

আমরা শুনিয়া অত্যন্ত দুঃখিত হইলাম, পঞ্জাবের লেপ্টেনান্ট গবর্ণর সার চার্লস এচিসন অতি কঠিন পীড়াগ্রস্ত হইয়াছেন। তিনি এক্ষণে [illegible] চেষ্টা বাকি।

আসামের খনিতে এখন যে সকল বিদেশীয় লোক কাজ কর্ম করিতেছে, তাহার গবর্ণমেন্ট তাহাদিগকে অপসৃত করিয়া [illegible] নিযুক্ত করিবার অভিলাষী হইয়াছেন।

ইনাম বনাবস নামে জনৈক একজন উকিল, পুত্র ও পত্নী সমভিব্যাহারে কলিকাতায় আসিয়াছিলেন; ইনি একণে লাহোরে রহিয়াছেন, এইবার কলিকাতা যাইবেন। পুলিস গোপনে ইহার কার্য পর্যবেক্ষণ করিতেছেন।

সাধন ও নির্যাতনের অবসর পাইয়া অমনি আপন কৌতুকের স্বরূপ ওভারসিয়ার বিহারিলাল মুখোপাধ্যায়কে উপেন্দ্র বাবুর নামে গাছ চুরী করিয়া লওয়ার অভিযোগ উপস্থিত করিতে উপদেশ দেন। সুযোগ্য ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবু রাম চরণ বসু প্রথমতঃ ঐ মকদ্দমার অবস্থা তদন্ত করিবার জন্য পুলিষকর্ম্মচারির হস্তে ভার অর্পণ করায়, পুলিষ কর্ম্মচারী মকদ্দমে উপস্থিত ও সকল মনোরথ হইয়া অবস্থার সম্পূর্ণ বিপরীত ঘটনাস্থলে উপেন্দ্রবাবুকে দোষী সাব্যস্তে রিপোর্ট ও চালান দেন, আসামীর প্রার্থনামতে প্রশংসিত ডেপুটী বাবু মাজেষ্টর তদন্ত কারণে ঘটনাস্থলে উপস্থিত হন। অবস্থা দৃষ্টে ও তৎপূর্ব্ব ভাইসচেয়ারম্যান বাবু শ্যামাচরণ ভট্টাচার্য্য ও কমিশনর বাবু গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রভৃতির বাক্যে বিরোধীয় স্থান ও গাছে আসামীর চিরস্বত্ত্ব বিশিষ্টরূপে সপ্রমাণ হওয়ায় অতিশয় ঘৃণার সহিত অর্থাৎ উপস্থিত অমূলক মিথ্যা মকদ্দমা কেবল পূর্ব্ব রাগ ও দ্বেষ বশতঃ কষ্ট দেওয়ার অভিপ্রায়ে হইয়াছে, ইহাতে পুলিষের সাহায্য করা নিতান্তই বিস্ময়কর ও তাহা অনবধান বলিয়া উপলব্ধি হয় না, ইত্যাদি অভিপ্রায় প্রকাশ করিয়া আসামীর অনুকূলে মকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন। উল্লিখিত মকদ্দমার মূল বাদী ভাইসচেয়ারম্যান বাবু যদুনাথ মুখোপাধ্যায়। ইনিস্বপক্ষ সমর্থনার্থ মিউনিসিপাল ক্লার্ক নীলমাধব মুখোপাধ্যায়কে সাক্ষ্য দিবার জন্য উপস্থিত করিয়াছিলেন; কিন্তু প্রতিবাদীর পক্ষসমর্থনকারী উকীল বাবু রামচন্দ্র মুখোপাধ্যায়ের পরীক্ষায় দাবীকৃত গাছে মিউনিসিপালিটীর স্বত্ব সপ্রমাণ হওয়া দূরে থাক তিনি মিউনিসিপাল কর্ম্মচারী সর্ব্বদা ভাইসচেয়ারম্যানের নিজকার্য্যে ব্যাপৃত থাকেন, এবং দেশ বিদেশ যাইয়া তাঁহার মকদ্দমার তদ্বির করেন ও তাঁহার অনুপস্থিতিকালের বেতন কর্ত্তন হয় না ও সে সম্বন্ধে কোন জবাবও করা হয় নাই, ইহা প্রকাশ হওয়াতে উক্ত মিউনিসিপালিটীর কার্য্যপ্রণালী নিতান্তই ঘৃণাকর ও নিন্দনীয় বলিয়া জনসমাজে প্রকাশ হইয়াছে। জন সাধারণের অর্থব্যয়ে এ প্রকার মিথ্যা মকদ্দমা উপস্থিত করা ও পুলিষের নিকট অযথা সাহায্য লওয়া সামান্য দুঃখের বিষয় নহে। বিশেষতঃ মিউনিসিপাল কর্ম্মচারীর দ্বারা প্রতিনিয়ত ভাইসচেয়ারম্যানের স্বকার্য্যসম্পাদন করিয়া লওয়া ও বেতন কর্ত্তন না করা নিতান্তই দোষের বিষয় সন্দেহ নাই, এবম্প্রকার বীভৎস ব্যাপারে গবর্ণমেণ্ট, মহাশয় ও মহাশয়ের পাঠকবর্গের দৃষ্টি আকর্ষণ করা উচিত ও প্রতিবিধানের দরকার। কর্ত্তৃপক্ষের দৃষ্টি থাকিলে ঐরূপ ঘটনা জনসাধারণের পোষিকস্বরূপ অর্থের অপব্যয় কখনই হয় না। অতএব অবিলম্বে উল্লিখিত শোচনীয় ব্যাপার যাহাতে না ঘটে, তদ্বিষয়ে সাধারণে অবশ্যই মনোযোগ দিবেন। অধিকন্তু বেঙ্গলী মহাশয়ের এবং পাঠকবর্গের অবগতির জন্য ডেপুটী বাবুর রায়ের অনুবাদ নিম্নে উদ্ধৃত করিয়া দেওয়া হইল।

অনারেবল উলাসিয়াসি-

ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবুর রায়।

বাদী	প্রতিবাদী
বিহারিলাল মুখোপাধ্যায়	উপেন্দ্রলাল মুখোপাধ্যায় ও প্রতাপ বাউরী।

দণ্ড বিধি আইনের ৩৭৯ ধারানুসারে আসামী উপেন্দ্রলাল মুখোপাধ্যায় ও প্রতাপ বাউরী পুলিষ কর্ত্তৃক আদালতে প্রেরিত হয়। ইহারা উলা মিউনিসিপালিটীর পাঁচ টাকা মূল্যের একটী বাবলাগাছ কাটিয়া লইয়াছে বলিয়া অভিযোগ করা হয়।

বাবলাগাছটী কাটিয়া লওয়া হইয়াছে ইহা উভয় প্রতিবাদীই স্বীকার করিয়াছে কিন্তু তাহারা বলে যে বাবলাগাছটির তাহারাই প্রকৃত অধিকারী। যে ভূখণ্ডে বৃক্ষটী ছিল, তাহা প্রতিবাদী উপেন্দ্রলাল মুখোপাধ্যায় আপনার অধিকার বলিয়া নির্দ্দেশ করিল।

বিচারার্থ ওভারসিয়ার বিহারিলাল মুখোপাধ্যায় মিউনিসিপালিটীর কেরাণী নীলমাধব মুখোপাধ্যায়, রাখাল চন্দ্র, মিউনিসিপাল কুলি জীবন মুচী এবং ভাইসচেয়ারম্যান যদুনাথ মুখোপাধ্যায়ের জবানবন্দী গ্রহণ করিল। তৎপরে আমি স্বয়ং ঘটনাস্থলে উপস্থিত হইয়া অনুসন্ধানে প্রবৃত্ত হইলাম এবং তথায় পূর্ব্ব ভাইসচেয়ারম্যান শ্যামাচরণ ভট্টাচার্য্য এবং বর্ত্তমান স্থায়ী মিউনিসিপাল কমিশনর গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের সাক্ষ্য গ্রহণ করিলাম। যেস্থানে বৃক্ষটী স্থাপিত ছিল, তাহাও পর্য্যবেক্ষণ করিলাম।

উলা মিউনিসিপালিটী পুঙ্খানুপুঙ্খরূপে বিচারে থাকায় ঘটনাস্থলে উপস্থিত হইয়া, বিভিন্ন মতাবলম্বী ও প্রমাণদায়ক ব্যক্তিদিগের সাক্ষ্য গ্রহণ এবং বাদী প্রতিবাদীর প্রদত্ত সাক্ষীর দ্বারা অতি বিশদরূপে প্রতীয়মান হইতেছে যে, বৃক্ষটীর উপর প্রতিবাদীর সম্পূর্ণই স্বত্ব আছে এবং এ অভিযোগটী নিতান্তই অমূলক। এই ঘটনাটীর কিয়ৎকাল পূর্ব্বে সাক্ষী ... আসামী উপেন্দ্রলালের বিরুদ্ধে আর একটী অভিযোগ করিয়াছিল। সে মকদ্দমার কার্য্যপ্রণালী দৃষ্টে উপলব্ধি হয় যে এ অভিযোগটী সম্পূর্ণ বিদ্বেষপ্রণোদিত এবং প্রতিবাদীর উপর আক্রোশ, ... যে অনুরাগ আছে, তাহার চরিতার্থতার ... অলীক বাক্য দ্বারা পরিপুষ্ট। ... ঘটনাবলীর দ্বারাও প্রতীতি হয় যে এই অভিযোগটী বিদ্বেষমূলক এবং আসামীকে পুনর্ব্বার ... অনুভব করাইবার নিমিত্ত চালিত হইয়াছে। আমি উহাও স্বীকার করিতে বাধিত হইতেছি যে ... বিরুদ্ধে ভাইসচেয়ারম্যানের প্রকার ... ও সাহায্য প্রদান করিয়াছেন তাহা নিতান্তই নিন্দনীয়। ঘটনাবলী পরিদর্শন দ্বারা আমি বলিতে প্রস্তুত হইতেছি এ মকদ্দমাটী যে নিতান্ত অমূলক তাহা ভাইসচেয়ারম্যানের অবিদিত নাই এবং প্রতিবাদীর প্রতি অসদ্ভাব নিবন্ধন তাহাকে উত্যক্ত করিবার নিমিত্তই তিনি এ মকদ্দমার সহযোগী হইয়াছেন; বৃক্ষটী ও যে স্থানে তাহার সংস্থিতি সন্নিবেশ, এতদুভয়েরই প্রতিবাদী অধিকারী। কিন্তু বৃক্ষটী ও পরিধিস্থিত অপর বৃক্ষের বৃক্ষেও প্রতিবাদীর স্বত্ব আছে এবং তিনি ঐ সমস্ত পাদপশ্রেণীর পরিবর্দ্ধনে বিশেষ প্রয়াসও স্বীকার করিয়া থাকেন। প্রত্যুত, আমি অতীব বিস্ময়াবিষ্ট হইতেছি যে এ মকদ্দমার প্রশ্রয় প্রদান দ্বারা পুলিষ এত দূর অনবধানতার পরিচয় কিরূপে প্রদান করিল। এ বিষয়ে আমার ধারণা এই যে পুলিষের এইরূপ অনবধানতা সম্পূর্ণ অনিচ্ছাপূর্ব্বক নহে। এই সমস্ত ঘটনা সন্দর্শনে আমার বিশদরূপে হৃদয়ঙ্গম হইতেছে যে, এই অভিযোগটী নিতান্তই অমূলক। সুতরাং দণ্ডবিধির ২৫৩ ধারানুসারে আমি প্রতিবাদীকে অব্যাহতি প্রদান করিতেছি। এই মকদ্দমার ঘটনাবলীর দ্বারা মিউনিসিপালিটীর কতকগুলি ক্রিয়াকলাপ পরিজ্ঞাত হওয়া যাইবে, যাহা ভাইসচেয়ারম্যানের মর্য্যাদাসঙ্গত নহে।

রামচরণ বসু

ডেপুটী ম্যাজিষ্ট্রেট।

১৩।৪।৮৪

ক

৩রা আষাঢ় সোমবার।

"মিউনিসিপালিটী ও পুলিষের অত্যাচার।"

পাঠক! মিউনিসিপালিটী ও পুলিষের অত্যাচারের একটী প্রকার প্রেরিতরূপে দর্শন করিবেন। সেই প্রকারটী আমাদের অদ্যকার এ প্রবন্ধের মূল।

উলার মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান ও ... পুলিষ উপেন্দ্রবাবুর প্রতি যে ব্যবহার করিয়াছেন, তাহা আমরা স্বচক্ষে দেখি নাই বটে; কিন্তু ... মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান ... ব্যবহার দ্বারা আমরা ...

ত্রিকালদর্শী ঋষিগণের ন্যায় স্পষ্টপ্রত্যক্ষবৎ প্রত্যক্ষ দেখিতেছি। অনুমান হইতেছে, রাজপুর মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান এক্ষণে মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান কেন যে স্বেচ্ছাচারী হইবেন। ভাইসচেয়ারম্যান বাবুদিগের অত্যাচারকারিতা-দোষ ঘটিবার একটী বিশেষ কারণ ঘটিয়াছে। রাজপুরুষেরা সম্ভ্রান্ত লোক দেখিয়া ভাইসচেয়ারম্যান করেন; কিন্তু লক্ষ্মী ও সরস্বতীতে চিরবিবাদ। সুতরাং অধিকাংশ ভাইসচেয়ারম্যান বাবুর সরস্বতীর সহিত সদ্ভাব নাই। ভাল লেখাপড়া জ্ঞান না থাকাতে অধিকাংশ ভাইস চেয়ারম্যান বাবুর মিউনিসিপালিটী সম্বন্ধে প্রকৃত কর্ত্তব্যজ্ঞান থাকে না। তাঁহারা মনে করেন, মিউনিসিপালিটী তাঁহাদের নিজের তালুক। যা ইচ্ছা তাই করেন। যাহাতে মিউনিসিপালিটী হইতে দশ টাকা আয় হয়, সে চেষ্টাতেও বিমুখ হন না। মিউনিসিপালিটীকে দশ টাকা উপার্জ্জনের পথও অনেক আছে। রাস্তা পুল প্রভৃতি কণ্ট্রাক্টে হয়, খোঁয়াড় প্রভৃতি নিলাম আছে। যিনি উপার্জ্জন করিবের মনে করেন, তিনি কণ্ট্রাক্টরের সহিত যোগ করিয়া অনায়াসে দশ টাকা লইতে পারেন। একটী রাস্তা নূতন প্রস্তুত করা হইল। তাহাতে তিন শত টাকা খরচ পড়িল। কণ্ট্রাক্টর পাঁচ শত টাকার বিল করিল। ভাইসচেয়ারম্যান তাহা মঞ্জুর করিয়া লইলেন। যে দুই শত টাকা লাভ হইল, কণ্ট্রাক্টরে ও ভাইসচেয়ারম্যানে তাহা ভাগাভাগি হইল। কে তাহার তত্ত্ব লয়, কেবা হিসাব করে? খোঁয়াড়ে একটা গরুতে পাঁচ আনা লওয়া হইল। গরুর সম্মুখে গোটা পাঁচ ছয় খড় খুলিয়া দেওয়া হইল। গরুটী ক্রমে ক্ষীণ হইয়া অস্থিচর্ম্মসার হইতে থাকে। পক্ষান্তরে, গরুর খোরাকী পয়সার অংশভাগী হইয়া খোঁয়াড়রক্ষক ও ভাইসচেয়ারম্যান-বাবু হৃষ্টপুষ্ট হইলেন।

এস্থলে একটী উদাহরণ প্রদর্শন করিয়া আমাদিগকে পত্রপ্রেরকের পক্ষ সমর্থন করিতে হইল। রাজপুর মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান-বাবু সেই উদাহরণ। তাঁহার সহিত আমাদের জাতিত্ব সম্বন্ধ নাই, আমরা ব্রাহ্মণ, তিনি শূদ্র, কিন্তু তিনি আমাদের জাতির শত্রু হইয়া দাঁড়াইয়াছেন। আমরা তাঁহার অত্যাচারের কথা সর্ব্বদা সোমপ্রকাশে লিখিয়া থাকি। এই নিমিত্ত আমাদের উপরে তাঁহার এত রাগ যে তিনি আমাদের গ্রামের নাম করেন না। তাঁহা হইতে আমাদের গ্রামের একটী মঙ্গল চেষ্টাও হয় না। পাঠক! রাবণের অপরাধে সমুদ্রের বন্ধন, রামায়ণে শুনিয়াছেন এবং আমাদের অপরাধে ভূমির প্রতি পাদের কথা মহাভারতে পড়িয়াছেন; এক্ষণ আমাদের অপরাধে আমাদের গ্রামবাসিদিগের দণ্ডের কথা শুনিবেন। আমাদের ভাইসচেয়ারম্যানবাবু আমাদের নামে কোন ফৌজদারী মকদ্দমা ঘটান নাই বটে; কিন্তু একটী বিতর্কের পথ লইয়া তিন আদালতে মকদ্দমা করিয়াছেন এবং হারিয়াছেন। তিন আদালতে মকদ্দমা চালাইয়া মিউনিসিপালিটীর টাকা বৃথা নষ্ট করিয়াছেন, অবশেষে আমাদের প্রাপ্য খরচা দিয়াছেন। কেবল এই মাত্র নয়, সম্প্রতি একটী বহুকালের পথ বন্ধ করিবার সহায়তা করিয়া বিষম অনর্থ ঘটাইয়াছেন। এই বিবাদমূলক একটী খুনের বাক্য হইয়াছে। ভাইসচেয়ারম্যানবাবু যদি অন্যায় সহায়তা না করেন, ন্যায় ও আইন অনুসারে কাজ করিতেন এবং ঠিক কথা কহিতেন, খুনটী হইত না এবং এক ঘর ব্রাহ্মণও মজিত না। আমাদের ভাইসচেয়ারম্যান বাবু আমাদের সহিত কার্য্য সম্বন্ধে সকল সময়েই কৌশল খেলেন; দুঃখের বিষয় এই, শেষ রক্ষা করিতে পারেন না। আমরা যে বিবাদের কথা কহিতেছি, এস্থলেও তিনি বিলক্ষণ কৌশল খেলিয়াছেন। যে দিন মিউনিসিপাল কমিটিতে বন্ধ করা পথের কথার উত্থাপন হয়, সে দিন চেয়ারম্যানের প্রতিনিধি একজন নূতন লোক আইসেন। তিনি বলিলেন পথটী দেখিয়া হুকুম দিবেন। এক মাস পরে দেখিবেন, কি দুই মাস পরে দেখিবেন, তাহার কোন কথা কহিলেন না। তত দিন পথ বন্ধ থাকিলে যে লোকের কিরূপে চলিবে, নূতন লোক বলিয়া তাহা বুঝিতে পারিলেন না। আমাদের ভাইসচেয়ারম্যান বাবু অতি কৌশলী, পথটী বন্ধ হইয়া যায়, তাহা তাঁহার অভিপ্রেত, সুতরাং তিনিও বুঝাইয়া দিলেন না। তিনি যদি বুঝাইয়া দিতেন, তাহা হইলে সমুদায় গোলযোগ মিটিয়া যাইত। গোলযোগ মিটান তাঁহার উদ্দেশ্য নয়। অতএব তিনি আরও গোল বাধাইয়া দিলেন।

আমাদের রাজপুরুষগণের কড়াকড় কেমন, মিউনিসিপালিটীর কার্য্যভার স্বাধীনভাবে এ দেশীয়ের হস্তে দিতে চান না; কিন্তু তাঁহাদের মনোনীত ভাইসচেয়ারম্যানেরা যে অত্যাচার করেন, রাজপুরুষেরা সে দিকে বক্রিমভাবে এক বার নয়নক্ষেপও করেন না। যখন মিউনিসিপালিটী ছিল না, তখন আমরা কেবল কান্না কাঁদিয়াছি, কাহারও অত্যাচার সহ্য করি নাই; কিন্তু এখন কান্নাও কাঁদিতে হইতেছে এবং অত্যাচারও সহ্য করিতে হইতেছে। কেন অত্যাচার হয়, আর কেনই বা মিউনিসিপালিটীর অর্থ বৃথা নষ্ট করা হয়, এ বিষয় জানাইলে রাজপুরুষেরা কর্ণপাত করেন না। কর্ণপাত না করিবার একটী বিশেষ কারণ ঘটিয়াছে। ভাইসচেয়ারম্যানবাবু চেয়ারম্যান ও মাজিষ্ট্রেট সাহেবকে এই কথা বলিয়া বুঝাইয়া রাখিয়াছেন যে বিদ্যাভূষণের ভাইসচেয়ারম্যান বাবুর সহিত শত্রুতা আছে, তাই তিনি ঐরূপ লিখিয়া থাকেন। বড় দুঃখ ও আশ্চর্য্যের বিষয় এই, কে মিথ্যা বলে, রাজপুরুষদিগের এ পর্য্যন্ত তাহার অনুসন্ধান করিয়া দেখিবার অবসর হইল না! আমাদের রাজপুরুষেরা কি কেবল কর্ণবান? তাঁহাদের চক্ষু নাই? একবার ঘটনাস্থলে গিয়া দেখিলেই ত সব গোল মিটিয়া যায়। উভয়ের মধ্যে যে মিথ্যাবাদী, অভিযোগ করিয়া তাহার দণ্ডবিধান করা কি উচিত নয়?

পুলিস যে কেমন ধর্ম্মভীরু নির্লোভ ও কর্ম্মদক্ষ, বেণী কড়াইয়ের হত্যা তাহা প্রমাণ করিয়া দিয়াছে। পুলিসের গুণে প্রত্যক্ষ প্রমাণসত্ত্বেও হত্যাকারিদিগের দণ্ড হইল না। পুলিসের বাক্যে বিচারপতির এমনি ভ্রমধারণা হয় যে তিনি সাক্ষী পূর্ণকরের বাক্যে বিশ্বাস করিয়াও করিলেন না; পূর্ণ যত বার এজেহার দিয়াছে, তত বারই এক কথা কহিয়াছে। দুই মাস তাহাকে হাজত দেওয়া হয়, তথাপি তাহার কথার কোন পরিবর্ত্ত হয় নাই। সে যদি প্রকৃত ঘটনা না দেখিত, অবশ্যই তাহার কথার কোন ব্যত্যয় হইত। সে যে বেণীকে ডাকিয়া আনিয়াছিল, বেণীর মাও সে কথা কহিতেছে। পূর্ণ বলে বেণীকে ৭। ৮ জনে মারিতেছে দেখিয়াছে। যাহারা প্রহার করে, তাহারা হত্যা করিল না, তবে কি ভূতে হত্যা করিয়া গেল? যে দিন বেণী কড়াই হত হয়, সে দিন হত্যাকারিরা বাড়ী ছাড়িয়া পলাইয়াছিল, প্রথম তদন্তকারী পুলিস-কর্ম্মচারী ইহা দেখিয়াও দেখিলেন না! হত্যাকারিদিগের যে ভাব হইয়াছিল, তাহা বুঝিয়াও বুঝিলেন না। ইহার ভিতর অনেক রহস্য আছে। যদুনাথ মাধব বড় চক্রী। তাঁহার চক্র কেবল কুরুক্ষেত্রের যুদ্ধে ও দ্রৌপদীর স্বয়ম্বরে কার্য্য করিয়াছিল, তাহা নয়, আলিপুরেও উমেশ ঘোষের মকদ্দমার সময়ে বিলক্ষণ কার্য্য করিয়াছে। জয়েণ্ট মাজিষ্ট্রেট সাহেবের বুদ্ধিকেও আবিল করিয়া তুলিয়াছিল। আর একটী রহস্য এই, দুর্য্যোধনের মাতা বিজয় বাবুকে ধর্ম্মবাপ বলিয়া কাঁদিয়া পড়িয়াছিলেন। তৃতীয় রহস্য বিধুর স্ত্রী এক শত টাকা পাইয়া অনেকের অনুরোধে ভয়ে প্রকৃত কথা কহিলেন না। চতুর্থ রহস্য, অঘোর বাবু সকলেরই অধ্যক্ষ। পঞ্চম রহস্য যে দিন বেণীকড়াই হত হয়, সেই রাত্রিতে ও তাহার পরে প্রধান হত্যাকারী অনেক টাকা কর্জ্জ করে। কেন কর্জ্জ করিল, কাহার নিকটে কর্জ্জ করিল, ষষ্ঠ রহস্য এই, কেহই এ সকল গূঢ় বিষয়ের অনুসন্ধান করিল না।

হিন্দুসমাজ সংস্কার ও আর্য্যদর্শন (১)।

আমরা আর্য্যদর্শনের পঞ্চম খণ্ডে "হিন্দুসমাজ সংস্কার" এই নামের একটী প্রস্তাব দেখিলাম। এবিষয়ে আমাদিগেরও কিছু বলিবার ইচ্ছা জন্মিল। আমরা দেখিতেছি, লেখা পড়া শিখিয়া যাঁহারা মানুষের মত হইতেছেন, হিন্দুসমাজের বর্ত্তমান শোচনীয় দশা তাঁহাদের অনেকেরই হৃদয়কে বিদলিত করিতেছে। এ সমাজের যে সংস্কার হয়, অনেকের এ ইচ্ছা জন্মিয়াছে। কিন্তু অনেকে সৎসাহসের অভাবহেতু ইচ্ছা কার্য্যে পরিণত করিতে পারিতেছেন না। যাঁহারা কার্য্যে অগ্রসর হইতেছেন, তাঁহাদিগেরও সম্মুখে নানাপ্রকার বিঘ্ন বিপত্তি বিভীষিকা প্রদর্শন করিতেছে। পতিত সমাজের উত্তোলনসাধন বড় কঠিন কর্ম্ম। অনেক বিজ্ঞলোকের মত এই, যে সমাজ অতি উচ্চতর দশা হইতে পতিত হয়, তাহার আর পুনরুত্থান হইয়া পূর্ব্ববৎ অবস্থা হয় না। রোম গ্রীস প্রভৃতি প্রাচীন সমাজগুলি ইহার উদাহরণ। আর্য্যদর্শনের লেখক বলেন, "হিন্দুসমাজ একদিন প্রচণ্ড স্রোতস্বিনী ছিল। উন্নতির স্রোত ইহাতে প্রচণ্ডবেগে বহিয়াছিল। কিন্তু ভাগ্যদোষে সে স্রোত এখন একেবারে বদ্ধ হইয়া গিয়াছে। আবার স্রোত বহাইতে হইবে। মরা নদীর পঙ্কোদ্ধার করিয়া আবার তাহাকে প্রবল স্রোতস্বিনীতে পরিণত করিতে হইবে। স্রোত বদ্ধ হওয়ায় যে সকল শৈবাল দাম জন্মিয়াছে, তাহা উঠাইয়া ফেলিতে হইবে। শৈবাল দাম ও পঙ্করাশি উঠাইয়া ফেলিলেই নদী আবার সাগরাভিমুখিনী হইবে—আবার তটবর্ত্তী প্রদেশে জীবন ও সমৃদ্ধি বিস্তার করিবে। ইহা সম্পূর্ণরূপে নিরাপদ। যাহা নিরাপদ, তাহা ফেলিয়া যাহা সমাগত, তাহার জন্য চীৎকার করিয়া মরি কেন?"

মৃত হিন্দুসমাজকে পুনরুজ্জীবিত করিয়া তুলা যে কেমন কঠিন কর্ম্ম, লেখক মরা নদীর উপমা দিয়া তাহা স্পষ্ট সপ্রমাণ করিয়া দিয়াছেন। মরা নদীর উদ্ধার করিতে গেলে অর্থবল শারীরিক বল ও দৃঢ়তর অধ্যবসায় প্রভৃতি অনেক উপকরণের প্রয়োজন। নূতন নদী কাটান সহজ, কিন্তু পুরাণ নদীর পঙ্কোদ্ধার বড় কঠিন কাজ। যত বালি তুল, অন্য স্থানের বালি আসিয়া তাহা পূর্ণ হইয়া যায়। হিন্দুসমাজের সংস্কার ইহার অপেক্ষাও অধিকতর দুরূহ কার্য্য। ইহার বিস্তৃত অনেক বালি আছে। তাহার অপসারণ সহজ কার্য্য নয়। তাহার অপসারণে দৃঢ়তর শারীরিক বল ও মানসিক বলের একান্ত প্রয়োজন। অগ্রে সে বলের সংগ্রহ না হইলে হিন্দুসমাজের [illegible] সংস্কার হইবার কি সম্ভাবনা আছে? যাঁহার [illegible] উন্নত ও বলিষ্ঠ না হয়, তিনি কি সমাজের [illegible] সাহস বাঁধিতে পারেন? যদি বা সাহস [illegible], তাহা তাঁহার অবিমৃষ্যকারিতার ফল হইয়া উঠে। ফল কিছুই হয় না। মানসিক বল অধিকাংশ শারীরিক বল সাপেক্ষ। যাঁহারা হিন্দুসমাজের সংস্কারার্থী, অগ্রে তাঁহাদিগের শারীরিক বল সঞ্চয়ের উপায় অন্বেষণ করা কর্ত্তব্য। হিন্দুরা বিশেষতঃ বাঙ্গালিরা এ দুর্ব্বল দেহে কখন সমাজের সংস্কারে সমর্থ হইবেন না। আমরা উপরেই বলিয়াছি, শরীর শক্ত না হইলে মন শক্ত হয় না। মন শক্ত না হইলে, সৎসাহস জন্মে না, সৎসাহস না জন্মিলে সমাজ [illegible] উদ্ধার করিবার শক্তি জন্মে না। শারীরিক ও মানসিক বলসম্পন্ন হইবার উপায় কি? আজ আমরা বাঙ্গালিদিগেরই এ উপায়ের চিন্তনে প্রবৃত্ত হইলাম।

চারা গাছের শেষ নাশ করিলে সে গাছ ভাল হয় না, তাহার ফলও পুষ্ট হয় না। শীঘ্র সে গাছে ও ফলে পোকা ধরিয়া যায়। বাল্যবিবাহদ্বারে বঙ্গ দম্পতীর যে সন্তান জন্মে, তাহা চারাগাছের ফলজাত বৃক্ষের ন্যায় দুর্ব্বল হয়। তাহার শারীরিক ও মানসিক কোন বলই প্রায় থাকে না। অতএব সমাজকে বাল্যবিবাহরূপ কুসংস্কার হইতে দূরীভূত করিবার চেষ্টা করা সমাজ সংস্কারার্থী ব্যক্তি মাত্রেরই কর্ত্তব্য। আমাদের বিবেচনায় আহার প্রণালী ও বাস প্রণালী অপেক্ষা ইহারও অগ্রে পরিবর্ত্তন করা আবশ্যক। অসারের [illegible] প্রণালী ও ভোজ্যদ্রব্যের দোষে দেহ [illegible] দুর্ব্বল ও অসুস্থ থাকে। এ অবস্থায় বলসাধ্য কোন কার্য্যেই প্রবৃত্তি জন্মে না। পাঠক কি দেখিতে পাইতেছেন না, এই কারণেই ছেলের দল হরিসভায় ও ব্রহ্মসভায় [illegible]। সেই সেই সভায় গেলে হাত পা নাড়িতে হয় না, উঠিয়া দাঁড়াইবার শ্রমও স্বীকার করিতে হয় না। এই কারণেই বেশভূষাদি কার্য্যে পুরুষকারের [illegible] [illegible]। অধিকাংশ [illegible] জাতির ব্যবহার [illegible] স্পষ্ট বোধ হয়, আমোদ প্রমোদে পাছে [illegible] হেসে খেলে দিন কেটে গেলেই হইল। কিছু উৎপন্ন হউক, সমাজের কাছে যে [illegible] অংশের সে বোধ হয় না। অন্যের [illegible] দিগের বড় ইতর বিশেষ নাই।

আর্য্যদর্শনের লেখক কি এই সকল [illegible] সমাজের সংস্কার করিবেন? যাঁহারা সমাজের [illegible] হইবেন, তাঁহাদিগকে আগে [illegible] বুঝুন। বিধবাবিবাহ প্রচলন ও বহুবিবাহ নিবারণ প্রভৃতি কার্য্যগুলি একপ্রকার সংস্কার। তাই আমরা যে সংস্কারের কথা কহিলাম, তাহা অন্য প্রকার। আহারের [illegible] সংস্কার ব্যতিরেকে সমাজ [illegible] উঠিতে পারিবে না। সমাজ বলিষ্ঠ হইলে বিধবাবিবাহ প্রভৃতি সহজে প্রচলিত হইয়া উঠিবে এবং [illegible] স্বয়ং আসিয়া বরণ করিবে। পাঠক! এ বিবেচনা করিবেন না যে, আমরা বিধবাবিবাহ [illegible] বিষয়ে সমাজকে উদাসীন থাকিতে উপদেশ দিতেছি। আমরা যে প্রস্তাব করিলাম, তাহার সঙ্গে সঙ্গে এ চেষ্টাও হইতে থাকুক।

(১) আমরা এক্ষণে আর্য্যদর্শনের বিলক্ষণ উন্নতি দেখিলাম। [illegible] পূর্ণ হইয়াছে, [illegible] [illegible]

"আমাদের সভ্যতার কি বিনাশ হইবে?"

১৮৭৬। ৪ মার্চ্চ মাসের [illegible] রিভিউ [illegible] এই প্রস্তাবটী লইয়া আন্দোলন করিয়াছেন। প্রস্তাবের প্রস্তাবটী করাতে বোধ হয়, লেখকের মনে এরূপ সন্দেহ আছে, বর্ত্তমান সভ্যতার বিলোপ হইতে পারে। আমাদের মতে তাঁহার এ সংশয় [illegible]। জগতের কোন পদার্থই স্থির নয়। এই অনিত্যতা বৈদান্তিকদিগের মনে এমনি বদ্ধমূল হইয়াছিল যে, তাঁহারা রজ্জুতে সর্পের ন্যায় জগতকে ভ্রম পদার্থ বলিয়া মত প্রচার করিয়াছিলেন। একজন কবি বলেন,—

যদুপতেঃ ক্ব গতা মথুরা পুরী
রঘুপতেঃ ক্ব গতোত্তরকোশলা।
ইতি বিচিন্ত্য কুরুষ্ব মনঃ স্থিরং
ন সদিদং জগদিত্যবধারয়॥

যদুপতি কৃষ্ণের মথুরাপুরী কোথায় গিয়াছে। রঘুপতি রামের অযোধ্যা কোথায় গিয়াছে? এই চিন্তা করিয়া মন স্থির কর, জগৎ নিত্য নয়, অবধারণ করিয়া রাখ।

এটী কোন শোকপীড়িত ব্যক্তির বন্ধুর সান্ত্বনা বাক্য। কিন্তু ইহাতে জগতের পরিণতি বিষয়টী সুন্দর বর্ণিত হইয়াছে।

রিভিউয়ের লেখক সভ্যতার লয় হইবার তিনটী কারণের নির্দ্দেশ করিয়াছেন। প্রথম নৈসর্গিক; দ্বিতীয় মানসিক; তৃতীয় প্রকৃতি ও মন উভয় ঘটিত। প্রলয়, বন্যা প্রবল [illegible] প্রভৃতি সভ্যতা বিনাশের নৈসর্গিক কারণ। দ্বিতীয়, মনের বিকৃত ভাব। অবিবেচক অসৎ সাহিত্য প্রণয়ন। বহুল পরিমাণে অশ্লীল গ্রন্থের প্রচার হইলে সভ্যতার বিনাশ হইয়া যায়। ফরাসী রাজ্যে এই কারণের অধিকের প্রাদুর্ভাব আছে। তৃতীয়, সমাজের উচ্চ শ্রেণীর অধিকাংশের এই মত, বিবাহ না করা; যদি বা বিবাহ করা হয়, সন্তানোৎপাদন না করা।

লেখক যে তিনটী বিষয়ের নির্দ্দেশ করিয়াছেন,

ইহার আংশিক [illegible] বটে। [illegible] কারণতা সম্পাদিত হয়। বহুকালে ও পুরাকালে মহাপ্রলয়ের কথা আছে বটে, কিন্তু বহু দিনের ঐতিহাসিক সংবাদ জানিতে পাওয়া যাইতেছে, তাহার মধ্যে মহাপ্রলয়ের কথা শুনা যায় না। অতএব মহাপ্রলয় ও ভূকম্পাদি হইয়া বিশ্বজনীন সভ্যতার বিলোপ হইবে তাহার সম্ভাবনা অল্প। অসৎ গ্রন্থের প্রাদুর্ভাব হইয়া তাহার আলোচনায় যে সভ্যতার নাশ হইবে, এ আশঙ্কা অসার কল্পনা সম্ভূত সন্দেহ নাই। [illegible] বৌদ্ধগণ হইতে ইহার প্রতিঘাত জন্মিবার সম্ভাবনা। যাঁহারা বিবাহ ও সন্তানোৎপাদন না করিয়া সভ্যতা সংহারের সংকল্প করেন, তাঁহারা ত লোকাতীত লোক। সৃষ্টি রক্ষার্থই স্ত্রী পুরুষ সৃষ্টি হইয়াছে। বিধাতা ইন্দ্রিয়বৃত্তিকে এরূপ বলবতী করিয়া দিয়াছেন যে সাধারণে ঐ সকল সম্পন্ন করা সাধ্যায়ত্ত নয়। দুই চারি জনের কথা আমরা ধরি না।

সভ্যতা যেমন কেন সর্ব্বাঙ্গসম্পন্ন হউক না, প্রকৃতির যে নিয়ম আছে, ইহার সংহার অনিবার্য। অন্য অন্য পদার্থের যেমন বাল্য যৌবন প্রৌঢ় ও বৃদ্ধ অবস্থা আছে, সভ্যতারও তেমনি আছে। চরম অবস্থা উপস্থিত হইয়া আসিলেই ইহার ক্ষয় হইয়া যাইবে। মানুষের মন অতি অদ্ভুত পদার্থ। ইহাতে লোভ ও অভিমান প্রভৃতি যে ক্রিয়া করে, বরং পৃথিবীর গতি রোধ করা যায়, তথাপি তাহাদের গতি রোধ করা যায় না। ইউরোপীয়েরা ও আমেরিকানেরা এখন উচ্চতর সভ্যতা সম্পন্ন। কিন্তু যখন বিদ্বেষ পরস্পরের মনে প্রবল হইয়া উঠিবে, তখন আপনারা কাটাকাটি করিয়া মরিবে। সভ্যতা তাহাদের হস্ত রোধ করিতে পারিবে না। গ্রীক ও রোমকেরা কি বড় কম কাটাকাটি করিয়া উৎসন্ন যায় নাই? রোমকদিগের সভ্যতাই অন্তঃসার শূন্য করিয়া তুলিয়াছিল। তাহাতেই রোম ক্ষয় হইয়া পড়ে। [illegible] জাতীয়েরা নিমিত্ত মাত্র হয়। যে সময়ে [illegible] হন, তখন ভারতের বিলক্ষণ উন্নতি [illegible]। কিন্তু দুর্য্যোধনাদির অভিমান ও [illegible] পাণ্ডবদের [illegible] সেই উন্নতিকে সেই সময়েই ভূতলশায়িনী করিয়া দেয়। তাহার পর [illegible] আবার কতদিন লাগিয়াছে। অতএব এই নিশ্চয় হইতেছে, মানুষের মনই সভ্যতার কারণ, আবার সভ্যতা নাশেরও কারণ।

ভারতবর্ষে রেলওয়ে।

আমরা ভারতে দুই একটী রেলপথ দেখিয়া [illegible] করি, আমাদের আর রেলওয়ের প্রয়োজন নাই। [illegible] কিন্তু যদি আমেরিকা ও ইংলণ্ডের সহিত তুলনা করিয়া দেখি, তাহা হইলে বুঝিতে পারিব যে আমাদের দেশে রেলপথ নাই বলিলেই হয়।

বাষ্পীয় পোত বাষ্পীয় শকট প্রভৃতির উপকারিতার বিষয় নিশ্চয়ই সকলে স্বীকার করিয়া থাকেন। এই সকল হইতেই বাণিজ্যের উন্নতি হয় এবং সেই সঙ্গে আমাদের ধন উন্নত হইতে থাকে। রেলওয়ে হইয়া কিরূপ সুবিধা হইয়াছে ও ইহার বিস্তৃতিতে কতদূর উপকার হইতে পারে সে বিষয়ের আন্দোলন করাই এই প্রস্তাবটীর উদ্দেশ্য।

মহাসভা পার্লিয়ামেণ্টে মধ্যে মধ্যে ভারতবর্ষে রেলওয়ের অভাব ও বিস্তার সম্বন্ধে বাদানুবাদ হইয়া থাকে। ভারতবর্ষ যেরূপ বিস্তীর্ণ স্থান, তাহাতে ১০০০০ দশ হাজার মাইল রেলপথ হইতে যে বিশেষ সুবিধার সম্ভাবনা নাই, ইহা উক্ত সভার সভ্যদিগের অনেকেই বেশ বুঝিয়াছেন। কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এ বিষয়ে বিশেষরূপ উৎসাহী ও উদ্যোগী না হইলে ইষ্টলাভের সম্ভাবনা নাই। গবর্ণমেণ্ট মধ্যবর্ত্তী হইয়া উৎসাহ দান দ্বারা ধনিদিগকে এ বিষয়ে প্রবর্ত্তিত করুন, আর স্বয়ং ও ঋণগ্রহণ করিয়া কতক পথ নির্ম্মাণ করুন। রেলওয়ে যে লাভজনক, ইহা সকলেই স্বীকার করেন। অতএব ঋণী হইলেও ইহার নির্ম্মাণে গবর্ণমেণ্টকে যে অধিক দিন ঋণগ্রস্ত থাকিতে হইবে না, ইহাতে আমাদের কিছুমাত্র সংশয় নাই। [illegible] ইংলণ্ডে একটী কমিটি হইয়া স্থির হইয়াছে যে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এই সকল লাভজনক হিতকর কার্য্যের জন্য এক বৎসরের মধ্যে অধিক ব্যয় করিতে পারিবেন না। আমরা এরূপ ২০০০০০০ টাকার নিয়মকে যুক্তিসিদ্ধ বলিয়া মনে করি না। কারণ, গবর্ণমেণ্টকে এরূপ নিয়মবদ্ধ হইয়া চলিতে হইলে আমাদের মঙ্গলের আশা সঙ্কুচিত হইয়া যায়। সকল রাজপ্রতিনিধি সমান বুদ্ধিমান কর্ম্মী কিম্বা উদারমতি নহেন, লর্ড রিপন হয়ত আরও ১০০০০ মাইল নূতন রেলওয়ে নির্ম্মাণের অনুমোদন করিতেন কিন্তু উক্ত নিয়মের অধীন হইয়া তিনি তাহা করিতে পারিলেন না। এটী দুঃখের বিষয় সন্দেহ নাই। এই সকল বিষয় সম্বন্ধে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে স্বেচ্ছানুসারে কার্য্য করিতে দেওয়াই ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের সম্পূর্ণ কর্ত্তব্য।

রেলওয়ে বিস্তার দ্বারা কৃষি ও বাণিজ্যের বিশেষ উন্নতি হইয়া থাকে। সকল স্থানে সকল দ্রব্য উৎপন্ন হয় না। আমরা অনেক দ্রব্যের জন্য যেমন ইংলণ্ডের মুখ চাহিয়া থাকি, ইংলণ্ডও সেইরূপ আমাদের মুখ চাহিয়া থাকেন। ভারতবর্ষের যে সকল প্রদেশে গমের চাষ হয়, সেই সকল প্রদেশে চাউল [illegible] হয় না। তজ্জন্য উভয় স্থানকেই পরস্পর সাহায্য লইতে হয়। কিন্তু রেলওয়ে [illegible] দ্বারা এই সাহায্য শীঘ্র ও সহজে হইয়া [illegible] ভারতের ভূমি অত্যন্ত উর্ব্বরা। [illegible] প্রভৃতি স্থানে প্রচুর পরিমাণে গম [illegible] থাকে। যদি রেলওয়ে দ্বারা ঐ গম সমুদ্রতীরে আনীত হইয়া ইংলণ্ড প্রভৃতি দেশে রপ্তানী হইত তাহা হইলে ইহার উৎপত্তি [illegible] যাইত কিম্বা অত্যল্প মূল্যে বিক্রীত হইত। ইষ্ট ইণ্ডিয়া প্রভৃতি দুই একটী রেলওয়ে হইয়াই গমের চাষের বিলক্ষণ উন্নতি হইয়াছে। ১৮৭৩ অব্দে ১৮১৬১০০ টাকার গমের রপ্তানী হয় কিন্তু ১৮৮০ অব্দের ছয় মাসের মধ্যে ৬৬১৩৪৩২০ টাকার গম রপ্তানী হইয়াছে। আশ্চর্য্যের বিষয় এই যে সাত বৎসরের মধ্যে গম উৎপত্তির পরিমাণ প্রায় ৮০ গুণ বৃদ্ধি হইয়াছে। আবার যদি রেলওয়ে বিস্তার হয়, তাহা হইলে আরও অধিক গমের উৎপত্তি ও রপ্তানী হইবে সন্দেহ নাই।

বেলজিয়ম ফ্রান্স প্রভৃতি ইউরোপের অনেক প্রদেশে ভারতীয় গমের রপ্তানী হয়। কিন্তু রেলওয়ে ও জাহাজ ভাড়ার আধিক্যহেতু ঐ সকল প্রদেশে এই গম দুর্মূল্য। ইহার মধ্যে রেলওয়ের ভাড়াই অধিক। ভারতবর্ষে রেলওয়ের সংখ্যা ও প্রতিযোগিতার অভাব ইহার কারণ। ভারতবর্ষের গম উৎকৃষ্ট হইলেও মহার্ঘতা বশতঃ আমেরিকার গমের আদর ও বিক্রয় অধিক। আমেরিকায় বিস্তর রেলওয়ে আছে এবং তাহাদের পরস্পর বিলক্ষণ প্রতিযোগিতাও আছে। সেই হেতু তথায় গম লইয়া যাইবার ভাড়া অপেক্ষাকৃত অনেক অল্প। সুতরাং আমেরিকার গম ইংলণ্ডে নীত হইয়া অল্প মূল্যে বিক্রীত হইবার সম্ভাবনা অধিক।

প্রকৃতি, ভারতের প্রতি প্রসন্না হইয়া ভারতের ভূমিকে উর্ব্বরা করিয়াছে বটে কিন্তু নানা প্রকার প্রতিবন্ধক হেতু ভারতবাসিরা বিশেষ ফল লাভ করিতে পারিতেছে না। যদি ভারতবর্ষ আমেরিকার ন্যায় রেলওয়ে পূর্ণ হইত, তাহা হইলে ভারতে অর্থ রাখিবার স্থান হইত না। উৎপন্ন দ্রব্য নানা স্থানান্তরিত করিবার বিশেষ অসুবিধা আছে, ব্যয়ও অধিক হয়; এই হেতু ভারতের অনেক ভূমি পতিত হইয়া আছে।

আমেরিকার লোকসংখ্যা পাঁচ কোটি কিন্তু এক লক্ষ মাইল রেলওয়ে হইয়াছে। ভারতে পঁচিশ কোটি লোকের বাসস্থান, কিন্তু ইহাতে কেবল দশ হাজার মাইল মাত্র রেলওয়ে নির্ম্মিত হইয়াছে। অতএব রেলওয়ে সম্বন্ধে আমেরিকার সহিত ভারতবর্ষের আদৌ তুলনাই হয় না। আমেরিকায় রেলওয়ে কোম্পানিরা বাণিজ্যের [illegible] সংশোধনে

[illegible] বৎসরের আড়ার হ্রাসবৃদ্ধি করিয়া থাকেন। [illegible] গবর্ণমেন্টের ন্যায় তাঁহাদের ষ্টেট সেক্রেটারী নাই; যে সকল বিষয়ে তাঁহার পরামর্শ লইয়া কার্য্য করিতে হইবে। আমাদেরবাবুল ফমাইবার প্রয়োজন হইলে ষ্টেট সেক্রেটারির নিকট আবেদন করিতে হয়, তিনি যদি অনুকম্পা করিলেন, তবে [illegible] ত অনেক বিলম্বে কিছু ফল হইল নতুবা কিছুই [illegible]।

আমেরিকাবাসীরা কিছুতেই ভীত কিম্বা সঙ্কুচিত হয় না। লোকের বাস থাকুক বা নাই থাকুক, লাভের সম্ভাবনা থাক বা নাই থাকুক তথাপি তাঁহারা জনশূন্য অরণ্য পরিষ্কার করিয়া রেলওয়ে বিস্তার করেন। ক্রমে ঐ সকল স্থান লোকে পূর্ণ হইয়া উঠে। ইহা দেখিয়া ইংরাজ গবর্ণমেন্টের রেলওয়ে নির্ম্মাণের উপকারিতা শিক্ষা করা উচিত। আমরা গবর্ণমেন্টকে ভিন্ন জন্ম পূর্ণ অরণ্য মধ্যে রেলওয়ে বিস্তার করিতে বলি না। জনপূর্ণ সকল স্থানে রেলওয়ে বিস্তার করা হউক যে সাধারণের বিশেষ উপকার [illegible] এবং ভারতের ভূমি সকলের উর্ব্বরতাশক্তি বৃদ্ধি হইবে।

আমেরিকায় প্রতি বৎসর ৮০০০ হইতে ১০০০০ নূতন রেলওয়ে প্রস্তুত হয়। কিন্তু ভারতবর্ষে হইবার নাম গন্ধ নাই। ভারত অত্যন্ত দরিদ্র দেশ, এখানে এত টাকা নাই যে রেলওয়ের জন্য প্রতি বৎসর আমেরিকার ন্যায় অর্থ ব্যয় হয়। দুর্ভিক্ষ নিবারণের নিমিত্ত যে কমিশন নিযুক্ত করা হইয়াছিল, তাঁহারা ভারতে ২০০০০ মাইল রেলওয়ের জন্য প্রস্তাব করিয়াছিলেন। তাঁহাদের সেই প্রস্তাবটি কিছুতেই অসঙ্গত হয় নাই। যদি ইংলণ্ডে ৮০০০০ মাইল রেলওয়ে হয়, তাহা হইলে তাহার সহিত তুলনায় ভারতবর্ষের পরিমাণ ফল ১৩[illegible] ০০০ বর্গ মাইল এই গণনা করিয়া ভারতে ২০০[illegible] মাইল রেলওয়ে অকিঞ্চিৎকর সন্দেহ নাই।

[illegible] বৎসর কালের মধ্যে কেবল ১০০০০ মাইল রেলওয়ে প্রস্তুত হইয়াছে। যে গতিতে বৎসর বৎসর পথ নির্ম্মিত [illegible] হইয়াছে, নিম্নে তাহা প্রদর্শিত হইল।

[illegible] সালে ৫৬৯৫ মাইল।

[illegible] সালে ৮২১২ মাইল।

১৮৮১ সালে ৯৮৯২ মাইল।

১৮৮২ সালে ১০১৪৪ মাইল।

[illegible] দেখা যাইতেছে যে, তিন বৎসরে আড়াই [illegible] অনধিক রেলপথ প্রস্তুত হইয়াছে [illegible] বৃদ্ধি হইতে পারে? ভারত[illegible] ইংরাজ গবর্ণমেন্ট যদি ইহার [illegible] করিতে [illegible] করিবেন [illegible] [illegible]

ইংরাজ রাজনীতিজ্ঞ মনে করেন ভারতবর্ষে [illegible] হইলে ইংরাজ ইহার শাসনকার্য্য হইতে [illegible] হইবেন। ইহার তুল্য অলীক শঙ্কা আর [illegible] ভারতে অধিক পরিমাণে রেলওয়ে হইলে ইংরাজজাতিরই রাজ্যশাসনাদির সাহায্যকার্য্য [illegible] হইবে।

ভারতবর্ষে রেলওয়ে বিস্তারের অন্তরায় একটী বিশেষ কারণ এই যে এখানে ধনীলোকের সংখ্যা বড় কম। যে দুই চারি জন ধনীলোক আছেন, তাঁহারা অর্থরাশি ভাণ্ডারস্থ করিয়া সন্তুষ্ট হইয়া আছেন। কোন ব্যবসায়ে অর্থ নিয়োজিত করিয়া বৃদ্ধি করিবার বিষয়ে তাঁহারা সম্পূর্ণ নিশ্চেষ্ট। বিদেশীয় ধনিগণ এখানে রেলওয়ের জন্য অর্থ ব্যয় করিতে সহজে সাহসী হন না। তাঁহারা ক্ষতির আশঙ্কা করেন। সৌভাগ্যক্রমে ইংলণ্ডের বিখ্যাত ধনী রথচাইল্ড সম্প্রতি ভারতবর্ষে দুই একটি রেলওয়ে প্রস্তুত করাইতেছেন। তাঁহারা সাহস করিয়া অধিক মূলধন নিয়োজিত করিলে আমাদের বিশেষ মঙ্গলের সম্ভাবনা। ভারত গবর্ণমেন্টেরও এই সকল ধনীকে উৎসাহ দেওয়া অবশ্য কর্ত্তব্য। গবর্ণমেন্ট যদি উদ্যোগী হন, তাহা হইলে দেশীয় ও বিদেশীয় অনেক ধনী ভারতে রেলওয়ে বিস্তাররূপ মহৎ কার্য্যে অগ্রসর হইবেন সে বিষয়ে সন্দেহ নাই।

যাঁহারা মনে করেন, রেলওয়ে বৃদ্ধির সহিত দেশের শ্রীবৃদ্ধির হ্রাস হয়, তাঁহাদের তুল্য ভ্রান্ত আর নাই। দেশের [illegible] দ্রব্যের রপ্তানী হইলে তাঁহারা দেশ নির্ধন হইবে বলিয়া আশঙ্কা করেন। কিন্তু আমরা বলি যদি রুচিমত রপ্তানী হয় তাহা হইলে কৃষকেরা উপযুক্ত মূল্য পাইয়া বিশেষরূপ উৎসাহিত হইতে পারে এবং উৎপন্ন দ্রব্যের পরিমাণও ক্রমে বৃদ্ধি হইবার সম্ভাবনা। এরূপ হইলে দেশে ধনের অভাব না হইয়া উত্তরোত্তর বৃদ্ধি হইবে, তদ্বিষয়ে বিন্দুমাত্র সংশয় নাই।

ভারতবাসীর এক হৃদয় [illegible]

কারণ কি

আমরা সচরাচর বলিয়া থাকি আমাদিগের পরস্পরের সহানুভূতির অভাবই আমাদিগের অবনতির কারণ কিন্তু কি কারণে পরস্পরের সেই সহানুভূতির অভাব হয় অদ্য তাহারই আলোচনা করা এই প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য। পৃথিবীর এক সপ্তমাংশ যেমন [illegible] গবর্ণমেন্টের রাজ্য তেমনি পৃথিবীর এক [illegible] লোক উক্ত রাজ্যাধিকৃত ভারতবর্ষের অধিবাসী। এই সকল লোকের ধর্ম্মভেদে সহানুভূতির হ্রাস বৃদ্ধি হইয়া থাকে। [illegible] যে ধর্ম্মাবলম্বী তিনি তাঁহার [illegible] ধর্ম্মাবলম্বীর নিকট সহানুভূতি প্রাপ্ত হয়েন। অপর ধর্ম্মাবলম্বী তাঁহাকে ঘৃণার চক্ষে দেখেন। স্বদেশীয় [illegible] বিধর্ম্মিগণকে তাঁহারা পর জ্ঞান করিয়া [illegible]। [illegible] মুসলমান ইংরাজকে যে চক্ষে দেখেন হিন্দুকে [illegible] চক্ষে দেখিয়া থাকেন। [illegible] সহিত [illegible] ব্যবহারের সাদৃশ্যই [illegible] করিয়া [illegible]। হিন্দু ও মুসলমান ইহাদি পর পরস্পরের [illegible] এরূপ যে তাঁহা [illegible] হইলে [illegible] বদ্ধমূল হইয়া উঠে। মুসলমানদিগের [illegible] ব্যতীত অপর সকল ধর্ম্মাবলম্বী [illegible] আছেন। [illegible] তাহাদিগের স্পর্শেও পাপ আছে। সেইরূপ হিন্দুদিগের [illegible] মুসলমানদিগকে যবন ও [illegible] দূরে থাকুক উহাদিগের ছায়া [illegible] হইবেন যাবতা করিয়া [illegible] সুতরাং [illegible] সহিত মিশ্রিত হইতে পারেন না। [illegible] প্রতি পরস্পরের বিদ্বেষবুদ্ধি ও পরস্পরকে [illegible] সহিত মিলিত হইতে দেয় না। হিন্দুদিগের প্রতি মুসলমানদিগের ঘৃণা এরূপ প্রবল যে [illegible] পূর্ণ হইয়া থাকিলে তথাপি হিন্দুর সহিত এক [illegible] আহার করিবে না। পরস্পরের [illegible] ব্যবহারে এত প্রভেদ দেখিতে পাওয়া যায়, যে তাহাতে পরস্পরের সহিত পরস্পরের মিলিত হওয়া সম্ভাবিতও নহে। হিন্দুরা যে ব্যবহারকে ধর্ম্মমূলক করিয়াছেন মুসলমানেরা ঠিক তাহার বিপরীত ব্যবহারকে ধর্ম্মকার্য্য ভুক্ত করিয়া নিয়াছেন। বাল্যকাল হইতে হিন্দুবালক যে সংস্কারের বশীভূত হয় মুসলমান বালক ঠিক তাহার বিপরীত সংস্কারের বশীভূত হইয়া উঠেন এবং পরস্পরকে পরস্পরের শত্রুজ্ঞান করেন বলিয়া উভয়ের [illegible] আমাদিগের বলের হ্রাস হইতেছে। ভারতবর্ষে এইরূপ যতগুলি ধর্ম্মসম্প্রদায় আছে তাহাদিগের সম্প্রদায়ের সহিত পরস্পরের মিল নাই। যে সম্প্রদায়ের আচার ব্যবহারের সহিত অপর সম্প্রদায়ের আচার ব্যবহারের যেমন সাদৃশ্য দেখিতে পাওয়া [illegible] তাহার সহিত সেই পরিমাণে মিলন দেখিতে পাওয়া যায়। এরূপ স্থলে একে অপরের কার্য্যে [illegible] বিরুদ্ধতা না করুক মিত্রের ন্যায় [illegible] করে না। সুতরাং কেহ কোন কার্য্য [illegible] রীতিতে গবর্ণমেন্ট আত্মশাসন-প্রথা [illegible] অভিপ্রায় প্রকাশ করিলেন কিন্তু হিন্দু মুসলমানের বিবাদ নিবন্ধন গবর্ণমেন্ট সে উদ্দেশ্য পরিত্যাগ করিলেন। গৃহবিচ্ছেদ নিবন্ধন [illegible] এইরূপে নষ্ট হইতেছে। [illegible] লোক সংখ্যা ২৫০০০[illegible] জন। [illegible] ১০০০০০০০০[illegible]। [illegible]

০৩২১৫৬৪ ; অসভ্য লোক ৬৮২৬৫৯১ ; বৌদ্ধ-ধর্ম্মাবলম্বী ২৪১৮৮৮, [illegible] ১৮৬৫৬৩০, শিখ ১৮৬৩২৬ ; জৈন ১৯২[illegible] পার্সি ৮৫৩৯৭, ইহুদী ১২০০৯ ও [illegible] ধর্ম্মাবলম্বী ৯৫২০২৯ জন। ইহা-দিগের [illegible] আজমীরে ৩০৬০২[illegible] জন হিন্দু, ৫৭৮০৯ জন মুসলমান, ২২২৫ জন খ্রীষ্টান, ১৮২ জন শিখ, ২৫৩০৮ জন জৈন, ৭৫ জন পার্সী ও ৯৪ জন ইহুদী ; আসামে ৩০৬২১৪৮ জন হিন্দু, ১৩১৭০২২ জন মুসলমান, ৪৮৮২৫১ জন অসভ্য ৬৫৬৩ বৌদ্ধ ৭০৯৩ খ্রীষ্টান, ১৪ জন শিখ ১৫৮ জন জৈন ও ১৭৭ জন অপরাপর ধর্ম্মাবলম্বী ; বঙ্গদেশে ৪৫৪৫২৮০৬ জন হিন্দু, ২১৭০৪৭২৪ জন মুসলমান, ২০০৩৮২২ জন অসভ্য, ১৫৫৮০৯ বৌদ্ধ, ১২৮১৬৩ খ্রীষ্টান, ৫৪৯ জন [illegible] ৬০৯ জৈন, ১৫৬ [illegible] ১০৫৯ ৩৬১৯৭ জন অন্যান্য ধর্ম্মাবলম্বী, বেরারে ২৪২৫৬৫৬ জন হিন্দু, ১৮৭৫৫৫ মুসলমান, ৩৭৩৩৮ অসভ্য জাতীয়, ১ জন বৌদ্ধ, ১৩৩৫ খ্রীষ্টান, ৫২৫ শিখ, ২০০২০ জৈন, ২৫২ পার্সী ৩ জন ইহুদী ; বোম্বাইয়ে ১৭৮১৫৯৮৫ হিন্দু, ৩৭৭৪৩৬০ মুসলমান, ৯৩১৮৯৪ জন অসভ্য, ১২ জন বৌদ্ধ ১৪৫১৫৪ খ্রীষ্টান, ১২৭১৩০ শিখ, ২৯৮৪৪৩ জৈন, ৭৩৯৭৩ জন পার্সী, ৮০২৩ জন ইহুদী ও ৬৮৯ অন্য ধর্ম্মাবলম্বী ; ব্রিটিশব্রহ্মে ৮৮১৭৭ হিন্দু, ১৬৮৮৮১ মুসলমান, ৩২৫১৫৮৪ বৌদ্ধ, ৮৪২১৯ খৃষ্টান, ৫ জন জৈন, ৮৩ জন পার্সী, ২০৪ জন ইহুদী ও ১৫৩৬১৮ অন্য ধর্ম্মাবলম্বী, মধ্যপ্রদেশে ৮৭০৩১১০ হিন্দু, ১৮৫৬৮৭ মুসলমান, ১৭১৫৬৯১৭ অসভ্য লোক, ১৭ জন বৌদ্ধ, ১১৯৭০ জন খৃষ্টান, ৯৯ জন শিখ, ৪৫৯১১ জন জৈন, ৩৯৯ জন পার্সী, ৬৩ জন ইহুদী, ও ৪৭৩৫৫ জন অন্য ধর্ম্মাবলম্বী ; কুর্গে ১৬২৪৮৯ জন হিন্দু, ১২৫৪১ মুসলমান, ৩১৫২ খ্রীষ্টান, ৯৯ জন জৈন ও ২১ জন পার্সী ; মান্দ্রাজে ২৮৪৯৭৬৭৮ জন হিন্দু, ১৯৩৩৫৬১ জন মুসলমান, ১৫৩৫ বৌদ্ধ, ৭১১০৮০ খৃষ্টান, ২৪৯৭৩ জৈন, ১৫৩ পার্সী, ৩০ জন ইহুদী, ১৬৩১ অন্য ধর্ম্মাবলম্বী ; উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যায় ৩৮৫৫৫১২১ জন হিন্দু, ৬১৬২৯০০ মুসলমান, ১০৩ জন বৌদ্ধ, ৪৭৬৭৩ খৃষ্টান, ৩৬৪৪ শিখ, ৭৯৯৫৭ জৈন, ১১৪ পার্সী, ১০১ ইহুদী ও ৬ জন অন্য ধর্ম্মাবলম্বী, পঞ্জাবে ৯২৫২২৯৫ হিন্দু, ১১৬৬২৪৩৫ মুসলমান, ৩২৫১ বৌদ্ধ, ৩৩৬৯৯ খৃষ্টান, ১৭১৬১১৪ শিখ ৪২৬৭৮ জৈন, ৪৬৫ পার্সী ১১৬৪ জন অন্য ধর্ম্মাবলম্বী ; বরদায় ১৮৫২৮৬৮ হিন্দু, ১৭৪৯৮০ মুসলমান, ১০১৫২৪ অসভ্য লোক, ৭৭১ খৃষ্টান, ৪৫৭১৮ জৈন, ৮১১৮ পার্সী ও ২৮ জন অন্য ধর্ম্মাবলম্বী, মধ্য ভারতবর্ষে ৭৮[illegible] [illegible]৭১৮ মুসলমান, ৮৯১৫২৪ অসভ্য লোক, ৭০৬[illegible] [illegible] শিখ, [illegible] জৈন, ৯১৮ পার্সী ৯ ইহুদী ও ৭৯ জন অন্যধর্ম্মাবলম্বী ; কোচিনে ৪২৯৩২৩ হিন্দু, ৩৩৩৪৪ মুসলমান, ১৩৬৩৬১ খ্রীষ্টান ও ১২৪৯ ইহুদী ; হাইদ্রাবাদে ৮৮৯০১৮১ হিন্দু ৯২৫৯২৯ মুসলমান ১৩৬১৪ খ্রীষ্টান, ৩৬৬৪ শিখ, ৮৫২১ জৈন, ৬৩৮ পার্সী ও ৫৭ জন ইহুদী ; মহীশূরে ৩৮৫৬৩৩৬ হিন্দু ২০০৪৮৪ মুসলমান, ৯ জন বৌদ্ধ, ২৯২৪৯ খ্রীষ্টান ৪১ জন শিখ, ৫৭ জন পার্সী, ১ জন ইহুদী ও ২১ জন অন্য ধর্ম্মাবলম্বী ; রাজপুতানায় ৮৮০৯৯২৪৩ হিন্দু ৮৬১৭৪৭ মুসলমান ৩৯৯৩৫৩ অসভ্য লোক, ১২৯৪ খ্রীষ্টান, ৯ জন শিখ, ৩১৮৬১২ জৈন ৭ জন পার্সী, ২১০৭৭ অনার্য্যধর্ম্মাবলম্বী এবং ত্রিবাঙ্কুরে ১৭৫৫৭১০ হিন্দু, ১৪৬৯০৯ মুসলমান, ৪৯৮৬৪২ খ্রীষ্টান ও ৯৭ জন ইহুদী আছে। এক স্থানে ভিন্ন ধর্ম্মাবলম্বী লোক থাকাতে সর্ব্বদাই পরস্পরে শত্রুতা হইতেছে। সালেম, ভাগলপুর, মুঙ্গের, লাহোর দিল্লী ও এলাহাবাদে হিন্দু ও মুসলমানে যে বিরোধ হয় তদ্দ্বারা পরস্পরের শত্রুতার কি পর্য্যাপ্ত প্রমাণ হয় নাই ? আমরা যেখানে হিন্দু মুসলমানে যত বিরোধের কথা শুনিয়াছি সেসমুদায়ই ধর্ম্মমূলক।

উচ্চশিক্ষার দ্বারা জাতীয় কুসংস্কার দূরগত হইলে এ অনিষ্টের নিবারণ হইতে পারে। কিন্তু আমরা সেরূপ শিক্ষার প্রকৃত উপায় দেখিতে পাইতেছি না। হিন্দুরা অপরাপর ধর্ম্মাবলম্বী অপেক্ষা অধিক পরিমাণে উচ্চশিক্ষার রসাস্বাদ করিয়াছেন। কিন্তু তাহাতে কি বিশেষ উপকার হইবে ? সকল সম্প্রদায় সমান জ্ঞানসম্পন্ন না হইলে সকলের কুসংস্কার দূরগত হইবে না পরস্পরের প্রতি পরস্পরের ঘৃণাও হ্রাস হইবে না। এখনই ত ভারতবর্ষের সমগ্র লোকের মধ্যে ১০৪৮০৮৩৫৭ জন পুরুষ ও ১১১৩৩২৯২৭ স্ত্রীলোক আদৌ লিখিতে পড়িতে জানে না। অবশিষ্ট ৬৬৭৩০১৬৫ লেখাপড়া জানে। ইহাদিগের মধ্যে অল্প শিক্ষিত ও অল্প শিক্ষিত ব্যক্তির ভাগই অধিক। সমগ্র লোকসংখ্যার সহিত তুলনা করিলে উচ্চশিক্ষা প্রাপ্ত লোক সহস্রে একজন আছেন কি না সন্দেহ। অতএব এরূপ স্থলে সাধারণতঃ বিদ্যার বিস্তৃতি সাধন ব্যতীত আমরা সকল ধর্ম্মাবলম্বীর পরস্পর মিলনের অন্য সম্ভাবনা দেখিতে পাই না। আমাদিগের গবর্ণমেণ্ট বিদ্যাদান বিষয়ে যেরূপ অর্থ ব্যয় করেন তাহা এই বৃহৎ সাম্রাজ্যের উপযুক্ত নহে। প্রজাসাধারণকে সুশিক্ষিত করিয়া তুলা গবর্ণমেণ্টের কর্ত্তব্য কার্য্য, কিন্তু পাছে এদেশে শিক্ষা বিস্তার করিলে এদেশের লোকে জাতীয় জীবনে বদ্ধ হয় এই ভয়ে অনেক ইংরাজ উচ্চশিক্ষার প্রতিবাদী হইয়াছেন। কিন্তু আইরিশ[illegible] করিয়া দেখিলেই বুঝিতে পারিবেন এরূপ আশঙ্কার মূল নাই। ভারতবর্ষের যখন সমুদায় প্রায় অশিক্ষিত তখন রাজপুরুষদিগের এ আশঙ্কা যে কোথা হইতে আসিল তাহা আমরা বুঝিতে পারিতেছি না। অশিক্ষিত লোক দ্বারা আমরা গবর্ণমেণ্টের অধিকতর অনিষ্টের আশঙ্কা করি। অশিক্ষিত লোকেরা গবর্ণমেণ্টের মর্ম্ম বুঝে না, আইন বুঝে না সুতরাং কোন কার্য্য অপ্রীতিকর হইলে তৎক্ষণাৎ বল দ্বারা তাহার নিবারণ চেষ্টা করে। ১৮৫৭ অব্দে যে সিপাহি বিদ্রোহ হয় তাহা কি অশিক্ষিত সিপাহিদিগের নির্ব্বুদ্ধিতা নিবন্ধন হয় নাই ? অমৃতসরে যে কুকা বিদ্রোহোত্তেজনার চেষ্টা করিয়াছিল সেও কি নির্ব্বোধ নহে ? তাহারা যদি ব্রিটিশ গবর্ণমেণ্টের সামর্থ্য বুঝিবার ক্ষমতা থাকিত তাহা হইলে সে কি কখন এরূপ করিতে সাহসী হইত ? ভারতবর্ষের সকল লোক সহানুভূতি সূত্রে বদ্ধ হইলে গবর্ণমেণ্টের বল-বৃদ্ধি হইবে এবং এই ভারতবর্ষ কেবল এদেশীয়ের দ্বারা বিপদে রক্ষা হইতে পারিবে।

উপসংহারে আমাদিগের বক্তব্য এই, আমাদিগের দেশের লোকেরও বিদ্যাশিক্ষার চর্চ্চাবৃদ্ধি বিষয়ে অধিকতর যত্ন পাওয়া কর্ত্তব্য। অন্যথা আমাদিগের জাতীয় জীবন বৃদ্ধির সম্ভাবনা নাই। জাতীয় জীবন বৃদ্ধি না হইলে আমাদিগের উন্নতির পথ এখন যেরূপ সঙ্কীর্ণ হইতেছে এতদপেক্ষা আরও সঙ্কীর্ণ হইয়া পড়িবে। রোগ জন্মিয়া বসিলে চিকিৎসা করা অপেক্ষা রোগের প্রথম অবস্থাতেই চিকিৎসা করা ভাল।

রুষ সম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্টের কি কর্ত্তব্য ?

দ্বিতীয় প্রস্তাব।

রুষের ভারত আক্রমণ লইয়া যেপ্রকার আন্দোলন চলিয়াছে, তাহাতে স্পষ্ট বোধ হইতেছে, রুষ-তল্লুকের জন্য ব্রিটিশ-সিংহের হৃদয়কে একান্ত বিচলিত করিয়া তুলিয়াছে। এখন যাঁহারা বলিবেন, রুষের আক্রমণ-শঙ্কা অলীক, তাঁহাদের বাক্য উপাদেয় বলিয়া গ্রাহ্য হইবে না। যাহাই হউক, পূর্ব্ব উপায় অবলম্বন করা অবৈধ নয়। পূর্ব্ব উপায় অবলম্বন করা আবশ্যক বটে, কিন্তু ভয়বিহ্বল হইয়া হঠাৎ কতকগুলি টাকার শ্রাদ্ধ করা উচিত নয়। আমাদের বিবেচনায় নিম্নলিখিত দুটী উপায় প্রধানরূপে অবলম্বনীয় বলিয়া বোধ হইতেছে। প্রথম, কাবুলের আমীর, দ্বিতীয়, ভারতীয় প্রজা ও মিত্ররাজগণ। আমীর যাহাতে ব্রিটিশজাতির উপরে বিশ্বাসহীন না হন, সর্ব্বতোভাবে সে চেষ্টা পাওয়া কর্ত্তব্য। ব্রিটিশজাতির প্রদত্ত অনেক অর্থ আমীরের উদরসাৎ হইয়াছে।

বিরূপ হইলে সকলই বিফল হইবে। আফগানস্থানের চতুর্দ্দিকেরই সীমা স্থির করিয়া দেওয়া কর্ত্তব্য। রুশেরা সেই সীমা স্পর্শ করিলেই যুদ্ধ ঘোষণা করিয়া দেওয়া হইবে। কাবুলের সন্নিকে যদি প্রথম যুদ্ধ আরম্ভ হয় ব্রিটিশ জাতি রণসজ্জা ও সৈন্য আনয়ন করিবার অনেক অবসর পাইবেন। আমরা শুনিয়া আনন্দিত হইলাম, সেই সীমা নির্দ্দেশ চেষ্টা হইতেছে। যে কোন উপায়ে হউক, কাবুলের আমীরকে হস্তগত রাখিতে হইতেছে।

দ্বিতীয়, এদেশীয় প্রজা ও [illegible] চিত্তারাধন। ইহাঁদিগের প্রতি গবর্ণমেণ্টের ও ইউরোপীয়ের যে সকল অনুচিত ও অন্যায় ব্যবহার আছে, তাহার নিবারণ। তাহার নিবারণ হইলে ইহাঁদিগের মনের আবিলভাব দূরগত হইবে। তাহা হইলে ইহাঁদিগের হইতে কোন শঙ্কা থাকিবে না। এ উপায়ের বিধান সহজ তৎপক্ষে সন্দেহ নাই। তবে একটী মহৎ প্রতিবন্ধক আছে, তাহার অপনয়ন না করিলে সুবিধা হইবে না। সে প্রতিবন্ধক পাওনিয়র ও ইংলিসম্যান প্রভৃতি কয়েকখানি সংবাদপত্র। ইহাঁরা জাত্যহঙ্কারের বশীভূত হইয়াছেন, ইহাঁরা মনে করেন এ দেশীয়দিগকে পদ দ্বারা দলিত করিতে পারিলেই ইহাঁরা ভয়ে ভীত হইয়া আর ব্রিটিশ জাতির বিরুদ্ধে কোন অনিষ্ট চেষ্টা করিতে পারিবেন না, বিশেষতঃ বাঙ্গালিদিগের উপরে ইহাঁদিগের বড় রাগ, ভারতস্থ ইউরোপীয়েরা অত্যাচার করুন, দেশীয় স্ত্রীগণের সতীত্ব নাশ করুন, প্রজার উত্তম চাষের জমীতে নীল বপন করুন, প্রজাদিগকে ধরিয়া স্বেচ্ছামত বধ ও বন্ধন করুন, পাওনিয়র প্রভৃতির ইচ্ছা এই তাহাতে কেহ কোন কথা না বলেন। বাঙ্গালিরা কথা কন বলিয়াই বিষনয়নে পড়িয়াছেন। ঐ সংবাদপত্র গুলিই গবর্ণমেণ্টের প্রতি প্রজার বিরাগ উৎপাদনের প্রধান কারণ হইয়াছে। অতএব ঐ পত্রগুলির মুখ বন্ধ করা একান্ত আবশ্যক হইয়া উঠিয়াছে। আমরা এ কথা কহিতেছি না যে, সকল বিষয়ে মুখ বন্ধ করা হউক। ঐ পত্রগুলি এ দেশীয়দিগকে গালি দিতে না পারেন ইহার উপায় করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য।

পাওনিয়র প্রভৃতি গর্ব্বিত ও ভ্রান্ত বলিয়া প্রজারা বিরক্ত হইলে কি অনিষ্ট হয়, তাহা বুঝিতে পারিতেছেন না। বাঙ্গালিরা দুর্ব্বল বলিয়া তাঁহারা [illegible] করিতেছেন, ইহাঁদের বিরাগে [illegible] নাই। [illegible] লোক বিরক্ত হইলে যে কি অনিষ্ট [illegible] পত্র সম্পাদকেরা যদি একবার [illegible] করিতেন, তাহা হইলে জানিতে [illegible] হইয়াছে কি করিয়াছিলেন? [illegible] অনিষ্ট [illegible]

সম্পাদকেরা কি তাহার সংবাদ রাখেন? তাহা হইতেই ইন্দ্রজিৎ বধ হয়, রাবণ উৎসন্ন যায়। [illegible] দুই একটী কথা জিজ্ঞাসা করি, সেনাপতি [illegible] প্রজাদিগের বিরাগের উপরে জয়ের আশংসা করিয়াছিলেন কেন? যে সকল ইংরাজ বিজ্ঞ ও বহুদর্শী তাঁহারা প্রজাগণকে অনুরক্ত করিয়া রাখিতে বলিতেছেন কেন? ফলতঃ পাওনিয়র প্রভৃতির দমন ব্যতিরেকে আমরা মঙ্গল দেখিতে পাই না। লর্ড লিটন ও ইডেন সাহেব ভয়ে পড়িয়া এদেশীয় সংবাদ পত্রের মুখ বন্ধ করিয়া ছিলেন। তাঁহাদের পাওনিয়র প্রভৃতির মুখ বন্ধ করাই উচিত ছিল। আমরা পাওনিয়র প্রভৃতি হইতেই বড় অনর্থ দেখিতেছি। তাঁহারা আমাদের রাজপুরুষগণকে সর্ব্বদা অসৎ পথে লইয়া যান। শকুনি কর্ণ ও দুঃশাসন হইতে দুর্য্যোধনের অধিক অনিষ্ট হয়; না, বিদুর হইতে হয়? বিদুরের সহায়তায় পাণ্ডবদিগের যে কত মঙ্গল হইয়াছিল, পাওনিয়র প্রভৃতি কি তাহা জানেন? বাঙ্গালিরা গবর্ণমেণ্টের মঙ্গলকাঙ্ক্ষী বলিয়াই সর্ব্বদা তাঁহাদের দোষ সংশোধনের চেষ্টা পান। বাঙ্গালিরা কলমের জোরে গবর্ণমেণ্টের যে উপকার করিতে পারিবেন, পাওনিয়র প্রভৃতি অস্ত্রে শস্ত্র ধরিয়াও তাহা করিতে পারিবেন না।

জালকারির দলের ব্যবস্থা অতি কঠিন। কিন্তু ইহা সমূলে নাশ করা কঠিনতেছে না। ষ্টাম্প ও নোট প্রভৃতি জাল করিয়া চট্ লোকে গবর্ণমেণ্টকে ব্যতিব্যস্ত করিয়া তুলিতে গবর্ণমেণ্ট নানা প্রকারে তাহার নিবারণ-চেষ্টা করিয়াছেন তথাপি কৃতকার্য্য হইতে না পারিয়া আপনারাই সাবধান হইয়াছেন। কিন্তু তাঁহাদিগের দুঃখ হইতে [illegible] প্রজাদিগের পরিত্রাণের উপায় কি? গবর্ণমেণ্টের এখন যে আইন আছে তাহা পর্য্যাপ্ত নহে। [illegible] ইহার সংশোধন করা আবশ্যক। বর্ত্তমান নিয়মানুসারে ষ্টাম্পবিক্রেতারা যে সকল ষ্টাম্প [illegible] আসেন নিয়মিত সময়ের মধ্যে তাহা [illegible] হইলে কালেক্টারের নিকট ফেরত দিয়া [illegible] অথবা তৎপরিবর্ত্তে অন্য ষ্টাম্প লন। [illegible] ষ্টাম্পবিক্রেতার খাতা যদি একবার [illegible] কিন্তু যাহারা অসৎ লোক তাহারা [illegible] নানা প্রকার অন্যায় কার্য্যের অনুষ্ঠান [illegible] থাকে। তাহারা ভিন্ন ভিন্ন মূল্যের যে [illegible] আনয়ন করে তৎসমুদায় বিক্রীত না [illegible] একটী কাল্পনিক নাম খাতায় লিখিয়া [illegible] তাহার বিক্রয় দেখাইয়া থাকেন। [illegible] সেই সকল পুরাতন ষ্টাম্প অধিক মূল্যে [illegible] হইতে ক্রয় করিয়া [illegible]

দরিদ্র লোককে ঘোরতর বিপদগ্রস্ত করিয়া থাকে। [illegible] দলিল রেজিষ্ট্রী করিয়া যদি সেই দলিলের সত্যতা প্রমাণার্থ দুই চারিটী সাক্ষী দেওয়া হয় তাহা হইলেই আদালত ডিক্রি দেন দেখিয়া উত্তরোত্তর এরূপ জালকারির সংখ্যা বৃদ্ধি হইতেছে। এরূপ দুর্বৃত্ত লোকের আত্মীয় আদালতে অসদ্ভাব হয় না। তাহার কারণ এই, সকলেই তাহাকে ভয় করে এবং তাহার নিকট কিছু কিছু লাভও পায় সুতরাং তাহারা মিথ্যা সাক্ষী দিতে ভয় পায় না অধিকন্তু ইহাই তাহাদিগের এক [illegible] ব্যবসায় হইয়া দাঁড়ায়। এই কারণে আমরা গবর্ণমেণ্টের নিকট প্রস্তাব করিতেছি ষ্টাম্পবিক্রেতারা যে খাতায় ষ্টাম্প ক্রেতার নাম লিখিয়া লন সেই খাতায় ক্রেতার স্বাক্ষর করাইয়া লইবার ব্যবস্থা করিলে অনেক পরিমাণে ইহার নিবারণ হইতে পারে। কালেক্টার এখন যেমন ক্রেতার নাম দেখিয়া লন তখন যেমনি ক্রেতার স্বাক্ষর দেখিয়া লইবেন। আর এরূপ স্বাক্ষর থাকিলে মকদ্দমাকালে বিচারপতি ষ্টাম্প বিক্রেতার যদি তলব করিয়া মিলাইয়া দেখিলে উহা প্রকৃত কি না সহজে অবধারণ করিতেও সমর্থ [illegible]

"আর্য্যধর্ম্মপ্রচারিণী" সভার সম্পাদক কুমার শ্রীকৃষ্ণপ্রসন্ন সেনের মহৎ উদ্দেশ্য এত দিনের পর সফল হইবার সম্ভাবনা হইয়াছে। এত দিন কুমার শ্রীকৃষ্ণপ্রসন্ন একাকী হিন্দুধর্ম্মের প্রচারকার্য্যে ব্রতী ছিলেন। কিন্তু এখন দেখিতেছি তিনি একজন যোগ্য ব্যক্তির সাহায্যলাভ করিয়াছেন। উপযুক্ত লোকে যদি হিন্দুধর্ম্ম প্রচারকার্য্যে নিযুক্ত হন এবং আধুনিক দোষগুলির সংশোধন করা হয় তাহা হইলে অচিরে হিন্দুধর্ম্ম যে নবজীবন লাভ করিবে সে বিষয়ে সন্দেহ নাই। পণ্ডিত শশধর তর্কচূড়ামণি এই সভার নিয়োজিত প্রচারক। ইনি কলিকাতা আলবার্ট হলে ৪।৫ দিন বক্তৃতা করিয়াছেন। পার্ব্বণে লোকের যেরূপ সমাগম হয় ইহাঁর বক্তৃতা শ্রবণের জন্য সেইরূপ লোক সমাগম হইয়াছিল। ইহাঁর যুক্তি প্রভৃতি দর্শনে লোকে এরূপ মোহিত হইয়াছেন যে আজকাল প্রায় সকলকেই আমরা ইহাঁর বৈজ্ঞানিক ও আধ্যাত্মিক বক্তৃতা শ্রবণে [illegible] দেখিতে পাইতেছি। দ্বিতীয় দিন ইনি [illegible] একাদশী, আসন, উপবেশন, শয়ন, আচমন [illegible] প্রাণায়াম ইত্যাদি অনুষ্ঠান সমূহের [illegible] বৈজ্ঞানিক মর্ম্ম বুঝাইয়া দেন। তৃতীয় দিন [illegible] স্বরূপ নির্ণয় বিষয়ে বক্তৃতা করেন। পরে [illegible] ও সাংখ্যদর্শন সম্বন্ধে [illegible] বক্তৃতা করিয়া সিদ্ধি করিয়াছেন [illegible]

ইহার বিজ্ঞানসম্মত যুক্তি প্রদর্শন করিয়াছেন। ... ও বর্ত্তমানে সাকার উপাসনা সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন। প্রথম দিবস যে বক্তৃতা করেন তাহাতে তিনি বলিয়াছিলেন যে জীবনী, মনের বল, অজাবধ্যেয় শরীর ও আত্মার সম্পূর্ণতা, দৃঢ়তা, অধ্যবসায়, সাহস বিবিধ জ্ঞান ও বিজ্ঞান শিক্ষা এই সাতটী উপায়ের উপর আমাদের ভাবী উন্নতি নির্ভর করিতেছে। তৎপরে তিনি একে একে এইগুলি প্রমাণ করেন।

বিজ্ঞান।

তড়িৎ-টেলিগ্রাফ।

আজ কাল আমরা অনেক রাস্তার ধারে টেলিগ্রাফের তার দেখিতে পাই। তারে সংবাদও দূরদেশে পাঠাইয়া থাকি। কলিকাতার অনেক স্থানে টেলিফোনের তার বড় বড় অট্টালিকা সংলগ্ন দেখি; ইহাতে সংবাদ পাঠাইবার ও পাইবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। কিরূপে এই সংবাদ পাঠান হয় ও পাওয়া যায় ভাবিলে চমৎকৃত ও বিস্ময়াম্বিত হইতে হয়। ইহা বাস্তবিক একটী রহস্য হইয়া উঠিয়াছে। অনেকেই এ বিষয়ে তর্ক বিতর্ক করিয়া থাকেন কিন্তু কেহই বোধ হয় ইহার প্রকৃত কারণ সহজে বুঝিয়া উঠিতে পারেন না। সাধারণ লোকে মনে করে যে সংবাদটী একখণ্ড কাগজে লিখিয়া তারের সহিত যোজনা করিয়া দিলে দূরদেশে নীত হয়। কিন্তু বাস্তবিক তাহা নহে। বিজ্ঞান-সাহায্যে এই অদ্ভুত ব্যাপার সাধিত হইয়া থাকে। কত যুক্তি প্রয়োগ দ্বারা ইহার প্রথম উদ্ভাবন হইয়াছিল ও কিরূপ কৌশল সহকারে এই কার্য্যটী সম্পাদিত হইয়া থাকে নিম্নে সামান্যরূপে তাহা প্রদর্শিত হইল।

তড়িতের সৃষ্টির সহিত টেলিগ্রাফ ও টেলিফোনের সৃষ্টি। টেলিফোনটী সম্প্রতি বাহির হইয়াছে। ক্রমেই ইহার উন্নতি হইতেছে এবং শীঘ্রই টেলিগ্রাফ অপেক্ষা বার্ত্তা বহনের অধিক সুবিধাজনক উপায় আবিষ্কৃত হইবে এরূপ আশা করা যায়, এই টেলিফোনের বিষয়ে পরে বলিবার ইচ্ছা রহিল।

যখন এরাষ্টেড্ ও আম্পেয়ারের পরীক্ষা দ্বারা তড়িৎ ও চুম্বকের সৌসাদৃশ্য প্রমাণীকৃত হইল তখন বৈজ্ঞানিকেরা এই দুই শক্তির প্রভাবে সংবাদ বাহকতাকার্য্যের সুবিধা করিবার চেষ্টা করিতে লাগিলেন এবং ... পরিমাণে কৃতকার্য্য হইয়াছিলেন। লৌহখণ্ডের ভিতর তড়িৎ স্রোত প্রবিষ্ট হইয়া লৌহকে চুম্বকরূপে পরিণত করে। এই অবস্থায় লৌহ নিকটস্থ কোন ক্ষুদ্র লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ করিতে পারে।

আবার যখনই তড়িৎস্রোত বন্ধ করা যায় তখনই লৌহটীতে এই গুণের অভাব দেখা যায়। অতএব একস্থানে ব্যাটারি দ্বারা কিম্বা অন্য কোন প্রকারে তড়িৎ উৎপাদন করিয়া সেই তড়িৎকে কোন দূরস্থানে পাঠাইয়া দিলে, তড়িৎ শেষোক্ত স্থানের কোন লৌহখণ্ডকে চুম্বকরূপে পরিণত করিতে পারে। সেই চুম্বক সূঁচের ন্যায় সূক্ষ্ম কোন লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ দ্বারা সঙ্কেতে সংবাদ প্রদানের কার্য্য করিয়া থাকে।

তড়িৎস্রোত সাহায্যে লৌহকে চুম্বকরূপে পরিণত করিবার উপায় অতি অল্প দিন জানা গিয়াছে। ১৮২০ অব্দে আম্পেয়ার প্রথমে কেবল চুম্বকসূচিকা দ্বারা সংবাদ প্রেরণের কার্য্য চালাইতেন। একটী চুম্বকসূচিকার উপরিস্থ কোন ধাতুনির্ম্মিত তারের ভিতর তড়িৎস্রোত প্রবাহিত হইলে সূচীর অগ্রভাগ একদিক হইতে অপর দিকে গতি করে। তড়িতের বিভিন্ন সময়ানুসারে সূচের গতির পরিবর্ত্তন হয়। এইরূপে সূচীকে সাঙ্কেতিকরূপে ব্যবহার করা যাইতে পারে। এ উপায়ে সংবাদ প্রেরণ করিতে হইলে ইংরাজী বর্ণমালার সকলগুলি অক্ষর অনুরূপ তারের প্রয়োজন। আবার সেই তারগুলির অপর দিক শেষের ষ্টেশন হইতে প্রথম ষ্টেশন আসিয়া ব্যাটারির সহিত সংলগ্ন হওয়া আবশ্যক। ১৮৩৪ অব্দে বৈজ্ঞানিক গস এবং ওএবার যে টেলিগ্রাফের সৃষ্টি করেন তাহাতে তড়িৎপ্রভাবে লৌহকে চুম্বকে পরিবর্ত্তন করিয়া উহার ব্যবহার করা হইয়াছিল। ইহাতে যে চুম্বকসূচ নিয়োগ করা হইত অনেক দূর হইতে দূরবীক্ষণ যন্ত্র সাহায্যে তাহার গতি পর্য্যবেক্ষণ করিবার আবশ্যকতা ছিল। ১৮৩৭ অব্দে বাভেরিয়ার অন্তঃপাতী মিউনিক নগরের প্রসিদ্ধ পণ্ডিত ষ্টাইনহাইল যে টেলিগ্রাফের উদ্ভাবন করেন তাহাতে উক্তপ্রকার কোনরূপ অসুবিধা নাই। ষ্টাইনহাইল অনেক পরীক্ষা দ্বারা স্থির করিলেন যে পৃথিবীকে প্রত্যাবর্ত্তন তাররূপে নিয়োগ করা যাইতে পারে। ভূগর্ভে তড়িৎ চুম্বক প্রভৃতি শক্তির স্রোত সর্ব্বদা প্রবাহিত হইতেছে। ইহা তিনি পরীক্ষা দ্বারা সুন্দররূপ সপ্রমাণ করিয়াছিলেন। অতএব ব্যাটারি সংলগ্ন একটী তারকে একস্থান হইতে দূরের অপর কোন স্থানে মাটীতে পুতিয়া দিয়া ব্যাটারির অপর দিক একটী তার দ্বারা মাটির সহিত সংলগ্ন করিয়া দেওয়া আবশ্যক। এইরূপ করিলে তার ও পৃথিবীর মধ্য দিয়া তড়িৎস্রোত বহিতে থাকে। মধ্যবর্ত্তী কোন ষ্টেশনে তারের দ্বারা এই তড়িৎকে লইয়া গিয়া সংবাদসূচক কোন লৌহখণ্ডকে গতিবিশিষ্ট করা যাইতে পারে।

টেলিগ্রাফে সংবাদ পাঠাইবার ও পাইবার নিমিত্ত ভিন্ন প্রকার যন্ত্রাদির আবশ্যক। এই দুই স্থানে সংবাদ যাতায়াত করিবে সেই দুটীতে লৌহ কিম্বা তাম্র তার দ্বারা সংলগ্ন করিতে হইবে। তড়িৎস্রোত উৎপাদনের জন্য দুই স্থানেই ব্যাটারি কিম্বা অন্য কোন যন্ত্রের প্রয়োজন। সংবাদ প্রেরণ ও প্রাপ্তির জন্য কোনরূপ যন্ত্রের থাকা অবশ্যই কর্ত্তব্য।

সম্প্রতি আমেরিকানিবাসী মোর্স সাহেব যে টেলিগ্রাফ যন্ত্রের আবিষ্কার করিয়াছেন তাহা অতীব সুন্দর ও কৌশলময়। অন্য অন্য যন্ত্রে সংবাদ গ্রহীতাকে সর্ব্বদা মনোযোগ সহকারে সূচীর গতি পর্য্যবেক্ষণ করিতে হয় তাহাতে তাহার ... হইবার সম্পূর্ণ সম্ভাবনা। মোর্স এই অসুবিধা দূরীকরণার্থ সংবাদকে কাগজে চিহ্নিত হইবার উপায় করিয়াছেন। একটী চাকার কাগজ জড়ান থাকে এবং উহা সেই চাকা ত্যাগ করিয়া ক্রমে ক্রমে অপর একটী চাকায় জড়াইয়া যায়। তড়িতের প্রবাহকালে এইরূপ ঘটিয়া থাকে যে, একটী কাঁটা অনবরত দূরীকৃত ও আকর্ষিত হইয়া কাগজে চিহ্ন করে এবং তড়িতের স্থিতি-অনুসারে এই চিহ্নের অল্পতা কিম্বা অধিক্য হয়। এইরূপ দুই একটী চিহ্নের যোজনা দ্বারা বর্ণমালার অক্ষর প্রকাশিত হয়। এবং ইহা হইতেই সংবাদগ্রহীতা সকলই বুঝিয়া লয়েন। মোর্স আর একটী নূতন উপায় বাহির করিয়াছেন। ইহাতে তড়িৎ সাহায্যে চুম্বকীকৃত লৌহ দ্বারা অপর লৌহ আকর্ষিত হইয়া পরস্পরের আঘাতে শব্দ উৎপন্ন হয়। সেই শব্দের অল্পতা কিম্বা আধিক্য অনুসারে সংবাদের সঙ্কেত পাওয়া যায়। এই যন্ত্রে সংবাদ গ্রাহকের শ্রবণেন্দ্রিয়ের প্রবলতার বিশেষ প্রয়োজন।

অনেকে দেখিয়া থাকিবেন রেলওয়ে ষ্টেশনে সংবাদ আসিবার পূর্ব্বে সংবাদগ্রহীতার নিকট একটী ঘণ্টার শব্দ হয়। সংবাদগ্রহীতাকে সতর্ক করিবার জন্যই এইরূপ কৌশলময় বন্দোবস্ত আছে। সময়ে সময়ে এই ঘণ্টাটীর এত উচ্চ শব্দ হয় যে সংবাদগ্রহীতা নিদ্রিত থাকিলেও তাহার নিদ্রা ভঙ্গ হইয়া থাকে। তড়িতই এই ঘণ্টার শব্দ করিবার কার্য্য করিয়া থাকে। ঘড়ীতে যেরূপ বাজিবার কল থাকে সকল ষ্টেশনে তারে সংবাদ দিবার ঘরে টেবিলে কিম্বা দেওয়ালে সেইরূপ একটী কল আছে। তড়িৎ দ্বারা চুম্বকীকৃত কোন লৌহখণ্ড অপর একটী লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ করিবার সময় শেষোক্ত লৌহ নিকটবর্ত্তী কোন ধাতুপাত্রে আঘাত করে, এবং তাহাতেই এরূপ শব্দ হইয়া থাকে।

নজীর।

১৮৬৩, ২২ এ নবেম্বর।

ফৌজদারি আপীল।

বিচারপতি মিত্র ও বিচারপতি ফিয়র।

নবীন কৃষ্ণ মুখোপাধ্যায় বাদী।

উত্তরপাড়ার মিউনিসিপালিটীর চেয়ারম্যান

প্র তিবাদী।

যদি কেহ কোন মিউনিসিপালিটীর আইনের বিরুদ্ধ অপরাধ করে, আর মিউনিসিপালিটীর বিচারপতিরা বিচার করিয়া সেই অপরাধ সপ্রমাণ করেন, মিউনিসিপালিটীর বেতনভোগী কোন কর্মচারী যদি ঐ বিচারপতিদিগের মধ্যে থাকেন তাহা হইলে ফৌজদারী কার্য্যবিধির ৫৫৫ ধারানুসারে সেই অপরাধ প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে না। অর্থাৎ মিউনিসিপাল আইনের বিরুদ্ধাচারীর দণ্ড হইবে না।

মকদ্দমাটী এই নবীন কৃষ্ণ মুখোপাধ্যায়ের বাটীর জল রাস্তায় গিয়া পড়িত। মিউনিসিপালিটী তাঁহাকে তাহা নবারিবার নোটীশ দেন, তিনি তাহা নবারন নাই। ১৮৫৬ সালের বঙ্গদেশীয় ৫ আইনের ৩১৩ ধারানুসারে মিউনিসিপালিটী তাঁহাকে অপরাধী করেন। মিউনিসিপাল বিচারপতিদিগের মধ্যে মিউনিসিপালিটীর বেতনভোগী সহকারী সভাপতি ষ্টাবণ্ডেল সাহেব ছিলেন। হাইকোর্টে এই মকদ্দমা উপস্থিত হইলে বিচারপতিরা এই সিদ্ধান্ত করেন মিউনিসিপালিটীর বেতনভোগী কর্মচারী, যাহাতে মিউনিসিপালিটীর স্বার্থসম্বন্ধ আছে তাদৃশ মকদ্দমার বিচারকার্য্য করিতে পারেন না।

১৮৬৩। ৭ ই জুন।

সিবিলকোর্ট।

বিনাকুমারী বাদিনী।

[illegible] ও অপর সেতারী প্রতিবাদিনী।

১৮৮০ সালের ১৫ ই জুলাই মুর্শিদাবাদ জেলার সদরজজ যে রায় দেন, ১৮৮০ সালের ২৭ এ নবেম্বর কলিকাতা হাইকোর্ট তাহা স্থগিত করিয়া যে ডিক্রি দেন, তাহা হইতেই এই আপীল হইয়াছে।

১২৭৩ সালের ২৫ এ জ্যৈষ্ঠ শেঠ গোপালচাঁদ একটী লেখা পড়া করিয়া দিয়া কিছু টাকা ধার, মুর্শিদাবাদ জেলার প্রধান সদর আমীন ১৮৬৯ সালের [illegible] জুলাই সুদে ও আসলে ১০৪৯০ টাকার ডিক্রি দেন। ঐ ডিক্রির প্রতি আপত্তি করিয়া প্রতিবাদিনী মুর্শিদাবাদের সদর জজের আদালতে ১৮৮০ সালের [illegible] দেওয়ানী কার্য্যবিধির ২০৯ ধারানুসারে আপীল করেন। সেই দ্বারাণ হইতেই এই আপীল। [illegible] আইনের [illegible] ধারানুসারে ঐ ডিক্রি হইয়াছিল। আপীলে এই আপত্তি উত্থিত হয় যে তামাদী দোষ ঘটিয়াছে, অতএব ঐ ডিক্রি অনুসারে কার্য্য হইতে পারে কি না।

ঐ ডিক্রি হইবার অল্পকাল পরেই শেঠ গোপালচাঁদের মৃত্যু হয়। মনসুখ সিং তাঁহার স্থানে [illegible] হন। ১৮৭০ সালের ২০ এ জুলাই ডিক্রি জারি করিবার প্রার্থনা করেন। ১৮৭০ সালের ৩ রা আগষ্ট তিনি উত্তরাধিকারের প্রতি বলিয়া নিজে তাঁহার [illegible]। ১৮৭০ সালের ২২ এ আগষ্ট ডিক্রি খারিজ হইয়া যায়। মনসুখ সিং তাহার পরে তাঁহার স্ত্রী বিনাকুমারীর নামে ঐ ডিক্রি দান করেন। জেলার জজ নবীনের সম্পত্তি নাই বলিয়া মনীষা জেলায় ডিক্রি জারির চেষ্টা হয়। ১৮৭৩ সালের ৪ ঠা আগষ্ট জারির চেষ্টা ঐ রূপে খারিজ হইয়া যায়। তাহার পর আবার ১৮৭৬ সালের ২৫ এ জানুয়ারি ঐ ডিক্রি জারির প্রার্থনা করিয়া সম্পত্তি ক্রোক দেওয়া হয়। ১৮৭৯ সালের নবেম্বর মাসে নারায়ণ গোপীচাঁদের মৃত্যু হইল। মরণের পর তাঁহার অস্থির কার্য্যভার ইঁহাকে অর্পণ হইল। শেঠ গোপালচাঁদের ভাতা জগৎশেঠারী [illegible] সাহেবের বিষয়ের অধিকারিণী হইলেন। মনীষা আদালতে ১৮৭৮ সালের ৮ ই ডিসেম্বর ক্রোকি সম্পত্তি বিক্রয় করিবার দিন স্থির হয়। প্রতিবাদিনী [illegible] বিক্রয় বন্ধ করিবার আবেদন করেন। [illegible] এক মাস সময় দেওয়া হইয়াছিল। ঐ সময় গত হইবার পূর্ব্বে প্রতিবাদিনী এই বলিয়া [illegible] করেন ডিক্রি অনুসারে বাদিনীর কিছুই প্রাপ্য নাই। সময়ে [illegible] প্রার্থনা বলিয়া মনীষা [illegible] ঐ আবেদন অগ্রাহ্য করেন। ১৮৮০ সালের ৮ ই [illegible] বিক্রয়ের দিন অবধারিত হয়। প্রতিবাদিনী ঐ মাসের ৩ রা মুর্শিদাবাদের সদর জজের নিকটে কতকটী আপত্তি করিয়া এক দরখাস্ত করেন। তন্মধ্যে এই এক আপত্তি ছিল যে, ডিক্রি তামাদী হইয়া গিয়াছে। বিনাকুমারী ঐ সকল আপত্তি খণ্ডন করিয়া এক জবাব দেন। ১৮৮০ সালের [illegible] জুলাই ঐ আপত্তি গ্রাহ্য হইয়া যায়। [illegible] আপীল হইলে বিচারপতি মার্কবি ও [illegible] বিচারপতি আইনস্লি ঐ রায় স্থগিত করিয়া কেবল তামাদী বলেন ১৮৭১ সালের ৯ আইন অনুসারে এখন ফলে কার্য্য হইবে। অতএব ১৮৬৯ র [illegible] জুলাইয়ের ডিক্রি ১৮৫৯ অব্দের ১৪ আইনের ২০ ধারার অধিকারে রূদ্ধ রাখিবার জন্য কার্য্য হইয়াছে কি না, তাহা দেখিবার প্রয়োজন নাই। তাঁহারা এই সিদ্ধান্ত করিলেন এখানে ১৮৭১ সালের ৯ আইনের [illegible] নং টিকেট অনুসারে তামাদী স্থির [illegible] হইবে। তাঁহারা দেখিলেন প্রথম [illegible] হইতে শেষ আবেদনের কাল পর্য্যন্ত ৩ বৎসর অতীত হইয়া গিয়াছে। ১৮৭০ সালের ২০ এ জুলাই প্রথম আবেদন হয়। তাহার [illegible] সালের ২৩ এ জুলাই দ্বিতীয় আবেদন হইয়াছিল, অতএব তাহাদের মতে ১৮৬৯ র ডিক্রি জারি করিবার পর ৩ বৎসর অতীত হওয়াতে তামাদী হইয়া গিয়াছে। সদরপ্রধান সিবিল [illegible] আদালতে যে মকদ্দমা হয়, তাহাতে [illegible] এই সিদ্ধান্ত করিয়াছিলেন, [illegible] আপীল হইলে তজ্জন্য বিচারপতিরা হাইকোর্টে ঐ রায় বাহাল করিয়াছেন। হাইকোর্ট ঐ মিশ্র আদালতের [illegible] স্থির করিয়া ডিক্রি জারি করিবার আবেদন যে অগ্রাহ্য করিয়াছেন, প্রিবিকৌন্সিলেও তাহাই সঙ্গত বলিয়াছেন।

উরোপীয় সমাচার

শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে ও ডাকমাশুলে কলিকাতা ৯৭ নং কলেজ ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়।

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ ম ভাগ	৵০	৴০
২ য় ভাগ	৵০	৴০
নীতিসার।		
১ ম ভাগ	৵০	৴০
২ য় ভাগ	৵০	৴০
৩ য় ভাগ	৵০	৴০
বিশেশ্বর বিলাপ	।০	৴০

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাক মাশুল ৴১০ লাগিবে।

শ্রীসুরেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া গ্রাহকগণকে জানাইতেছি, নানা কারণের বশবর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদকতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর ইহা আর সোণারপুর ডাকঘরের অধীন [illegible] প্রকাশিত হইবে না। যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

[illegible] সাল
[illegible]
} শ্রী[illegible]
[illegible]
সোণারপুর [illegible] পরগণা।

সোমপ্রকাশ।

৯ ই আষাঢ় সোমবার।

রুস সম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্টের কি কর্ত্তব্য?

তৃতীয় প্রস্তাব।

রুসেরা মধ্য আসিয়ার যে জয়লাভ করিতেছেন, তাহার উদ্দেশ্য অতি মহৎ ও গুরু। অসভ্যদিগের সভ্যতা সম্পাদন ও বাণিজ্যের শ্রীবৃদ্ধি সাধন সেই উদ্দেশ্য। এই সিদ্ধান্ত করিয়া যে সকল ইংরাজ এতদিন উদাসিন হইতেছিলেন, মার্ভ ও সারাক রুসদিগের হস্তগত হওয়াতে তাঁহাদিগেরও হৃদয় বিকম্পিত হইয়া উঠিয়াছে। এখন তাঁহারা অধিক তর অধীর হইয়া পড়িয়াছেন। তাঁহাদের আর বিলম্ব সয় না। তাঁহারা বলেন, এখনই সৈন্য সংখ্যা দ্বিগুণ বর্দ্ধিত করা হউক এবং সীমাপ্রদেশে বলশালী সৈন্য সংগ্রহ ও দুর্ভেদ্য দুর্গ সংস্থাপন করা হউক। সারাকে ও হিরাটে ১২০ মাইল মাত্র ব্যবধান। হিরাট ভারতে প্রবেশের দ্বার। কিন্তু আমরা এত ভীত ও ব্যস্ত হইবার কারণ দেখিতেছি না। রুসেরা যে এত শীঘ্র ভারত আক্রমণে সমর্থ হইবেন, সে সুবিধা ও সম্ভাবনা নাই। এখনও অনেক আয়োজন করিতে হইবে। আমরা বরাবর বলিয়া আসিতেছি, ব্রিটিশজাতি মধ্য আসিয়ার মুসলমান নন। তাঁহারা মুসলমানদিগের ন্যায় প্রথম উদ্যমে পরাস্ত হইয়া অথবা আক্রমণশঙ্কায় বিহ্বল হইয়া রুসের শরণাগত হইবেন, তাঁহারা সে ধাতুর লোক নহেন। রুসেরা অর্দ্ধসভ্য বটেন, কিন্তু তাঁহারা যে ইংরাজের বল বুঝেন না, তাহা নয়। যিনি রুসরাজ্যের সর্ব্বাধিপতি প্রধান কর্ত্তা-রূপ, তিনি অতি উপযুক্ত লোক, ইংরাজের সৈন্য বল অর্থবল ধনবল, কিছুই তাঁহার অবিদিত নাই। তিনি যে সহসা রুস সৈন্যদিগকে ইংরাজ ব্রাহ্মণে শক্তবৃদ্ধি অবলম্বন করিতে দিবেন, আমরা এ বিশ্বাস করি না। সম্পূর্ণ প্রস্তুত না হইয়া সহসা ইংরাজের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইবার তাঁহার ইচ্ছা থাকিলে নিকার আলির সময়েই সমরানল প্রজ্জ্বলিত হইত। শিরাস আলি রুসের ভরসাতেই ব্রিটিশ গবর্ণমেণ্টের সহিত বিরোধ করিয়াছিলেন; কিন্তু রুসেরা সাহস বাঁধিতে পারেন নাই। যদি রুস, তখন মার্ভ ও সারাক প্রভৃতি হস্তগত হয় নাই, তুর্কিস্থান প্রভৃত হয় নাই, সৈন্যগণের গমনাগমনের সুবিধা হয় নাই। এই সকল কারণে রুসেরা [illegible] সাহস বাঁধিতে পারে নাই। আমরা অনুমান করি, হাসিমাল অল্প সৈন্য লইয়া অতি দুর্গম পথ অতিক্রম করিয়া আর সমস্ত পার হইয়া কিরূপে তেকিজাতিদের সহিত যুদ্ধ করিয়াছিলেন। ব্রিটিশ গবর্ণমেণ্টের যুদ্ধানুরাগ থাকিলে শিরাস আলির সময়েই সমর-সাগরে ঘোর তরঙ্গ উঠিত হইত। তিনি অতি সতর্ক লোক, রুস রাজ্য যেমন আছে, তেমনি থাকে, তাঁহার ইচ্ছা। ব্রিটিশজাতির সহিত যুদ্ধ বাঁধিলে রুস রাজ্য ছারখার হইবে, তিনি তাহা বিলক্ষণ বুঝিতে পারেন। অতএব তিনি জীবিত থাকিতে যে এ যুদ্ধ আরম্ভ হয়, আমাদের এমন বোধ হয় না।

তবে এমনও বোধ হয় না যে রুস-ভল্লুক একবার ব্রিটিশ সিংহের বল পরীক্ষা না করিয়া ক্ষান্ত হইবে। রুস রাজ্যের গঠন যেরূপ, উহার শাসন প্রণালী ও রাজনীতি যে প্রকার, প্রজার অবস্থা, মনের ভাব ও নিহিলিষ্ট দলের যে প্রকার চেষ্টা, তাহাতে যুদ্ধ ব্যতিরেকে উহার বর্ত্তমান অবস্থার স্থায়িতার সম্ভাবনা নাই। হয় অন্তর্যুদ্ধ, না হয় বহির্যুদ্ধ, দুয়ের একটী চাই। অন্তর্যুদ্ধ শাসন প্রণালীর পরিবর্ত্তন। রুসের যে সকল প্রজা উন্নত হইয়াছে, রুসের বর্ত্তমান শাসন প্রণালী তাহাদিগের অভিমত নয়। তাহারা ইউরোপের চতুর্দ্দিকে যে প্রকার শাসনপ্রণালী দেখিতেছে, সেইরূপ চায়, এক সাধারণতন্ত্র ও একাধিপত্য ভালবাসে না; কিন্তু যাঁহারা রাজ্যের প্রধান কর্ম্মচারী, তাঁহারা একনায়কতন্ত্রের পক্ষপাতী। উঁহাদের ইচ্ছা এরূপ নয় যে বর্ত্তমান শাসনতন্ত্রের কোন প্রকার পরিবর্ত্ত হয়। কিন্তু প্রজাদিগকে যদি কোন রূপে ব্যাপৃত করিয়া রাখা না হয়, তাহা হইলে রাজ্যময় লইয়া ঘরে ঘরে যুদ্ধ বাঁধিবার সম্ভাবনা। সুতরাং প্রজাদিগকে বহির্যুদ্ধে ব্যাপৃত করিয়া রাখা আবশ্যক হইয়া উঠিয়াছে। মধ্য আসিয়ার জয় কার্য্য শেষ হইয়া আসিয়াছে, সুতরাং ভারত একমাত্র লক্ষ্য হইয়া উঠিয়াছে। যাঁহারা সেনাপতি, তাঁহাদের যুদ্ধানুরাগ প্রবল। তাঁহারা যুদ্ধে জয়লাভ করিতে পারিলে স্বদেশে বিশেষরূপে পুজিত হইয়া থাকেন। অতএব তাঁহারা যে বহির্যুদ্ধের পক্ষপাতী হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। এই সকল কারণে আমরা বলিতেছি যে রুসের সহিত ব্রিটিশ-জাতির একবার যুদ্ধ ঘটিবার সম্ভাবনা আছে। কিন্তু শীঘ্র ঘটিবার অনেক বাধা আছে।

এখন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কর্ত্তব্য কি? যুদ্ধদেবী দূরবর্ত্তিনী বলিয়া কি গবর্ণমেণ্ট নিশ্চিন্ত ও উদাসীন হইয়া থাকিবেন? পূর্ব্বে আয়োজন আবশ্যক, সে বিষয়ে সন্দেহ নাই; কিন্তু আমরা একবারও বলি, একান্ত ব্যতিব্যস্ত হইয়া সহসা অনর্থক ব্যয় বৃদ্ধি করা আবশ্যক হইতেছে না। ভারতীয় গবর্ণমেণ্টের এখন একটী বিশেষ কর্ত্তব্য উপস্থিত হইয়াছে। রুসদিগের চক্রান্ত-প্রণালী অতি প্রবল। যেখানে তাহাদের জয় নাই, এমন দেশই নাই। স্ত্রী ও পুরুষ উভয়বিধ চর প্রেরিত হয়। তাহারা উত্তেজনা করিয়া নিরীহ ব্যক্তিদিগেরও মনে বিদ্বেষবুদ্ধি প্রজ্জ্বলিত করিয়া দেয়। তুরস্ক যুদ্ধের ঘটনা এইরূপে ঘটাইয়াছিল। চরেরা তুরস্কের অধীনস্থ বলগেরিয়া প্রভৃতি স্থানের খ্রীষ্টানদিগকে তুরস্ক গবর্ণমেণ্টের বিপক্ষে প্রথমে উত্তেজিত করে; শেষে এই কথা প্রচার করিয়া দেয় যে তুরস্কেরা খ্রীষ্টানদিগের প্রতি অত্যাচার করিতেছে। ভারতেও তেমনি উহাদিগের গুপ্ত চর কত স্থানে আছে, এবং কোন কোন ব্যক্তির মন ভারতীয় গবর্ণমেণ্টের বিপক্ষে উত্তেজিত করিতেছে, তাহার অনুসন্ধান করা কর্ত্তব্য। সেনাপতি স্কোবেলফ এই আভাস দিয়াছিলেন, ভারতীয় প্রজাগণের অসন্তোষের উপরেই তিনি জয়লাভের আশা করেন। আমাদিগের অনুমান হইতেছে, রুসীয় চরেরা ভারতীয় প্রধান প্রধান প্রজার মনে কল্পিত অত্যাচারের আরোপ করিয়া ব্রিটিশ গবর্ণমেণ্টের প্রতি বিরাগ উৎপাদন করিতেছে। যাহাতে চরেরা এরূপ করিতে না পারে, তাহার উপায় করা একান্ত আবশ্যক। ভারতীয় রাজপুরুষদিগের অত্যাচার নাই, আমরা এ কথা বলি না; কিন্তু আমরা এ কথা বলিতে পারি, প্রজারা এরূপ বিরক্ত নয় যে পরের উত্তেজনা ব্যতিরেকে ব্রিটিশজাতিকে পরিত্যাগ করিয়া অন্য জাতির আশ্রয় গ্রহণ করে। তবে লোক অধিক দেশ অসার। তাহাদের পরিণামদর্শন অল্প। অন্যের উত্তেজনায় বিভ্রান্ত হইবার অসম্ভাবনা নয়। অতএব যাহাতে সে উত্তেজনা না হয়, ভারতীয় গবর্ণমেণ্টের সে চেষ্টা পাওয়া একান্ত আবশ্যক। কাবুলেও রুস-চর আছে কি না, তাহারা তথায় কিরূপ কার্য্য করিতেছে, তাহারও অনুসন্ধান লওয়া কর্ত্তব্য। কারণ, যখন রুসের সহিত যুদ্ধ বাঁধিবে, তখন আফগানস্থানই যুদ্ধের প্রথম ক্ষেত্র হইবে। অতএব আফগানস্থানটীকে ব্রিটিশ পক্ষে দৃঢ় অনুরক্ত করিয়া রাখিবার বিশেষ চেষ্টা করা সর্ব্বাগ্রে বিধেয়। তথায় যেন রুসচরেরা স্থান প্রাপ্ত হইয়া কোন প্রকারে অনিষ্ট সাধন করিতে না পারে, সে চেষ্টা পাওয়া বিশেষ আবশ্যক।

পূর্ত্তকার্য্য ও কর্ম্মচারী প্রথা।

পূর্ত্তকার্য্যের ইংরাজী নাম পবলিক ওয়ার্ক। সাধারণের উপকারার্থ যে কার্য্য করা হয়, তাহাই পূর্ত্তকার্য্য। আমাদিগের গবর্ণমেণ্ট পূর্ত্তকার্য্যের নামে বর্ষে বর্ষে যে অর্থরাশি ব্যয় করেন, তাহার

সদ্ব্যয় হয় কি অসদ্ব্যয় হয় তাহা দেখিবার লোক নাই। যে কাজ সাধারণের জন্য কর্ত্তব্য সে কাজ সাধারণে না করিলে বিশৃঙ্খলা ঘটে; কিন্তু সেই বিশৃঙ্খলার ভয়ে গবর্ণমেণ্ট যখন সকলের নিকট হইতে অর্থ সংগ্রহ করিয়া আপনারা তাহার ন্যায্য ব্যয় করিবার ভার লইয়াছেন, তখন তাহার ন্যায্য ব্যয় না হওয়া তাঁহাদিগের উপেক্ষা দোষ ব্যতীত আর কিছুই বলা যাইতে পারে না।"

আমাদিগের দেশে সচরাচর দেখিতে পাওয়া যায় ধনী লোকদিগের দেবসেবা প্রভৃতিতে অনেক ব্যয় হইয়া থাকে। যিনি উদ্যোগী হইয়া পুণ্যকার্য্যের অনুষ্ঠান করেন,তিনি স্বয়ং তাঁহার অভিলাষানুরূপ অর্থের সদ্ব্যয় করিয়া নিজের চিত্তসুখ সম্পাদন করিয়া থাকেন। কিন্তু সেইটী উইলভুক্ত হইয়া যখন দূর্ব সন্তানের হস্তে পড়ে,তখন আমলাদেরই পোয়াবার হয়। তাহারা নানা কার্য্যে খরচ লিখিয়া সেই অর্থ আত্মসাৎ করিতে থাকে ? কে বা তাহা দেখে কে বা তাহার খবর লয়। সেইরূপ যিনি পূর্ত্তকার্য্যের অনুষ্ঠান দ্বারা দেশের মঙ্গল সাধন করিবেন প্রথম ভাবিয়াছিলেন,তিনি সাধ্যমত সকল কার্য্যে যাহাতে ন্যায়সঙ্গত অর্থ ব্যয় হয়,সে চেষ্টার ত্রুটী করেন নাই। কিন্তু সেই অবধি এটী উইলের ন্যায় খাতাভুক্ত হইয়া আছে। সরকারী আমলারা বর্ষে বর্ষে ইহার জন্য অর্থরাশি খরচ দেখাইতেছেন; কিন্তু তদনুরূপ কাজ হইতেছে অথবা সেই অর্থরাশি তাঁহাদিগের উদরগহ্বরগত হইতেছে কে তাহার অনুসন্ধান লয় ?

১৮৮২-৮৩ অব্দে আয়কর পূর্ত্তকার্য্য হইতে ১০১ ৭০০০০০ টাকা আয় হইয়াছে ও ১৮৮৩-৮৪ অব্দে ১০ ৩০৮০৫০০ টাকা আয় হইবে অনুমিত হইয়াছে। ঐরূপ আয়বিহীন পূর্ত্তকার্য্যের জন্য ১৮৮২-৮৩ অব্দে ৭১২০০০০ টাকা আদায় হয় ও ১৮৮৩-৮৪ অব্দে ৮৬৫ ০০০০ টাকা আদায় হইবে অনুমিত হইয়াছে। আয়কর পূর্ত্তকার্য্যের জন্য ১৮৮২-৮৩ অব্দে ৯৯১৬৩০০০ টাকা ব্যয় হয় ও ১৮৮৩-৮৪ অব্দে ১০০৮৮০০০০ টাকা ব্যয় হইবে এবং আয়হীন পূর্ত্তকার্য্যে ১৮৮২-৮৩ অব্দে ৭৩০৯০০০০ টাকা ব্যয় হয় ও ১৮৮৩-৮৪ অব্দে ৭০৫৬০০০০ টাকা ব্যয়িত হইবে অনুমিত হইয়াছে। ১৮৮২-৮৩ অব্দে আয়হীন পূর্ত্তকার্য্যের জন্য ৭১২০০ ০০ টাকা আদায় ও ৭৩০৯০০০০ টাকা খরচ হইয়াছে এবং ১৮৮৩-৮৪ অব্দে ৮৬৫০০০০ টাকা আদায় ও ৭০ ৫৬০০০০ টাকা খরচ হইবে অনুমান করা হইয়াছে। উপরি উল্লিখিত অঙ্ক ব্যতীত ১৮৮২-৮৩ অব্দে আয়কর পূর্ত্তকার্য্যে ৩৮৭৫০০০০ টাকা অতিরিক্ত ব্যয় হইয়াছে ও ১৮৮৩-৮৪ অব্দে ৩৮২০০০০০ টাকা অতিরিক্ত ব্যয় হইবার সম্ভাবনা আছে। কি আয়কর পূর্ত্তকার্য্য কি আয়বিহীন পূর্ত্তকার্য্য উভয়েই জমা অপেক্ষা খরচ বেশী হইয়াছে। অন্যায় সংকুলান না হয় বলিয়া গবর্ণমেণ্টকে ঋণগ্রহণ করিতে হয় এবং বর্ষে বর্ষে প্রচুর সুদও দিতে হয়। আমরা [illegible] পূর্ত্তকার্য্যে যে টাকা ব্যয় দেখাইয়া থাকেন [illegible] হয়,এখনকার অপেক্ষা চারিগুণ অধিক কার্য্য সম্পন্ন হইতে পারে।

এই বিভাগে যাহারা কণ্ট্রাক্টের কাজ করেন, আমরা দেখিতে পাই তাঁহারা প্রায় রাতারাতি বড় মানুষ হইয়া পড়েন। গবর্ণমেণ্টের এরূপ কার্য্যে টেণ্ডার লইবার রীতি আছে। যিনি সর্ব্বাপেক্ষা কম মূল্যে উত্তম কাজ করিয়া দিতে সম্মত হইবেন তিনিই কণ্ট্রাক্ট পাইবেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় যিনি অত্যন্ত অধিক মূল্যের টেণ্ডার দিয়াছিলেন তিনিও যে কণ্ট্রাক্ট পাইবেন না এরূপ নহে। [illegible] টেণ্ডার সকলসময়ে কর্তৃপক্ষ গ্রাহ্য করেন [illegible] জিজ্ঞাসা করি এরূপ করিবার কারণ কি ? [illegible] কোন কার্য্যের জন্য টেণ্ডার লইলে তাঁহারা [illegible] অল্প মূল্যের গণনা না করিয়া টেণ্ডার দিয়া [illegible] কেহ বিবেচনা না করিয়া কার্য্যে [illegible] উৎসুক হন,তাহাতে গবর্ণমেণ্টের ক্ষতি [illegible] তাঁহারা অধিক মূল্যের টেণ্ডার [illegible] নিকট হইতে যেমন লেখাপড়া করিয়া লন,অল্প মূল্যের টেণ্ডারদাতার নিকট হইতে সেইরূপ লেখা পড়া করিয়া লইলে ক্ষতির সম্ভাবনা কি ? টেণ্ডারদাতা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে কাজ নির্ব্বাহ করিতে না পারিলে তিনি সেই ক্ষতিপূরণের দায়ী হইবেন। তিনি কাজ নির্ব্বাহ করিতে না পারিবেন,অপর লোকের দ্বারা তাঁহার কার্য্য আদায় করিয়া লইতে যে টাকা অধিক লাগিবে,তাহা তাঁহারা কণ্ট্রাক্টরের অন্য সম্পত্তি বিক্রয় করিয়া আদায় করিতে পারিবেন। কিন্তু [illegible] না করিবার সচরাচর একটী কারণ দেখিতে পাওয়া যায়, যাঁহাদিগের উপর কাজ বুঝাইয়া দিবার ভার থাকে তাঁহারা কোন্ কার্য্যে কিরূপ ব্যয় হইবে [illegible] বুঝিতে পারেন না। আপীসের কর্মচারীরা যাঁহার নিকট অধিক ঘুস পান, তাঁহারই কণ্ট্রাক্টের উপকার দেখাইয়া দিয়া তাঁহাকেই কার্য্য দিয়া থাকেন। সুতরাং যিনি অধিক মূল্যের টেণ্ডার দেন,তিনিই যে কেবল কণ্ট্রাক্ট পান না [illegible] যিনি অল্প মূল্যের টেণ্ডার দেন তিনিও কণ্ট্রাক্ট পান না। এইরূপ কর্মচারীরা [illegible] দেখিলে বলেন, এতদপেক্ষা [illegible] পড়িয়াছে; সুতরাং অধিক মূল্যের [illegible] যাইতে পারে না; আবার অল্প মূল্যের টেণ্ডার দেখিলে বলেন, ইহাতে কণ্ট্রাক্টরের কাজ থাকিবে না; সুতরাং কাজ যথা সময়ে সুসম্পন্ন হইবে না। কিন্তু কাজের যেরূপ বন্দোবস্ত দেখিতে পাওয়া যায় তাহাতে কিছুতেই ক্ষতির সম্ভাবনা নাই। গবর্ণমেণ্ট যে টাকায় কাজ বুঝাইয়া দেন, আপীসের কর্ম্মচারী প্রভৃতির দক্ষিণায় তাহার সিকি এবং কার্য্য সম্পন্ন করিতে সিকি অর্থ ব্যয় হয়, অবশিষ্ট অর্দ্ধেক লাভ [illegible] নিতান্ত অল্প মূল্যের টেণ্ডার হইলেও কেহ [illegible] লাভ না রাখিয়া কণ্ট্রাক্ট লইতে যান না। [illegible] যে কাজ সম্পন্ন করা হয় দেখিতে পাওয়া যায় কণ্ট্রাক্টরের কাজ বুঝাইয়া দিবার পরেই প্রায় গবর্ণমেণ্টকে তাহাতে আর [illegible] না হয় সম্পূর্ণ সংস্কার করিতে হয়। [illegible] একবৎসর পরে তাহা নূতন করিবার জন্য আবার কণ্ট্রাক্ট দিতে হয় সুতরাং এক কাজের শেষ হয় না। যাঁহারা কণ্ট্রাক্টরদিগের নিকট হইতে কাজ বুঝিয়া লন, তাঁহারা কণ্ট্রাক্টরের কাজের সময়ে একবার চাহিয়া দেখেন না। কাজটী কোনরূপে বাহ্য শোভাবিশিষ্ট করিয়া সম্পন্ন করিলে চক্ষুমাত্র দেখিয়া তাহারই অনুমোদন করেন; সুতরাং তাহার দীর্ঘকাল স্থায়িত্বের সম্ভাবনা কি ? কাজ পোক্ত হইলে লাভের আশা থাকে না,কিন্তু এইরূপে কাজ করিয়া কাজে কোনরূপে থাকিলে কেবল যে মজুরের লাভ তাহা নহে,কণ্ট্রাক্টর প্রতিপালিত হন, তৎসঙ্গে তাঁহারা যাঁহাদের নিকট হইতে কাজ পান,তাঁহারাও বেশ দশটাকা পাইয়া থাকেন।

আমরা আজকাল দেখিতে পাই, গবর্ণমেণ্টের যে সকল নূতন রেলওয়ে হইতেছে,তাহাতে স্লিপারের পরিবর্ত্তে লৌহ নির্ম্মিত চৌকী ব্যবহার করা হইতেছে। এ গুলি যেমন কম মজবুত,সেইরূপ মূল্যবান ও ব্যয়সাপেক্ষ। ট্রেণ চলিলে এ গুলি প্রায় ভাঙ্গিয়া যায় ও দুই পার্শ্বে ট্রেণের চাপে বসিয়া যায়, সুতরাং নিত্যই তাহা উঠাইতে নামাইতে ও সমান করিতে বিস্তর অর্থব্যয় হয়। স্লিপার কাষ্ঠ দিলে এই অকিঞ্চিৎকর ব্যয়ের প্রয়োজন হইত না। কণ্ট্রাক্টর ভবিষ্যতে লাভের পথ পরিষ্কার রাখিবার অভিপ্রায়ে অর্দ্ধ ব্যয়ে কাজ শেষ করিবেন; কিন্তু গবর্ণমেণ্ট চিরকাল ভুগিতে থাকিবেন। এরূপ অবস্থায় নূতন কাজ হওয়া দূরে থাকুক যাহা হয় তাহা রক্ষা করিতে [illegible] টাকাই ব্যয় হইবার। কণ্ট্রাক্টের এ অবস্থা অতি শোচনীয়। ইহার সংশোধন না হইলে দেশের [illegible] নাই। দেশের উপকারের নামে এখন অধিকাংশ [illegible] জলাঞ্জলি দেওয়া হইতেছে। উপকারের নামে অপকার হওয়া একটি কেবল [illegible]। এক্ষণে নিম্নলিখিত কাজের অভিমত [illegible] নিবিষ্ট আমরা এই প্রস্তাব করিতেছি,যাঁহারা [illegible] হইয়া কণ্ট্রাক্ট দিবেন এবং যাঁহারা কার্য্য [illegible] কণ্ট্রাক্ট [illegible] কাজ হইল কি না দেখিয়া [illegible]

[illegible] বিদ্যালয়ের ব্যবস্থা [illegible] প্রত্যেক অঙ্গুলের [illegible] যে যে [illegible] হইবে তাহা নয়, [illegible] যে ব্যক্তি [illegible] নিকট হইতে তাহা আদায় করিয়া লইবার ব্যবস্থা করা আবশ্যক।

উপসংহারে আমাদিগের বক্তব্য এই, [illegible] সর্বত্র যদি আত্মশাসনপ্রণালী প্রবর্তিত হয় এবং উপযুক্ত নিয়োগের লোক [illegible] কার্য্য নির্বাহে নিয়োজিত হন, তাহা হইলে গবর্ণমেন্ট তাঁহাদিগের উপর অনেক কার্য্যের [illegible] ভার সমর্পণ করিতে পারিবেন। তাঁহারা [illegible] মঙ্গলের জন্য এক টাকার স্থলে আট [illegible] কার্য্য শেষ করিবার এ চেষ্টা পাইবেন, সে বিষয়ে সন্দেহ নাই।

প্রধান রাজপুরুষদিগের
শৈলবাস।

প্রথম আরম্ভ অবধি আমরা দুটী বিষয়ে [illegible] বাদ করিয়া আসিতেছি। প্রথম, গ্রীষ্মকালে বিদ্যালয়ের অবকাশ দান; দ্বিতীয় গ্রীষ্মকালে প্রধান রাজপুরুষদিগের শৈলবাস। গ্রীষ্মকালই এ দেশে পরিশ্রম [illegible] করিবার প্রকৃত সময়। গ্রীষ্মকালে পরিশ্রম [illegible] [illegible] হয় না। অবকাশ দান করিয়া [illegible] সেই সুখ সময়টীকে নষ্ট করা নিতান্ত বিড়ম্বনা বিষয় হইয়াছিল। এক্ষণে এ দোষের সংশোধন হইয়াছে; কিন্তু দ্বিতীয় দোষটী আজও দোষ বলিয়া অনেকেই গণনা করেন নাই। আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম, এ বিষয়ের যথার্থ আন্দোলন উপস্থিত হইয়াছে, ইউরোপীয়েরা ও এ দেশীয়েরা এক বাক্যে [illegible] করিয়াছেন। সর্ব্বপ্রথমে [illegible] ইহার আন্দোলন চলিয়াছে। [illegible] রাজপুরুষেরা রাজধানী পরিত্যাগ করিলে [illegible] হয়, [illegible] [illegible] বর্ণন করিয়াছেন। [illegible] হইতে [illegible] ও তথ্য হইতে প্রত্যাগমনে যে [illegible] ব্যয় হয়, অনেকে তাহার উল্লেখ করিয়াছেন। কিন্তু [illegible] ব্যয়ের অধিকাংশ [illegible] [illegible] না। ঐ প্রতিকা [illegible] আমরা [illegible] উল্লেখ করিয়াছি। [illegible] আমরা [illegible] [illegible] [illegible] সেক্রেটারি [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সেক্রেটারি [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible] আফিসের শিক্ষিত যুবক [illegible] হইতে [illegible] এই অবস্থায় সাময়িক [illegible] প্রণালী [illegible] লইয়াছে। অনেক [illegible] [illegible] ধনাঢ্য ব্যক্তিদিগের [illegible] [illegible] কেবল [illegible] করিয়াছেন [illegible] কেবল [illegible] রাজপুরুষের প্রয় [illegible] অনেকের রোগমুক্ত লাভ হই-য়াছে। গবর্ণর জেনেরল চলিলেন, তাঁহার সঙ্গে সঙ্গে সেক্রেটারিরাও চলিলেন, তাঁহাদিগের সঙ্গে [illegible] ও অন্য অন্য কর্মচারীর দল ও প্রভৃতি [illegible] চলিলেন। বিদেশে থাকিতেছেন সকলেরই [illegible] অধিক; পথের ব্যয় স্বতন্ত্র। সেখানকার [illegible] বন্দোবস্ত, ডাকাদের বন্দোবস্ত। এই সকল বিষয়ে প্রতি বর্ষে গোবিন্দপাদী অসংখ্য অর্থ যে ব্যয়িত হয়, তাহা সকলেই বুঝা যাইতেছে। কিন্তু এ রীতে প্রজার যে এক প্রকার উপকার হয় না [illegible] বুঝা যাইতেছে।

শৈলবাসের অনুরূপ উপযোগিতা ও আবশ্য-কতা দেখিতে পাওয়া যায় না। লড সেণ্টিং প্রভৃতি কয়েকজন গবর্ণর জেনেরলেরা এই কলিকাতায় থাকিয়া অধিকাংশ [illegible] করিয়াছেন; কিন্তু এক দিনের জন্যও যাঁহা ভঙ্গ হয় নাই। পূর্বকার সব বড় জেনেরলদিগের গ্রীষ্মকালে কলিকাতায় থাকিয়া [illegible] ভঙ্গ হইত না, এখনকার গবর্ণর জেনেরলদিগের [illegible] ভঙ্গ হয়, [illegible] বুঝিয়া উঠা কঠিন। এখন কি কলিকাতা অধিকতর উষ্ণ হইয়াছে? কে, [illegible] আমরা [illegible] [illegible]। [illegible] শৈলবাস একটী রীতি [illegible] [illegible]। সুতরাং গবর্ণর জেন-রলেরা [illegible] কলিকাতায় থাকিলে তাঁহাদের [illegible] যাইবে। [illegible] [illegible] সময়ে চিন্তা [illegible] অনেক প্রকার পীড়ায় পীড়িত হইয়া থাকে; রাজপুরুষদিগের শৈলবাসও সেইরূপ একটী পীড়া হইয়া উঠিয়াছে। ফলতঃ আমরা স্পষ্ট বুঝিতে পারিতেছি, ভারতবর্ষ রাজপুরুষদিগের কর্মক্ষেত্র [illegible] ক্রমে ভোগক্ষেত্র হইয়া উঠিতেছে। সুতরাং [illegible] ভোগক্ষেত্র হইল, তখন রাজপুরুষেরা যদি ভোগাভিলাষ পূর্ণ না করেন, তাঁহাদের অবস্থা [illegible] এই কারণেই গবর্ণর জেনেরলের দেখাদেখি লেপ্টেনেণ্ট গবর্ণর ও কমিসনরেরাও পর্ব্বতবাসী হইতে আরম্ভ করিয়াছেন। পর্ব্বতবাস না করিলে তাঁহাদের মনে যেন কেমন অসম্মান বোধ হয়।

অনেক দিন অবধি আমাদিগের মনে এই একটী [illegible] উপস্থিত হইয়া আছে, যদি নির্দ্দিষ্ট [illegible] [illegible] হইতে ভারতের শাসনকার্য্য সম্পাদন [illegible], তাহা হইলে ইংলণ্ড হইতে ইহার শাসন-[illegible] সম্পাদন না হয় কেন? [illegible] বাস করিয়া [illegible] সমুদায় [illegible] [illegible] হইতে [illegible] [illegible] [illegible] কলে তাহার [illegible] সাধিত [illegible] [illegible] প্রকৃতি হয়ে থাকে একজন ইংলণ্ডের [illegible] হইয়া উঠিয়াছেন। এই সেক্রেটারি ইংলণ্ডে থাকিয়া সকলে ভারত শাসন করিতে পারেন। এই সেক্রে-টারি হইতে যদি শাসনকার্য্য সম্পন্ন হয়, তাহা হইলে ভারতে এত শাসনকর্তা রাখিবার কাজ কি? আপা-ততঃ গবর্ণর জেনেরলের পদটী আমাদিগের বিলুপ্ত করা যায়, বিলুপ্ত করিয়া অন্ততঃ পরীক্ষা করিয়া দেখা উচিত; এ পদটী বিলুপ্ত হইলে ভারতের অনেক টাকা বাঁচিয়া যায় সন্দেহ নাই। যদি এই ভারতে স্বতন্ত্র গবর্ণর জেনেরল থাকিলে তিনি যদি সৎ লোক হন, তাঁহা হইতে ভারতের ইষ্ট সাধিত হইতে পারে। এ কথা যেমন, আমরা আবার তেমনি বলিতে পারি, তিনি যদি অসৎ হন, তাঁহা হইতে অনেক অনিষ্ট সাধিত হইতে পারে। এরূপ অবস্থায় গবর্ণর জেনেরলের পদটী রহিত করিয়া টাকা বাঁচান কি উচিত নয়? আর এক কথা এই, এক্ষণে যেরূপ শাসনপ্রণালী হইয়াছে, তাহাতে শাসনকর্তা সৎ হইলেই যে ইষ্ট সাধিত হয়, তাহা হয় না। লড নিপন যাহাদুর দিয়া তাহার পরীক্ষা হইয়া গেল। এখন ভারতের গবর্ণর জেনে-রলদিগের পূর্বের ন্যায় কার্য্যে স্বাধীনতা নাই। তাঁহারা এই সেক্রেটারির একান্ত অধীন হইয়া পড়িয়াছেন। অধিক, ভারতে ইউরোপীয় রাজ-পুরুষদিগের প্রাদুর্ভাব অধিক। তাঁহারা বড়যন্ত্র করিয়া গবর্ণর জেনেরলের প্রস্তাব খর্ব্ব করিয়া ফেলেন। গবর্ণর জেনেরলের হস্তপদ বদ্ধ হইয়া যায়। সৎ ইচ্ছা থাকিলেও তিনি তাহা পূর্ণ করিতে পারেন না। এরূপ অবস্থায় গবর্ণর জেনেরল পদটী লুপ্ত করা কি উচিত হয় না? এ পদটী লুপ্ত হইলে বহুভাবে ভারতের লাভ হইতে পারে। গবর্ণর জেনেরলের বেতন দিতে হইল না। তাঁহার সভার সভ্যদিগের বেতন দিতে হইল না, অধীন কর্মচারিদিগের বেতন দিতে হইল না, শিমলাবাসের ব্যয় লাগিল না, ইহা কি সামান্য লাভ? লেপ্টেনেণ্ট গবর্ণর ও গবর্ণরদিগের দ্বারাই নিয়মিত কার্য্য সম্পাদিত হইবে। যুদ্ধ বিগ্রহাদি বিশেষ কার্য্য উপস্থিত হইলে ইংলণ্ড হইতে তাহার ব্যবস্থা হইবে। এখনও তাহাই হইতেছে। কাবুলের সীমা কিরূপ স্থির হইবে, ইংলণ্ডের মত ব্যতিরেকে কি তাহা সম্পন্ন হয়?

বঙ্গদেশে পুত্র বিক্রয়।

পাঠক! প্রস্তাবের শিরোনামটী দেখিয়া [illegible] চমকিয়া উঠিবেন। ভাবিবেন আজিও কি বঙ্গদেশে দাসব্যবসায় আছে। বঙ্গদেশে ভারতেশ্বরীর

আফ্রিকা যেমন প্রবল, ভারতেশ্বরীর প্রতাপ যেমন ঘরে ঘরে বাচা দিতেছে, এরূপ আর কুত্রাপি নাই। এখনও আজও দাস ব্যবসায় চলিতেছে এটী বড় আশ্চর্য্যের বিষয়। পাঠক! আমরা আফ্রিকার, মিশরের ও তুরস্কের দাস ব্যবসায়ের কথা কহিতেছি না। হিন্দুশাস্ত্রে দেখিতে পাওয়া যায়, পূর্ব্বে এদেশে দাস প্রথা ছিল, বহুকাল হইল উঠিয়া গিয়াছে। অতি প্রাচীনদিগেরও সে প্রথার কথা স্মরণ হয় না। তবে সাক্ষাৎসম্বন্ধে মিশরের ন্যায় দাসপ্রথা এখানে নাই বটে; কিন্তু প্রকারান্তরে নাই তাহাও বলা যায় না। অনেক অপদার্থ সম্ভ্রম পরের দাসত্ব করিয়া বহুমূল্য জীবন বিনষ্ট করিতেছে। আমরা আজ সে সকল বিষয়ের কথা এ স্থলে উল্লেখ করিতেছি না। বঙ্গদেশে বিবাহকালে যে পুত্রবিক্রয় হইতে আরম্ভ হইয়াছে, অদ্য তাহারই প্রস্তাবনা আমাদের এ প্রস্তাবের অভিপ্রেত।

মনু যে কয় প্রকার বিবাহের লক্ষণ করিয়াছেন, তাহার মধ্যে আসুর নামে একটী বিবাহ আছে। পণ গ্রহণ করিয়া কন্যার যে বিবাহ দেওয়া হয় তাহারই নাম আসুর। এটী নিন্দিত বিবাহ। বঙ্গদেশে অনেকদিন অবধি এ বিবাহটী চলিয়া আসিতেছে। কুলীন মৌলিক বংশজ প্রভৃতির ব্যবহারই এ কুৎসিত প্রথার কারণ। শাস্ত্রকারেরা এ বিবাহের অতিশয় নিন্দা করিয়াছেন। তন্নিবন্ধনেও এ বিবাহটী নিন্দিত ও উপেক্ষিত দেখিতে পাওয়া যায়। একে এই প্রথার জ্বালায় বাঁচা যায় না, কত বৃদ্ধ ও গুণহীন কাপুরুষ গুণবতী ও রূপবতীর পাণিগ্রহণ করিতেছে। ঐ সকল ঘটনা দর্শন করিলে কোপানলে হৃদয় দগ্ধ হইতে থাকে। এ জ্বালার উপরে আবার পুত্রবিক্রয়ের জ্বালা উপস্থিত। এই পুত্রবিক্রয়ের প্রথা উপস্থিত হওয়াতে সকল শ্রেণীরই বিশেষতঃ কায়স্থ শ্রেণীর কন্যার বিবাহ হওয়া ভার হইয়া উঠিয়াছে। যাঁহার দুই তিনটী কন্যা জন্মে, তিনি অপার বিপদসাগরে নিমগ্ন হন। বরকর্তার চিত্তসন্তোষণসামর্থ্যে তাঁহাকে ইটে ভিটে বিক্রয় করিতে হয়। লক্ষ্মী তাঁহার গৃহে বাস করেন না।

ছেলে যে পরিমাণে পাস দিতে আরম্ভ করে, সেই পরিমাণে মূল্য বৃদ্ধি হইতে থাকে। যাহার ছেলে তিনটী পাস দিলে তাঁহার পিতা অহঙ্কারে মট মট করিতে থাকেন। কন্যাকর্ত্তা তাঁহার নিকটে উপস্থিত হইলে সংবাদ পাইয়া তিনি অন্তঃপুর হইতে যোগা চুকাইয়া [illegible] যাইবেন। এ কি দস্য ব্যবহার? যত লেখা পড়া বৃদ্ধি হইতেছে, ততই [illegible] [illegible], বৃদ্ধি [illegible] যাঁহারা পাস [illegible] [illegible] [illegible] তাঁহারা আর যে এ বিষয়ের [illegible]

করেন না, এটী অধিকতর আশ্চর্য্যের বিষয়। অভিমানই এরূপ বিরূপ ব্যবহারের মূল। অভিমান বৃত স্ফীত হইতেছে, ততই এই [illegible] বৃদ্ধি হইতেছে। অভিমান খর্ব্ব করিলেই [illegible] দুর্ব্যবহারের নিবারণ করা যায়। কিন্তু এ অভিমান খর্ব্ব করে কে? আপনা হইতে যে [illegible] হয়, তাহার সম্ভাবনা দেখা যায় না। অভিমান যদি আপনা হইতে খর্ব্ব হইত, তাহা হইলে দুর্য্যোধন সবংশে নিহত হইত না। ভীষ্ম, দ্রোণ, বিদুর, কৃষ্ণ প্রভৃতি সংবাদ পাইয়াও তাহার সে অভিমান খর্ব্ব করিতে পারেন নাই। অতএব পাসকরা ছেলের পিতার যে অভিমান সহজে খর্ব্ব হইবে তাহার সম্ভাবনা নাই। একটী বিশেষ নিয়ম আবশ্যক। উত্তর পশ্চিম অঞ্চলে কন্যার বিবাহ দেওয়া বিষম দায় ভাবিয়া, যাহারা কন্যা হত্যা করিত, রাজাও যাবা তাহার নিবারণ [illegible] [illegible] আমরা সে বিষয়ের প্রস্তাব করিতেছি, এটী সামাজিক বিষয়। সামাজিক ব্যবস্থা আমাদের [illegible] [illegible] রণ করা উচিত অনেক স্থলে অনেক [illegible] সমাজ [illegible] ব্যাপারে প্রবর্ত্তিত হইয়াছেন, [illegible] বিষয়েও তেমনি সকলজাতীয়ের সকল [illegible] একটী সংস্কার এবং আরম্ভ করা কর্ত্তব্য। ভিন্ন ভিন্ন শ্রেণীর লোকেরা পরস্পর মিলিত হইয়া এইরূপ একটী নিয়ম করুন যে, বিবাহকালে কোন বরকর্ত্তা কন্যাকর্ত্তার নিকটে কোন প্রকার অর্থ [illegible] করিতে পারিবেন না। কন্যাকর্ত্তা [illegible]পূর্ব্বক যাহা দেন তাহাতেই বরকর্ত্তাকে সন্তুষ্ট হইতে হইবে। আমাদের কন্যাকর্ত্তাদের [illegible] [illegible] তাহাতে কন্যাকর্ত্তা [illegible] [illegible] [illegible] পারেও আছে [illegible] [illegible] [illegible] করিতে হইবে। অতএব যাহারা [illegible] তিনি তেমনি কন্যাহরণ, [illegible] [illegible] [illegible] করেন না। তবে কন্যাকর্ত্তাকে [illegible] যিনি পীড়ন করিবেন, তিনি [illegible] [illegible] সামাজিক লোকেরা [illegible] আহার ব্যবহার পরিত্যাগ করিবেন, [illegible] [illegible] না হইলে প্রস্তাবিত প্রথার নিবারণ [illegible] এই কুপ্রথার নিবারণ না হইলে [illegible] নাই। নিঃসংশয় অনেকেই [illegible] [illegible] এ ব্যাপারটী যে কেমন ভয়ানক [illegible] বাবু রূপচাঁদ দাসের প্রণীত কবিত [illegible] বলিয়া দিবে। রূপচাঁদ বাবু [illegible] [illegible] জানিতে চান, পক্ষী উপাধি [illegible] আছেন। ঐ উপাধি [illegible] [illegible] এই কথা বলিলেই তাঁহার [illegible] কবিতাটী এই:—

[illegible] [illegible]—[illegible]

[illegible] বুঝি কি মাকাল, কন্যাবিবাহের কাল, [illegible]
[illegible] [illegible]।
[illegible] পিতৃদায়, এর আগে লাগে [illegible], [illegible]
বাটী চাটি বয়, [illegible] [illegible]॥
[illegible] [illegible] হয়েছে মানহানি, [illegible] [illegible]
পেতে মাসের [illegible]।
[illegible], প্রায় হলো নিগুণ, বিশ্ববিদ্যালয়
[illegible] [illegible] যে [illegible]।
[illegible], [illegible], এ, হুপেসে, বি, এ,
[illegible] মাথা ভারতে॥ ১
[illegible], [illegible] আর আ মন্দ, পাস করা
[illegible], সকল যেতেছে,
[illegible] দিতে [illegible], [illegible] [illegible] [illegible], হইয়া
[illegible], [illegible] [illegible] যাবেতে॥ ২
অর্থভাবে কত লোকে, পড়িয়ে বিষম বিপাকে, [illegible]
[illegible] [illegible] রাখে, নিরুপায়েতে।
[illegible] কেটে কর্জ্জ করে, বুঝে বেশ দেশাচারে, সপর্জা
দান করে, বংশ সহিতে॥ ৩
[illegible], সকলে ততোধিক, কি আর কব
অধিক, [illegible]।
[illegible], [illegible], এক লম্বা ফর্দ দেয়
হাতে, [illegible]॥ ৪
[illegible], পাস করা [illegible] [illegible]
[illegible] [illegible] তারে, হয় [illegible]।
[illegible] বটে, ধর্ম্মীর চেইন [illegible],
[illegible] [illegible], হয় [illegible]॥ ৫
কন্যাকর্ত্তা [illegible], [illegible] করে দিয়েছে, [illegible]
[illegible], দেশের লোকেতে।
[illegible] [illegible] [illegible] ত কুলীন নয়, [illegible]
[illegible], [illegible]॥ ৬
[illegible] পুত্রবতী, ছিল না এ পদ্ধতি, সব বর্ণে
[illegible] সম্প্রতি, দেশের রীতিতে।
[illegible] পাপ করা নয়, [illegible] কেন বয়, [illegible]
[illegible] [illegible]॥ ৭
[illegible] পাঠশালে, [illegible] [illegible], [illegible] [illegible]
[illegible], [illegible]।
বিবাহে [illegible] [illegible] নয় আর, যে
[illegible] [illegible]॥ ৮
[illegible] কর্তাপক্ষ, [illegible] সর্ব্বত [illegible]
[illegible], সে [illegible]
[illegible] [illegible], [illegible] [illegible],
[illegible] [illegible]॥ ৯
বিবাহের গোল [illegible], [illegible] [illegible]
[illegible] [illegible]।
[illegible] দিবে [illegible] [illegible]
[illegible] [illegible]

অলঙ্কার,চার না ইহাদি, কোম্পানীর কাগজ নোট,
বাগ,বাড়ীর পাট্টা সোনার সিন্দি,দ্বার মাকে ঘাকে।
মেয়ের বেলা বেলকুলা,নিমফুলা,কেল্কোতুলা, ফুলসির
০ সোনার বালা, কাঁকনা জলাকে॥ ১১
বাইশপেঁচ কাল কান্তি, পাপকতার বঙ্ক কান্তি, পাত্রী
খোঁজে ঘুঙী, কিলমী ঘরে।
পাকা বাড়ী মার্বেল মেঝে,বারোয়ানের কপাল দেখে,
কীরার আংটী সোনার চেন,মুনিবে পকাতে॥ ১২
বিবাহের গণ্ডগোলে, বড় ইয়ংবেঙ্গলে, ঢুকতে গিয়ে
প্রাণের দলে, জ্বালা একাতে।
বংশের বিচার কে আর করে,এক কোটিমিলেছে কর্ম-
সারে, কেউ গিয়ে কুচবিহারে, কেউ ব্রহ্মদেশে॥ ১৩
উচ্চ শিক্ষার প্রভাবে, দেশের উন্নতি হবে, সমাজের
কুক্রিয়া যাবে, বিদ্যার জ্যোতিতে।
হিতে হলো বিপরীত, পাগলবা বাড়ায় কুরীত,
এ শিক্ষা কার মনোনীত, হয় অশিষ্ট বাড়ে॥ ১৪
নব্য সভ্য যুবক, সকলে কর বিচার, যাতে হয়
এ বিষয় স্বাধ, মুকাৰ্য্য হয়ে।
বিয়ে করতে টাকা চায়,ছিছি মরে যাই লজ্জায়,আর্য্য-
দের কলঙ্ক রটায়, আর্য্যধর্মাবলম্বিগণে॥ ১৫
সমাজের দেখে দুঃখ, আপসোসেতে ফাটে বুক,
সকলেতে হও একমুখ, প্রত্যাকারেতে।
গণপতির এই মিনতি,যার যেরূপ করে কুকৃতি,দেওয়া
লওয়া সেই পদ্ধতি, উঠিয়ে আর্য্যদের মধ্যে॥ ১৬

ভারতবর্ষে এত দরিদ্র কেন?

সুখ দুঃখ, আলো অন্ধকার. এ গুলি দ্বন্দ্ব। ইহাদিগের পরস্পর অবস্থার তুলনা না করিলে পরস্পরের প্রভেদ বোধ হয় না। উন্নতিশালী জাতিদিগের ধনী হইবার কারণের সহিত যদি ভারতবাসির দারিদ্র্যকারণের তুলনা করা যায়, তাহা হইলেই ভারতবাসী আপনার অবস্থার শোচনীয়তার বিষয় বুঝিতে পারেন এবং আপনার অবস্থার সংশোধনেও যত্নবান হইতে পারেন। এই নিমিত্ত আজ আমরা ইংলণ্ড প্রভৃতি কয়েকটী স্থানের ঐশ্বর্য্যশালিতা ও ভারতের কারণের নির্দেশ করিয়া ভারতবাসিদিগের উৎসাহ বর্দ্ধিত করিতে প্রবৃত্ত হইলাম।

প্রথমে পাঠক ভারতের দরিদ্রতাকে ও এ প্রকার স্থানের ধনিসম্প্রদায়ে তুলনা করিয়া দেখুন। ভারতবর্ষে যে বংশ যাহা হইতে ধনী হয়, সেই বংশের মধ্যে তাঁহারাই বিশেষ অবস্থায় পরিচয় দিয়া থাকে। বংশোদ্ভব অপরাপর লোকেরা উত্তরাধিকারী যে [illegible] হয়, [illegible] কিন্তু [illegible] না থাকিলে [illegible] লোক হয়, কিন্তু [illegible] [illegible] বড় [illegible] [illegible] [illegible]। বিদ্যা, গৌরব, প্রতিষ্ঠা, [illegible]

কপালে প্রায় মিলেনা। [illegible] কারণ ধনিসন্তানের দুঃখের সম্ভাবনা অপ্রতুল নাই; সুতরাং ভোগবিলাসে প্রবৃত্তি বলবতী হয়। লেখা পড়া শিখিতে গেলে বিস্তর কষ্ট ও শ্রম স্বীকার করিতে হয়, অনেক বিলাসী ধনিসন্তান তৎস্বীকারে সমর্থ হন না, সুতরাং তাঁহাদের বিদ্যালাভও হয় না। বংশে এক জন ধনী হইলে সকলেই সেই ধনের অধিকারী হইয়া যেমন ধনী হয়, বিদ্যাধনের সেরূপ নিয়ম নয়। বংশে একজন লেখা পড়া শিখিলে তাঁহার বিদ্যাধনে অপরের অধিকারী হওয়া চলে না। অতএব বিদ্বানের সন্তান বিদ্বান বলিয়া গৌরব লাভ করিতে পারেন না। এই কারণে ভারতে অনেক ধনিসন্তানই মূর্খ, অন্ধতমসে আচ্ছন্ন হইয়া আছে। কিন্তু পৃথিবীর অন্য অংশে এরূপ নিয়ম নয়। ইংলণ্ড স্কটলণ্ড প্রভৃতি কয়েকটী স্থানকে উদাহরণ স্থলে গ্রহণ করিলাম। উক্ত স্থানে বিদ্বানের বংশে মূর্খ জন্মিলে তাহার বড় নিন্দা। পুত্র পিতার ধনে অধিকারী হইয়া বাল্যকালে যে বিলাসী হইবেন, তাহার যো নাই। পুত্রের ভরণপোষণ করা যাবৎ পিতার কর্ত্তব্য, পিতা তাবৎ তাহার রক্ষণাবেক্ষণ করেন, তৎপরে আর তাহার সহিত সম্পর্ক থাকে না। সুতরাং স্বয়ং কৃতী না হইলে তথায় খাওয়া পরা চলে না। বিশেষতঃ শীতপ্রধান স্থানে শ্রমসাধ্য কার্য্যই শরীর রক্ষার প্রধান উপায়। সে কারণেও তথাকার লোকের ৮ টা বেলা পর্য্যন্ত শয্যাতলে বিলুণ্ঠন চলে না। শ্রমশালিতা তথাকার মর্য্যাদা। অল্প খাদ্যে সংসারযাত্রা নির্ব্বাহ হয় না। কাজে কাজেই সকলকে অর্থবৃদ্ধি ও আয়ের চেষ্টায় দিবানিশি ব্যস্ত থাকিতে হয়। কাজ কাজ করিয়া সকলেই পাগল। যোল পরও কাজের কথাবার্ত্তা। এখনকার সাহেব লোকদিগের সহিত পত্র লিখা পত্র লেখা যোল পর নহে। এই সকল কারণে দেশের সকল লোকেরই আয় অধিক, বিদ্যাবুদ্ধি শ্রম ও কৌশল উদ্ভাবনশক্তি অধিক। তাই সর্ব্বপ্রকার আয়ের দ্বারও তাহাদিগের নিকট পরিস্ফুট। আমরা পূর্ব্ব পূর্ব্ব প্রস্তাবে ইংলণ্ড বাসির শিক্ষা ও বাণিজ্য প্রভৃতি বিষয়ের এ দেশের সহিত তুলনা করিয়া দেখাইয়াছি। অদ্য তত্রত্য লোকের কার্য্যকুশলতা ও অর্থবলসম্পন্নতা দেখাইয়া ভারতবাসির দারিদ্র্যের কারণ তাহাদিগের অনুবর্ত্তী করিয়া দিতেছি।

ভারতবর্ষের ২০ কোটী ৩৯ লক্ষ ৬ হাজার ৪ শত [illegible] লোকের মধ্যে ৬৯৯৫২৮৬১৭ জন কোন কর্ম করে। ইহাদিগের মধ্যে ১ কোটী ৯০ লক্ষ স্ত্রীলোক। ২ কোটী লোক ছোট ছোট কারখানা করিয়া নানা প্রকার দ্রব্যাদি প্রস্তুত করে। এতদ্ব্যতীত [illegible] জন পুরুষ ও ২৮৭৭৯৮৬ স্ত্রীলোক

তুলা ও চটের কলে; ২০৮৫১৯১ জন পুরুষ ও ৭৩৬০৮৯ স্ত্রীলোক তন্তুবায়ের কাজ; ১৫৪৪৯১৬ পুরুষ ও ১৭১১৯৫১৩ স্ত্রীলোক খনিজকার্য্যে উৎপাদন, ৭৮১৬৯৯ পুরুষ ও ২০৪০৩১ স্ত্রীলোক খাদ্যদ্রব্য প্রস্তুত করা; ৬৮৭২৮৩ পুরুষ ও ৩৫৪৭২৬ স্ত্রীলোক পুত্তলিকাদি নির্ম্মাণ; ৪৫৯১৫৭ পুরুষ ও ১৩৭৭৯ স্ত্রীলোক স্বর্ণকারের কাজ,৩৩৪৪৫৫০পুরুষ ও ১৮৮৭৩ স্ত্রীলোক কর্মকারের কাজ; ৪০৬৩৫৭ পুরুষ ও ২৭৭৩৭৫ স্ত্রীলোক মাদুর ও চুপড়ি প্রভৃতির কাজ; ২৯৪৯৬২১ পুরুষ ও ৬৫১৯৬৩ স্ত্রীলোক দাস দাসীর কাজ করে, এতদ্ব্যতীত ৭৯১৩৭৯ পুরুষ কেরাণীর কার্য্য ৩১১০৭০ পুরুষ সৈনিকের কার্য্য ৬১১২৬৪ জন যজন যাজন ও ধর্ম্মালয়ের কার্য্য ৩৮৩৮৬৯ বাণিজ্য কার্য্য,৮৮৬১৪৮ জন ফেরিওয়ালার কাজ,৯৫৮০০০মাঝি মাল্লা ও বেহারার কার্য্য করে। এতদ্ভিন্ন ৭২৪৮৪৯১ পুরুষ ও ৫১৪৪০২১ স্ত্রীলোকের বৃত্তি জানা যায় নাই। ইংলণ্ড ওয়েলস আয়র্লণ্ড ও স্কটলণ্ডের লোক সংখ্যা ৩৪২৪১৪৮২। ইহাদিগের মধ্যে ইংলণ্ড ও ওয়েলসের ৪৪০৯৫৫ পুরুষ ও ১৯৬১২০ স্ত্রীলোক ব্যবসায়, ২৫৮৫০৮ পুরুষ ও ১৪৪৫৩০২ স্ত্রীলোক গৃহকর্ম্ম, ৯৬০৬৬১ পুরুষ ও ১৯৫৬৭ স্ত্রীলোক বাণিজ্য, ১৩৮১৩৪৪ পুরুষ, ও ৬৪৮৪০ স্ত্রীলোক কৃষিকর্ম্ম, ৪৩৭৫১৭৮ পুরুষ ও ১৫৭৮১৮৯ স্ত্রীলোক শিল্পকর্ম্ম করে এবং ৪৮৫৩২৫৬ পুরুষ ও ৯৯৬০৬১৯ স্ত্রীলোকের মধ্যে অনেকের নির্দ্ধারিত বৃত্তি নাই ও অনেকে এরূপ কর্ম করে যে তাহাকে কিছু আয়ও নাই। স্কটলণ্ডেও ঐরূপ ৬৫৪৯৯ পুরুষ ও ৩০৬০৬ স্ত্রীলোক ব্যবসায়, ২৫২৯২ পুরুষ ও ১৫১২৭৩ স্ত্রীলোক গৃহকর্ম্ম, ১২৬৭৪৩ পুরুষ ও ৫৩৬৩ স্ত্রীলোক বাণিজ্য, ২১২২১৫ পুরুষ ও ৪৪৩২২ স্ত্রীলোক কৃষিকর্ম্ম, ৬৭৫৯৩৪ পুরুষ ও ২৫৬৬৮৯ স্ত্রীলোক শিল্পকর্ম্ম করে এবং ৬৯০৭০২ পুরুষ ও ১৭৩৭৮২৭ স্ত্রীলোকের মধ্যে অনেকে বৃত্তিহীন ও অনেকের বৃত্তি আছে কিন্তু আয় নাই। আয়র্লণ্ডের ৯০৬৪৮৯ পুরুষ ও ৬২১০৪ স্ত্রীলোক ব্যবসায়, ৭৪৫৬ পুরুষ ও ৩১৭০৯৩ স্ত্রীলোক গৃহকর্ম্ম, ৭০৭৫১ পুরুষ ও ১৪৯৪ স্ত্রীলোক বাণিজ্য, ৯০২০৬০ পুরুষ ও ৯৪৯৮৬ স্ত্রীলোক কৃষিকর্ম্ম, ৪২৮৫৭৮ পুরুষ ও ২৬২৯৩১ স্ত্রীলোক শিল্পকর্ম্ম করে এবং ৯৬১৩৮১ পুরুষ ও ১৮২৬৯০০ স্ত্রীলোকের মধ্যে অনেকের নির্দ্ধারিত বৃত্তি নাই এবং কতকগুলির বৃত্তি আছে কিন্তু আয় নাই। এক্ষণে পাঠক দেখুন, ইংলণ্ড প্রভৃতির সহিত তুলনা করিলে দেখিতে পাওয়া যাইবে, কেবল ২১২৮৫৮৯ জন নিষ্কর্মা ও আয়হীন বৃত্তি অবলম্বন করিয়া আছে। সমগ্র সংখ্যার মধ্য হইতে ইহাদিগকে বাদ দিলে ৩২১৬৩২৬৯ লোকে

বিলক্ষণ অধিক দেখিতে পাওয়া যাইবে। ইংলণ্ড প্রভৃতি স্থানের সমগ্র লোকের মধ্যে সাবলক ব্যক্তিদিগকে বাদ দিলে আমরা কেবল ৩৫৯৬৩৪ জন লোকের বৃত্তি কি, তাহা স্পষ্ট বুঝিতে পারি না, কিন্তু চাকুরী করেন এরূপ লোকের সংখ্যা গণনা করিলে এ অংশও বৃত্তিহীন বলিয়া গণ্য হয় না। কিন্তু ভারতবর্ষে ২৫ কোটী ৩৯ লক্ষ ৬ হাজার ৪ শত উনপঞ্চাশ জন লোকের মধ্যে ১২ কোটী ৬০ লক্ষ ১৯ হাজার ৫ শত ৯৪ জনের অবলম্বন আছে দেখিতে পাওয়া যায়, অবশিষ্ট লোকদিগের মধ্যে ২৪ লক্ষ ৫৯ হাজার ৪ শত ৪ জন বিদ্যালয়ে অধ্যয়ন করে। এতদ্ব্যতীত যে, ১২ কোটী ২৯ লক্ষ ১৭ হাজার ৪ শত ৫১ জন লোক থাকে, আমরা তাহাদিগের কোন বৃত্তি দেখিতে পাইলাম না। ইংলণ্ড প্রভৃতি স্থানের স্কুল সমূহের ছাত্রসংখ্যা ১৮৮১ অব্দে ১২ লক্ষ ৮০ হাজার ২৪ ছিল। আমরা উপরে যে আয়হীন লোকসংখ্যা দেখাইয়াছি, তন্মধ্যে ছাত্রের সংখ্যাই অধিক। অতএব এ হিসাবে নিষ্কর্ম্মা লোক নাই বলিলেই হয়। নিষ্কর্ম্মা হইলে তথায় প্রাণযাত্রা নির্ব্বাহের কোন উপায় থাকে না। ভারতবর্ষে একজন উপার্জ্জনশীল হইলে পুত্র পুত্র অকর্ম্ম, যেমন তাহার স্কন্ধে চাপিয়া তাঁহার আয়ের সমস্ত গ্রাস করে, তথায় সেরূপে কেহ কাহারও আয় গ্রাস করিতে পারে না। সুতরাং যিনি যাহা উপার্জ্জন করেন, তাঁহার ন্যায্য-ব্যয় বাদে তাহাই থাকে এবং উত্তরোত্তর তাঁহার সেই ধনের বৃদ্ধি চেষ্টা-নিবন্ধন ক্রমে অর্থ বৃদ্ধি হইয়া উঠে। ভারতবর্ষের ন্যায় তথায় নিষ্কর্ম্মা নাই বলিয়া ইংলণ্ড প্রভৃতি স্থানের বাণিজ্য পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা অধিক বিস্তৃত।

১৮৮২ অব্দে এই ক্ষুদ্র রাজ্যে ৪১৩০১৯৬০৮০ টাকার সামগ্রী আমদানী ও এখান হইতে স্বদেশজাত ২৪১৪৬১১৬২০টাকা ও বিদেশজাত ৩৫১৯৩৫৫২০টাকা মূল্যের সামগ্রী রপ্তানী হইয়াছে, পৃথিবীতে এমন স্থান নাই যেখানে ইংলণ্ড ও তাহার পার্শ্ববর্ত্তী স্থানবাসিদিগের বাণিজ্য নাই। ১৮৮২ অব্দে আমদানী ও রপ্তানীতে ইহারা বাণিজ্যসূত্রে ভারতরাজ্যে ৬৮৫৮০৪৫৬০; অষ্ট্রেলেসিয়ায় ৫০৫০৩২৬৭৫, উত্তর আমেরিকায় ২০০২৬৮০৭০, দক্ষিণ আফ্রিকায় ১৩৭১০৪৪৯০, ষ্ট্রেট সেটলমেণ্টে ৯১৯৮৫৮৩০, ওয়েষ্ট ইণ্ডিজে ৬০৩৪৭৮৪০, হংকঙে ৪৪৬২০৬৯০, ব্রিটিশ গায়েনায় ৩৩৬২০৯৩০ সিংহলে ৩১৩৩৬৫২০, চ্যানেল দ্বীপে ১৫২৩৫৭৭৫, পশ্চিম আফ্রিকায় ১৫২২৩৩৩০, মাল্টায় ১১৭৫৬১৭০, [illegible] এবং আপনাদিগের অধিকৃত স্থানে [illegible] টাকার বাণিজ্য করিয়াছে। [illegible] ইউরোপীয় [illegible] অধিকারের মধ্যে [illegible], ফ্রান্সে [illegible] ৩০, জর্ম্মণিতে ৪৯০৮৯০০৯০, হলণ্ডে [illegible] বেলজিয়মে ২৬৮১৯৫৩৬৯০ বেলজিয়মে [illegible] স্পেনে ১৫১৫৭৮৬৩০ চীনে [illegible] ১৩৩৫৭৮৩১০ তুরস্কে ১১২৫৪২৫৫০ [illegible] ২৯১০ মিশরে ১০২৮৯২৯৬০ [illegible] ডেনমার্কে ৭৫১৭২০৯০ চিলিতে [illegible] নিয়ায় ৫৯৬৭৪৬০০ পর্টুগালে [illegible] ৫৫৬১৮৯০ আর্জেণ্টাইন সাধারণতন্ত্রে [illegible] নরওয় ৭৩০০৭১০০০ স্পেনের অধিকৃত পশ্চিম ইণ্ডিজে ৪০১৮২৮৫০ পেরু ৩৯৬৯৫২১০ ফিলিপাইন দ্বীপপুঞ্জে ৩৬১৫০৬৮০ পোর্টুগিজ রাজার অধিকৃত পশ্চিম আফ্রিকায় ৩৫১৮৮১০০ গ্রীসে ২৯২৫১২৮০ জাপানে ২৯৩৯০৯৭০০০ উরুগুয়ে ২৭১৮৪৮৫০ মেক্সিকোয় ২৪৪০৬০২০ অস্ত্রেলিয়া ২২৫১৯৯১০ মধ্য আমেরিকায় ২২৮৯২০৮০ কলম্বিয়া ২১৭৯৯৭৮০ আলজিরিয়ায় ১৩১২৬৫৬০ ভেনিজুয়েলায় ১৩৩৩৩৪০ টিউনিস ও ত্রিপোলীতে ১১৪৯১৫৫০ পূর্ব আফ্রিকায় ৬০০২৩২০ বোলিভিয়ায় ০৯৯৭৮০০ ইকোয়েডারে ৪৬৩৭৩৬০ হায়তিতে ৩২৬০৪০ পারস্যে ৩৭১০১৪০ মরকোয় ২৮৮১৫০০ আফ্রিকায় নবগ্রানাডা ও নিউফাউণ্ডলণ্ডে ১১৮৭৬৬০ সেণ্টপিয়ার ২২৫৫ মাদাগাস্কারে ৮০৮১৯০ কোচিন চীন ও টঙ্কিনে ৯৫২০০ এবং অন্যান্য দেশে ৫৬৬৩২১০ টাকার বাণিজ্য করিয়াছেন। ১৮৮২ অব্দে ভারতবর্ষে ৬৫০১৪৮১০ ও ৪২৭৫০৫৬০ টাকার সামগ্রী অন্তর্বাণিজ্য হইয়াছে। ইহার মধ্যে কতক এ দেশীয়েরা ভারতবর্ষের একস্থান হইতে অন্য স্থানে আমদানী রপ্তানী করিয়াছে, কিন্তু ইউরোপীয় বণিকেরা ১৮৮২ অব্দে ভারতবর্ষে ৫৮৩১৪৮৩৫০ টাকার দ্রব্য আমদানী ও ভারতবর্ষ হইতে ৮২৯৯৯৩৭০ টাকার দ্রব্য রপ্তানী করিয়াছেন।

ইংরাজদিগের বাণিজ্যের সহিত ভারতবাসীর বাণিজ্যের তুলনা করিলে ভারতবাসীর বাণিজ্য কিছু নয় বলিয়াই প্রতীয়মান হইবে। এক্ষণে পাঠক দেখুন ইংরাজ ও ভারতবাসীতে শ্রমকারিতার কত অন্তর। যে শ্রমশীল হইবে, সেই অধিকতর ধনী ও সুখী হইবে এটী সিদ্ধান্ত বাক্য। ইংরাজের [illegible] অধিক ভারতবাসীর শ্রম কম এই নিমিত্ত ইংরাজেরা ভারতবাসী অপেক্ষা অধিকতর ধনী ও সুখী।

দখলী স্বত্ব কি প্রজাদিগকে সুখী করিবে?

আমরা অনেক সময়ে স্বপ্নে অদ্ভুত-[illegible] অলীক পদার্থের সহিত যুদ্ধ করিয়া থাকি। যাঁহারা কলিকাতার আইনের পাণ্ডুলেখ্য লইয়া বিচার করিতেছেন, তাঁহাদিগেরও সেইরূপ অলীক পদার্থের সহিত লড়াই করা হইতেছে। অনেকে মনে করিতেছেন প্রজার দখলী স্বত্ব নিরাপদ হইলেই তাহারা ধনী ও সুখী হইবে। ইণ্ডিয়ান এসোসিয়েশন সুপ্রীম [illegible] বর্ষীয় (১৮৮৩) রিপোর্টে দেখিলাম, উক্ত সভাও প্রজার দখলী স্বত্বের বিষয়ে অধিকতর উদ্বেগ প্রকাশ করিয়াছেন। প্রজারা দখলী স্বত্ব পাইয়া সহজে তাহার ক্রয় বিক্রয় করিতে পারিলেই যে তাহাদিগের দারিদ্র্যদুঃখ দূর হইবে, তাহার সম্ভাবনা নাই। যাঁহারা কলিকাতা সুপ্রিমকোর্টের প্রথম বিচারপতি হইয়া আইসেন, তাঁহারা এ দেশীয়দিগকে দিগম্বর ও অনাবৃতপাদ দেখিয়া কহিয়াছিলেন ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ভারতে অতিশয় অত্যাচার করিতেছেন। তাঁহাদিগের অত্যাচারবশেই ভারতবাসিদিগের এরূপ দুরবস্থা ঘটিয়াছে। বিচারপতি এ গর্ব্বও করিয়াছিলেন, আমরা সুবিচার করিয়া এতদ্দেশীয়দিগকে পেণ্টুলান ও জুতা পরাইব। প্রজার দখলীস্বত্বপক্ষপাতিদিগের মধ্যেও বোধ হয় অনেকের সেইরূপ মনে আছে যে, জমীদারেরা অত্যাচার করিয়া যে সকল প্রজাকে নিঃস্ব করিয়া ফেলিয়াছেন, তাহাদিগকে ইংরাজী ধুতি ও পিরাণ না পরাইয়া এবং ক্লাপহেক্সের ছাতা মাথায় না দেওয়াইয়া ক্ষান্ত হইবেন না। কিন্তু আমরা বলিতেছি, যাহাদিগের নিমিত্ত তাঁহারা এতদূর প্রয়াস পাইতেছেন, তাহাদিগকে একমাত্র নিরুপদ্রব দখলীস্বত্ব প্রদান করিয়া উন্নত করিয়া তুলিতে পারিবেন না। তাহারা আদৌ দখলী স্বত্ব পাইবার যোগ্য পাত্র নহে। তাহারা অকর্ম্মণ্যশিরোমণি। তাহারা কথঞ্চিৎ কৃষিকার্য্যটী নির্ব্বাহ করে, তাহাতে যে ফললাভ হয়, তাহার উপরেই তাহাদিগের সম্পূর্ণ নির্ভর। তাহার উপরেই তাহাদিগের লোক লৌকতা, আচার ব্যবহার স্ত্রীপুত্রাদি প্রতিপালন সকলই নির্ভর করে। তাহার পর কন্যা ও পুত্রাদির অন্নপ্রাশনাদি ও বিবাহ আছে। এক চাস হইতে কত হইবে? এই চাসেরও সকল বর্ষে সুবিধা নাই। সচরাচর দেখিতে পাওয়া যায়, তিন বৎসর সুবৃষ্টি হয়। আবার তিন বৎসর বৃষ্টির ব্যতিক্রম ঘটে। যে বৎসর চাস ভাল না হইল, সে বৎসর অলস কৃষকদলে হাহাকার রব উত্থিত হইল

যাহারা একমাত্র চাসজীবী, অন্য দিকে পরিশ্রম করিতে পারে না, কৃষিকার্য্যেও যাহাদিগের সম্পূর্ণ পরিশ্রম করিবার ক্ষমতা নাই, তাহাদিগেরই এই দশা। কিন্তু যে সকল কৃষক শ্রমশীল, যাহাদিগের বুদ্ধি কিছু প্রাখর্য্য আছে, তাহাদের অবস্থা এরূপ নয়। তাহারা অন্য প্রকার কাজ কর্ম্ম করিয়া থাকে। কেহ মজুরী করে, কেহ সামান্য প্রকার ব্যবসা করে। তদ্দ্বারা যে অর্থ উপার্জ্জন হয়, তাহাতে [illegible] জমীদারের খাজনা দেয়, মহাজনেরও অনেক আনুকূল্য হয়, তাহারা কষ্ট পায় না, খাজনা লইয়া জমীদারের সহিত বিবাদ করে না। পক্ষান্তরে,

অলস কৃষকদেরই জমীদারের খাজনা দেওয়া ভার হয়, তাহাদিগকে লইয়াই যত গণ্ডগোল। তবে সঙ্গতিশালী কৃষকদিগের মধ্যে যাহারা অসৎ, তাহাদিগের সহিত জমীদারের বিবাদ বিসম্বাদ হয়। কিন্তু তাদৃশ কৃষকের সংখ্যা অল্প।

ঋণনিষেধ-পক্ষপাতিরা কি মনে করেন, অলস কৃষকদিগকে ঋণনিষেধ প্রদান করিয়া উন্নত করিয়া তুলিতে পারিবেন? ঋণনিষেধের আটী পিঠে বাঁধিয়া উহাদিগকে প্রদান করুন না কেন, উহা কখনই অলসদলের রক্ষক থাকিবে না। যাহারা অপেক্ষাকৃত বুদ্ধিমান্ ও শ্রমশীল, উহা তাহাদিগেরই রক্ষক হইয়া পড়িবে। এখনও আমরা দেখিতে পাইতেছি যে সকল কৃষক বুদ্ধিমান্ ও শ্রমশীল, যাহারা বিষয়ে ব্যাপৃত হইয়া দু পয়সা উপার্জনের চেষ্টা পায়, তাহারা কষ্ট পায় না। জমীদারের সংসারে তাহাদিগের দেনা থাকে না। তাহারা জমীদারের সাক্ষাৎ প্রজা। লাভান আর সাভান, আইনে যে এই দুটী বিশেষণ আছে, তাহার অর্থ কি? যাহারা অলস তাহারা চিরকালই লাভান, জমীদারের খাতে তাহারা চিরকালই ঋণী। ঋণনিষেধ তাহাদিগের কিছুই করিতে পারিবে না। মৌরসি স্বত্ব দিয়া পরীক্ষা করিয়া দেখা গিয়াছে, অলসেরা কোনক্রমেই ফুলিয়া উঠিতে পারে না। যাঁহারা অলসদিগের উদ্ধারসাধন চেষ্টা পাইতেছেন, অলসদলের প্রতিপালন করা যদি তাঁহাদিগের একান্ত কর্ত্তব্য হয়, তাহা হইলে বরং এই উপায় অবলম্বন করুন, জমীর অবস্থা বিবেচনা করিয়া একটী পাকা হার বাঁধিয়া দেওয়া হউক, যে স্থলে কৃষিকার্য্য সম্পাদন করিবে সে সে হারের অতিরিক্ত খাজনা দিবে না। এরূপ করিলে অলস কৃষকদিগের কথঞ্চিৎ উপকার করা হইবে। নতুবা সাধারণে ঋণনিষেধ দিবার ব্যবস্থা করিলে ঐ সব শ্রমশীল বুদ্ধিমানদিগেরই রক্ষক হইয়া পড়িবে। অলসদিগের যে দুর্দশা সেই দুর্দশা। তাহাদিগকে ছিন্ন বস্ত্রে ভগ্ন গৃহে অর্দ্ধাশনে চিরকাল কাটাইতে হইবে। অনেকে মনে করেন, প্রজারা জমীদারের অত্যাচারেই কষ্ট পাইয়া থাকে। কিন্তু এটী বাস্তবিক কথা নয়। প্রজারা নিজের দোষেই নিজে কষ্ট পায়। যাহারা শ্রমশীল কৃষক, তাহারা দুই টাকা খাজনা দিয়া যে জমীতে লাভ করে, সেই জমী হইতে অলস কৃষকের এক টাকা খাজনা দেওয়া দুষ্কর, সে তাহাতে অক্ষম হইবে। অতএব স্পষ্ট প্রমাণ হইতেছে কেবল ঋণনিষেধ দিয়া প্রজার শ্রীবৃদ্ধি সাধন করিতে পারা যাইবে না। তাহার শ্রীবৃদ্ধি সাধন করিতে হইলে তাহাকে আগে শ্রমশীল করিয়া তুলিতে হইবে। যাহাতে সে [illegible] পায়, তাহার উপায় বিধান করিতে হইবে। সে যাহাতে নীতিমত চলিতে পারে তাহার শিক্ষা দিতে হইবে, তবে প্রজার অবস্থা সংশোধন হইবে।

এক্ষণে আমাদিগের মনে যে একটী ভাবের উদয় হইল, তাহাও ব্যক্ত করা আবশ্যক হইতেছে। এই করসংক্রান্ত আইনের পাণ্ডুলেখ্য লইয়া বহুকাল অবধি আন্দোলন চলিতেছে। অনেকে অনেক প্রকার তর্ক বিতর্ক করিয়াছেন। পাণ্ডুলেখ্যটীর অবয়বের বহুবিধ পরিবর্ত্তন হইয়াছে। যে পাণ্ডুলেখ্য প্রথমে লিখিত হয়, এখন আর তাহাকে চিনা ভার হইয়া উঠিয়াছে। সকলেই স্থিরচিত্ত সর জর্জ ক্যাম্বেল, সর রিচার্ড টেম্পল, সর আসলি ইডেন ঐ পাণ্ডুলেখ্যটী বিধিবদ্ধ করিতে সাহস বাঁধিতে পারেন নাই। রিভার্স টমসন সাহেব সাহস বাঁধিতেছেন, তাহাতে আমাদের মনে আশঙ্কা জন্মিতেছে। তিনি স্বয়ং কম, পাছে আইনটী কম হইয়া পড়ে। বর্ত্তমান পাণ্ডুলেখ্যটী বিধিবদ্ধ করা যে ঠিক কাজ হইতেছে না, তাহার একটী বিশেষ প্রমাণ এই, এ পর্য্যন্ত আইনটীর অবয়ব ঠিক হইয়া উঠিল না।

শনিবার কলিকাতা হাইকোর্টে একটী কৌতুককর মকদ্দমা হইয়া গিয়াছে। মেরি সারম্যান নামক এক বিবি প্রায় তিন বৎসর হইল জনৈক মুসলমান মিস্ত্রীর প্রণয়ে মুগ্ধ হইয়া তাহার সহিত চলিয়া যায়। মিস্ত্রীর ঔরসে তাহার একটী পুত্র হইয়াছে। মেরি সারম্যানের পিতা মিস্ত্রীর নামে তাঁহার কন্যাকে প্রলোভিত করিয়া কতকগুলি দ্রব্যাদি সহ লইয়া যাইবার অভিযোগ করেন। কিন্তু মেরি সারম্যান স্বইচ্ছায় গিয়াছে বলাতে নিম্ন আদালত মকদ্দমা অগ্রাহ্য করেন। হাইকোর্টে আপীল হয়। শনিবার মেরি সারম্যান স্বয়ং আদালতে উপস্থিত হয়। মিস্ত্রীর নিকট তিন বৎসর থাকিয়া তাহার আশ্চর্য্য পরিবর্ত্তন হইয়াছে। বিবি সারম্যান মুসলমান অন্তঃপুরবাসিনীর ন্যায় পাল্কীতে হাইকোর্টের উপর পর্য্যন্ত আইসে। পরিধানে বুটিদার কাপড়, তাহার উপর দীর্ঘ ঘোমটা। পায়ে মল হস্তে চুড়ি প্রভৃতি আছে। উনি লজ্জাশীলা এ দেশীয় রমণীর ন্যায় এ দেশীয় রমণীদিগের দাঁড়াইবার স্থলে গিয়া পরদার অন্তরালে বসিলে জজদিগের প্রশ্নের উত্তরে তিনি জবাব দিলেন মিস্ত্রী আমাকে প্রলোভন দেখাইয়া আনে নাই। আমি খুসী হইলাম। পিতা আমার বিবাহ না দেওয়াতে আমি মিস্ত্রীর সহিত চলিয়া যাই। সে তাহার পিতার সামগ্রী আনার কথা অস্বীকার করে। সারম্যান সাহেব সামগ্রী আনা প্রমাণ করিতে না পারাতে মকদ্দমা ডিস্মিস হইয়া গিয়াছে।

রেঙ্গুনবাসী নৌকা ডুবি হইয়া অথবা কাহারও নৌকাদি ডুবি হইয়া যেখানে যত লোক মরুক না কেন আশ্চর্য্যের বিষয় এই যে তাহা গবর্ণমেন্টের খবরেই আইসে না। এদেশীয়ের প্রাণ তুচ্ছ বলিয়া বোধ হয় রাজপুরুষেরা তাহাদিগের অপমৃত্যুর সংবাদ শুনিলেও কাণে হাত দেন না। এদেশীয়ের প্রাণের উপর তাঁহাদিগের যদি মমতা থাকিত তাহা হইলে সে দিবস ইণ্ডিয়া জেনারল ষ্টীম ন্যাভিগেশন কোম্পানীর উরুবিলা নামক জাহাজের ২০।২৫ জন লোক কালীঘাটে ডুবিয়া মরিল কিন্তু চোট পর্য্যন্ত হইল না। ইহার কারণ কি? এই দুর্ঘটনার বিবরণ উরুবিলা সাহিবপুরের নিকট জলীপথে গিয়া নঙ্গর ফেলিলে অনেকের জন্য দাঁড়াইল। ক্ষুদ্র ক্ষুদ্র ডিঙ্গি যাত্রী লইয়া যাইবার জন্য জাহাজের নিকটে আসিল। একে ক্ষুদ্র ডিঙ্গি, তাহাতে অধিক সংখ্যক লোক আরোহণ করিল। একদিকে জলের স্রোত অপর দিকে জাহাজ চলিয়া যাওয়াতে প্রবল ঢেউ উঠিয়া ডিঙ্গি ২০।২৫ জন লোক সহ জলমগ্ন হইল। বালক বালিকা ও স্ত্রীলোকের সকরুণ ক্রন্দনে জাহাজের অপর লোকে তাহাদিগকে রক্ষা করিবার জন্য তারস্বরে চীৎকার করিয়া জেটি বোটের মাঝিদিগকে তাহাদিগের রক্ষাকার্য্যে নিযুক্ত হইতে বলিতে লাগিল কিন্তু সে কথা কেহ গ্রাহ্যও করিল না। জাহাজ দেখিতে দেখিতে চলিয়া গেল, ডিঙ্গির ২০।২৫ জন আরোহীর অকাল জলে মগ্ন ও অদৃশ্য হইল। সব লোক মরিয়া গেল, কিন্তু জলমগ্ন ব্যক্তিরা আর যদি এদেশীয় না হইয়া ইউরোপীয় ও [illegible] অধিকারী এদেশীয় হইতেন তাহা হইলে গবর্ণমেন্ট বোধ হয় তাঁহার চালে আগুন ধরাইয়া দিতেন। ষ্টীমন্যাভিগেশন কোম্পানী লাভ খাইতেছেন অথচ জাহাজ হইতে লোকের পারে যাইবার যে বন্দোবস্ত করেন নাই তজ্জন্য কি তাঁহারা দায়ী নহেন? ক্ষুদ্র ডিঙ্গির মাঝি যে এত লোক তুলিল তাহারই বা কারণ কি? গবর্ণমেন্টের কি নিবারণ নাই? পুলিস কি ইহার তদন্ত করেন না? জেটিবোটের মাঝিরা যে একগুলি লোকের উদ্ধার চেষ্টা পাইল না তাহারই বা অর্থ কি? কেন, তাহারা কি গবর্ণমেন্টের অর্থ খায় না? গবর্ণমেন্টের প্রজা জলমগ্ন হইয়া মরিতেছে তাহাদিগের উদ্ধারের চেষ্টা পাওয়া কি তাহাদিগের কাজ নহে?

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম কলিকাতা হাইকোর্টের অন্যতর বিচারপতি [illegible] সাহেব আগামী জুলাই মাসের প্রথমেই মফস্বলের আদালত সমূহ পরিদর্শন করিবার জন্য বহির্গত হইবেন। মফঃস্বলের আদালত সমূহে আজকাল যেরূপ অথবা অন্যায়

[illegible] করিয়াছে, বিচারকার্য্য যেরূপ অধমা নিয়মে সম্পন্ন হইতেছে তাহাতে হাইকোর্টের বিচক্ষণ সাহেবেরা ন্যায় বিচারপতির ধর্ম্মে বর্ম্মে দেখা ব্যতীত আমরা কথঞ্চিৎ দোষ সংশোধনের আশা করিতে পারি না। মফঃস্বলের আদালত সমূহ ব্রিটিশ শাসনের কলঙ্ক হইয়া দাঁড়াইয়াছে, যুগ যুগান্তরে না গিয়া হাইকোর্টের বিচারপতিরা পর্য্যায়ক্রমে প্রতি বর্ষে যদি মফঃস্বল ভ্রমণে যান, তাহা হইলে কিছু মঙ্গল হইতে পারে। কিন্তু লেপ্টেনাণ্ট গবর্ণরের দেশ ভ্রমণের ন্যায় যেন না হয়।

ইউরোপীয়দিগের অত্যাচারের বিষয় প্রকাশ করা আমাদিগের প্রতি সপ্তাহের নিয়মিত কার্য্য হইয়া উঠিয়াছে। সোমপ্রকাশের অনেক স্থান ইহাতে পূর্ণ হইয়া উঠিতেছে কিন্তু গবর্ণমেণ্ট এই সকল দেখিয়া শুনিয়া কিরূপে যে উদাসীন হইয়া রহিয়াছেন আমরা তাহা ভাবিয়া স্থির করিতে পারিতেছি না। ইউরোপীয়দিগের এই উচ্ছৃঙ্খল ব্যবহারে লোকের মনে ক্রোধ সঞ্চিত হইতেছে কিন্তু উহা যে সময়ে ফাটিয়া বহির্গত হইবে তখন দীপ্ত অনলের ন্যায় জ্বলিতে থাকিবে। ইউরোপীয় অপর সাধারণের তাহাতে বড় অনিষ্ট হউক না হউক গবর্ণমেণ্টের অনিষ্টসম্ভাবনা অধিক। অতএব গবর্ণমেণ্ট ইহাতে উপেক্ষা না করেন, ইউরোপীয়দিগের অত্যাচারের নিবারণ চেষ্টা পাইয়া রাজ্য নিরাপদ করিয়া তুলেন ইহাই আমাদিগের ইচ্ছা। আমরা উপরে যে কথাগুলি বলিলাম তাহার কারণ এই, গত রবিবারের পূর্ব্ব রবিবার একটী [illegible] গাড়িতে আরোহণ করিয়া গাড়েন রিচের রাস্তা দিয়া যাইতে ছিলেন। একজন এ দেশীয় লোক কোন কারণে পথ রোধ করিয়া দাঁড়ায়। গাড়োয়ান কষাঘাত করিয়া তাহাকে তাড়াইয়া দিবার চেষ্টা পায় কিন্তু সে চিল ছুড়াতে গাড়োয়ান গাড়ি লইয়া ফিরিয়া যায়, মেমের সাহেব এই কথা শুনিয়া ক্রোধে ক্ষিপ্তপ্রায় হইয়া উঠিলেন এবং তথায় আসিয়া সেই লোকটীকে এরূপ প্রহার করেন যে সে তাহাতেই প্রাণত্যাগ করে। দুঃখের বিষয় ইহা আমাদের নজরে আইসে নাই। এ বিষয়ের বিশেষরূপ অনুসন্ধান হয় ইহাই আমাদিগের ইচ্ছা। সাহেব নিশ্চিন্ত হইয়া দীর্ঘ ভাবে যদি লোকটীর নামে আলীপুরের ম্যাজিষ্ট্রেট সাহেবের নিকট নালিশ করিতেন তাহা হইলে তাঁহাকে আর এ কলঙ্কের ভাগী হইতে হইত না।

[illegible] দিয়া একবার উপর নানাপ্রকার অত্যাচার [illegible] বলিয়া আমরা যুদ্ধ তাঁহাকে ঘৃণা [illegible] ইউরোপীয় [illegible] আমাদিগের উপর যে সকল অত্যাচার করেন তজ্জন্য আমরা তাঁহাদিগকে ঘৃণা করিব না কেন? অবশ্যই তাঁহাদিগকে ঘৃণা করিব, যাহাতে সংসর্গ না হয় সে চেষ্টা [illegible], কিন্তু ভয় করিব না। ভয় করিলে তাঁহারা অধিকতর বেগে চাপিয়া ধরিবেন। উত্তর পশ্চিমাঞ্চলে ৬৯ জন লোক দস্যুকার্য্যের উৎসব উপলক্ষে [illegible] দলবদ্ধ হইয়া যাইতেছিল। পুলিস প্রতিকূল হইয়া এই বিষয় ম্যাজিষ্ট্রেটের গোচর করিল। তিনি ফৌজদারী আইনের ২১২ ধারা অনুসারে সেই ৬৯ জনকে পুলিসের দ্বারা ধরাইলেন। তাহারা উপস্থিত হইলে তিনি শান্তিরক্ষার্থ তাহাদিগের সকলেরই নিকট [illegible] এক বৎসরের জন্য প্রতিভূ গ্রহণ করেন। [illegible] কর্ত্তার আদেশ তখন পালন করা হইল বটে কিন্তু তাহারা এই বিষয় আদালতের হাইকোর্টের গোচর করিল। জষ্টিস ষ্ট্রীট সাহেবের নিকট উহার বিচার হয়। তিনি ধর্ম্মাধিকরণের প্রতি, [illegible] অন্যায় ও অবিবেক জন্য [illegible] হইবার [illegible] গুরুতর অত্যাচার বলিয়া উল্লেখ করিয়াছেন। ম্যাজিষ্ট্রেট এক মকদ্দমায় ৬৯ জন লোকের নিকট [illegible] প্রতিভূ লইয়াছেন দেখিয়া [illegible] হইয়াছেন। প্রত্যেকের নামে পৃথক মকদ্দমা উপস্থিত করিয়া অভিযুক্ত ব্যক্তির দোষের প্রমাণ লইয়া প্রতিভূ গ্রহণ করিলে আইনসঙ্গত কাজ করা হইত। তাহা না করাতে তিনি গুরুতর অব[illegible] করিয়াছেন বলিয়া তিনি রায় লিখিয়াছেন। [illegible] সাহেবের ইহাতে বোধ হয় কিছু হানি হইবে। তবে যদি আপীল করা না হইত তাহা হইলে [illegible] অত্যাচার, উদ্ধারের [illegible] ১৮৫৮ সালে যে ঘোষণা প্রচার করেন [illegible] কি তাহা অবগত নহেন? বিচারপতির [illegible] লোকের আদর্শস্থানীয়। তাঁহারাই যদি এরূপ [illegible] ব্যবহার [illegible] যে চতুর্গুণ [illegible] উঠিবে সে বিষয়ে [illegible] নাই।

কলিকাতা [illegible] প্রাইভেট [illegible] একজন সৈন্য [illegible] মুরচাঁদ [illegible] একজন পাখাওয়ালা কুলীকে গুলি করে। [illegible] মুরচাঁদ ধীরে ধীরে পাখা টানিতেছিল। [illegible] তাহাকে জোরে টানিতে বলেন। অন্যথা [illegible] গুলি করিবেন বলিয়া যান। মুরচাঁদের [illegible] সে সে কথা গ্রাহ্য করিল না। সে পূর্ব্বের [illegible] ধীরে ধীরে পাখা টানিতে লাগিল। [illegible] এই [illegible] গুলি ভরা বন্দুক লইয়া তাহাতে [illegible] দিয়া [illegible] চাঁদের মুখে গুলি করিল। অতি আইকেচে [illegible] ভাই মুরচাঁদের মৃত্যু হইল না কিন্তু তাহার [illegible] করিল পত্রে [illegible] আঘাত লাগিল। জেলি [illegible] সম্পাদক এটিকে তামাসা বলিয়াছেন। এ দেশীয়দিগের সহিত ইউরোপীয়দিগের যেরূপ সম্বন্ধ দাঁড়াইয়াছে তাহাতে ইউরোপীয়দিগের পক্ষে এইরূপ তামাসা করিবার কথা বটে কিন্তু তাহাতে এ দেশীয়দের [illegible] যে কিরূপ প্রমাদ হইতেছে তাহা বোধ হয়, তাঁহারা বুঝিতে পারিতেছেন না। আমরা ঠিক বলিতে পারি [illegible] সেটিকে [illegible] ভাবিয়া ফেলিল। কিন্তু বিচারকালে আহারা যদি [illegible], পরীক্ষা করিলে দেখিতে পাওয়াতে তাঁহাদিগের [illegible] হইবাতে তাহা হইলে বিচারপতিরা তাহাদিগকে কি নিষ্কৃতি দিতেন, নিষ্কৃতি পাইলেও কি উহারা জাতি সেই প্রবোধে সন্তুষ্ট হইতে পারিতেন?

এদেশীয় সংবাদপত্র সম্পাদকদিগের কোন বিষয়ে অনুসন্ধান নাই, যাহা দেখেন তাহা প্রায় [illegible] সাহেবেরা ইত্যাদি প্রকার দোষের আরোপ করিয়া এদেশীয় সংবাদপত্রের উপর বিলক্ষণ ঘৃণা প্রদর্শন করিয়া থাকেন। আমাদিগের দেশের সম্বন্ধে [illegible] যে কেমন অভিজ্ঞ শাইক নিয়ে তাহা দর্শন [illegible] লালমোহন ঘোষ ইংলণ্ডে গিয়া যে সকল [illegible] বক্তৃতাদি করিতেছেন তজ্জন্য অনেকেই পরিতুষ্ট হইয়াছেন এবং সকলেরই উঁহার জীবনচরিত জানিবার জন্য ঔৎসুক্য জন্মিয়াছে দেখিয়া লিভারপুলের একখানি সংবাদপত্র সংক্ষেপে উঁহার যে ইতিবৃত্ত লিখিয়াছেন তৎপাঠে হাস্য সম্বরণ করা যায় না। উক্ত পত্রে লালমোহনের [illegible] লিখিতে "Lah Nolum Ghosh" লালমোহন ঘোষ লিখিয়া উঁহারা যে পরিচয় দিয়াছেন তাহা অতি বিচিত্র। এই লালমোহন ঘোষ একজন সুবৎ [illegible] সংস্কারক, জাতিভেদ রহিত হইয়া বিধবা বিবাহ যাহাতে তাহাতে প্রচলিত হয় ইনি তজ্জন্য ব্রাহ্মসমাজ ও বৌদ্ধ সভা স্থাপন করিয়াছেন। ইহা [illegible] সম্পাদক মস্তিষ্ক ঘামাইয়া নূতন কথা দেখেন সুতরাং তিনি আবার তাঁহার পাঠকগণকে জানাইলেন Nr L. [illegible] Moon goose' [illegible] একজন বিচারপতি প্রচুর অর্থশালী লোক। উঁহাদিগের বংশাবলীর কথা [illegible] পাওয়া যায়। বহুবিবাহ সম্বন্ধে উঁহার অতি চমৎকার মত। এই সকল দেখিয়া শুনিয়া উঁহাকে একজন আর্য্য রাজকুমার বলিয়া বোধ হই[illegible]তেছে। যে সকল বাবু এখানে [illegible] [illegible] উঁহারই উপদেশানুসারে [illegible] জন্য [illegible] লোকদিগের মঙ্গল সাধনের চেষ্টা পাইতেছেন। [illegible] দিগের মধ্যে সভা নামে [illegible] যে সভা, [illegible] এক তরুণী লালমোহন ঘোষের এই ইতিবৃত্ত

পাঠ করিয়া উক্ত সভার সম্পাদককে জিজ্ঞাসা করেন আপ বোধ করেন কি এতজন বধ্য, অথবা কাতীয়? যদি তাহাই হয় তবে কি তিনি অন্দ্রদিগের ন্যায় ছুট-চিত্তে স্বজাতীয়কে বধ করিয়া তাহার মাংস ভক্ষণ করেন? " পাঠক! ভারতবর্ষ সম্বন্ধে ইংলণ্ড বাসিদিগের কেমন উনটমে জ্ঞান তাহা কি বুঝিতে পারিলেন?

মুসলমানদিগের মতে গোঁ মতে, ধর্ম্মযুদ্ধ ঘোষণা করিলে উহারা যে গোঁ ধর, তাহা ফিরান বড় কঠিন। অষ্ট্রীয়ার একজন সম্বাদদাতা বলিয়াছেন আরবদেশের দক্ষিণ অংশে সেইরূপ আদেশ প্রচারিত হওয়াতে তত্রত্য লোকে বিলক্ষণ উত্তেজিত হইয়াছে। এ সময়ে তাহারা সামান্য মাত্র উৎসাহ পাইলে তুর্ক দিগের বিরুদ্ধে বিদ্রোহাচরণে প্রবৃত্ত হয়। সেণ্ট জেমস গেজেট বলেন আরবেরা কেপিলে মেদিনা সাহিবাদের অত্রতদিগের অপেক্ষা আরব অস্থচরের বারা অধিক বিপদ ঘটনার সম্ভাবনা আছে। লোহিত সমুদ্রের পূর্ব উপকূলে এই উত্তেজনা-বহ্নি প্রজ্বলিত হইলে উহার নির্বাণের উপায় চিন্তা করিবার অবসর হইবে না। আরব দেশে বিপ্লব হইলে ভারতবর্ষেও তাহার ঢেউ লাগিবে। তখন মেদিনা দেশ রক্ষণ করা অতি কঠিন হইবে। এবং আরবের অন্তর্জ-ইয়েমেনী সহিত এডেনের এখন যে বাণিজ্য চলিতেছে তাহাও বন্ধ হইয়া যাইবে। এক স্থানের লোকদিগকে শেষি অশ্রুবন্দুক করিয়া যেরূপ প্রবলভাবে বিপক্ষ সৈন্য, প্রান্তকে আক্রমণ করিতেছে তাহাতে তিন্তুর রক্ষা করা ভার হইয়া উঠিয়াছে। অন্যদিকে সেনাপতি নডন বাটেরীকে বন্দীর ন্যায় অবরুদ্ধ করিয়াছেন। এদিকে বিদ্রোহীরা রাজ্যের শাসনকর্তাকে আক্রমণ করিয়া তাঁহার অধীনস্থ ইংরাজ ও মিশর দেশীয় সৈন্যের সংহার করিয়াছে, সাহসে যে সকল উহারা অবস্থিতি করিতেছিল তাহাদিগের কাহারও প্রাণ রক্ষা হয় নাই।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ১১ ই জুন। কেপ হইতে সংবাদ আসিয়াছে উদ্যপন ও বোয়ারেরা উলিনেঞ্চ আক্রমণ করিয়া পরাস্ত করিয়াছে। উলিনেঞ্চু হইতেও পলায়ন করিয়াছেন।

টাইমস পত্রের কোরণেস্ত্রর সংবাদদাতা লিখিয়াছেন প্রায় ৩০০০০ লোক সমভিব্যাহারে ডঙ্গোলার [illegible] পাশা আসিয়াছেন। ডঙ্গোলার শাসনকর্তা সমর [illegible] সম্মুখ আসিয়াছেন।

কায়রো ১৩ ই জুন। এক্ষণে প্রধান ইঞ্জিনিয়র বার্বরে রেলওয়ে প্রস্তুত করিবার জন্য সুয়াকিনে যাত্রা করিয়াছেন। [illegible] উহাদের [illegible] সাহায্য করিয়াছেন।

মঙ্গল ১৮ ই জুন। ম্যাকলীন সাহেব কমন্স হাউসে বলিয়াছেন যখনকালে সুরাখানা করিবার জন্য সুয়াকিন হইতে আরিব পর্য্যন্ত একটী রেলওয়ে প্রস্তুত করিবার উপযোগিতা সম্বন্ধে গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন।

মরক্কোবাসীকে বাণিজ্য সম্বন্ধে ইংলণ্ড ও স্পেন পরস্পর পরস্পরের উপর হস্তক্ষেপ করিবেন না এই মর্ম্মে পরস্পরে সন্ধি করিয়াছেন।

লণ্ডন ২০ এ জুন। যুদ্ধকার্য্যের ষ্টেট সেক্রেটারি গত রাত্রিতে কমন্স হাউসে বলিয়াছেন মিশরে যে সকল ব্রিটিশ সৈন্য আছে মিশর সৈন্যের সহিত একত্র হইয়া তাহারা উপর ইজিপ্ট রক্ষা করিতে সমর্থ হইবে। সেনাপতি উড ইজিপ্টের সৈন্যগণের সেনাপত্য গ্রহণ করিয়াছেন।

বিবিধ সংবাদ।

ব্যবহার করিবার নিয়ম—এই ঔষধ প্রতিদিন দুই বার বা তিনবার মালিস করিতে হইবে। অকস্মাৎ ... কষ্ট বেদনাতেও ইহা প্রয়োগ করিলে আরোগ্য হইবে। দীর্ঘকালের বেদনা হইলে ইহা কিছুদিন যাবত উত্তম-রূপে প্রয়োগ করা আবশ্যক। ইহাদ্বারা সকল প্রকার বেদনা আশ্চর্য্যরূপে আরোগ্য হইয়াছে, ... অনেক ... আরও ... বাবু ... খোষাল ... দিগের নিকট হইতে বিশেষ ... বোত-... এবং তিনি ... ইহাদ্বারা উপ-... করিয়াছেন।

শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে ও ডাকমাশুলে কলিকাতা ৯১ নং কলেজ ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়।

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ম ভাগ	৵০	৴২০
২য় ভাগ	৵০	৴২০
নীতিসার।		
১ম ভাগ	৶০	৴১০
২য় ভাগ	৶০	৴১০
৩য় ভাগ	৶০	৴১০
বিশেশ্বর বিলাপ	।০	৴১০

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাক মাশুল ৴১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া গ্রাহক-গণকে জানাইতেছি, নানা কারণের বশ-বর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদ-কতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর ইহা আর সোণারপুর ডাকঘরের অধীন চাঙ্গড়িপোতায় প্রকাশিত হইবে না। যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল ১লা চৈত্র — শ্রীতারকানাথ শর্ম্মা। চাঙ্গড়িপোতা সোণারপুর ডাকঘর ২৪ পরগণা।

বিশেষ বিজ্ঞাপন।

সোমপ্রকাশে সকল বিষয় ধরে না বলিয়া আমাদের মনে ক্ষোভ থাকে, পাঠকগণের মনেও ক্ষোভ জন্মে, এই নিমিত্ত ইহাকে আপাততঃ পাঁচ ফরমা করা হইয়াছে। কিছুদিন পরে ইহাকে ছয় ফরমা করা হইবে এরূপ সঙ্কল্প আছে। যদি ঈশ্বর কৃপা করেন, দেশের লোকেরা সাহায্যদানে ... না

করেন, পত্রপ্রেরক ও সংবাদদাতৃগণ কিঞ্চিৎ অধিকতর পরিশ্রম স্বীকারে উৎসাহী হন, তাহা হইলে এ সঙ্কল্প সিদ্ধি হওয়া বিচিত্র নহে। এবিষয়ে এখন অধিক আড়ম্বর করা বিফল।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

সোমপ্রকাশ

৩১ এ আষাঢ় সোমবার।

পাঠক! বিজ্ঞাপনস্থলে দেখিয়াছেন, ১ লা শ্রাবণ অবধি পূর্ব্ব বাঙ্গালা রেলওয়ে গবর্ণমেণ্টের [illegible] সম্পত্তি হইয়াছে। কলিকাতা দক্ষিণ পূর্ব্ব ষ্টেট রেলওয়ে উহার সহিত মিলিত হইয়াছে। উহার নূতন নাম ও নূতন কার্য্যসম্পাদক হইয়াছেন [illegible] কার্য্যসম্পাদক একজন ইউরোপীয়। নূতন কার্য্য সম্পাদক হইলেন, এখন কলিকাতা দক্ষিণ পূর্ব্ব ষ্টেট রেলওয়ের পুরাণ কার্য্যসম্পাদক ও সহকারী কার্য্যসম্পাদকের গতি কি হয়? ইহা লইয়া একটী আন্দোলন উপস্থিত হইয়াছে। নানা প্রকার কথা শুনিতেছি, কিন্তু একটী স্থির কথা শুনিতে পাইতেছি না। আমরা অনেক দিন অবধি বাঙ্গালা রেলওয়ের কার্য্য দেখিতেছি। বাবু [illegible] মুখোপাধ্যায় ও বাবু পূর্ণচন্দ্র [illegible] উৎকৃষ্টরূপ [illegible] চালাইতেছেন। ইহাঁরা গবর্ণমেণ্টকে [illegible] দেখাইয়া দিয়াছেন। পূর্ণ বাবুর [illegible] লাইনের উন্নতি ও লোকসংখ্যার [illegible] বৃদ্ধি হইয়াছে। আমাদের মতে ইউরোপীয় ম্যানেজর না রাখিয়া রামগতি বাবু ও পূর্ণবাবুর উপরে পূর্ব্ব বাঙ্গালা রেলওয়েরও ভার দেওয়া হউক। ইহাঁরা আর একজন সহকারী রাখিয়া অনায়াসে কার্য্য চালাইতে পারিবেন। পূর্ব্ব বাঙ্গালা রেলওয়ে লাইন এত দীর্ঘ নয় ও তাহার কার্য্যও এত গুরুতর নয় যে তাহার সম্পাদন ইহাঁদের অসাধ্য হইবে। ইহাঁরা রেলওয়ের কার্য্যে বিলক্ষণ দক্ষ ও পরিপক্ক হইয়াছেন। গবর্ণমেণ্টের মিতব্যয়ে কার্য্য সম্পাদন অভিপ্রেত। ইহাঁদের উপরে ভার দিলে সে অভিপ্রেত সম্পূর্ণ সিদ্ধ হইবে সন্দেহ নাই। এ দেশে একটী প্রবাদই হইয়া উঠিয়াছে, ইউরোপীয় [illegible] আর হাতী পোষা সমান। ইউরোপীয় ম্যানেজরের উদর পুরাইতে অনেক কাঠ খড় লাগিবে। [illegible] দেখিয়াছি গবর্ণমেণ্ট [illegible] হইবেন। বাঙ্গালা রেলওয়েতে যখন ইউরোপীয় কর্ম্মচারী ছিলেন, তখন গবর্ণমেণ্ট ক্ষতিগ্রস্ত হইয়াছিলেন। রামগতি বাবু আসিয়া অনেক লাভ দেখাইয়াছেন। গবর্ণমেণ্ট এই দৃষ্টান্ত দর্শন করিয়া যদি এ দেশীয়ের উপরে নির্ভর করিতে আরম্ভ করেন, তাঁহাদিগের যে কেবল লাভবান হইবেন, তাহা নয়, ঐ দেশীয়েরাও ক্রমে উৎসাহ পাইয়া কার্য্যের লোক হইয়া উঠিবেন।

বিশ্বাসভঙ্গ অপরাধ বুঝি আইনগ্রন্থ হইতে উঠিয়া যায়।

সাঁওতাল পরগণার ডেপুটি কমিশনর মি, জে, বি, [illegible] একটী মকদ্দমার যে বিচার করিয়াছেন, তাহা যদি নজীররূপে নিবদ্ধ হয়, তাহা হইলে বিশ্বাসভঙ্গ অপরাধ আইনগ্রন্থ হইতে উঠিয়া যাইবে সন্দেহ নাই। যে সকল বদমায়েস তহবিল তছরূপাত করিয়া থাকে ও দেশের সাধারণের পূর্ণ্য [illegible] লোকের পক্ষে বড়ই সুবিধা হইবে। তাহাদিগকে আর দণ্ডভোগ করিতে হইবে না। "অতি অসদভিপ্রায় [illegible]" বলিয়া বিচারপতিরা তাহাদিগকে [illegible] কমিশনরের ন্যায় নিঃসংশয় অব্যাহতি [illegible]। পাঠক! অগ্রে মকদ্দমা বৃত্তান্তটী শুনুন। [illegible] লিখিত হইয়াছে,

[illegible] বর্দ্ধান কোম্পানি বাদী; ওয়ালটর [illegible] আলেকজাণ্ডর প্রতিবাদী। কুচবিহারের [illegible] রাজবাড়ীতে উক্ত কোম্পানির যে [illegible] আছে, প্রতিবাদী তাহার ম্যানেজার। দণ্ডবিধির ৪০৬ ও ৪০৮ ধারার অনুসারী [illegible] ৪ তে প্রতিবাদির নিকটে যে কতকগুলি টাকা [illegible], তাহা লইয়া মকদ্দমা।

প্রতিবাদী ম্যানেজর বর্দ্ধান [illegible] কার্য্যের টাকা [illegible] হইতে কি বিশ্বাসভঙ্গ [illegible] তাহারা আর [illegible] কি প্রভুর অনুমতি [illegible] টাকা লইয়া ব্যবহার করে না? [illegible] কারবার অনেক। প্রতিদিন টাকার আমদানী ও রপ্তানী হইতেছে। কাজ যে [illegible] হিসাব থাকে, সে যদি আমদানী টাকার মধ্য হইতে [illegible] টাকা নিজ খরচ করে, তাহাতে কি তাহার বিশ্বাসভঙ্গ ও তহবিল তছরূপ করা হয় না? বিচারপতি স্বয়ং লিখিয়াছেন:—

'There is no doubt that, as manager and as partner, the accused was in a position of trust.

There is no doubt that he used for his own purpose money which under the terms of his agreement was certainly not payable to him at the time that he used it, in other words to which he was not entitled.

অপরাধী ম্যানেজার ও অংশী, অতএব তাঁহাতে পদটী যে বিশ্বাসের পদ সে বিষয়ে সংশয় নাই।

তাহার সহিত যেরূপ এগ্রিমেণ্ট, তাহাতে তিনি যে সময়ে টাকা নিজে খরচ করিয়াছেন, সে সময়ে তিনি সে টাকা ব্যয় করিবার অধিকারী নহেন।

বিচারপতি বলেন, প্রতিবাদীর অসৎ অভিপ্রায় ছিল না। কিন্তু তিনি দণ্ডবিধির এক অংশ উদ্ধৃত করিয়া প্রতিবাদির নির্দ্দোষতা প্রতিপাদন ও অসত সমর্থনের চেষ্টা পাইয়াছেন, তাহা যে কিরূপে সুসিদ্ধ হইল, তাহা আমরা বুঝিতে পারিতেছি না। যথা:—

দণ্ডবিধিতে "অসৎ অভিপ্রায়" ইহার যেরূপ ব্যাখ্যা আছে, তাহা এই:—

Now the definition of "dishonestly" in the Penal Code is, anything done "with the intention of causing wrongful loss or wrongful gain to another person."

অপরের অন্যায় লাভ বা ক্ষতি করিব এ অভিপ্রায়।

অভিপ্রায় কি কার্য্যদ্বারাই প্রকাশিত হয় না? প্রতিবাদী যখন বর্দ্ধান কোম্পানির কারবের টাকা লইয়া নিজে খরচ করিয়াছেন, তখন কি অন্যায় করিয়া উক্ত কোম্পানির অন্যায়রূপে ক্ষতি করা হয় নাই? সে টাকায় তৎকালে উক্ত কোম্পানির কার্য্য করিলে কি অধিক আয় হইত না? সে আয় ক্ষতি করাতে কি অন্যায় করিয়া উক্ত কোম্পানির ক্ষতি করা হয় নাই? এ ক্ষতি যদি অন্যায় ক্ষতি বলিয়া গণ্য না হয়, তবে কোন ক্ষতি অন্যায় বলিয়া গণ্য হইবে?

প্রতিবাদী যে ব্যবহার করিয়াছেন, ভারতবর্ষীয় দণ্ডবিধির মতে তাহা যে কিরূপ দূষিত, তাহাও পাঠক! আমরা [illegible] অংশটুকু দর্শন করিলেই বুঝিতে পারিবেন। যথা:—

The illustrations of the offence of criminal misappropriation of property given in Sect. 403 of the Indian Penal Code, sufficiently clear. It is laid down in Explanation I., that a dishonest misappropriation for a time only is a misappropriation within the meaning of the section. The fact that the accused was a partner as well as a manager would not shelter him, for it has [illegible] ruled by a full bench [illegible] made out

by the evidence that one partner was entrusted by his co-partners with property or with a dominion over it, and that he had *dishonestly* misappropriated it or dishonestly used it, in violation of the mode in which his trust was to be discharged, or of the agreement between the parties as to the use he was to make of the property, he ought to be tried for criminal breach of trust.

সম্পত্তির অপব্যয় বিনিয়োগ যে ফৌজদারী অপরাধ বলিয়া পরিগণিত, তাহা ভারতবর্ষীয় দণ্ডবিধির ৪০৫ ধারাতে স্পষ্ট নির্দিষ্ট আছে। ইহার অর্থ ব্যাখ্যাতে আছে, যে কোন প্রকারে হউক, অসৎ-অভিপ্রায়-কৃত সম্পত্তির অপব্যয় বিনিয়োগ ঐ ধারার অন্তর্গত। ফলতঃ অভিযোগী অংশী ও ম্যানেজার বলিয়া দণ্ড হইতে অব্যাহতি পাইতে পারেন না। কারণ, হাইকোর্টের বিচারপতিরা নিয়ম করিয়াছেন, যদি সাক্ষ্যদ্বারা এরূপ প্রমাণ হয়, যেরূপ এগ্রিমেণ্ট আছে, কোন অংশী তাহার বিরুদ্ধ ব্যবহার করিয়া সম্পত্তির অপব্যয় বিনিয়োগ করিয়াছে, তাহা হইলে তাহার ফৌজদারী আদালতে বিশ্বাসঘাতকতার বিচার হইবে।

অভিযোগী যে কার্য্য করিয়াছেন, তাঁহার বিশ্বাসঘাতকতার দণ্ড হওয়া যে উচিৎ, তাহা একপ্রকার নিঃসন্দিগ্ধরূপে সপ্রমাণ হইতেছে। পাঠক! কি মনে করিতেছেন, অপরাধী গুরুদণ্ডে দণ্ডিত হইয়াছেন? যদি মনে করিয়া থাকেন, বিষম ভ্রমে পতিত হইয়াছেন। যদি এদেশীয় ম্যানেজার হইতেন, পাঠক যাহা মনে করিতেছেন, তাহা হইত সন্দেহ নাই। নিঃসন্দেহ তাঁহার গুরুদণ্ড হইত। কিন্তু অপরাধী শ্বেতবর্ণ, অপরাধ-কালিমা তাহার গাত্রে লাগিতে পারে না!

অপরাধীর যে কেমন কৌতুকাবহ দণ্ড হইয়াছে, পাঠকের কি তাহা শুনিবার নিমিত্ত কৌতূহল জন্মিতেছে না? বিচারপতি অপরাধীকে বিশ্বাসঘাতী বলিয়া স্থির করেন নাই; তিনি সিদ্ধান্ত করিয়াছেন, অপরাধী "অতি অনবধান অবিবেচক।" তিনি যে অসহনীয় দণ্ডবিধান করিয়াছেন, তাহা এই:—

And his conduct has not gone unpunished. In fact the punishment he has already received in loss of position, mental anxiety, and in the fine which the expenses of his defence have necessarily involved, amount to a punishment at least as severe as the short term of imprisonment, which, in consideration of the extenuating circumstances and the recommendation of the prosecution, I should have considered sufficient, had I found it my duty to convict. I am glad I have been able to come to a different conclusion, and in directing that the prisoner be discharged, I will express a hope that he will never again be tempted to forget how narrow a line separates conduct such as his has been from dishonesty.

তিনি বিনা দণ্ডে অব্যাহতি পান নাই। ফলতঃ আমি যদি তাঁহাকে অপরাধী করিতাম, তাহার যে দণ্ড হইয়াছে তাহা আমার যথেষ্ট বলিয়া বোধ হইতেছে। তাঁহার পদটী গিয়াছে, তিনি মানসিক কষ্টভোগ করিয়াছেন, মোকদ্দমার্থ তাঁহার অনেক টাকা ব্যয় হইয়া গিয়াছে। এ দণ্ড অন্ততঃ অল্পকালের নিমিত্ত কারাদণ্ডের তুল্য গুরুতর। আমার আহ্লাদের বিষয় এই, আমি অন্যপ্রকার সিদ্ধান্তে উপনীত হইয়াছি, আমি বন্দীকে মুক্ত করিয়া দিলাম। আমার আশা এই, তিনি পুনরায় এরূপ কার্য্যে প্রলোভিত হইবেন না। তিনি এ কথা ভুলিয়া যাইবেন না যে তাঁহার চরিত্র ও অসাধুতার মধ্যে কিরূপ একটী সূক্ষ্ম রেখামাত্র ব্যবধান আছে। আমরা উপরে যে কথা কহিয়াছি পাঠক! একবার সেটী স্মরণ করিয়া দেখুন। ডেপুটি কমিশনরের এই প্রস্তাবটী যদি আইনরূপে নিবদ্ধ হয়, তাহা হইলে অনেকের বিশেষতঃ বিদেশীয়ের পক্ষে সবিশেষ সুবিধা হইবে কি না?

ভারতের মজুরদার/ ভারতের পক্ষে কুলির উদ্ধার কি কর্ত্তব্য নয়?

এ দেশের প্রাচীন গ্রন্থ পাঠ করিলে জানিতে পারা যায়, দেশে লোক অধিক হইলা অন্যত্র উপনিবিষ্ট হইতে অতিরিক্ত লোক লইয়া নূতন স্থানে বসতি করাইবার রীতি পূর্ব্বাবধি এদেশে চলিয়া আসিতেছে। মহাকবি কালিদাস হিমালয়ের বর্ণনাবসরে কহিয়াছেন:—

"অনকাবতিমাত্রোম বসতিঃ যক্ষসম্পদাং।

পরীক্ষিত্যশ্বসমং কুবেরোপনিবেশিতঃ॥"

ধনসম্পত্তির বসতিস্থান কুবেরপুরীর ও স্বর্গের অতিরিক্ত জন লইয়াই যেন হিমালয় উপনিবেশিত হইয়াছে:—

শ্রীভিশাস্ত্র বিশারদ মহামহোপাধ্যায় চাণক্য বলেন,

"ভূতপূর্ব্বমভূতপূর্ব্বং বা জনপদং পরদেশাপবাহেন স্বদেশাভিষ্যন্দবমনেন বা নিবেশয়েৎ॥"

যে স্থানে আদৌ বসতি নাই, অথবা বিরলবসতি আছে, সেখানে অপর দেশ হইতে লোক আনিয়া অথবা স্বদেশের অতিরিক্ত লোক লইয়া বসতি করাইবে।

এখনও দেখিতে পাওয়া যাইতেছে, নানা দেশ হইতে লোক উঠিয়া গিয়া নূতন স্থানে উপনিবেশ করিতেছে। গ্রেট ব্রিটন হইতে ১৮১৫ হইতে ১৮৮২ পর্যন্ত ১০০৪৫৮৭৫ লোক বিদেশে গিয়া বাস করিয়াছে। ১৮৮২ তে ইংলণ্ড স্কটলণ্ড ও আয়রলণ্ড হইতে যত লোক বিদেশে গিয়া বাস করে, তাহার তালিকা এই—১৬২২৯২ ইংরাজ, ৩২-৫২ স্কটলণ্ডীয়, ৮৪১৩২ আয়রলণ্ডীয়, ১৩০০২৯ বিদেশীয়। ২৮৯৩ ব্যক্তিকে বিশেষরূপে জানিতে পারা যায় নাই। গ্রেট ব্রিটন হইতে যেমন লোক উঠিয়া গিয়া অন্যত্র বাস করিয়াছে, এইরূপ ইউরোপ খণ্ডের অন্য অন্য স্থান হইতেও লোক উঠিয়া নানা বিদেশে গিয়া বাস করিয়াছে।

ভারতবর্ষের সকল স্থানে সমান লোকের বাস নহে। কোন স্থান লোকাভাবে পতিত মরুভূমি সদৃশ, কোন স্থান লোকে পূর্ণ, এত লোক যে স্থানাভাবে জীবনধারণের সুবিধা নাই। তাই আমাদিগের গবর্ণমেণ্ট জীবিকার সংস্থানের জন্য দরিদ্র লোকদিগকে বিদেশে মজুরি করিবার নিমিত্ত প্রেরণ করিতেছেন। তাঁহারা এক স্থানের ঘনবসতি গ্রাম বা নগর হইতে বিরলবসতি বা বসতিহীন স্থানে লোক লইয়া গিয়া বসাইয়া দিতেছেন। গবর্ণমেণ্ট বিদেশে কুলি পাঠাইবার যে চেষ্টা পাইতেছেন, যদিও প্রকৃত প্রস্তাবে উপনিবেশ তাহার উদ্দেশ্য নয়, তথাপি তদ্দ্বারা দরিদ্রগণের উপকার সাধন উদ্দেশ্য সন্দেহ নাই। কিন্তু আমরা বলি ঐ সকল মজুর লইয়া ভারতবর্ষের ভিতরে কাজ করিলে কি ভাল হয় না? আমরা আসাম, শ্রীহট্ট, কাছাড় প্রভৃতি স্থানে কুলি প্রেরণের বিপক্ষ নহি। যাহারা কুলি লইয়া যায়, তাহাদিগের দুর্ব্ব্যবহারই আমাদিগের অসন্তোষের একমাত্র কারণ। কিন্তু আমরা কুলিদিগের ভিন্ন রাজ্যে অথবা ভারতবর্ষের বাহিরে যাইবার পক্ষপাতী নহি। তাহাতে গবর্ণমেণ্টের লাভই বা কি? ভারতবর্ষের ভূমী উর্ব্বরা এবং সকল ভূমী আবাদ হইলে অনেক লোকের সচ্ছল ও অনেক লোক প্রতিপালিত হইতে পারিবে, সুতরাং তৎসঙ্গে গবর্ণমেণ্টের আয়ও বৃদ্ধি হইবে। ইহা দ্বারা দেশস্থাবরেরা বিলক্ষণ উপকার হইতে পারিবে। প্রজারা এখন যে করভার বহন করিতেছে, প্রজাসংখ্যা বৃদ্ধি হইলে এই করভারের কতক অংশ তাহারা-ও বহন করিবে, কাজেই এক উদ্যোগে গবর্ণমেণ্ট এবং প্রজা উভয়েই লাভবান হইতে পারিবেন। পররাজ্যে অথবা ভারতের বাহিরে কুলি লইয়া যাইবার জন্য কুলি

সংগ্রহ করা এখন যেমন দুষ্কর, তখন তেমন দুষ্কর হইবে না।

ভারতবর্ষের ভূমি ভারতবাসীর উর্ব্বরা করিবার যেমন সুবিধা, বিদেশীয় লোকের সেরূপ সুবিধা নাই। তথাপি বৈদেশিক লোকে ভারতবর্ষে আসিয়া যেরূপে ভারতবর্ষের ভূমী লইয়া তাহার স্বত্বভোগ করিতেছেন, যেরূপ নিষ্ঠুরতা সহকারে এদেশীয় লোকদিগকে ক্ষেত্রে খাটাইতেছেন, ভারতবাসীরা যদি এক একটী স্থান আবাদ করিয়া তাহার স্বত্বভোগের চেষ্টা পান, তাহা হইলে সেরূপে নিষ্ঠুরতার প্রয়োজন হয় না, আপনারাও ধনী হইতে পারেন এবং দেশের অনেক দরিদ্র লোকও প্রতিপালিত হইতে পারে। চাকুরীর অভাবজনিত কষ্ট অনুভবের সঙ্গে সঙ্গে বাণিজ্য ও কৃষি কর্ম প্রভৃতির উপর লোকের দৃষ্টি পতিত হইতেছে। এ সময়ে কৃষিকার্য্যের সুবিধা করিয়া দিতে পারিলে পতিত ভূমীর শীঘ্র আবাদ হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে। আমরা মধ্যে মধ্যে এদেশে কল প্রভৃতি প্রতিষ্ঠার প্রস্তাব করিয়া থাকি। কিন্তু সে সকল অর্থসাপেক্ষ। আমাদিগের দেশের ধনী লোকেরা কল কারখানার কাজ বুঝেন না। তাই তাঁহারা কলকারখানার প্রতিষ্ঠা করিয়া মূলধন বিনিয়োগ করিতে পারেন না। বাস্তবিক এদেশীয়ের কলকারখানা প্রতিষ্ঠার বিঘ্নও অনেক। ইংলণ্ড প্রভৃতি স্থানের লোকে কলকারখানার মর্য্যাদা বুঝেন। তাঁহাদিগের কলকারখানার কাজই অধিক। এই কারণে তাঁহারা অপর কোন জাতিকে উহার প্রতিষ্ঠা করিতে দেখিলে মর্ম্মব্যথা পান। গবর্ণমেণ্টের প্রাণে আবার তাহা সহ্য হয় না। এই কারণে গবর্ণমেণ্ট কারখানার উপর আইন করিলেন। বোম্বাইয়ের বস্ত্রের কলওয়ালারা পাছে ইংলণ্ডীয় বস্ত্রব্যবসায়িদিগের সহিত প্রতিযোগিতা করে, এই ভয়ে ম্যাঞ্চেষ্টারের বণিকগণ বস্ত্রের শুল্ক উঠাইয়া দিবার প্রস্তাব করিলেন। গবর্ণমেণ্টও তাহাতেই মত দিলেন এবং লাইসেন্স ট্যাক্স স্থাপন করিলেন। বিশেষতঃ কলের কাজ শিক্ষা করিবার জন্য আমাদিগকে ইংলণ্ডের মুখাপেক্ষা করিতে হয়। কিন্তু তত্রত্য কারখানাওয়ালারা আবার সরলভাবে এদেশীয়কে তাহার সকল কৌশল সম্পূর্ণরূপে শিক্ষা দেন না। এই ভারতবর্ষে এদেশীয়ের দ্বারা প্রতিষ্ঠিত কল প্রায় দেখিতে পাওয়া যায় না। যে দুই একটী কল আছে, তাহা ইংরাজের দ্বারা প্রতিষ্ঠিত, অথবা এদেশীয়ের অর্থে ইংরাজকর্ম্মচারীর দ্বারা চালিত হইয়া থাকে। সুতরাং এরূপ স্থলে কলকারখানা করিতে দেশে যেমন বহু অর্থের প্রয়োজন, তেমনি দুরূহও আছে। কিন্তু আমাদিগের সে দুরূহতা নাই। আবার কষ্টে সৃষ্টে বিদেশে যাইয়া কলকৌশল শিক্ষা করিয়া আসিলেও সুবিধা করিয়া কাজ করা সহজ নহে। এদেশজাত সামগ্রী ক্রয় করিবেন বলিয়া যে উৎসাহ দেন, তাহাও আশানুরূপ নহে।

অতএব এই সকল কারণে বিদেশের সঙ্গে কলকারখানার প্রতিষ্ঠা করা সহজ নহে। কি এদেশ কি বিদেশ সকল স্থানেই কারখানাওয়ালার সহিত প্রতিযোগিতা করিতে হইলে অধিক প্রয়োজন। কিন্তু কৃষিকার্য্যে সে অর্থের সংগ্রহ তত কঠিন ব্যাপার নহে। তাই আমরা প্রস্তাব করিতেছি, এদেশীয়েরা আসাম ইষ্ট ইণ্ডিয়ান কোম্পানি খুলুন। ভারতবর্ষের যেখানে যত অধিক পতিত ভূমি রহিয়াছে, সেই সকল উর্ব্বরা করিবার জন্য সকলে মিলিত হইয়া অর্থসাহায্য করিলে সেই সকল জমীর সহজেই আবাদ হইতে পারিবে। এদেশের ধনী লোকেরা এ কার্য্যটি উত্তমরূপ বুঝেন। তাঁহারা ইহার জন্য অর্থ দিতে সঙ্কুচিত হইবেন এরূপ বোধ হয় না। এদেশীয় ভিন্ন রাজগণের রাজ্যে অনেক ভূমি পতিত অবস্থায় রহিয়াছে। এদেশীয় লোকের এরূপ সাধু চেষ্টা হইলে তাঁহারাও ইহার সাহায্যদানে অগ্রসর হইবেন। কলকারখানা প্রতিষ্ঠার নিমিত্ত যেরূপ অর্থের প্রয়োজন, ইহাতে তদপেক্ষা অল্প অর্থের প্রয়োজন হইবে অথচ প্রচুর আয়ও হইতে পারিবে। বিদেশে কুলী হইয়া যাওয়া অপেক্ষা দরিদ্র লোকে অতি আহ্লাদ সহকারে অল্প মজুরিতে স্বদেশে খাটিতে অমত করিবে না। তাহাদিগের উপর অত্যাচার না হইলে তাহারা প্রফুল্ল চিত্তে শ্রম করিবে এবং কোম্পানির ক্রমোন্নতি বিবৃদ্ধির সঙ্গে সঙ্গে মজুরের সংখ্যা বৃদ্ধি হইবে না? তাহারা এই সকল জমী প্রজাবিলি করিয়া দিলে অনায়াসে আবাদ [illegible] কি যাহারা দুঃখের জ্বালায় মজুরী করিতে আসিবে তাহারা সুলভ জমার জমি পাইলে [illegible] কোম্পানি তাহাদিগের কৃষিকার্য্যের সাহায্য করিবেন, নিশ্চয়ই তাহারা সেই সকল স্থলে স্থায়িরূপে বাস করিবে।

এদেশের লোকে প্রায় স্ত্রী পুত্র পরিবার ছাড়িয়া কোথাও যাইতে চাহে না, যাইলেও বিদেশে অধিক দিন তিষ্ঠিয়া থাকিতে পারে না। এই কারণে তাহারা দেশত্যাগী হইয়া যাইবার [illegible] হয় না। কিন্তু আমাদের কৃত প্রস্তাব যদি কার্য্যে পরিণত হয়, তাহা হইলে তাহাদিগের [illegible] ঘটিবে এবং ক্রমে স্ত্রীপরিবারের জন্য [illegible] বরং তাহাদিগের আত্মীয় স্বজন প্রভৃতিকে [illegible] লইয়া আসিতে পারিবে। সুতরাং কুলী সংগ্রহের ন্যায় ইহাতে কষ্ট পাইবার সম্ভাবনা নাই। [illegible] এরূপে দেশ আবাদের উদ্যোগ করিলে কে অধিক আহ্লাদবান হইবেন। আমাদিগের বোধ হয় গবর্ণমেণ্টেরই অধিকতর লাভ হইবে। তাঁহাদিগের বিনা কষ্টে রাজস্ব বৃদ্ধি ও আপনাদিগের রাজ্যের পথ অধিকতর বিস্তৃত করা হইবে, অথচ ইহাতে তাঁহাদিগের স্বদেশীয়ের কোনরূপ ক্ষতিবৃদ্ধির আশঙ্কা নাই। অতএব এরূপ স্থলে এদেশীয়েরা উদ্যোগী হইয়া যদি এরূপ কার্য্যে প্রবৃত্ত হন, তাঁহাদিগের বিশেষ রূপে সাহায্য করা গবর্ণমেণ্টের কর্ত্তব্য। আমরা অন্য সাহায্যের কথা বলি না, মূলধনের জন্য যে টাকার প্রয়োজন হইবে, তাহা সংগ্রহ করিবার জন্য সাধারণে বিজ্ঞাপন প্রচার করা হইবে। এই বিজ্ঞাপনে যে সময় হইতে কার্য্যারম্ভের কথা থাকিবে, তাহার মধ্যে যদি সকল অংশের ক্রেতা উপস্থিত না হয়, গবর্ণমেণ্ট তাহা ক্রয় করিবেন। এরূপ করিলে গবর্ণমেণ্টের লাভ হইবে এবং কোম্পানিরও স্থায়ী হইবার আশা অধিক হইবে। প্রথম প্রথম গবর্ণমেণ্ট আনুকূল্য না করিলে ও তাঁহাদিগের সংস্রব না রাখিলে লোকে সহজে টাকা বাহির করিতে সাহসী হইবেন না।

পুলিসরক্ষার একটী উৎকৃষ্ট প্রস্তাব।

এই সপ্তাহের, আমাদিগের একজন সংবাদদাতা কলিকাতার চুরী সিঁদের সংবাদ দিয়াছেন। চুরি ডাকাইতি প্রভৃতির স্রোত যেরূপ প্রবল হইয়াছে বর্ত্তমান পুলিসকে যদি তাহার মুখে আনিয়া স্থাপন করিয়া দেওয়া যায়, ইহা সে স্রোতোবেগ রহিত করিতে পারিবে না। পর্ব্বততুল্য সুদৃঢ়াকার পুলিস সে মুখে নিক্ষিপ্ত হইলেও সে বেগ রক্ষা হয় কি না সন্দেহ স্থল! "যে যায় লঙ্কায় সেই হয় রাক্ষস" এই একটী চিরন্তন প্রবাদ বাক্য আছে। আমরা বর্ত্তমান পুলিসকে এই প্রবাদ বাক্যের একটী প্রধান উদাহরণ স্থল দেখিতেছি। পুলিসে যিনি প্রবেশ করেন, তাঁহারই আকার প্রকার অন্য প্রকার হইয়া যায়। পুলিসের লোকদিগের নানা প্রকার প্রলোভন আছে। তাহার আকর্ষণে বাধা দেওয়া বড় কঠিন কাজ।

অথবা আমরা বৃথা পুলিসকে দুষিতেছি। আমাদের দেশের লোকেরাই সহকার [illegible]। তাঁহারাই পুলিসকে নষ্ট করিয়া তুলেন। তাঁহারা যদি সাক্ষী হন, কুকর্মকে আশ্রয় না দেন, পুলিস কি বিকৃত হয়? কিন্তু আমরা দেশের যেরূপ অবস্থা ও পুলিসের যে প্রকার ব্যবহার দেখিতেছি, তাহাতে পুলিসের সহসা সংশোধন হইবার আশা নাই।

অতএব আমরা আর একটী উৎকৃষ্ট প্রস্তাব করিতেছি। গবর্ণমেণ্ট পুলিস উঠাইয়া দিন।

১৮৮২। ৮৩ অব্দের বঙ্গদেশীয় শাসন সংক্রান্ত রিপোর্ট হইতে উদ্ধৃত করিয়া দিতেছি। ঐ অব্দে বঙ্গদেশের পুলিস বিভাগে ৩৯৬৩১৫৬ টাকা ব্যয় হইয়াছে। ১৮৮১ অব্দে ৩৯৫৬১৫৯ টাকা ব্যয় হইয়াছিল। ১৮৮২ অব্দের ৩১ এ ডিসেম্বর ৭৭ জন প্রধান পুলিস কর্মচারী এবং ৩৪৮০ অধীন কর্মচারী ও ১৯৬০৪ জন কনষ্টেবল ছিল। এতদ্ভিন্ন রেলওয়ে পুলিস, মিলার্ড পুলিস, কাবড়া মিউনিসিপাল পুলিস এবং উড়িষ্যা নিমক গোলাতে নিয়োজিত স্বতন্ত্র পুলিস কর্মচারী ছিল। উক্ত রিপোর্টে বলে যে প্রকৃত পুলিস কার্য্যে নিয়োজিত পুলিস কর্মচারিদিগের নিমিত্ত ঐ অব্দে ২৬১৫২০৭ টাকা ব্যয় হইয়া যায়।

আমাদিগের প্রস্তাবানুরূপ যদি কার্য্য হয়, তাহা হইলে পুলিসে এত লোক রাখিতে হয় না। গবর্ণমেণ্টকে এত ব্যয় করিতে হয় না। অল্প ব্যয়ে কার্য্য সম্পন্ন হইতে পারে। চুরি ডাকাইতির নাম গন্ধ থাকে না, প্রজা লোকে সুখে নিরাপদে কাল হরণ করিতে পারে। প্রস্তাবটী এই,—

গবর্ণমেণ্ট কতকগুলি গোয়েন্দা নিযুক্ত করুন। যেখানে যত চোর ডাকাইত আছে, তাহারা তাহাদেরই অনুসন্ধান করুক। ঐ সকল চোর ডাকাইতের কিছু কিছু মাসিক বন্দোবস্ত করা হউক। তাহারা যদি সন্তুষ্ট থাকে, তাহা হইলে আর চুরি ডাকাইতি হইবার সম্ভাবনা কি? বর্ত্তমান পুলিস যখন চোর ডাকাইতি নিবারণে অসমর্থ হইলেন, তখন তাহার নিবারণের একটী উপায় ত চাই। পাঠক! আমাদিগের এ প্রস্তাবটীকে কি মন্দ বলেন? এ প্রস্তাবটী কি অনুকোয়া নয়? যদি বলেন গবর্ণমেণ্ট এই উপায় অবলম্বন করিয়া কিরূপে দস্যু তস্করাদির দমন করিবেন? তাহাতে যে পাপী হইবেন। আমরা উত্তরে বলি, গবর্ণমেণ্টের এরূপ করা অভ্যাস আছে। কাবুলের আমীরকে নিয়মিতরূপে টাকা দেওয়া হয়, মধ্যে মধ্যে সীমা প্রদেশবর্ত্তী কুকি প্রভৃতিকে টাকা দিয়া সান্ত্বনা করা হইয়া থাকে। পাঠক! আমরা কি কেবল পরিহাস করিবার নিমিত্ত এ প্রস্তাবটী করিলাম তাহা নয়, বড় জালায় জালাতন হইয়াই এই প্রস্তাব করিলাম।

রাজপুরুষদিগের শৈলবাস।

এটী সাংক্রামিক রোগের ন্যায় ক্রমে ক্রমে পরিব্যাপ্ত হইয়া পড়িতেছে। লর্ড এলেনবরা এ দেশে বড় লাটের পদে আসিয়া এই আতঙ্ক উপস্থিত হয়, গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে প্রাণ হারাইতে হইবে। ... সময়ে টেমলা ... প্রস্থিত হয়েন। ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট ... যখন দ্বিতীয়বার ভারতের গবর্ণর জেনরাল করিয়া পাঠাইয়া দেন, সেই সময়ে স্থির করিয়া শৈলবাস স্বীকার করাইয়া লইয়াছিলেন। ক্রমে তাঁহার দেখাদেখি পরবর্ত্তী গবর্ণর জেনারেলরাও ঐ পথের পথিক হন। ক্রমে ঐ রোগ এমনি প্রবল হইয়া উঠিয়াছে যে লেপ্টনাণ্ট গবর্ণর ও কমিশনরেরা পর্য্যন্ত নিদাঘকালে পর্ব্বতের মারুতহিল্লোল সেবা না করিলে কাজকর্ম্ম করিতে ও জীবিত থাকিতে পারেন না। ইহাতে দেশের পক্ষে অনেক প্রকার অমঙ্গল ঘটিতেছে। অনেক অর্থ বৃথা নষ্ট হইতেছে। ইহাতে প্রায় সকল লোকেই বিরক্ত হইয়া উঠিয়াছেন। যাহাতে ইহার নিবারণ হয় সকলে প্রাণপণে সেই চেষ্টা আরম্ভ করিয়াছেন। সে দিন মান্দ্রাজে প্রায় পাঁচ হাজার লোক একত্রিত হইয়া তত্রত্য গবর্ণর গ্রাণ্ট ডফ সাহেবের শৈলবাসের এবং বাঙ্গালোরে সেনানিবেশের প্রতিবাদ করিয়াছেন। এখানেও সকলে প্রায় একবাক্যে রাজপুরুষদিগের শৈলবাসের প্রতিবাদ করিতেছেন। শৈলবাসের পক্ষে ও বিপক্ষে নানা প্রকার যুক্তি প্রদর্শিত হইতেছে। যাঁহারা ইহার পক্ষ, তাঁহারা বলেন গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে প্রধান শাসনকর্ত্তাদিগের প্রাণ হানির সম্ভাবনা। দ্বিতীয়, গ্রীষ্মে শৈল বাস করিয়া সুস্থ ও সবল দেহ হইয়ে অধিকতর পরিশ্রম সহকারে কাজকর্ম্ম করিতে পারা যায়। যাঁহারা বিপক্ষবাদী, তাঁহারা কর্ত্তাদিগের দূরস্থতা নিবন্ধন কাজকর্ম্মে ও অর্থ হানি প্রভৃতির উল্লেখ করিয়া থাকেন। যে কোন বিষয় হউক উভয় পক্ষেই যুক্তিধারা সমর্থন করিতে পারা যায়। কিন্তু সেই যুক্তির বলাবল বিবেচনা আছে। পাঠক! আইস আমরা একবার শৈলবাসের স্বপক্ষদিগের প্রদর্শিত যুক্তিগুলির বলাবল চিন্তা করিয়া দেখি।

প্রথম, গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলেই যে প্রাণ হারাইতে হইবে, এটী সিদ্ধান্ত বাক্য নহে। একের মৃত্যু দর্শন করিয়া এ প্রকার সিদ্ধান্ত করা কোন ক্রমেই সঙ্গত হইতে পারে না। যে কোন বিষয়ের সিদ্ধান্ত হউক বহু উদাহরণ না দেখিয়া হয় না। ভারতবর্ষে কদাচিৎ শীতকালে যদি কোন দিন বৃষ্টি হয়, তাহা দেখিয়া কেহ কি এপ্রকারে সিদ্ধান্ত করিতে পারেন যে, শীতকালেই ভারতে বর্ষাকাল। অকতর প্রবীণ প্রধান রাজকর্মচারির গ্রীষ্মকালে কলিকাতায় থাকিয়া কি কাজকর্ম করেন না? তাঁহাদের শরীরের স্বাস্থ্যের কি ব্যাঘাত হয়? যদি তাহা হইত ... না হইলে আমরা প্রতিবৎসর কলিকাতায় বণিক ... সভাপতি ও হাইকোর্টের প্রধান বিচারপতি প্রভৃতিকে নূতন নিয়োজিত দেখিতে পাইতাম। গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে যে পরিশ্রম করা যায় না, এ বাক্যটীকে যে আমরা কিরূপে প্রামাণিক বলিয়া স্বীকার করিব। লর্ড কর্ণওয়ালিস ও লর্ড বেণ্টিং প্রভৃতি গ্রীষ্মকালে কলিকাতায় বাস করিয়া অজস্র পরিশ্রম করিয়াছিলেন। তাঁহারা যে সময়ে কলিকাতায় অবস্থান করিয়া কার্য্য করেন, সে সময় নূতন বন্দোবস্তের কাল। অতএব সেই সময়ে যে কিরূপ পরিশ্রম করা আবশ্যক হইয়াছিল, তাহা সহজেই বুঝিতে পারা যাইতেছে। এখন ত বিশ্রাম ও আমোদপ্রমোদ করিবার কাল। অতএব এখন যে গ্রীষ্মকালে কলিকাতায় থাকিয়া কাজ করা যায় না এ কথা অকিঞ্চিৎকর।

এ সকল যুক্তি যদি অকিঞ্চিৎকর হইল, তবে গ্রীষ্মকালে রাজপুরুষদিগের শৈলবাসের প্রকৃত যুক্তি কি? যুক্তি দুটী আছে। এক, এখানকার গবর্ণমেণ্ট স্বেচ্ছাচারী, রাজপুরুষেরাও স্বেচ্ছাচারী। রাজপুরুষদিগের ইচ্ছা এই, কর্ম্মকাজ হউক না হউক তাঁহারা বিশ্রাম সুখ ও বিহার সুখভোগ করিবেন। গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে সে সুখভোগ হয় না। দ্বিতীয়, স্বেচ্ছাচারী শব্দের অর্থ এই, কর্ত্তারা যা ইচ্ছা করেন, তাহাই করিবেন। অন্যের কথায় যদি তাহার বিপরীত আচরণ করিতে হয়, তাহা হইলে তাঁহারা মনে করেন তাঁহাদের অপমান হইল এবং কর্ত্তৃত্বের ব্যাঘাত জন্মিল। এখন এই এক অভিমানের উপরেই শৈলবাস নির্ভর করিতেছে। নতুবা গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে যে অনিষ্ট হয়, সে কথা প্রামাণিক নহে। ফলতঃ এখন প্রধান কর্ত্তাদিগের বাবুগিরির কাল পড়িয়াছে। সে বাবুগিরি তাঁহাদের নিজের ধনে করিতে হয় না। নিজ দেশের ধনেও করিতে হয় না। ভারতবাসীর ধনে সেই বাবুগিরি করা হয়। ভারতবাসীর রক্তটা ধন যাঁহাদিগের কাছে থাকুক আর না থাকুক তাহা দেখিবার প্রয়োজন নাই। কর্ত্তাদিগের বাবুগিরি হইলেই হইল। আমরা বড় দুঃখিত হইতেছি, ম্যাড্রাস লর্ড রিপন বাহাদুর শৈলবাসের প্রতিবাদ করিয়া এটী উঠাইয়া দিবার চেষ্টা পাইতেছেন না।

এই শৈলবাসবিধি নিবারণের প্রকৃত উপায় কি? আমরা প্রস্তাব করিতেছি, ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের কর্ত্তব্য অতঃপর যিনি ভারতের গবর্ণর জেনরাল হইয়া আসিবেন, তাঁহাকে এই স্বীকার করাইয়া লওয়া আবশ্যক, যে তিনি গ্রীষ্মকালে কলিকাতায় থাকিবেন। যিনি এই অঙ্গীকারে বদ্ধ হইবেন, তিনিই গবর্ণর জেনরল হইবেন। যিনি এ অঙ্গীকার না করিবেন, তিনি ঐ পদ পাইবেন না। গবর্ণর জেনেরল যদি পর্ব্বতে গমন না করেন, লেপ্টেনাণ্ট গবর্ণর প্রভৃতিকে কাজে কাজেই পর্ব্বতবাস পরিত্যাগ করিতে হইবে।

পাওনিয়রের বাঙ্গালি-ফোবিয়া।

অগ্রে কুকুরদষ্ট ব্যক্তিরই কেবল হাইড্রোফোবিয়ার কথা শুনিতাম। এখন রুশ ফোবিয়া ও গান্ধ ফোবিয়া প্রভৃতির কথা শুনা যাইতেছে। আজ কাল আবার ইংরাজ সমাচারপত্র সম্পাদকদিগেরও বাঙ্গালি-ফোবিয়া দেখিতেছি। কুকুরদষ্ট ব্যক্তিরা ফোবিয়াগ্রস্ত হইলে জল দেখিলে যেমন ভয়ে উঠে, তেমনি পাওনিয়র প্রভৃতি বাঙ্গালিদিগকে দেখিয়া ভয়ার্ত্ত হইয়া উঠিতেছেন। যদি ব্যক্তির ফোবিয়া প্রবল হইলে সে অবগ্রস্ত হয়, নানা প্রকার প্রলাপ বকে, গাত্রদাহ জন্মে, চক্ষু রক্তবর্ণ হয়। পাওনিয়র প্রভৃতিরও সেইরূপ বাঙ্গালির উন্নতি দর্শনে ঈর্ষাজ্বর জন্মিয়াছে। বড় প্রলাপ বকিতেছেন। রাগ যেন বাহিরে নয় অন্তরেও জন্মিয়াছে। উষ্ণ শোণিত প্রবলবেগে শিরায় শিরায় বহিতেছে। কোপে চক্ষু আরক্ত হইয়াছে। তবে এখন ইঁহাদের ততদূর উন্মাদ হয় নাই, এই নিমিত্ত মনের ভাব এখনও কথঞ্চিৎ গোপন করিয়া রাখিতে পারিতেছেন। কিন্তু তাহা সম্পূর্ণ গোপন থাকিতেছে না। বাক্যোক্তিতে প্রকাশ হইয়া পড়িতেছে।

এস্থলে পাওনিয়রকে আমরা একটী কথা জিজ্ঞাসা করি, তিনি বাঙ্গালিকে যত নিন্দা করিতেছেন, যত গালি দিতেছেন, যত নিন্দা করিতেছেন, তদ্দ্বারা কি বাঙ্গালীর উচ্চতা ও তাঁহার নীচতা প্রকাশ হইতেছে না? এ দেশে একটী প্রবাদ আছে "চাঁদের গায়ে থুথু দিলে সেই থুথু আপনার গায়েই পড়িয়া থাকে"। বাঙ্গালির উপরে তাঁহার এত রাগ কেন? তাঁহার এবং তাঁহার প্রতিপোষকগণের মনে এই গর্ব্ব আছে আমরা জেতৃজাতীয়, বাঙ্গালীরা বিজিত। তাহারা উন্নত হইয়া আমাদের সমকক্ষ হইবে কেন? তাহাদিগকে চিরকাল আমাদিগের চরণসেবা করিতে হইবে। বাঙ্গালীরা তাহা করিতেছেন না, দিন দিন তেজস্বী হইয়া উঠিতেছেন, মুখের উপরে তাঁহাদিগের দোষ বলিতেছেন। গর্ব্বিত ব্যক্তি কি ইহা সহ্য করিতে পারেন?

এ রোগের প্রতীকারের একটী উপায় আছে। যদি আমাদের গবর্ণমেণ্ট করিতে পারেন, তাহা হইলে এখনই তাহার প্রতীকার হইয়া যায়। গবর্ণমেণ্টের জাতি ভাই বলিয়া তাহা করাও উচিত। সে উপায়টী এই "বিষস্য বিষমৌষধং" গবর্ণমেণ্ট বাঙ্গালিদিগকে অধিকতর উন্নত করিয়া তুলুন। যোগ্যতানুসারে উচ্চতর পদগুলি প্রদান করুন। শুদ্ধ কৃষ্ণ শ্বেত বিবেচনা পরিত্যাগ করুন। যোগ্যতানুসারে সমুদায় কার্য্য করিতে আরম্ভ করুন। এই সকল দেখিলেই পাওনিয়র আবার অস্থির হইয়া উঠিবেন, [illegible] বিষ ঢালিয়া দিবে। সেই শিরায় শিরায় প্রবেশ করিয়া তাঁহাকে মূর্চ্ছিত করিয়া ফেলিবে। এখনও হয় যে আশা আছে, সেই প্রবল জ্বরের নিকট তাহা সর্ব্বতোভাবে প্রাপ্ত হইবে। ইহাকেই কি "বিষস্য বিষমৌষধং" বলে না?

বঙ্গবাসির মকদ্দমা বিপদ ও তৎসম্বন্ধে একটী প্রস্তাব।

আমাদের এরূপ অনেক বিপদ আছে যে, আমরা তাহা ভোগ করি, অথচ তাহার স্বরূপ বুঝিতে পারি না, প্রত্যুত, সেই বিপদকে আদর করিয়া থাকি। প্রতি দিন অত্যন্ত দুঃখকর হইতেছে, অথচ প্রতিবর্ষে জন্মতিথিতে বর্ষবৃদ্ধি হইল বলিয়া উৎসব করা হইয়া থাকে। বঙ্গবাসিদিগের মকদ্দমা বিপদটীও সেইরূপ। বঙ্গবাসির মকদ্দমায় যে ক্ষতি হয়, তাহা একরূপ নয়, অর্থ ও সময় নষ্ট হয়, উকীল, মোক্তার ও আমলাদিগের খোসামুদি করিতে তেজস্বিতা লোপ পায়, এবং বিপক্ষদিগের নিকটে বারংবার নত হইয়া থাকে, মকদ্দমায় জয় পরাজয় উভয়ই প্রায় তুল্য। যিনি জয়ী হন, তিনি অবসন্ন হইয়া পড়েন, আর যাঁহার পরাজয় হয়, তিনি একেবারে উৎসন্ন দিয়া থাকেন। বঙ্গদেশের অনেক বড় বড় ঘর এই মকদ্দমাবিপদগ্রস্ত হইয়া উৎসন্ন হইয়াছে। বঙ্গবাসিরা বড় মকদ্দমাপ্রিয় বলিয়া বাহিরে অতিশয় দুর্নাম রটিয়াছে। বড় দুঃখের বিষয় বঙ্গবাসিদিগের অদ্যাপি চৈতন্য নাই। মকদ্দমা করিয়া লাভের মধ্যে এই দেখিতে পাই, যিনি জয়ী হইলেন, তাঁহার অভিমান চরিতার্থ হইল। মকদ্দমায় জিতেছি মনে করিয়া ক্ষণকাল একরূপ অনুভব করিলেন, কিন্তু মকদ্দমায় তাঁহার যে কি বিপদ ঘটিয়াছে, যখন সমুদায় খরচাইয়া দেখেন, তখন বুঝিতে পারেন।

বঙ্গদেশের এ বিপদটী কেমন ভয়ানক হইয়া উঠিয়াছে, তাহার অবগত্যর্থ কয়েকটী প্রমাণ উদ্ধৃত করিয়া দিতেছি, পাঠক একবার আন্দোলন করিয়া দেখুন। অনেকে [illegible] মনে করেন আদালতের বৃদ্ধি হওয়াতে অনেক উপকার সাধিত হইয়াছে। কিন্তু পরিণাম বিবেচনা করিয়া দেখিলে স্পষ্টই বুঝিতে পারা যাইবে, আদালতগুলি বঙ্গবাসির বিপদের অধিকতর সহায়তা করিতেছে।

আদালতের যেরূপ বিচারপদ্ধতি হইয়া উঠিয়াছে তাহাতে অনেক সময়ে আমাদের মনে হয়, আদালতগুলি আমাদের বিপদনাশের কারণ না হইয়া বিপদের কারণ হইয়াছে। শরীর রোগগ্রস্ত হইলে যেমন ডাক্তারের নিকট না গেলে চলে না, তেমনি বিষয় বিভব রাখিতে হইলে আদালতে না গেলে চলে না। কিন্তু আদালতগুলি আইন ও বিচারপতির দোষে আপদস্থান হইয়া উঠিয়াছে। গবর্ণমেণ্ট ক্রমেই আদালতের সংখ্যা বৃদ্ধি করিতেছেন, কিন্তু আমরা দেখিতেছি ক্রমেই সুবিচারের দুর্দ্দশা ঘটিতেছে। মকদ্দমাকালে অনেক বিচারপতির মনে এরূপ দুর্দ্ধর্ষ ধারণা হয়, যে তাঁহারা তাহারই বশীভূত হইয়া সুবিচারে জলাঞ্জলি দিয়া বসেন, আইনের জটিলতাও এই অপরাধের বিলক্ষণ সাহায্য করিয়া থাকে। এক আইনের বহু প্রকার অর্থ ভেদ হয়। মুন্সেফ যে আইনের যে অর্থ করিয়া যে বিচার করিলেন, জজ আদালতে সেই আইনেরই ভিন্ন অর্থ হইয়া মুন্সেফের রায় রদ হইয়া গেল। হাইকোর্ট আবার "বুদ্ধেস্তৃতীয়ঃ পন্থাঃ" করিয়া বসিলেন।

বিচারপতির ধারণা ও আইনের জটিলতা হইতে দিন দিন মকদ্দমার যে কেমন শ্রীবৃদ্ধি হইতেছে, আদালত ও বিচারপতির সংখ্যা এবং আইনের অর্থভেদের বিষয় ক্ষণকাল চিন্তা করিয়া দেখিলেই পাঠকের তাহা সম্যগ্‌রূপে হৃদয়ঙ্গম হইবে। এস্থলে দেওয়ানী আদালত ও দেওয়ানী বিচারপতির বিষয় লইয়াই বিচার করিয়া দেখা হউক।

কলিকাতা হাইকোর্টের জজ	১২
জেলা ও সেসন জজ	২৮
সহকারী জেলা ও সেসন জজ	৯
সব জজ ও ছোট আদালতের জজ	৫০
মুন্সেফ	২৩৫

মুন্সেফেরা যদি মাসে গড়ে ১০ টী করিয়াও মকদ্দমা করেন, তাহা হইলেও বঙ্গদেশে মাসে ২৩৫০ টী মকদ্দমা হয়। সব জজদিগের নিকটেও আদিম মকদ্দমা ও আপীল আছে। হাইকোর্টেও ঐরূপ আদিও আপিলী মকদ্দমা হইয়া থাকে। প্রমাণ পুস্তক আমাদের সম্মুখে উপস্থিত না থাকাতে আমরা মকদ্দমার সংখ্যা স্থির করিয়া দিতে পারিলাম না। ধরিয়া লও মাসে যেন তিন হাজার মকদ্দমা হয়। ঐ সকল মকদ্দমা বিচারপতির বুদ্ধি ও বিবেচনাভেদে ও আইনের অর্থভেদে উচ্চাদালতে গমনভেদে অন্ততঃ ত্রিগুণ হয়। সোমপ্রকাশপাঠক প্রতি সপ্তাহেই হাইকোর্টের নজীর দেখিতেছেন। মকদ্দমাকারিদিগের যে কেমন বিপদ, তাহা কি বুঝিতে পারিতেছেন না? এক মকদ্দমার কত প্রকার ক্ষতি হয়, নজীর পাঠ করিয়া তাহাও বুঝিতে পারিতেছেন। সীতাদেবী দ্বিতীয়বার অগ্নি পরীক্ষার প্রস্তাব হওয়াতে তিনি অভিমানে পৃথিবীতে প্রবেশ করিয়াছিলেন, আর এক মকদ্দমার বহুবার অগ্নিপরীক্ষা হয়। মুন্সেফ আদালত ও জজ আদালত হইয়াই মকদ্দমার নিষ্পত্তি হয় না। হাইকোর্টে আবার বিবিধ অগ্নিপরীক্ষার ব্যবস্থা। প্রথমে এক অথবা দুই বিচারপতি বিচারে, তাহার পর [illegible]। হাইকোর্টের ফুল

উপরে প্রিভি কৌন্সিল। ইহার মধ্যে মধ্যে আবার জামিন বিচার আছে। জামিনবিচার "অপর মুক্ত"সম্বন্ধে গ্রাম দুই সম না। আবার গোড়া হইতে আরম্ভ। এত গুরুতর উপদ্রবে কি মকদ্দমাকারির প্রাণ বাঁচে? মকদ্দমাকারিরা জিগীষাবৃত্তিতে অন্ধ হন বলিয়া আপনাদিগের গুরুতর অনিষ্ট বুঝিতে পারেন না।

এত মকদ্দমাবৃদ্ধির তিনটী প্রধান কারণ ঘটিয়াছে। প্রথম, বঙ্গদেশ আজও তেমন সুশিক্ষিত হয় নাই যে, সকলে আপন আপন স্বত্ব বুঝিয়া ন্যায়সঙ্গত কার্য্য করিতে পারে। একটু সন্ধির যোগ হইলেই অপরের বিষয়ের প্রতি লোক দৃষ্টি পড়ে। অপরের সম্পত্তি আকর্ষণ করিতে গেলেই তাহার অভিমান স্ফীত হইয়া উঠে, সুতরাং মকদ্দমা বাঁধিয়া যায়। বঙ্গদেশে এখনও অশিক্ষিত ও অর্দ্ধশিক্ষিতের ভাগ অধিক। তন্নিবন্ধন পরস্পর বিদ্বেষ প্রবল। ইহাই মকদ্দমাবৃদ্ধির প্রধান কারণ হইয়াছে।

দ্বিতীয়, জমীদার প্রজা সম্বন্ধ। প্রজারা সহজে জমীদারের খাজনা দিতে চায় না। আমরা বিশেষ অনুসন্ধান করিয়া দেখিয়াছি, যে জমীজমা লইয়া কোন গোলযোগ নাই, প্রজারা স্বচ্ছন্দে সে জমীরও খাজনা দেয় না। যদি অনাবৃষ্টি বা অতিবৃষ্টির ওজর পাইল, তাহা হইলত কথাই নাই। জমীদার সহজে প্রজার নিকট হইতে খাজনা আদায় করিতে পারেন না। সহজে জমীদারের খাজনা আদায় হইবার কোন বিধিও নাই। সুতরাং আদালতের আশ্রয় গ্রহণ করিতে হয়, মকদ্দমার শ্রীবৃদ্ধি হইয়া উঠে, খাজনার মকদ্দমার সংখ্যা কি অধিক নয়?

তৃতীয়, আদালতের সংখ্যাবৃদ্ধি মকদ্দমাবৃদ্ধির অপর কারণ। পর পর এত যদি উচ্চ আদালত না থাকিত, মকদ্দমার সংখ্যা কমিয়া যাইত সন্দেহ নাই। আমরা উপরে বলিয়াছি, বঙ্গদেশে অশিক্ষিত ও অর্দ্ধশিক্ষিতের ভাগ অধিক বলিয়া জিগীষাবৃত্তি প্রবল হইয়াছে। পর পর আপীল আদালত থাকাতে সেই বৃত্তি চরিতার্থ করিবারও সুন্দর পথ হইয়াছে। যদি আদালতের সংখ্যা কমিয়া যায়, মকদ্দমারও সংখ্যা কমিয়া যায় সন্দেহ নাই। আমরা ইহার একটী প্রমাণ দিতেছি। রামপুরমিউনিসিপালিটিতে দিন কত কাল ফৌজদারী মকদ্দমা হইবার ব্যবস্থা হইয়াছিল। তাহাতে আমরা দেখিলাম, কোদেশ বৌ পর্য্যন্ত মকদ্দমা করিতে আরম্ভ করিল। আমরা তাহার প্রতিবাদ করাতে ঐ ব্যবস্থাটী রহিত হইয়া যায়। ঐ ব্যবস্থা রহিত হওয়াতে মকদ্দমার যে সংখ্যা কমিয়াছে, সে বিষয়ে সন্দেহ নাই। যদি বলেন, ন্যায় সংস্থাপনার্থ গবর্ণমেণ্ট বহুসংখ্য আদালতের সৃষ্টি করিয়াছেন। কিন্তু আমরা বলি, বহুসংখ্য আদালত হওয়াতে তাহার বিপরীত ঘটনা ঘটিতেছে। আদালতগুলিকে মকদ্দমাবৃদ্ধির যন্ত্র বলা যায়। কিন্তু আমরা অনেক অদালতের অপকর্ষের অধিকরণ দেখিতে পাই। দশ হাজার টাকার উপরের মকদ্দমা না হইলে প্রিভিকৌন্সিলে হয় না। কিন্তু গরিবদিগের দশ হাজারের কম মূল্যের মকদ্দমা, তাহারা প্রিভিকৌন্সিলে যাইতে পারিল না। তাহাদের পক্ষে অন্যায় হইল। পূর্ব্বে যখন এত আদালতের সৃষ্টি ছিল না, তখনকার লোকেরা এক প্রকার সুখী ছিল। তাহারা মারামারি করিল, ঝগড়া করিল, গ্রামের পাঁচ জন ভদ্রলোকে পড়িয়া তাহাদের বিবাদ মিটাইয়া দিলেন, ন্যায়ের সংস্থাপন করিলেন, উভয়েই সন্তুষ্ট হইল। আদালতের শ্রীবৃদ্ধি হওয়াতে এ ভাবের বিষম ব্যতিক্রম ঘটিয়াছে।

এই নিমিত্ত আমরা আজ এই প্রস্তাব করিতেছি, যাহ যে লোক আদালতে না যান, গবর্ণমেণ্ট তাহার একটী উপায় করুন। আত্মশাসন প্রণালী সর্ব্বত্র প্রবর্ত্তিত হইতেছে। যেখানে উকীল মোক্তার প্রভৃতি ভাল ভাল লোক মিউনিসিপাল কমিশনর হইবেন সেখানে মকদ্দমার বিচার হইবার ব্যবস্থা করা হউক। গ্রামের লোক মকদ্দমার বিচার করিলে ঠিক খাঁটিরই সম্ভাবনা। কারণ, গ্রামের মিউনিসিপাল কমিশনরেরা এ যেন অবস্থা জানেন, কাহার ন্যায় কাহার অন্যায় তাঁহারা ভাল বুঝিতে পারেন। পক্ষান্তরে, আদালতের বিচার পণ্ডিতদিগের আর্থ্যের সাধ পোষাণ হয়। এই নিমিত্ত আপীলে অনেক রায় রহিত হয়। আমাদের কথা বাহুল্য ব্যবস্থা হইলে অত্যাসন্ন প্রণালীও গৌরবান্বিত হইবে। এখন মিউনিসিপাল কমিশনরদিগকে যে ক্ষমতা দিবার কথা হইতেছে, তাহা ত শূন্যগর্ভ। সে কেবল অভ্রংকার মাত্র। তাহাতে কমিশনরদিগের কিছুমাত্র গৌরব নাই। কেবল নামে বলিয়া বিনি যে সম্মান করেন। বাস্তবিক উহাতে কিছুমাত্র রস নাই। আমরা যে প্রস্তাব করিলাম, তাহা যদি কার্য্যে পরিণত হয়, উহাতে বিলক্ষণ রসসঞ্চার হইবে সন্দেহ নাই।

অনরেবল কৃষ্ণদাসপালের আরোগ্য লাভার্থ
প্রার্থনা।

এতৎসম্বন্ধে আমরা যে একখানি পত্র প্রাপ্ত হইয়াছি, তাহা এ স্থলেই প্রচার করিলাম। তাঁহার আরোগ্য যে দেশের সকলেরই প্রার্থনীয় হইয়াছে তদ্বিষয়ে সন্দেহ নাই, তিনি এক্ষণে বঙ্গদেশের একজন সুসন্তান। তিনি দেশের হিতার্থ সর্ব্বদা প্রাণপণে চেষ্টা পাইয়া থাকেন। তাঁহার হইতে দেশের অনেক মঙ্গল হইয়াছে। তিনি আরো কতদিন জীবিত থাকিলেন, তাঁহা হইতে দেশের আরো অনেক মঙ্গল হইবে। এমন পামর কে আছে, যে এরূপ ব্যক্তির দীর্ঘজীবন প্রার্থনা না করে? যাঁহার যেরূপ বিশ্বাস, তিনি সেইরূপ পথ অবলম্বন করিয়া ঈশ্বরের নিকটে কৃষ্ণদাসের দীর্ঘজীবনের প্রার্থনা করেন এই আমাদের ইচ্ছা। আমরা পত্রখানি অবিকল এস্থলে উদ্ধৃত করিয়া দিলাম।

সম্পাদক মহাশয়! এক দিবস অনরেবল ঈশ্বর শ্রীযুক্ত কৃষ্ণদাস পাল বাহাদুর আমাকে কথাপ্রসঙ্গে জিজ্ঞাসা করেন "তুমি কি বঙ্গবাসীতে লিখিয়া থাক?" তাহাতে আমি তাঁহাকে বলিলাম, না মহাশয়! আমি বঙ্গবাসীতে লিখি না। সংবাদপত্রে না লেখার কারণ তাঁহার নিকট প্রকাশ করিলাম। মহাশয়! মধ্যে মধ্যে ইচ্ছা হয় লিখি, কিন্তু আপনাকে জীবন্ত জ্ঞান করিয়া তাঁহার নিকট যে কথাটী বলিয়াছি স্মরণ হওয়ায় নিরস্ত হই। এবার মনের ভাব এতদূর প্রবল হইয়া পড়িয়াছে যে তাহা প্রকাশ না করিয়া অন্তর মধ্যে অতীব কষ্ট বোধ হইতেছে এবং কর্ত্তব্যের ত্রুটি জ্ঞান করিতেছি।

অনেকে আমাকে সর্ব্বদা বলেন যে আর পূর্ব্বের মত উৎসাহ দেখি না কেন? সত্য কথা বলিতে কি, মহাশয়! আমি অনেক দুঃখে সর্ব্বদা জ্বালাতন, তাহার উপর অনরেবল কৃষ্ণদাস বাবুর পীড়ায় দেশের দুর্দ্দশা ভাবিয়া আমার মন একেবারে অভিভূত হইয়াছে। আমাদিগের দেশের বর্ত্তমান যে অবস্থা, তাহাতে তাঁহার অসুস্থতাই যে কতদূর অমঙ্গলজনক তাহা লেখা বাহুল্য মাত্র। বোধ হয় তাঁহার চিরন্তন শত্রু পর্য্যন্ত স্বীকার করিবেন যে 'পেটরিয়ট' সম্পাদকের জীবন দেশের একটী গৌরব ও অতীব প্রয়োজনীয় পদার্থ। তাহাতে যদ্যপি আমাদিগের কপালদোষে কোন অমঙ্গল ঘটে (ভারত বাঙ্গালীর কপাল যে কেমন সুপ্রসন্ন তাহা আর আপনাদের পাঠকবর্গের অবিদিত নাই) সেই জন্য আমার একান্ত ইচ্ছা যে স্বদেশহিতৈষী ব্যক্তিমাত্রেই মহাত্মা কৃষ্ণদাসের আরোগ্য জন্য সকলে নিজ নিজ আরাধ্য দেবতার নিকট প্রার্থনা করেন। কারণ এক্ষণে প্রায় সকলেই স্বীকার করেন যে 'ন হি দৈবাৎ পরং বলং'।

মহাশয়! আমার অভিলাষ সকলে মিলিয়া আমাদিগের অধিষ্ঠাত্রী দেবী ৺ কালীঘাটে যাইয়া তাঁহার আরাধনা জন্য যত্নবান হন। আজও আজকাল নগর সংকীর্ত্তন অনেক হইয়াছে, সকলে দলবদ্ধ হইয়া নগরে নগরে "হে কৃষ্ণ কর রক্ষা কৃষ্ণদাসে" এইরূপে সংকীর্ত্তন করেন।

সম্পাদক মহাশয়! আপনি আমার মনের ভাব

বুঝিতে পারিলেন, আমার মন অন্তরে কতদূর ব্যথিত তাহাও জানিতে পারিলেন, অতএব এ বিষয়ে আমি আর অধিক লিখিতে পারিলাম না। মহাশয়ের উপর সম্পূর্ণ নির্ভর করিলাম, এ বিষয় মহাশয় আমার অপেক্ষা বিশেষরূপে সর্বসাধারণের গোচর করিতে পারিবেন, তাহার আর সন্দেহ নাই, নিবেদন ইতি।

ভবদীয়
শ্রী শ্রীনাথ চট্টোপাধ্যায়
[illegible] প্রোপ্রাইটর ও ম্যানেজার
২১ এ আষাঢ় ১২৯১। বিগত "[illegible] হরকরা"

পাওনিয়র ও মহারাজ হোলকার।

আজকাল সংবাদপত্রের সম্পাদকগণের একপ্রকার ধারণা হইয়াছে যে তাঁহারা লোকের নিন্দা কুৎসা করিতে পারিলেই সুলেখক সুবিদ্বান বলিয়া পরিচিত হইবেন। ইলবার্ট বিল লইয়া ফিরিঙ্গি সম্পাদক মহাশয়েরা ঘোর আন্দোলন চালনা করিলেন। মনের মধ্যে নির্দোষ ভারতবাসীকে অকথ্য অপবাদ দিয়া প্রমাণ করিবার চেষ্টা করা হইল, ঈর্ষা অকৃতজ্ঞতা প্রভৃতি অসদ্গুণের পরিচয় দেওয়া হইল ও মিথ্যা বাগাড়ম্বর করিয়া আপন আপন বিদ্যা বুদ্ধির উৎকর্ষ সাধন করা হইল। এখন সে ইলবার্ট বিলের গোলমাল একপ্রকার মিটিয়া গিয়াছে। এখন আর লিখিবার বিষয় বড় কিছু নাই বলিয়া কখন শিক্ষিত বাঙ্গালি যুবকদিগের প্রতি ক্রোধ দৃষ্টি করা হয়, কখন বা দেশীয় রাজাদিগের প্রতি নিন্দা দোষারোপ করিয়া গবর্ণমেণ্টের প্রিয় হইবার চেষ্টা করা হয়। আমাদের এলাহাবাদের সহযোগী পাওনিয়রপত্র সম্পাদকের দুর্দ্দশা ও রোগটার বিলক্ষণ বৃদ্ধি হইয়াছে। তিনি অনেক দিন ধরিয়া দুর্ব্বল রাজভক্ত বাঙ্গালীকে যথেচ্ছ গালি দিলেন। এখন মহারাজ হোলকারকে আক্রমণ করিয়াছেন। সম্পাদক মহাশয় কি এখন দেশীয় রাজাদিগের নিন্দা অপবাদ দিয়া সন্তুষ্ট হইবার উপযুক্ত সময় বুঝিলেন? এ দিকে রুশ ভারতবর্ষ মুখে অগ্রসর হইতেছে, কবে ইংরাজ গবর্ণমেণ্টের সহিত যুদ্ধ বাধে, এমন কি গবর্ণমেণ্টকে দেশীয় রাজাদিগের বিরুদ্ধে উত্তেজিত করিবার উদ্যম করা পাওনিয়র সম্পাদকের ন্যায় রাজনীতিজ্ঞ মহাপুরুষের কর্ত্তব্য?

সিপাহী বিদ্রোহের সময় ব্রিটিশ গবর্ণমেণ্ট হোলকারকে মিথ্যা দোষী করেন। কর্ণেল ডুরাণ্ড হোলকারকে বিদ্রোহী পক্ষ বলিয়া প্রচার করিয়াছিলেন। ডুরাণ্ড যে ঈর্ষ্যাপরবশ হইয়া এরূপ করিয়াছিলেন, তাহাতে আর সন্দেহ নাই। নতুবা হোলকারের দোষ প্রমাণ করিবার জন্য কখন চেষ্টা করা হয় নাই কেন? কেবল একবার ইণ্ডিয়া আফিসের সেক্রেটারি স্যর জন কেই সাহেব এ বিষয়ের তদন্ত করেন ও হোলকারকে নির্দোষ প্রমাণ করিয়া ক্ষান্ত থাকেন। আবার স্যর রবার্ট হ্যামিলটন, সম্পূর্ণরূপে হোলকারের পক্ষসমর্থন করিয়া গবর্ণমেণ্টে এক পত্র লেখেন। হ্যামিলটন যাহা লিখিয়াছিলেন তাহার মর্ম্ম এই:—

হোলকার ইংরাজ গবর্ণমেণ্টের প্রতি সম্পূর্ণ প্রসন্ন। বিদ্রোহের সময়ে তিনি তাঁহার আশ্রয়বাসী ইংরাজ প্রজাগণ নিরাপদে রক্ষা পাইবে, সেই জন্য সর্ব্বদা ব্যস্ত ও চিন্তিত ছিলেন। তিনি তাহাদের প্রতি কোন রূপ অত্যাচার করেন নাই।

হ্যামিলটন আরও লিখিয়াছিলেন যে হোলকারের রাজধানীস্থ বিদ্রোহিগণ সর্ব্বদা হোলকারকে ভয় প্রদর্শন করিত। হোলকারের রাজ্য হইতে যে সকল লোক কর্ণেল ডুরাণ্ড সাহেবের সহযোগী বলিয়া ধরা পড়িয়াছিল তাহারা কেহই হোলকারের অধীন লোক নহে। যে সকল বিদ্রোহী সিপাহী বন্দী হয়, তাহারা সকলেই হোলকার হইতে কিছুমাত্র সাহায্য পায় নাই বলিয়া ক্ষোভ ও দুঃখ প্রকাশ করিয়াছিল।

এ সকল কি হোলকারের নির্দ্দোষিতা প্রতিপাদক নহে? তথাপি হতভাগ্য হোলকার এপর্য্যন্ত ইংরাজের নিকট সম্পূর্ণ নিষ্কলঙ্ক হইতে পারিলেন না! বোধ হয় ইংরাজের সন্দেহ এখনও দূর হয় নাই। হোলকারের দোষের যেন এক প্রকার প্রমাণ হইয়া গিয়াছে বলিয়া, কোন গবর্ণর জেনেরল এ সম্বন্ধে বাঙ্‌নিষ্পত্তি কথা উত্থাপন করেন নাই। অধুনা [illegible] হোলকারের অপবাদ মোচন করিতে উদ্যত হইয়াছেন দেখিয়া পাওনিয়র সম্পাদক আর থাকিতে পারিলেন না। যাহাতে লাটসাহেব এ বিষয়ে হাত না দেন, যাহাতে হোলকার নির্দ্দোষ বলিয়া স্বীকৃত না হন, সেই জন্য সম্পাদক [illegible] লাগিয়াছেন। অত্যাচারী, [illegible] কি তাঁহার কোন কার্য্য আছে? থাকিলেই কি একজন সুবুদ্ধি [illegible] রাজার প্রতি যথেচ্ছ ভাষা প্রয়োগ করা [illegible] সম্পাদকের কর্ত্তব্য? ইহা যে নিশ্চয়ই নীচ প্রবৃত্তি সূচক তাহাতে আর কিছুমাত্র সন্দেহ নাই।

সম্পাদক নিঃসন্দেহ জানেন যে সিপাহী বিদ্রোহে দেশীয় রাজাগণই ইংরাজদিগের জয়লাভের প্রধান কারণ। তাঁহারা যদি সেই সময়ে অর্থ ও সৈন্য দ্বারা সিপাহিদিগকে সাহায্য করিতেন তাহা হইলে কাহার সাধ্য সে ক্ষেত্রে ইংরাজ রাজত্বকে ধ্বংস হইতে রক্ষা করে। বিদ্রোহিগণ অর্থাভাবে হাহাকারে হইয়া পড়িল, নতুবা নিঃসন্দেহ সেই সময় হইতে ইংরাজের নাম ও রাজত্ব ভারত ইতিহাস হইতে বিলুপ্ত হইয়া যাইত। ইংরাজরাজনীতিজ্ঞেরা বেশ বুঝেন যে, দেশীয় রাজাদিগের সহিত সদ্ভাব রাখিয়া চলিলে তাঁহারা ভারতে নির্বিঘ্নে রাজত্ব করিতে পারিবেন। ইহা বুদ্ধিমান লোক মাত্রেরই পরামর্শসিদ্ধ। পাওনিয়র সম্পাদককে আমরা ঐরূপ শিক্ষা করিতে অনুরোধ করি।

পাওনিয়র সম্পাদক আজকাল হোলকারের নূতন নূতন দোষ প্রচার করিতে বসিয়াছেন। তিনি বলেন "ইন্দোর রাজ্যে অত্যাচার নূতন নহে; গত কয়েক মাস ধরিয়া এই অত্যাচারের কথা শুনা যাইতেছে। ইংরাজ গবর্ণমেণ্ট এ সকল অত্যাচারে কর্ণপাত করেন না কেন? এই কি তাঁহাদের কর্ত্তব্য কার্য্য? তিনি আরও বলেন "গবর্ণর জেনরলের এজেণ্ট স্যর লেপেল গ্রিফিন সাহেব হোলকারের অত্যাচারের কথা জানিতেন। তাঁহার রাজ্যে লোকে বিনা অপরাধে বন্দী হয় তাহা গ্রিফিনের অবিদিত ছিল না। তবে তিনি গবর্ণমেণ্টের সাহায্য পান নাই বলিয়া কিছু অবস্থা প্রকাশ করিতে পারেন নাই।"

এ সকল নিশ্চয়ই সম্পাদকের কপোলকল্পিত। গ্রিফিন যদি এই সকল ব্যাপার জানিয়া শুনিয়া চুপ করিয়া রহিতেন, তবে ব্রিটিশ গবর্ণমেণ্ট তাঁহাকে সুখে নিযুক্ত রাখিয়াছিলেন কেন? প্রত্যেক করদ রাজ্যে এক একজন রেসিডেণ্ট থাকে। রাজাদিগকে অত্যাচারী দেখিলে তাঁহারা যে রিপোর্ট না করিয়া চুপ করিয়া থাকিবেন, ইহাতে আমাদের বিশ্বাস নাই। বিশেষতঃ দেশীয় রাজারা এখন যেরূপ শিক্ষিত, তাহাতে তাঁহাদের প্রজাদিগের কোনরূপ অন্যায় অমঙ্গলের সম্ভাবনা নাই ইহা আমরা বেশ জানি। অতএব পাওনিয়র সম্পাদককে বলি যে তাঁহার কল্পনা খপ্নে তুলিয়া রাখাই ভাল। আমাদের পরামর্শে সেগুলি লোকের কর্ণগোচর করিয়া হাস্যাস্পদ হওয়া তাঁহার ন্যায় বিচক্ষণ লোকের পক্ষে নিতান্ত গর্হিত কার্য্য।

বিজ্ঞান।

বেলুন বা ব্যোমযান।

বিজ্ঞানবলে কত অদ্ভুত বিস্ময়কর ব্যাপার সাধিত হইতেছে, ভাবিলে চমৎকৃত হইতে হয়। যখন মনুষ্য অসভ্যাবস্থায় আচ্ছন্ন ও শিক্ষার অভাবে [illegible] হইতে নিকৃষ্ট ছিল, [illegible] সেই অবস্থার সহিত উন্নতজীবন অবস্থায় কিছুতেই তুলনা হয় না। যখন যেদিকে দৃষ্টিপাত করা যায়, সেই দিকে মনুষ্যের বুদ্ধিকৌশল-প্রসূত কোন না কোন

বিষয় আমাদের মনঃপুত হওয়া সহজ নহে। বিজ্ঞানবিৎ পণ্ডিতেরা সমগ্র পৃথিবীর উপকারের চেষ্টায় ফিরিতেছেন। [illegible] বাষ্পীয় শকট প্রভৃতির উপকারিতার বিষয় উল্লেখ করা কেবল পুনরুক্তি মাত্র; উহাদের সাহায্যে দুই মাসের পথ দুই দিনে যাইতে সমর্থ হইয়াছি। আবার ব্যোমযানের আবিষ্কার দ্বারা আমাদের আরও সুবিধার সম্ভাবনা হইয়াছে। শূন্যমার্গ দিয়া বায়ু সাহায্যে উড়িয়া আমরা গ্রহ নক্ষত্রাদি সম্বন্ধে অনেক বিষয় জানিতে পারিব এবং অল্পকাল মধ্যে অধিক দূরগমন করাও অসম্ভব নহে। অনেক সময়ে যুদ্ধকালে বেলুন দ্বারা বিশেষ উপকার লাভ করা গিয়াছে। উচ্চে উঠিয়া নির্বিঘ্নে শত্রুপক্ষের সৈন্যসংখ্যা ও অস্ত্র শস্ত্র এবং দুর্গের বিষয় অনায়াসে জানা যায় এবং তাহাতে জয় লাভের সম্পূর্ণ সম্ভাবনা। বাস্তবিক যুদ্ধকালে ব্যবহারের জন্যই বেলুন বিশেষ উপযোগী। কিরূপে বেলুন সাহায্যে আকাশে উঠা যায় ও কোন্ সময়ে উহার প্রথম আবিষ্কার হয়, নিম্নে সংক্ষেপে তাহা লেখা হইল।

অতি প্রাচীন কাল হইতে শূন্যমার্গ দিয়া বিচরণ করিবার চেষ্টা হইতেছে। রামায়ণ মহাভারত প্রভৃতি প্রাচীন গ্রন্থে যে পুষ্পরথের উল্লেখ আছে, তাহা বোধ হয় বেলুন ব্যতীত আর কিছুই নহে। রাবণ সীতাকে পুষ্পরথে তুলিয়া শূন্যে লইয়া গেল, ইহা কবিকল্পিত হইলেও আমরা কোনরূপ ব্যোমযানের অস্তিত্ব বিশ্বাস করি। পারস্য ইতিহাসে বর্ণিত আছে, রাজা কৈকয়ুস একটী লঘুযান প্রস্তুত করাইয়া ঈগল পক্ষীর সাহায্যে শূন্যে উঠিয়াছিলেন। তিনি একটী লঘুযান প্রস্তুত করাইলেন, তাহার চতুর্দিকে মাংসখণ্ড বাঁধিয়া দিলেন, কতকগুলি ঈগলপক্ষীকে মাংসখণ্ডের কাছে কাছে এরূপে বাঁধিয়া রাখিলেন, যে তাহারা মাংসখণ্ডগুলিতে পঁহুছিতে না পারে। পরে তিনি একখানি আসন লইয়া যানের ভিতর বসিলেন। পক্ষিগুলি যখন ক্ষুধার্ত্ত হইল তখন তাহারা পক্ষ বিস্তার করিয়া মাংসখণ্ডগুলি ধরিবার জন্য চেষ্টা করিতে লাগিল। এইরূপ করাতে তাহারা যানের সহিত যানটীকে শূন্যে লইয়া গেল। কথিত আছে কৈকয়ুস চীন দেশের মরুভূমিতে পড়িয়া আহারের অভাবে প্রাণত্যাগ করিয়াছিলেন।

ইউরোপে যখন পণ্ডিতমণ্ডলীর মধ্যে স্থিরীকৃত হইল যে, বাতাস জল প্রভৃতির ন্যায় বাধা প্রদানে সক্ষম, তখন অনেকে জলযানের ন্যায় বায়ুযানের উদ্ভাবনের প্রস্তাব করিতে লাগিলেন। ইংলণ্ডের প্রসিদ্ধ পণ্ডিত বেকন প্রকাশ করেন যে অত্যন্ত পাতলা তাম্র পাত্র নির্ম্মিত শূন্যগর্ভ বর্ত্তুলের ভিতর আগুন রাখিলে বর্ত্তুলটীকে জল বা ধূম ন্যায় বায়ুমণ্ডলে ব্যবহার করা যাইতে পারে। বেকনের পর অনেক দিন ব্যোমযানের আর কোন কথা শুনা যায় নাই। পরিশেষে ১৭৮৩ অব্দের জুন মাসে আনোনা নগরের মংগলফিয়ার নামক দুই ভ্রাতা প্রথম বেলুন যন্ত্রের সৃষ্টি ও পরীক্ষা করেন। তাঁহারা প্রায় ৮০ হাত পরিধিবিশিষ্ট ও ৫০০ মণ ওজনের একটী গোলাকার যন্ত্র প্রস্তুত করেন। ইহার নিম্নভাগে একটী ছিদ্র দিয়া ছোট পাতলা একখানি নৌকা ঝুলান ছিল। বেলুনের মধ্যস্থ বায়ুকে উত্তপ্ত করিবার জন্য ঐ নৌকায় আগুন রাখা হইল। এইরূপ বেলুনটী এক মাইলেরও অধিক উচ্চে উঠে এবং নির্বিঘ্নে নামিয়া পড়ে।

মংগলফিয়ারের পর পারিসনগরের চার্লস নামে একজন বৈজ্ঞানিক একটী নূতনরূপ ব্যোমযান উদ্ভাবন করেন। চার্লস দেখিলেন যে হাইড্রোজেন অর্থাৎ জলজান বাষ্প বাতাস অপেক্ষা অনেক লঘু। অতএব তিনি স্থির করিলেন যে রেশমের যান প্রস্তুত করিয়া তাহার ভিতর উত্তপ্ত বাতাসের পরিবর্ত্তে জলজান রাখিলে অধিকতর সফলতার বিশেষ সম্ভাবনা। এইরূপে তিনি সম্পূর্ণ কৃতকার্য্য হইয়াছিলেন এবং আজকাল যে প্রণালীতে বেলুন নির্ম্মিত হয়, চার্লসকে ঐ প্রণালীর উদ্ভাবক বলিয়া স্বীকার করিতে হইবে। চার্লস বেলুনের ভিতর কতকগুলি প্রস্তরখণ্ড রাখিয়াছিলেন। উপরের বাতাস নীচের বাতাস অপেক্ষা অনেক লঘু। বেলুনকে অধিক উচ্চ তুলিতে হইলে ক্রমে ক্রমে ইহার ভার লাঘব করা আবশ্যক। প্রস্তরখণ্ড দুই চারিখানি করিয়া ক্রমশঃ ফেলিয়া দিলে ঐ অভিপ্রায় সিদ্ধ হইয়া থাকে। প্রায় একশত বৎসর হইল চার্লস বেলুন সৃষ্টি করিয়াছেন কিন্তু তাঁহার বেলুন আর আধুনিক বেলুন হইতে কোন অংশে বিভিন্ন নহে। চার্লসের এক বৎসর পরে আর একটী গ্যাস— যাহা ইংলণ্ডে মাইনের লবণ হইতে প্রস্তুত হয়। এই বেলুনে কোন লোক ছিল না। তিন ঘণ্টার মধ্যে বেলুন ইংলিসচানেল পার হইয়া জার্ম্মানি নগরে উপনীত হয়। সকলের বিশ্বাস জন্মিল যে বেলুন জলে বাষ্পীয়পোত অপেক্ষা অধিক সুবিধাজনক হইয়া উঠিবে এবং অনেকে বেলুনকে বাতাসে দাঁড় দিয়া ইচ্ছামত চালাইবার উপায় করিতে লাগিলেন। কিন্তু বাতাস যেরূপ পাতলা তাহাতে জলের ন্যায় দাঁড় বাহিবার উপায় নিতান্ত অসাধ্য। ডিকাড় নামে একজন ফরাসী পণ্ডিত ১৮৫২ অব্দে বেলুনের দ্বারা শূন্যে উঠেন এবং পরে ফিরে আসিয়া বলেন যে তিনি বেলুন সংলগ্ন নৌকায় বাষ্পীয়যন্ত্র রাখিয়া কতকগুলি কল পরিচালিত করিয়া ব্যোমযানকে উপরে ইচ্ছামত চালাইতে সক্ষম হইয়াছিলেন। কথার যথার্থতা সম্বন্ধে এখনও বিশেষ সন্দেহ আছে; কারণ এ পর্য্যন্ত কেহ ডিকাড়ের ন্যায় পরীক্ষা করিয়া কৃতকার্য্য হন নাই।

চার্লসের পর অনেক দিন বেলুনের কোনরূপ উন্নতি হয় নাই। ১৮০৪ অব্দে ফরাসিস বৈজ্ঞানিক গে লুসাক বেলুন লইয়া উপরে উঠেন। তিনি প্রায় ২৩০০০ ফিট উর্দ্ধে উঠিয়াছিলেন। উচ্চে অধিক বায়ুর ভার পরিমাপক একটী যন্ত্র ছিল। তিনি দেখিলেন যে ২৩০০০ ফিট উর্দ্ধে বায়ুতে জলীয় বাষ্প অনেক কম। এখানে জল লইয়া গেলে যে তৎক্ষণাৎ বরফে পরিণত হয় তিনি তাহারও প্রমাণ পাইয়াছিলেন।

গে লুসাকের পর গ্রিণ, গ্লেসার, কক্সওয়েল প্রভৃতি বৈজ্ঞানিকেরা বেলুন যন্ত্রের বিশেষ উন্নতি করিয়াছেন। গ্রিণ উপরে কাছি ও অন্যান্য দ্রব্য উৎপন্ন করিবার জন্য একটী সুন্দর উপায় উদ্ভাবন করেন। ... লইয়া নামিলে পাছে বিপদ ঘটে এই ভয়ে তিনি কিছু পারদে চুণ লইয়া যান; সেই চুণ জল যে স্থানে পড়ে সে স্থলে সমুদ্র হয়, সেই উপায়ে তিনি অবতীর্ণ কার্য্য করিয়াছিলেন। প্রায় ১৮ ঘণ্টা উড়িয়া থাকিয়া সমুদ্রের উপর দিয়া প্রায় ৫০০ মাইল পথ পরিভ্রমণ করিয়া নিচে নামিয়া আসিয়াছিলেন। গ্রিণের বেলুনে ৮৫০০০ ফিট গ্যাস ছিল এবং প্রায় ৫০ মণ ভার লইয়া উর্দ্ধে উঠিয়াছিল। কিন্তু কক্সওয়েল যে বেলুন নির্ম্মাণ করাইয়াছিলেন, তাহা আরও প্রকাণ্ড। উহাতে ৯০০০০ ফিট গ্যাস থাকিত। প্রথমবার উঠিয়া বাতাস কি নিয়মে শীতল ও বায়ুমণ্ডলে কি পরিমাণে জলীয় বাষ্প আছে, তিনি তাহা স্থির করিয়াছিলেন। যখন তিনি দ্বিতীয়বার উঠিয়াছিলেন, তখন বৈজ্ঞানিক গ্লেসারকে তাঁহার সঙ্গে লইয়াছিলেন। তাঁহাদের সহিত কতকগুলি পায়রা ছিল। প্রায় তিন মাইল উঠিয়া তাঁহারা একটী পায়রাকে নীচে ফেলিয়া দেন। বাতাস লঘু, সেজন্য পায়রাটী উড়িতে না পারিয়া পাথরের ন্যায় পড়িয়াছিল। প্রায় সকল পায়রাকে সেইরূপ করিয়া ফেলিয়া দেন। দুই একটী যাহা বাঁচিল আরও কিছু উপরে উঠিয়া দেখেন, সেগুলি মরিয়া গিয়াছে। পাঁচ মাইল উপরে যাইলে গ্লেসার মৃতের ন্যায় হইলেন এবং আরও কিছু পরে তিনি প্রায় সংজ্ঞাহীন হইয়াছিলেন। যখন প্রায় ছয় মাইল উঠিয়াছেন, তখন কক্সওয়েল গ্যাস ছাড়িয়া দিবার চেষ্টা পাইলেন। কিন্তু তাঁহার হস্ত প্রায় অবশ হওয়াতে দন্ত দ্বারা ঐ কার্য্যটি সম্পন্ন করা

হইয়াছিল। গ্যাস ক্রমে ক্রমে ছাড়িয়া দেওয়াতে বেলুন নীচে আসিতে লাগিল ও অবশেষে মাটিতে আসিয়া পড়িল। পূর্ব্বোক্ত বৈজ্ঞানিকদ্বয় আবার দুই একবার উঠিয়াছিলেন এবং আর এক উর্দ্ধ হইতে প্রাণ লইয়া নামিতে পারিয়াছিলেন। ইহাদের তের বৎসর পরে ট্রিসান ডুয়া [illegible] ও সিভেল নামক তিন ব্যক্তি একত্র একটী বেলুনে উঠেন ২৫০০০ ফিট উপরে উঠিয়া শেষোক্ত দুই ব্যক্তির মৃত্যু হয়, প্রথমোক্তটী অতি কষ্টে বাঁচিয়া নামিয়া আইসেন। তিনি বলিয়াছিলেন যে মৃত দুই জনের মুখের বর্ণ কালিমাযুক্ত হইয়াছিল ও ভিতরে একরূপ করিয়া রক্ত ছিল। তাঁহাদের মৃত্যুর প্রধান কারণ কি তাহা এ পর্য্যন্ত একটা রহস্য হইয়া রহিয়াছে। অনেকে বলেন উৎকৃষ্ট বায়ুর অভাবই উহার কারণ।

বৈজ্ঞানিকদিগের সাহসিকতা ও বুদ্ধিমত্তা সম্বন্ধে লিখিয়া এক্ষণে সাধারণতঃ বেলুনযান প্রস্তুত করিবার বিষয় কিছু বলা আবশ্যক। লম্বা লম্বা কতকগুলি রেশম সুতা একত্র বুনিতে হয় এবং তাহার উপর রবরের ন্যায় এক প্রকার দ্রব্যের লেপ দিতে হয়। এরূপ করিলে ভিতরে বাতাস যাইতে পারে না। এই রেশম নির্ম্মিত গোলাকারের উপরে দিকে গ্যাস বাহির করিবার নিমিত্ত একটী উপায় থাকে নীচের দিকে একগাছি সরু দড়ি দ্বারা একখানি অতি লঘু নৌকা ঝুলান থাকে। যাত্রিগণ এই নৌকায় বসে। সমস্ত বেলুন একটী জালে প্রায় সম্পূর্ণ আবৃত থাকে। পূর্ব্বে সাধারণ বেলুনে ব্যবহার হত, তাহা ঘুড়ীর ন্যায় একগাছি সূত্রে বদ্ধ হইয়া উড়িতে থাকে। রজনীর অন্ধকার প্রায় অন্যান্য কোন কিম্বা সামরিক কোন সৈন্যের হাতে থাকে।

বেলুনের উন্নতির এখনও অনেক বাকি আছে। যখন ইহা দ্বারা ইচ্ছামত ঊর্দ্ধে গমনাগমন করা যাইবে, তখন নিশ্চয়ই পৃথিবীর একটা নূতন ভাব হইবে। তখন আমরা প্রকৃতি সম্বন্ধে অনেক নূতন বিষয় শিখিতে পারিব এবং আমাদের জ্ঞানের পরিমাণ বৃদ্ধি হইবার সম্ভাবনা, ক্রমে তাড়িৎ প্রভাব সহকারে বেলুনের উন্নতি হওয়া বোধ হয় অসম্ভব নহে।

ইউরোপীয় সমাচার।

প্যারিস ৩ রা জুলাই। নূতন নিয়োজিত চীনদেশীয় দূত [illegible] এম, ফেরির সহিত সাক্ষাৎ করিয়া বলিয়াছেন [illegible] চীনের এরূপ ইচ্ছা নয়।

টাইমস ও [illegible] প্রকাশিত হইতেছে।

প্যারিস ৩ রা জুলাই। [illegible] হইতে [illegible] প্রত্যাগত হইয়াছে।

সেণ্ট পিটার্সবর্গ ৩ রা জুলাই। [illegible] আফিসের প্রতি আদেশ হইয়াছে যে, তাঁহারা [illegible] তার পথ অনুসন্ধান [illegible]।

[illegible] ৩ রা জুলাই। [illegible] ১ লা জুলাই [illegible] নামক স্থান [illegible] ছিল [illegible] হইয়াছে। [illegible] হইয়াছে।

[illegible] জুলাই। [illegible] বলিয়াছেন, [illegible] [illegible] করিয়াছেন [illegible] আইসেন। [illegible] ঢাকার [illegible] করিবেন।

[illegible] জুলাই [illegible] করিয়াছেন [illegible] ১৬৬ জন [illegible] দিয়াছেন [illegible]

[illegible] জুলাই। [illegible] হইতে [illegible] হইতেছে। এর [illegible] হইবে।

[illegible] ই জুলাই। [illegible] এবং [illegible] পর্য্যন্ত [illegible] করিয়াছেন।

[illegible] জুলাই। [illegible] সাহেব [illegible] সভা [illegible] বলিয়াছেন [illegible] যে [illegible] করিয়াছেন, তাহা [illegible] করা হইবে। [illegible] আন্দোলন করিতেছেন।

[illegible] নিমিত্ত [illegible] পরিত্যক্ত হইবে।

[illegible] বিষয় লইয়া আন্দোলন করিতেছেন [illegible] তাঁহাদিগের [illegible] সভা [illegible]।

[illegible] জুলাই। [illegible] বৃদ্ধি হইয়াছে। [illegible] রোগে মৃত্যু হইয়াছে। [illegible] ১২ জনের মৃত্যু হইয়াছে।

বিবিধ সংবাদ।

আমরা নিম্নলিখিত আকাশবাণীটী [illegible] পাইলাম, কিন্তু ইহার সর্ত্তটী পূরণ করা [illegible] [illegible] প্রচুর [illegible] করিবেন। বর্ত্তমান [illegible] কর্ম্মচারিদিগের মধ্যে যে এখন কেমন সকল লোক আছেন, এই আকাশবাণী তাহারও পরিচয় দিয়া দিতেছে।

আকাশবাণী।

সাবধান ! ! সাবধান ! !

আজকাল [illegible] নগরে [illegible] বড় সময় উপস্থিত। [illegible] লোক চাই। [illegible] [illegible] হইবে না। [illegible] এক কথা [illegible] [illegible] চাহিয়া [illegible] হিন্দুস্থানী [illegible] [illegible] যাহিয়া [illegible] [illegible] [illegible] বাছিয়া লইবে। তা না হলে

সর্ব্বনাশ ! সর্ব্বনাশ ! ! সর্ব্বনাশ ! ! !

বিলাতে স্ত্রীর ভগিনীকে বিবাহ করা নিষিদ্ধ। এখানে সে আইন খাটে কি না, উহার মীমাংসার জন্য কলিকাতা হাইকোর্টে একটী মকদ্দমা হইয়াছে, [illegible] নামক এক সাহেব তাঁহার স্ত্রীর মৃত্যুর পর শ্যালিকা [illegible] বিবাহ করেন। ৭ বৎসর পরে এখানে বিবাহ অসিদ্ধ বলিয়া হাইকোর্টে মকদ্দমা হইয়াছে। বিচারে কিরূপ হয় দেখা যাউক।

[illegible] প্রজারা বিনা মাঝি দিয়া [illegible] তাঁহার বাড়ীর প্রাণ বিনষ্ট করিয়াছেন।

